ন ূতন নিয়মের পাঠ: পুরাতন নিয়মের যোষেফের মতো, ঈশ্বর ন ূতন নিয়মের যোষেফের সংগেও সপ্নের মাধ্যমে কথা বলেন । দুই যোষেফই শেষ পর্যন্ত মিশরে যায় । পুরাতন নিয়মের যোষেফ গিয়েছিলো তার ভাইে দও ঘৃণার কারণে আর ন ূতন নিয়মের যোষেফ যায় তার প্রতি রাজা হেরোে দর ঘৃণার কারণে । তবে দুটো ক্ষেত্রেই ঈশ্বর তাঁর পরিকল্পনা মাফিক পাপী মানুষে দর সব পরিকল্পনা বানচাল করে ে দন, যাতে তাঁর সেই চুক্তির প্রতিজ্ঞার পরিপ ূর্ণ বাস্তবায়ন হয় ।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাে দর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু’টি বাইবেলের অংশই পাঠ করুন;
- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** এই পরি"ছে দ কোনো নায়ক নেই । ভাইে দর অবশ্যই উচিৎ হয়নি তারা যেভাবে যোষেফ ও যাকোবের সাে থ ব্যবহার করেছিলো সেরকম ব্যাবহার করা । যাকোবেরও মোটেও উচিৎ ছিলো না সবার সামনে সোজাসুজি ওভাবে প্রকাশ করা যে সে তার এক পুত্রকে অন্য সকলের চেয়ে বেশী ভালোবাসে । যোষেফও হয়তো তার স্বপ্নটা তার নিজের মনের মাঝেই রাখতে পারতো । পরের অধ্যায় গুলোতে যোষেফ নায়ক হিসেবে আবিভূর্ত হবে, কিন্তু এই মুহ ূর্তে বাইবেলের এই পরি"ছ দটা পাপীে দর দ্বারা পরিপ ূর্ন, একজন নিবোর্ধ পিতা তো ও ি দকে একজন বোকা পুত্র । তবে এর সাে থ সামনে একটু ভালো কিছুরও আভাস মেলে ।
    - বাবা মায়েরা যখন তাে দর কোনো এক সন্তানের প্রতি পক্ষপাতম ূলক আচরণ করেন তখন সেটা কেমন ক্ষতির কারণ হয়, আর কখন অন্য ভাইবোনের মনে ঈষার্র জন্ম হয়?
    - ঈশ্বর যে স্বপ্ন যোষেফকে ে দখিয়েছিলেন সেটা অতটা খোলাখুলি প্রকাশ করা কি যোষেফের উচিৎ হয়েছিলো?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** মনের ভিতরের পাপচিন্তা ও অনুভূতি কিভাবে পাপপূর্ণ কাজে পরিনত হয় এখানে তার একটা উদাহরণ পাওয়া যায় । ভাইবোনেদের মাঝে নির্দিষ্ট একটা মাত্রা পর্যন্ত রেষারেষি থাকাটা অস্বাভাবিক নয়, কিন্তু এখানে যোষেফের ভাইয়েরা তাদের মনে যে পাপকে লালন করেছিলো তা শেষপর্যন্ত তাদের ষড়যন্ত্র করে ভয়ংকর পাপ কাজ করতে বাধ্য করে ।
    - সবার বড় রুবেন যোষেফকে বাঁচানোর চেষ্টা করেছিলো, তবে তা যোষেফকে অন্য ভাইয়েরা যখন কুয়োতে ফেলে দিয়েছিলো তার পর । এর কারণ কি বলে আপনি মনে করেন?
    - পাপের কিছু সুদূর প্রসারী ফলাফল কি কি হতে পারে যা এক প্রজন্ম থেকে পরের প্রজন্মে প্রবাহিত হতে পারে?
- **হাত: ঈশ্বরের বাক্যকে আমরা কিভাবে কাজে রুপ দিতে পারি?** যাকোবের উচিৎ ছিলো না যোষেফের প্রতি অতটা পক্ষপাত মূলক আচরণ করা । যোষেফেরও উচিৎ ছিলো কাদের কাছে সে তার স্বপ্নের কথা খুলে বলছে সে ব্যাপারে আরো সতর্ক হওয়া । তার ভাইদেরও উচিৎ ছিলো আরো উদার হওয়া এটা বোঝার ব্যাপারে যে ঈশ্বর সব সময় তাঁর চুক্তির প্রতিজ্ঞা পরিবারের বড় সন্তানের মধ্য দিয়েই বাস্তবায়িত করবেন, এমন কোনো কথা নেই ।
    - বাবা মায়েরা এমন কি কি পদক্ষেপ নিতে পারেন যার মাধ্যমে তাদের কোনো সন্তানের প্রতি পক্ষপাত প্রকাশ পাবে না, এবং যার ফলে সন্তানেদের মাঝে এরকম সমস্যা ঘটবে না?
    - ভাইবোনেরা এমন কি করতে পারে যেটা তাদের ঈর্ষাপরায়ণ হতে বাধা দেবে আর ঘৃণা যেন তাদের হৃদয়ে শিকড় গাড়তে না পারে, সেটাও নিশ্চিত করবে?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ১২ কারাগারে যোষেফ

পাঠের সাস্ত্রাংশ: আদিপুস্তক ৪০

সহায়ক সাস্ত্রাংশ: রোমিয় ৫:১-১১

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** ঈশ্বরকে অনুসরণ এবং সৎ জীবন যাপন করার ফলে জীবনে অনেক দুর্দশা আসবে, কিন্তু আমাদের জীবনে যীশুর দয়া ও গৌরবের যে বিশালতা, তার সাথে ওই কষ্টের কোনো তুলনাই চলে না।
- **হৃদয়:** একটা পরিণত খ্রীষ্টীয় বিশ্বাস তৈরী করতে গেলে অনেক কষ্ট ও প্রলোভনের মোকাবেলা করতে হয়, যা হৃদয়, মন ও আত্মায় শুদ্ধতা নিয়ে আসবে।
- **হাত:** আমরা নিজেরাই যখন কোনো কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি তখন অন্যদের কাছ থেকে নিজেদের গুটিয়ে নেবার বদলে তাদের কাছে গিয়ে সাধ্যমত সাহায্য করার চেষ্টাই কখনও কখনও সবচেয়ে ভালো পদক্ষেপ বলে বিবেচিত হতে পারে।

একটি পদে পাঠের শিক্ষা বস্তুত: আপাতত: আমাদের যে লঘুতর ক্লেশ হইয়া থাকে, তাহা উত্তর উত্তর অনুপমরুপে আমাদের জন্য অনন্তকাল স্থায়ী গুরুতর প্রতাপ সাধন করিতেছে, ২ করিন্থীয় ৪:১৭।

পাঠের সার সংক্ষেপ যাকোব তার পুত্রদের মধ্যে যোষেফকে অন্য সব পুত্রের চেয়ে বেশী ভালোবাসতো। তার ভাইয়েরা তার এই বিশেষ মর্যাদার জন্য তাকে ঈর্ষা করতো, আবার ঈর্ষার আরেকটা কারণ ছিলো যোষেফের সেই স্বপ্ন যে যোষেফকে একদিন তারা সব ভাই ও তাদের পিতা মিলে কুর্নিশ করবে। যোষেফকে তার ভাইয়েরা ক্রীত দাস হিসেবে বিক্রী করে দেয়, যেখানে ভুলক্রমে কোনো অপরাধের জন্য সে অভিযুক্ত হয় এবং মিশরের জেলখানায় নিক্ষিপ্ত হয়। তবে যোষেফ তার ঈশ্বর প্রদত্ত স্বপ্নের অর্থ বলে দেবার গুণের জন্য শেষপর্যন্ত জেল থেকে মুক্তি পায় এবং এমন একটা মর্যাদার স্থান সে পায় যেখান থেকে সে মিশরীয়দের আশীর্বাদ করতে পারে।



ছবি ে থকে শেখা:

- ১. **যোষেফ.** যাকোবের ১২ জন পুত্র ছিলো, আর তার ১১ তম পুত্রের নাম ছিলো যোষেফ, যাকে ঈশ্বর স্বপ্নের অ র্থ বলে ে দবার ক্ষমতা ি দয়েছিলেন ।
- ২. **জেলখানা.** যোষেফের অন্য ভাইয়েরা তাকে হিংসা করতো, আর তাকে তারা ক্রীত দাস হিসেবে বিক্রী করে ে দয় । শেষপর্যন্ত যোষেফের জায়গা হয় মিশর ে দশের জেলখানায় ।
- ৩. **পানপাত্রবাহক ও মো দক.** জেলে থাকার সময় যোষেফ ফরৌণের পানপাত্রবাহক ও মো দকের সা ে থ পরিচিত হলো । তারা দুজনেই তা ে দর ে দখা স্বপ্নের অ র্থ বের করতে পারছিলো না । যোষেফ তা ে দর সহায়তা করতে চাইলো ।
- ৪. **স্বপ্নের অ র্থ জানা গেলো.** ঈশ্বরের সাহায্যে যোষেফ সেই পানপাত্রবাহককে জানালো যে তার স্বপ্নের অ র্থ হে"ছ ফরৌণ খুব দ্রুতই তাকে মুক্তি ে দবেন । তবে যোষেফ মো দককে জানালো যে তার স্বপ্নের অ র্থ হলো খুব দ্রুতই ফরৌণ তাকে হত্যা করবেন । শেষপর্যন্ত ফরৌণও বেশকিছু অস্বস্তিকর স্বপ্ন ে দখলেন । জেল ে থকে মুক্তি পাওয়া পানপাত্রবাহক তখন জেলে থাকা যোশেফের কথা ভাবলো, এবং যোষেফকে ফরৌণের সামনে হাজির করলো । যোষেফ ফরৌণের সেই স্বপ্নের অ র্থ বের করতে সম র্থ হলো এবং জেল ে থকে মুক্তি পেয়ে মিশর ে দশের অনেক সন্মানজনক একটা স্থানে অধিষ্ঠিত হলো, কারণ ঈশ্বর তাকে সেই বিশেষ ক্ষমতা ি দয়েছিলেন ।

পাঠ প্রসঙ্গ ঈশ্বর অব্রাহামের সা ে থ যে চুক্তি করেছিলেন সেটা যাকোবের (নতুন নাম ই ্রায়েল) ১২ সন্তানের মধ্যে ি দয়ে চতু র্থ প্রজন্মে গিয়ে পৌঁছালো । ইসহাকের পুত্র এষৌ আর যাকোবের মধ্যে যেমন বিশাল দন্দ্ব ছিলো, ঠিক তেমনই । যাকোবের সন্তানে দর মাঝেও বড় বিদ্বেষপ ূর্ণ সম্পর্ক ছিলো । বিশেষ করে ে দখা যায় যে, যাকোবের ১১ তম সন্তান যোষেফকে তার নিজের ভাইে দর হাতে চরমভাবে হেনস্থার শিকার হতে হয়, কারণ তা ে দর পিতা যাকোব তার প্রতি বিশেষ পক্ষপাতিত্ব ে দখিয়েছিলেন । যোষেফকে তার সারা জীবন ধরেই বিশাল দু র্দশার মুখোমুখি হতে ে দখা যায়, কিন্তু এইসবের মধ্যে ি দয়ে ঈশ্বর তাঁর সেই চুক্তি রক্ষা করেন ই ্রায়েলের পরিবারকে সুরক্ষা করার ব্যাবস্থা করে ।

যোষেফ ঈশ্বরের কাছ ে থকে স্বপ্ন আর স্বপ্নের মানে বের করার ক্ষমতা, দুটোই পেয়েছিলো । তার প্রথম স্বপ্ন (আি দপুস্তক ৩৭:১-১১) ইঙ্গিত ে দয় যে সে তার ভাইে দর মধ্যে সবচেয়ে মহান হবে

। তার এই স্বপ্নের কথা সবাইকে বলে ে দবার কারণে তার ভাইে দর মনে ঈষার্ জন্মায় ও তারা যোষেফকে ক্রীত দাস হিসেবে বিক্রী করে ে দয় ।

মিশরের জেলখানায় থাকাকালে যোষেফ ফরৌনের দু'জন বন্দীর স্বপ্নের অ র্থ বলে ে দয় (আি দপুস্তক ৪০)। পরে । ফরৌন নিজে কিছু অস্বস্তিকর স্বপ্ন ে দখার পর, সেই বন্দীদের একজন, যার মুক্তির ব্যাপারে যোষেফ আগেই ভবিষ্যতবাণী করেছিলো, সে ফরৌনকে যোষেফের কথা বলে (আি দপু ̄তক ৪১) । ফরৌন জেলখানা ে থকে যোষেফকে তার সামনে নিয়ে এসে তার সেই অস্বস্তিকর স্বপ্নের অ র্থ বলে ি দতে বলে । যোষেফ ঐশ্বরিক ক্ষমতাবলে সেই স্বপ্নের অ র্থ বলতে পারে । এই কারণে ফরৌন যোষেফকে জেলখানা ে থকে মুক্তি ে দয় এবং মিশরের দ্বিতীয় সবোর্"চ শাসক হিসেবে তাকে মনোনীত করে ।

ন ূতন নিয়মের পাঠ: যীশু খ্রীষ্টের দুঃখভোগ ও পুনুরুত্থানের মধ্য ি দয়ে মানব জাতি মুক্তি লাভের অধিকার পেয়েছে । একই সাে থ যীশু খ্রীষ্টকে যেমন আমাে দর মুক্তি আনার জন্য দু র্দশার মধ্যে ি দয়ে যেতে হয়েছে, ঠিক তেমনই তাঁর অনুসারীে দরও দুঃখ কষ্ট সইবার জন্য প্রস্তুত থাকতে হবে । যি দও এই দুঃখভোগ আসলে নির র্থক কিছু নয়, বরং ঈশ্বর এই কষ্ট আমাে দর ে দন যাতে এর মধ্য ি দয়ে আমরা আরো বেশী যীশুর মতো হতে পারি ।

দশ আজ্ঞার প থ: আি দপুস্তক ৩৯আমাে দর কারণ ব্যাখ্যা করে যে যোষেফ কেন শেষ পর্যন্ত জেলখানায় স্থান পায়, আি দপুস্তক ৪০এ । তার ভাইয়েরা তাকে ক্রীত দাস হিসেবে বিক্রী করে ে দবার পর নিজের এই দু র্দশার কারণে মন খারাপ করার ব দলে যোষেফ একজন শক্তিশালী কমীর্ মানুষ হয়ে ওঠে, এবং ঈশ্বরের সাহায্যে সে যা কিছু করে তাতেই সফল হতে থাকে । পটিফরের স্ত্রী একজন দুষ্ট প্রকতির মহিলা ছিলো আর সে যোষেফকে অনৈতিক সম্পর্কের ি দকে টানার চেষ্টা করছিলো । যি দও যোষেফ এ ব্যাপারে কঠোর ছিলো এবং সেই আজ্ঞা মেনে চলার কারণে ব্যাভিচারের পে থ পা বাড়ায়নি । যোষেফের এই সৎ স্বভাবের কারণে অনুতপ্ত হবার ব দলে পটিফরের স্ত্রী উল্টে যোষেফের উপর রাগ করে আর মি থ্যা অভিযোগ করে যে যোষেফ তার সাে থ অনৈতিক সম্পর্কে জড়াতে চেষ্টা করেছিলো । নিজের স্ত্রীর কথা বিশ্বাস করে পটিফর যোষেফকে কারাগারে নিক্ষেপ করে ।

- **মাথা:** কেন কিছু মানুষের অন্যের অনুভুতির ি দকে কোনো খেয়ালই থাকে না, কিন্তু যে কোনো ম ূল্যে তারা নিজেরা যা চায় তা হাসিল করার ি দকে মন ে দয়?
- **হৃ দয:** আপনার কি মনে হয় যে কি কারণে যোষেফের যেখানে নিজের দুরাবস্থা নিয়ে রাগ করার ও বিরক্ত হবার হাজারো যুক্তি ছিলো, কিন্তু সে তার ব দলে পটিফরের জন্য মনপ্রাণ ি দয়ে কাজ করে যাি"ছলো?
- **হাত:** কিভাবে খ্রীষ্টানরা সততার সাে থ তাে দর কাজের প্রতি মনোনিবেশ করতে পারবে যেখানে তাে দর প্রতিষ্ঠানের প্রধানরা খ্রীষ্টিয় ম ূল্যবোধকে সন্মান ে দন না?

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** অব্রাহাম ও তার বংশধরদের সাথে করা ঈশ্বরের সেই চুক্তির প্রতিজ্ঞা চতুর্ প্রজন্মের মাঝে প্রবাহিত হয়। যোষেফকে ঈশ্বর স্বপড্ব দেখাতেন আর সেই স্বপেড্বর অর্থ বোঝার ক্ষমতাও তাকে তিনি দিতেন। যদিও সততার সাথে জীবন যাপন করতে গিয়ে যোষেফকে অনেক দুঃখ দূর্দশার মধ্যে দিয়ে যেতে হয়েছিলো, কিন্তু ঈশ্বরের দেওয়া সেই ক্ষমতার বিশ্বস্ত ব্যাবহারের মধ্য দিয়ে সে এমন একটা অবস্থানে পৌঁছায় যে সে সবার জন্যই আশীবার্দ স্বরুপ হতে পেরেছিলো। সেই আশীবার্দের মধ্যে এটাও আছে যে ঈশ্বরের আশীবার্দ যাতে তাদের পঞ্চম প্রজন্মেও প্রবাহিত হতে পারে তা নিশ্চিত করতে পারা।
    - আমরা কিছু দুঃখ কষ্টকে সততার জীবন যাপন করার মাধ্যমে দ ূরে সরিয়ে রাখতে পারি, কিন্তু এমন কিছু দ ূ র্দশা কি কি আছে যার মুখোমুখি খ্রীষ্টানরা হতে পারে সৎ জীবন যাপন করতে গিয়ে?
    - এমন কি কি সাহায্যকারী প থ আছে যা ি দয়ে আমরা দুঃখ দু র্দশার মাঝে থাকলেও ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতে পারবো?
- **হৃ দয়: আমাে দর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** আমরা যেখানে সর্ব দাই কষ্ট ও দ ূ র্দশা এড়িয়ে চলার চেষ্টা করি, সেখানে বাইবেল উ দাহরণ ি দতেই থাকে যে ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতে হলে প্রায়শঃই আমাে দর কঠিন অবস্থার মুখোমুখি হতে হবে । তবে ঈশ্বর সেই দু র্দশাগুলোকে আমাে দর খ্রীষ্টান হিসেবে আরো পরিণত হবার কাজে ব্যাবহার করতে পারেন । অতএব, দুঃখ কষ্টের সময়ে আমাে দর অবশ্যই খ্রীষ্টের কাছ ে থকে দ ূরে সরে যাবার প্রলোভনের বিরুদ্ধে যুদ্ধ করতে হবে, আর সেই তিক্ততার বিরুদ্ধেও, যা সেই দুরাবস্থার মাধ্যমে আমাে দর জীবনে আসতে পারে । বরং আমাে দর উচিৎ ঈশ্বরকে সেই সুযোগ ে দওয়া যাতে তিনি সেই দুঃখ কষ্টের মাধ্যমে আমাে দর জীবনে খ্রীষ্টিয় গুণাবলী প্রতিষ্ঠিত করেন ।
    - তেমন কিছু প থ কি কি আছে আপনি ে দখেছেন যার মাধ্যমে দুঃখ দু র্দশা শেষপর্যন্ত খ্রীষ্টিয় গুণাবলী অর্জনে সহায়ক হয়েছে, যার কথা পৌল লিখেছেন রোমীয় ৫:৩—৪ পে দ?
    - আমাে দর হৃ দয় কিভাবে পরিবর্তিত হবে যি দ না আমরা বিশ্বাস করি যে ঈশ্বর দুঃখ দু র্দশার মধ্যে ি দয়েও ভালো কিছু আনতে পারেন?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ ি দতে পারি?** যেসব স্বপ্ন যোষেফ ে দখেছিলো বা যেগুলোর অ র্থ করে ি দয়েছিলো অন্যে দর কাছে, সেগুলো কখনও তাে দর জন্য আশীবার্ দ স্বরুপ হয়েছিলো আবার কখনও বা দুঃখ দু র্দশার িদকে নিয়ে গিয়েছিলো । আমরা প্রায়শঃই অন্যে দর বিপে দ

সাহায্যের জন্য এগিয়ে যেতে চাই না এই ভয়ে যে আমরা নিজেরাই না বিপে দ পড়ে যাই । তবে খ্রীষ্টের সুসমাচার আমাে দর এটা বলে না যে যাে দর সহায়তা প্রয়োজন তাে দর কাছ ে থকে আমরা দ ূরে থাকবো । বরং যা বলে তা হলো নিজের কষ্টভোগের মধ্য ি দয়েও অন্যে দর সাহায্য করা ও তাে দর শান্তি ে দওয়া যেটা যীশু করেছিলেন ।

- আমরা কিভাবে বুঝতে পারবো যে, অন্যে দর সাহায্য করার জন্য ঈশ্বর আমাে দর আহ্বান করছেন?
- আমরা কিভাবে এই দুটো ব্যাপারের মাঝের পা র্থক্য ধরতে পারবো যে, কখন ঈশ্বর আমাে দর কি কষ্টভোগ করতে আহ্বান করছেন আর কখন আমরা বিনা কারণে বোকার মতো নিজেে দর সমস্যার মধ্যে ফেলছি?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাে থ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ১৩ যোষেফ মিশরের শাসনকর্তা হলেন

পাঠের সাস্ত্রাংশ: আদিপুস্তক ৪১

সহায়ক সাস্ত্রাংশ: রোমীয় ৮:২৬—৩৯

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** লক্ষ্য করুন যে ঈশ্বর যোষেফের ভাইেদর ঈষার্কে কাজে লাগিয়ে যোষেফকে মিশর েদশে পাঠিয়ে যোষেফ ও তার পরিবারকে আসন্ন একটা দুর্ভিক্ষ েথকে রক্ষা করেছিলেন।
- **হৃদয়:** বুঝুন যে ঈশ্বর আমাােদর ভোগ করা কষ্ট ও দুর্দশার মাধ্যমে অন্যেদর আশীবার্দ করতে পারেন, শুধুমাত্র যিদ আমরা আমাােদর হৃদয়কে যীশুর আরোগ্যকারী কাজের জন্য খুলে রাখি।
- **হাত:** যখন কঠিন সময় আসে তখন আশাহত হবেন না, কারণ মাঝে মাঝেই ঈশ্বর আমাােদর এমন দুরাবস্থার মধ্যে নিক্ষেপ করেন যা আমরা কখনোই আশা করি না, আর তার মধ্যে িদেয় তাােদর জন্য তিনি আশীবার্দ বয়ে আনেন যারা তা আশাও করে না।

একটি পেদ পাঠের শিক্ষা আর ঈশ্বর পৃথিবীতে তোমাদের বংশ রক্ষা করিতে ও মহৎ উদ্ধারের দ্বারা তোমাদিগকে বাঁচাইতে তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন, আিদপুস্তক ৪৫:৭ ।

পাঠের সার সংক্ষেপ এক রাতে মিশরের ফরৌণ একটা আশ্চর্য্যজনক স্বপ্ন েদখেন। এটা ছিলো সাতটা রোগা গরুর সাতটা মোটা গরুকে খেয়ে নেবার স্বপ্ন । ফরৌণ এই স্বপ্নের অর্থ জানতে চাইলেন। তখন সেই পানপাত্র বাহকের মনে পড়লো জেলে থাকা লোকটার কথা, যে স্বপ্নের অর্থ বলতে পারে। তার নাম ছিলো যোষেফ। ফরৌণ যোষেফকে ডেকে পাঠালেন আর তার কাছে স্বপ্নের মানে জানতে চাইলেন। যোষেফ বললো যে, সাত বছর মিশর েদশে খুব ভালো শষ্য উৎপাদন হবে আর তার পরের সাত বছরে েদশে ভয়ংকর দুভিক্ষ েদখা েদবে। ফরৌণ যোষেফের কথা বিশ্বাস করলেন ও তাকে মিশরের একজন শাসনকতার্ হিসেবে নিযুক্ত করলেন। যোষেফের দায়িত্ব থাকলো প্রথম সাত বছরে ভালো শষ্য উৎপািদত হবার সময় সবাই যেনো প্রচুর পরিমাণে শষ্য মজুত করে রাখে, সেটা নিশ্চিত করা। তাােদর দরকার দুভিক্ষের সেই সাত বছরের খাবার জন্য যেথষ্ট পরিমাণ খাদ্য মজুত রাখা। দুর্ভিক্ষের সময়ে যোষেফের পরিবার মিশরে গেলো কিছু পরিমাণ খাবার কিনতে। যোষেফ তার পরিবারের সদস্যেদর েদখে খুব খুশী হলো কারণ সে অনেকিদন পর তাােদর েদখতে পেলো।



ছবি েথকে শেখা:

- ১. **যোষেফ** ছিলো অব্রাহামের বংশধরেদর একজন। যিদও তার ভাইয়েরা তাকে ঈষার্ করতো এবং তাকে ক্রীতদাস হিসেবে বিক্রী করে । িদয়েছিলো, কিন্তু ঈশ্বরের েদওয়া উপহারকে কাজে লাগিয়ে সে মিশরের দ্বিতীয় সবোর্"চ ক্ষমতাবান মানুষ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছিলো।
- ২. **মিশরের শাসক.** ঈশ্বরের দান করা উপহারের মাধ্যমে যোষেফ স্বপ্নের অর্থ বলতে পারতো আর তাই সে ফরৌণকেও সেই আসন্ন দুর্ভিক্ষ সম্পর্কে সতর্ক করতে পেরেছিলো। অতএব, ফরৌণ যোষেফকে মিশর েদশের জন্য শষ্য মজুত করে রাখার দায়িত্ব । েদয়, যাতে সেই দুর্ভিক্ষের সময় সবার জন্য পযার্প্ত পরিমাণ শষ্য থাকে। যোষেফ তখন শষ্য মজুত করার জন্য বড় বড় স্থাপনা তৈরী করার উেদ্যাগ েনয়।
- ৩. **ফসল মজুতের ঘর.** যোশেফের ভবিষ্যতবাণী অনুযায়ী দুর্ভিক্ষ ঠিকই এসেছিলো। কিন্তু যোষেফের েনওয়া যথাযথ প্রস্তুতির কারণে মিশরবাসীর জন্য পযার্প্ত খাদ্য তখন মজুত ছিলো। শেষপর্যন্ত যোষেফের ভাইয়েরাও মরিয়া হয়ে খাবারের সন্ধানে মিশর েদশে আসে, আর ঈশ্বর যোষেফের মাধ্যমে তােদর জন্য খাবারের যোগান । েদন। অতএব, তার ভাইয়েরা যেটা খারাপের জন্য করেছিলো, ঈশ্বর সেটাকে একেবারে পরিবর্তন করে ভালোর জন্য ব্যাবহার করেছেন, সেটা একিদকে মিশরীয়েদর জন্য আবার আরেকিদকে তাঁর সেই চুক্তিকে নতুন প্রজন্মের মধ্যে প্রবাহিত করার কাজে।

পাঠ প্রসঙ্গ আশ্চর্যজনকভাবে যোষেফের ভাইেদর ও পোটিফরের স্ত্রীর দুষ্ট অভিসন্ধি এবং ফরৌনের পানপাত্রবাহকের স্বল্প স্মৃতিশক্তির কারণে ঘটা ঘটনাগুলোর মধ্য িদয়ে যোষেফ একেবারে সঠিক সময়ে সঠিক স্থানে গিয়ে উপস্থিত হয়েছিলো, যার কারণে সে মিশরের মানুষকে ও তার নিজের বাবার পরিবারকে আসন্ন একটি দুভিক্ষ েথকে রক্ষা করতে পারে।

এটা ঈশ্বরের ইচ্ছা ছিলো না যে যোষেফের ভাইয়েরা তাকে ক্রীতদাস হিসেবে বিক্রী করে িদক অথবা পোটিফরের স্ত্রী যোষেফকে অনৈতিক কাজে উৎসাহিত করুক, কিন্তু ঈশ্বর সেই পাপপূর্ণ কর্মকান্ডের মধ্য িদয়ে এবং যোষেফকে এমন স্থনে নিয়ে আসেন যেখান থেকে সে অন্য সবার জন্য আশীবার্দ স্বরুপ হতে পেরেছিলো।

নূতন নিয়মের পাঠ: কেউ কল্পনাও করতে পারবে না যে ত্রাণকতার্র মৃত্যুর মধ্যে িদয়ে কি মহান একটা মুক্তি আসতে পারে। যাইহোক, ঈশ্বর কিন্তু অন্যেদর পাপপূর্ণ কাজকর্মের মধ্যে িদয়ে সেই

মহান মুক্তিকে নিয়ে আসা সম্ভব করেছেন। কারণ ঈশ্বর যখন তাঁর কাজ করেন তখন কোনো কিছুই, পৃথিবীর কোনো কিছুই, খ্রীষ্টানেদর ঈশ্বরের কাছ েথকে পৃথক করতে পারে না।

পবিত্র আত্মার পেথর ফল: ৬ ভালোত্ব: খ্রীষ্টানেদর অবশ্যই ঈশ্বরের উপর বিশ্বাস রেখে তা েদর ৈদনি›দন জীবনে চলতে হবে। "ভালোত্বে"র অর্থ হলো উঁচু নৈতিক চরিত্র থাকা এবং মহৎ গুণাবলীর অধিকারী হওয়া। খ্রীষ্টানরা প্রলোভিত হয় তারা যে মন্ডলীতে বসবাস করে সেখানকার নৈতিক মানদন্ড যে নীচে নেমে গেছে, সে ব্যাপারের িদকে নজর না । িদতে, কিন্তু সুসমাচার সব খ্রীষ্টানকে উঁচু নৈতিক মানদন্ড মেনে চলার আহ্বান জানায় যা সুসমাচারে ঈশ্বর প্রকাশিত করেছেন। মাঝে মাঝে উঁচু নৈতিক জীবন যাপনের ফলে প্রশংসা না বরং নিযার্তনের শিকার হতে হয়, যেমন যোষেফের ক্ষেত্রে হয়েছিলো। কিন্তু খ্রীষ্টানরা যিদ ঈশ্বরের সন্মানের জন্য জীবন যাপন করে তাহলে কিছু সময়ের জন্য তা েদর দুঃখ কষ্ট সইতে হলেও তারা ঈশ্বরের কাছ েথকে বিশাল পুরষ্কার পাবে। যোষেফের ক্ষেত্রে সেই পুরষ্কার এ জীবনের জন্য ও পরবতীর্ জীবনের জন্যও এসেছিলো। অন্যেদর জন্য সেই পুরষ্কার শুধু মৃত্যুর অন্য পাশের জন্যই থাকবে, যখন তারা খ্রীষ্টকে সামনা সামনি েদখবে।

- **মাথা:** আপনার জন্য ব্যাপারটা কি কি বিপদ আনতে পারে যখন আপনি খ্রীষ্টকে আপনার ত্রাণকতার্ বলে মানছেন কিন্তু সেই অনুযায়ী আপনি আপনার ৈদনি›দন জীবন যাপন করছেন না?
- **হৃদয়:** একটা উঁচু নৈতিক জীবন যাপন কিভাবে একজন খ্রীষ্টানের জীবনকে বিভিন্নধরণের সম্পর্কের ভাঙন ও হৃদয় বিদারক ব্যাপার গুলো েথকে রক্ষা করতে পারে?
- **হাত:** আপনার মন্ডলীতে পরবতীর্ সপ্তাহে ভালো নৈতিক জীবন যাপন করার রূপটা কেমন হবে বলে মনে হয়?

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবা েদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে করা** অব্রাহামের সাথে ঈশ্বরের করা সেই চুক্তিটা খুব আশ্চর্যজনক ভাবে এখন চতুর্থ প্রজন্মে প্রবাহিত হয়ে যায়। ঈশ্বর যোষেফকে দেওয়া তাঁর আশীবার্দেও মধ্য দিয়ে নিজের কাজ করেন, এবং অন্যেদর পাপের পথ বেছে নেবার মধ্য দিয়েও তিনি অব্রাহামের বংশধর ও মিশরীয়েদও রক্ষা করতে থাকেন। দশ দশটা বছর লেগেছিলো যোষেফের সেই দাসত্ব ও জেলখানা থেকে মুক্তি পেতে আর সেটা বুঝতে যে ঈশ্বর অশুভ ব্যাপার গুলোকেও ভালোর দিকে রূপান্তরিত করতে পারেন।
    - যোষেফের জীবন ও যীশুর জীবনের ঘটনাবলীর মধ্যে কি কি ক্ষেত্রে মিল পাওয়া যায় যেগুলোর মধ্যে দিয়ে ঈশ্বর অন্যেদর জীবনে আশীবার্দ এনেছেন?
    - আপনার কি মনে হয় যে ঠিক কি কারণে যোষেফ সৎ ভাবে জীবন যাপন করতো, এমনকি যখন অন্যরা তার সাথে বিশ্বাসঘাতকতা করতেই থাকতো?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** এটা আমাদের মাথার মধ্যে রাখা দরকার যে ঈশ্বর দুঃখ কষ্টের মধ্যে দিয়ে ভালো কিছু করতে পারেন। কিন্তু বিশ্বস্তভাবে সেই ভালোর জন্য অপেক্ষা করা আবার আরেক ব্যাপার। আমাদের কষ্টের সময়টা আর আমরা যখন দেখি যে সেই খারাপ থেকে ঈশ্বর ভালো কিছু বের করছেন, সেই সময়টার মাঝের সময়টাতে আমাদের অবশ্যই উচিৎ আমাদের হৃদয়কে খাঁটি রাখা ও ঈশ্বরের আরোগ্যকারী কাজের প্রতি উন্মুক্ত রাখা।
    - দুঃখ কষ্টের মধ্যে দিয়ে যাবার সময় আমাদের হৃদয় যাতে কঠিন না হয়ে যায় সে জন্য ঈশ্বর খ্রীষ্টানেদর জন্য কি কি পথ বা উপায়ের ব্যাবস্থা রেখেছেন?
    - এমন কিছু পথ কি আছে যার মাধ্যমে আমরা যে দুঃখ কষ্টের মুখোমুখি হি"ছ তা দিয়ে ঈশ্বরের মাধ্যমে আমরা দুঃখ কষ্টে থাকা অন্যকে সহায়তা করতে পারি?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** তাৎপর্যপূর্ণ একটা জীবন কখনই সোজা জীবন হতে পারে না। বরং দুঃখ দুর্দশার অগ্নিপরীক্ষার মধ্য দিয়ে তা শক্তিশালী চরিত্র লাভ করে। যোষেফ তার সারা জীবন ধরেই ঈশ্বরের প্রতি নিবেদিতপ্রাণ থেকেছে, এমনকি সে যখন বুঝতেও পারতো না যে ঈশ্বর কিভাবে এতসব সমস্যা থেকে তাকে মুক্তি দিতে যা"ছন, তখনও। যখন যোষেফ অপেক্ষা করে থাকতো কখন ঈশ্বর তার কষ্টের মধ্যে দিয়ে তাকে ভালো কিছু । দেবেন, তখনও সে এমন জীবন যাপন করতো যা অন্যেদর জন্য আশীবার্দ স্বরুপ হয়।
    - এমন কিছু বাস্তব অভ্যাস কি কি হতে পারে যার চচার্ আমরা করতে পারি যেগুলো আমাদের কষ্টের সময়ে আমাদের তিক্ত বিরক্ত হওয়া থেকে ও ঈশ্বরের কাছ থেকে দূরে চলে যাওয়ার হাত । থেকে রক্ষা করতে পারে?
    - কি পেথ আমরা অন্যের সাথে আমাদের সেই অভিজ্ঞতাগুলো ভাগাভাগি করতে পারি যে বিজ্ঞতা ও অন্তর্দৃষ্টি আমরা পেয়েছি যা দুঃখ কষ্টের অভিজ্ঞতা থেকে ঈশ্বর আমাদের শিখতে সাহায্য করেছেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ১৪ শিশু মোশিকে উদ্ধার করা হলো

পাঠের সাস্ত্রাংশ: যাত্রাপুস্তক ২:১-১৩

সহায়ক সাস্ত্রাংশ: মি থ ২:১৩—২৩

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** এই বাস্তবতার জন্য উল্লাস করুন যে ঈশ্বর বিশ্বাসের যোগ্য, কারণ ইস্রায়েলীয়রা যখন মিশরে দাসত্বের মধ্যে ে থকে সাহায্যের জন্য চীৎকার করছিলো, তখন ঈশ্বর তাঁর চুক্তির প্রতি বিশ্বস্ত ে থকে ইস্রায়েলীয়দের দর বাঁচানোর জন্য একজন রক্ষাকতার্ পাঠিয়েছিলেন ।
- **হৃ দয়:** স্বীকার করুন যে, বর্ণপ্রথা একটা ভুল ধারণা । ঈশ্বর সব মানুষকে সৃষ্টি করেছেন এবং যীশু সবার মুক্তির জন্য নিজের জীবন ি দয়েছিলেন ।
- **হাত:** এই বিশ্বাসকে মনে লালন করুন যে, যারা নির্যাতিত হে"ছ তাে দর পাশে দাঁড়ানো আমাে দর দায়িত্ব, তা তারা আমাে দর ে থকে সবি দক ি দয়ে যত আলা দাই হোক না কেনো ।

একটি পে দ পাঠের শিক্ষা লইয়া ফরৌণের কন্যাকে দিলেন; তাহাতে সে তাঁহারই পুত্র হইল; আর তিনি তাহার নাম মোশি [টানিয়া তোলা] রাখিলেন, কেননা তিনি কহিলেন, "আমি তাহাকে জল হইতে টানিয়া তুলিয়াছি", যাত্রাপুস্তক ২:১০ ।

পাঠের সার সংক্ষেপ লোকে দর সংখ্যা অনেক বেড়ে গেছে । ইস্রায়েলীয়দের 'ইব্রীয়' নামেও ডাকা হতো । তখন তিনি নিে র্দশ ি দলেন সব হিব্রু শিশুে দর হত্যা করতে । মোষী যখন জন্ম নিলেন তখন তার মা তাকে লুকিয়ে রাখতে চেয়েছিলেন যাতে তাকে মেরে ফেলা না হয় । মোশি যখন ধীরে ধীরে বড় হি"ছলো তখন তার মা ে দখলেন যে তাকে লুকিয়ে রাখা খুব কঠিন হয়ে যাে"ছ । তিনি ে দখলেন তাকে খুব দ্রুতই তার ছেলেকে বাঁচানোর জন্য অন্য কোনো প থ খুঁজতে হবে । তিনি একটা ছোট ঝুড়িতে মোশিকে রাখলেন আর তারপর সেটাকে নীল নে দ ভাসিয়ে ি দলেন । তার কন্যা, মিরিয়াম, সেই ঝুড়িটার ি দকে লক্ষ্য রাখছিলো যাতে শিশুটার কোনো ক্ষতি না হয় । যখন ফরৌণের কন্যা ন দীতে স্নান করার জন্য আসলো, সে সেই ছোট্ট ঝুড়িটা ে দখতে পেলো । সে আবিষ্কার করলো যে সেটার মধ্যে একটা ছোট্ট 'ইব্রীয়' শিশু রয়েছে । ফরৌণের কন্যা ঠিক করলো শিশুটাকে সে নিজের কাছে রাখবে । মোশি তার নিজের পরিবারের সাে থ বেড়ে না উঠলেও সে সেখানে নিরাপে দ থাকলো ।

ছবি ে থকে শেখা:

- ১. **নীল ন দ.** যোষেফ মারা যাবার পর একজন নতুন ফরৌণ ক্ষমতায় আসলো যে যোষেফের মাধ্যমে ঈশ্বরের মিশরকে রক্ষা করার ব্যাপারটাকে পাত্তা ি দতো না । যোষেফের পরিবার মিশরে বসবাস করার জন্য এসেছিলো, এবং তারা সংখ্যায় ছিলো প্রচুর ও তারা 'ইব্রীয়' নামে পরিচিত ছিলো । ফরৌণ ইব্রীয়ে দর সংখ্যা এভাবে বেড়ে যাওয়া ে দখে আতঙ্কিত হয়ে পড়লেন সমস্ত হিব্রু পুরুষে দর নীল নে দ ডুবিয়ে হত্যা করার নি ের্দশ িদলেন ।
- ২. **শিশু মোশি.** একজন হিব্রু মা সিদ্ধান্ত নিলো যে তার সন্তানকে পানিতে ডুবিয়ে মারবে না, বরং সে তার শিশুকে একটা ঝুড়িতে করে নীল নে দ ভাসিয়ে ে দয় । শিশুটার নাম ছিলো মোশি ।
- ৩. **ঝুড়ি.** ঝুড়িটা নীল নে দর মধ্যে ি দয়ে ভাসতে ভাসতে শেষপর্যন্ত ফরৌণের কন্যা যেখানে স্নান করছিলো, সেখানে গিযে পৌঁছালো । সে সেই ঝুড়ি ও তার ভিতরে থাকা 'ইব্রীয়' শিশুটাকে ে দখলো ও দুঃখ অনুভব করলো আর তার অনুচররা শিশুটাকে উদ্ধার করলো ।
- ৪. **ফরৌণের** কন্যা মোশির বড় বোন দ ূর ে থকে সবকিছু খেয়াল করছিলো আর সে ফরৌণের কন্যাকে জিজ্ঞেস করলো যে শিশুটার যত্ন নেবার জন্য একজন 'ইব্রীয়' মাকে তার প্রয়োজন কিনা । ফরৌণের কন্যা তাতে রাজী হলো ।
- ৫. **মোশির বোন.** সুতরাং মোশির বোন মোশিকে সা ে থ নিয়ে বাড়ী গেলো আর তার মা তার বড় হওয়া পর্যন্ত তার যত্ন নিলো ।
- ৬. **জল.** ঈশ্বর নোহের পরিবারকে সেই জাহাজের মধ্যে নিয়ে মহাপ্লাবন ে থকে রক্ষা করেছিলেন, এবং ঈশ্বর মোশিকে একটা ঝুড়ির মাধ্যমে নীল ন দ ে থকে রক্ষা করেন । ঈশ্বর মোশিকে ি দয়ে লোহিত সাগর পার করিয়ে হিব্রু জাতিকে দাসত্ব ে থকে মুক্ত করবেন । বাপ্তিস্ম একটা খ্রীষ্টীয় ধমার্নুষ্ঠান যা জলে ডুব ি দয়ে ঈশ্বরের দ্বারা পাপ ে থকে মুর্ক্তি লাভের প্রতীক ।

পাঠ প্রসঙ্গ ঈশ্বর ইস্রায়েলীয়দের রক্ষা করার মাধ্যমে অব্রাহামের এখন আর মুক্তভাবে ও আশীবার্ দ সংগে নিয়ে বাস করে না, বরং তারা এখন দাস । তা ে দর কান্না স্বর্গ পর্যন্ত পৌঁছেছে, আর ঈশ্বর শিশু মোশিকে মৃত্যুর হাত ে থকে রক্ষা মাধ্যমে তা ে দর মুক্ত করার নুতন একটা প থ তৈরীর কাজ শুরু করলেন ।

মিশর ে দশে বসবাসরত ইস্রায়েলীয়দের ক্রমবর্ধমান জনসংখ্যা ে দখে ভীত হয়ে ফরৌণ সব নবজাত ই ্রায়েলীয় শিশুকে হত্যা করার নি ের্দশ । ে দন । একজন মা এই আে দশের

তোয়াক্কা না করে তার শিশুকে বাঁচিয়ে রেখে তিনমাস বয়স পর্যন্ত নিজ বাড়ীতে লুকিয়ে রাখে । যখন সে আর তার বা"চাকে লুকিয়ে রাখতে পারছিলো না, তখন একটা ঝুড়িতে করে তার শিশুটাকে নীলনে দ ভাসিয়ে ে দয় যেন সে প্রানে বাঁচে এই আশায় । এখানে 'ঝুড়ি'র জন্য যে হিব্রু শব্দটা ব্যাবহৃত হয়েছে সেটা আি দপু ̄তক ৬ অধ্যায়ে বর্ণিত নোহের তৈরী সেই জাহাজের সা ে থ মিলে যায় । দুটো ক্ষেত্রেই ঈশ্বর তাঁর লোকে দর ধ্বংসের হাত ে থকে বাঁচাতে একটা উপায় বের করে । ে দন ।

ফরৌণের কন্যা শিশুটাকে দ্যাখে, ে দখে তার মায়া হয় এবং সে শিশুটাকে নিজের জন্য দত্তক হিসেবে গ্রহন করে । এভাবে ঈশ্বর মোশিকে মৃত্যুর হাত ে থকে রক্ষা করেন যাতে সে বেড়ে ওঠে আর মিশর ে দশে থাকা ইস্রায়েলীয়দের দাসত্ব ে থকে মুক্তি ি দতে পারে ।

সহায়ক পাঠ: মোশির মত ঈশ্বর নবজাত যীশুকে বাঁচানোর জন্যও একটা প থ বের করে ি দয়েছিলেন, যাঁর জীবন ঝুঁকির মধ্যে ছিলো ফরৌণের মত আরেকজন শাসকের কারণে, যে তার ক্ষমতা হারানোর ভয়ে ছিলো ।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবা েদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর অব্রাহামের সা ে থ করা তাঁর চুক্তির প্রতিশ্রম্নতি অনুযায়ী ইস্রায়েলীয়দের রক্ষা করে যা ি"ছলেন যখন তিনি যোষেফের সময়ে ইস্রায়েলীয়দের মিশরে পাঠিয়েছিলেন তা ে দর একটা দুর্ভিক্ষের হাত ে থকে বাঁচাতে, আর এখন অনেক প্রজন্ম পরে এসে ফরৌণ তা ে দর নিযার্তন করছে ও ক্রীত দাস হিসেবে তা ে দর ব্যাবহার করছে । ঈশ্বর তা ে দর কষ্ট ে দখলেন এবং

অব্রাহামের একজন বংশধরকে তৈরী করতে শুরু করলেন যে ইস্রায়েলীয়দের সেই দাসত্বের শৃংখলে থেকে মুক্ত করবে ।

- কেন বাইবেলে বর্ণিত সময়ে এবং বর্তমানেও মানুষের বিভিন্ন গোষ্ঠীর মধ্যে এতো ঝগড়া বিবাদ হতে দেখা যায়?
- যীশুখ্রীষ্টের সুসমাচার এবং ঈশ্বরের লোক হিসেবে সমস্ত খ্রীষ্টানদের অবস্থান কিভাবে বর্ণবাদকে একটা পাপ হিসেবে চিহ্নিত করে?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** আমরা অন্যের জন্য চরম ক্ষতির কারণ হতে পারি যদি আমরা কোনো কারণে খুব ভয় পেয়ে নিজেদের রক্ষা করার চেষ্টা করি । এটা জাতীয় পযার্য়ে ঘটতে পারে যখন এক জাতি আরেক জাতিকে কোনোভাবে নিযার্তন করে তখন, কিন্তু এটা ব্যাক্তিগত সম্পর্কের ক্ষেত্রেও ঘটতে পারে যখন আমরা আমাদের মনের মাঝে ভয়কে লালন করি আর তার মাধ্যমে মনের মাঝে বর্ণবাদের জন্ম দিই ।
  - আমাদের একে অন্যের সাথে যে বিভিন্ন পার্থক্য আছে তা যাতে আমাদের খ্রীষ্টেতে থেকে অন্যকে ভালোবাসতে কোনো বাধা সৃষ্টি করতে না পারে, আমরা কিভাবে সেটা নিশ্চিত করতে পারি?
  - যারা আমাদের থেকে আলাদা তাদের সঙ্গে আরো বেশী করে মেশার জন্য ও তাদের মূল্যবোধ ও চাহিদাগুলো বোঝার জন্য আমরা কি কি পদক্ষেপ নিতে পারি
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** ফরৌণ যখন সব হিব্রু শিশুদের মেরে ফেলার নির্দেশ দিলেন তখন ঈশ্বর তাঁর মনোনীত জাতি ইস্রায়েলকে বাঁচাতে ফরৌণের কন্যাকে ব্যবহার করে তাকে সেই ইতিহাসের একটা অংশ বানিয়ে । দিয়েছিলেন । আমাদের মনে রাখা উচিৎ যে মাঝে মাঝে ঈশ্বরের আশীবার্দ ও সুরক্ষা এমন ব্যাক্তিদের মাধ্যমে আমাদের জীবনে প্রবাহিত হতে পারে যারা ঈশ্বরকে অনুসরণ করে না অথবা ঈশ্বরের গৌরবের অেš^ষণও করে না । আবার এটাও হতে পারে যে, ঈশ্বর সেই সব বিপদগ্রস্থ মানুষেদের সুরক্ষা ও আশীবার্দ করার কাজে আমাদের ব্যাবহার করতে পারেন, যারা খ্রীষ্টান অথবা খ্রীষ্টান না ।
  - ঈশ্বর যদি তেমন ব্যাক্তিদের তাঁর কাজে ব্যাবহার করতে পারেন, যারা অন্যেদের আশীবার্দ করা ও সুরক্ষা দেওয়ায় বিশ্বাস করে না, আপনি যীশু খ্রীষ্টের একজন অনুসারী হিসাবে কিভাবে তেমন ব্যাক্তিদের আশীবার্দ করবেন ও সুরক্ষা দেবেন যারা বলে না যে তারা ঈশ্বরকে অনুসরন করে?
  - আপনি কিভাবে আপনার এলাকায় সেই সব নিযার্তিতেদের পক্ষে দাঁড়াতে পারেন, যারা আপনার থেকে একেবারেই আলাদা?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ১৫ জ্বলন্ত ঝোপ

পাঠের সাস্ত্রাংশ: যাত্রাপুস্তক ৩:১–৪:১৮

সহায়ক সাস্ত্রাংশ: প্রেরিত ৭:১৭–৩৭

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বুঝুন যে ঈশ্বর মিশর ে দশে নির্যার্তিত হতে থাকা তাঁর লোকে দর কান্না শুনেছিলেন, মোশিকে নিযুক্ত করেছিলেন ফরৌণের সাে থ লড়বার জন্য, ইস্রায়েলীয়দের মিশর ে থকে বের করে নিয়ে যাবার জন্য এবং তারপর সেই প্রতিশ্রুন্নত ে দশে নেবার জন্য ।
- **হৃ দয়:** লক্ষ্য করুন খ্রীষ্টানরা এমন অভিজ্ঞতার মুখোমুখি হতে পারে যে ঈশ্বরের আহ্বান তাে দর কাছে ভীতিকর লাগছে । মোশি ঈশ্বর তাকে যা করতে আহ্বান করেছিলেন তাতে ভীত হয়েছিলো
- **হাত:** ঈশ্বরের আজ্ঞা অনুসাে ও জীবন যাপন করার জন্য প্রতিশ্রুন্নতিবদ্ধ থাকুন যাতে আপনি ঈশ্বরের উপর বিশ্বাস বৃদ্ধি করতে পারেন যখন ঈশ্বরের আহ্বান আপনার জীবনের জন্য আশংকাজনক বলে মনে হয় ।

একটি পে দ পাঠের শিক্ষা পরে সদাপ্রভু কহিলেন, সত্যই আমি মিসরস্থ আপন প্রজাদের কষ্ট দেখিয়াছি, এবং কার্যশাসকদের সমক্ষে তাহাদের ক্রন্দনও শুনিয়াছি; ফলতঃ আমি তাহাদের দুঃখ জানি, যাত্রাপুস্তক ৩:৭ ।

পাঠের সার সংক্ষেপ মোশি বড় হবার পর ফরৌণের প্রাসা দ এবং মিশর ে দশ ছেড়ে মিি দয়োনে বসবাস করতে যায় । একি দন মোশি যখন মাঠে তার মেষপাল পাহাড়া ি দিচ্ছিলো, সে ে দখতে পেলো একটা ঝোপে আগুন জ্বলছে । মোশি ভালো করে ে দখবার জন্য আরো কাছে গেলো । সে কোনো ি দনও ে দখেনি যে একটা ঝোপ আগুনে পুড়ছে কিন্তু পুড়ে ছাই হয়ে যাচ্ছে না । ঈশ্বর সেই জ্বলন্ত ঝোপের মধ্যে ে থকে মোশিকে ডাকলেন,"মোশি মোশি!" মোশি ঈশ ^রের ি দকে তাকাতে ভয় পেলো কিন্তু বললো,"আমি এখানে ।" ঈশ্বর মোশিকে বললেন মিশরে যেতে ও ফরৌণকে বলতে যাতে সে তার দাস হিসাবে ব্যাবহার করা সমস্ত ই ্রায়েলীয়কে মুক্তি ে দয় । মোশি ভয় পেয়েছিলো এবং ঈশ্বরের কাছে তার অনেক প্রশ্ন ছিলো,"আমি তো কোনো গন্যমান্য লোক নই, ফরৌণ কেনো আমার কথা শুনবেন? আর ই ্রায়েলীয়রা কি বিশ্বাস করবে যে তাে দরকে দাসত্ব ে থকে মুক্ত করবার জন্য ঈশ্বর আমাকে পাঠিয়েছেন?" ঈশ্বর মোশিকে ভয় পেতে বারণ করলেন কারন তিনি তার সাে থ থাকবেন । মোশি ঈশ্বরে বিশ্বাস রাখলো । সে তাই করলো যা তাকে ঈশ্বর করতে বলেছিলেন, যি দও সে অনেক ভয় পেয়েছিলো ।



ছবি ে থকে শেখা:

- ১. **মোশি** একজন ই ্রায়েলীয় ছিলো । যি দও সে মিশর ে দশে বেড়ে উঠেছিলো, সে এখন মিশর ে থকে অনেক দ ূরে মেষপাল চরায় । মিশরীয়রা ইস্রায়েলীয়দের দাস হিসাবে ব্যাবহার করছিলো ।
- ২. **স্বলন্ত ঝোপ।** ঈশ্বর একটা ঝোপে আগুন স্বালিয়েছিলেন, কিন্তু সেটা পুড়ে যাি"ছলো না ।
- ৩. **আগুন** স্বলছে কিন্তু পুড়ছে না । মোশি খুব অবাক হলো ঘটনাটা ে দখে, এবং আরো ভালো করে ে দখতে কাছে গেলো ।
- ৪. **ঈশ্বরের গলার** স্বর শুনে ভীষন আশ্চর্য হলো । ঈশ্বর সেই ঝোপ ে থকে মোশির সা ে থ কথা বললেন । তিনি মোশিকে বললেন মিশরে ফিরে যেতে এবং ই ্রায়েল জাতিকে তা ে দর কষ্ট ও দাসত্ব ে থকে মুক্ত করতে । মোশি ঈশ্বর তাকে যা করতে আজ্ঞা ি দয়েছিলেন তা নিয়ে ভীত ছিলো । ঈশ্বর মোশিকে বারবার নিশ্চয়তা ি দিচ্ছিলেন এবং আরো বেশ কিছু অলৌকিক কাজ তাকে করে ে দখালেন যেগুলো স্বলন্ত ঝোপের চেয়েও আশ্চর্য্যজনক ছিলো । শেষপর্যন্ত মোশি ঈশ্বর তাকে যা করতে বলছেন তা করতে রাজী হলো ।

পাঠ প্রসঙ্গ ছিলো ঈশ্বরের লোক । ই ্রায়েল জাতি ঈশ্বরের কাছে তা ে দর মুক্তি়র জন্য কেঁ ে দছিলো । ঈশ্বর তা ে দর উদ্ধার পাবার আকুতির কান্না শুনতে পেয়েছিলেন আর মোশির মাধ্যমে তা ে দর উদ্ধার করার ব্যাবস্থা করলেন।

ঈশ্বর শিশু অবস্থায় মোশিকে মৃত্যুর হাত ে থকে রক্ষা করেছিলেন যখন তার মা তাকে একটা ঝুড়িতে রেখে নীল নে দ ভাসিয়ে ি দয়েছিলো । সে তার সন্তানকে নীল নে দ ছুঁড়ে ফেলার ব দলে এটা করেছিলো সন্তানকে বাঁচানোর জন্য, কারন ফরৌণ সব ই ্রায়েলীয় স দ্যজাত শিশুকে নীল নে দ ছুঁড়ে ফেলার নি ের্দশ ি দয়েছিলো । ফরৌণের কন্যা শিশু মোশিকে ন দীতে ভাসমান অবস্থায় ঝুড়ির মধ্যে ে দখে তাকে উদ্ধার করে । সে তাকে একজন মিশরীয় হিসাবেই মানুষ করতে থাকে ।

সে যাই হোক, মোশি একজন মিশরীয় হিসাবে বেড়ে উঠলেও জানতো যে সেও আসলে একজন ই ্রায়েলীয় । একি দন মোশি ে দখলো যে একজন মিশরীয় এক ই ্রায়েলীয়কে আঘাত করছে, আর মোশি সেখানে উপস্থিত হয়ে মিশরীয লোকটাকে হত্যা করলো । যখন সেই হত্যার কথা

জানাজানি হয়ে যায় তখন মোশি মিশর ছেড়ে পালিয়ে মিি দয়োনে গিয়ে মেষপালক হিসাবে জীবন যাপন করতে থাকে ।

ঈশ্বর একটা ঝোপে আগুন ধরালেন কিন্তু ঝোপটা পুড়ছিলো না । মোশি কাছে গিয়ে সেই অবাক করা ব্যাপারটা ে দখতে চাইলো, অমনি ঝোপ ে থকে ঈশ্বর মোশিকে আহ্বান জানালেন । ঈশ্বর মোশিকে মিশরে ফিরে যেতে বললেন আর ফরৌণের কাছে গিয়ে । ই্রায়েল জাতির মুক্তি দাবী করতে বললেন । যি দও সেই জ্বলন্ত ঝোপটা একটা আশ্চর্য্যজনক ব্যাপার ছিলো, কিন্তু তারপরও মোশি নিজের সাফল্য নিয়ে সে› দহে ছিলো । মোশি ঈশ্বরের সামনে অনেক যুক্তি পেশ করলো, আর তার প্রত্যেকটা আপত্তির বিপরীতে ঈশ্বর তাকে ভরসা ি দলেন, তাকে আশ্বস্ত করবেন এমনকি আরো কিছু অলৌকিক কাজও করে ে দখালেন মোশির বিশ্বাস বাড়ানোর জন্য । শেষপর্যন্ত মোশি রাজী হলো তার জীবনে ঈশ্বরের আহ্বানকে মেনে নিতে ।

ন ূতন নিয়মের পাঠ্য: স্তিফান ছিলো খ্রীষ্টিয় বিশ্বাসের জন্য জীবন ে দওয়া প্রথম শহী দ । প্রেরিত ৭অধ্যায়ে সেই বর্ণনা আছে স্তিফানের আত্মপক্ষ সম র্থনের, যখন ই্রায়েলীয় শাসক মন্ডলীর একটা অংশ কল্ি দয়ে দর সামনে যীশুর সম্পর্কে তার প্রচারের পক্ষে যুক্তি ে দয় । তার আত্মপক্ষ সম র্থনে সে বলে কিভাবে যীশু হলেন পুরাতন নিয়মে মোশির মাধ্যমে করা ঈশ্বরের প্রতিশ্রুতির পূর্ণতাস্বরূপ, যে বলেছিলো ঈশ্বর মোশির মতো আরেকজন ভাববা দীকে তৈরী করবেন । স্তীফান ঘোষণা করলো যে ভাববা দী মোশি নাসরতীয় যীশুর কথাই বলেছিলেন ।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** মিশর ঈশ্বরের লোকে দর ি দয়ে দাসত্ব করা ে"ছ, আর ই ্রায়েল সন্তানেরা ঈশ্বরের কাছে কান্নাকাটি করছে । ঈশ্বর স্থির করলেন তাদের দাসত্ব থেকে মুক্ত করে একটা আশীবার্ দপ ূর্ণ ভূমিতে নিয়ে যাবেন, যেখানে তারা মুক্তভাবে বাস করতে ও তাঁর ব› দনা করতে পারবে । ঈশ্বর এই কাজের জন্য মোশিকে বেছে নিলেন যে সে ইস্রায়েল জাতিকে মুক্ত করবে ও সেই প্রতিশ্রুত ভূমিতে নিয়ে যাবে । তবে মোশি তার প্রতি ঈশ্বরের এই আহ্বান নিয়ে ভীত ছিলো । ঈশ্বর তাকে আশ্বস্ত করেছিলেন যে তিনি তাকে যে কাজ করতে আহ্বান করেছেন, সেই কাজ করার শক্তি তিনিই তাকে ে দবেন । ঈশ্বর তাঁর প্রতিজ্ঞার ব্যাপারে বিশ্বস্ত ছিলেন, আর শেষ পর্যন্ত মোশি ই ্রায়েল জাতিকে সেই প্রতিশ্রুত ে দশে নিয়ে যাবে ।
    - কেন মোশি সেই কঠিন সময়ে ই ্রায়েল জাতির নেতা হতে পেরেছিলো আর ফরৌণের কাছে তার সেই দাবীও উত্থাপন করতে সক্ষম হয়েছিলো? ।
    - মোশি ঈশ্বরের আহ্বান মেনে নেবার আগে কি প্রয়োজনে ঈশ্বরকে ি দয়ে বেশ কিছু অলৌকিক কাজ করিয়ে নিয়েছিলো বলে আপনি মনে করেন?
- **হৃদয়: আমা ে দর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** মোশির মতো এমন অনেক খ্রীষ্টান আছে যারা অনেক সময় ঈশ্বরের আজ্ঞা মানতে ভয় পায় । যদিও একজন স্বৈরশাসকের কোনো ক্রীত দাস জাতিকে মুক্ত করে আনার ে দশের মতো কোনো সাহসী ে দশ এগুলো নয়, তবুও খ্রীষ্টানরা মাঝে মাঝেই নিযার্তিত হবার ভয় পায় । ঈশ্বর ও মোশির মধ্যের এই সম্পর্কটা এটা পরিষ্কার করে যে ঈশ্বর আমা ে দর মনের অবিশ্বাস দ ূর করার কাজও করতে চান এবং শুধুমাত্র বিশ্বাসে দ ূর্বল হবার কারণে তিনি খ্রীষ্টানে দর পরিত্যাগ করেন না ।
    - এমন কিছু পে থর উ দাহরণ কি কি আছে যেখানে একজন খ্রীষ্টানের তার জীবনে ঈশ্বরের আহ্বানের প্রতি বিশ্বস্ত থাকার ফলস্বরূপ নিযার্তন ও কষ্টভোগ করতে হয়েছে?
    - খ্রীষ্টানে দর এমন কিছু প্রতিশ্রুতি কি কি আছে যা তা ে দর ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকার ফলে পাওয়া নিযার্তন ও কষ্ট ভোগের সময় তা ে দর অনুপ্রাণিত করতে পারে?
- **হাত: আমরা ঈশ্বরের বাক্যকে কিভাবে কাজে রূপ ি দতে পারি?** ঈশ্বর এখনও মানুষের দুঃখকষ্টের জন্য তা ে দর কান্না শুনতে পান এবং তা ে দর কষ্ট লাঘব করার সাহায্যের জন্য খ্রীষ্টানে দর পাঠান । যি দও খ্রীষ্টানে দর অন্যকে সাহায্য করতে গিয়ে নিজে ে দর নিরাপত্তা ও শান্তিপ ূর্ণ জীবনকেই মাঝে মাঝে বিপে দর মুখে ফেলতে হয় । তবে যেমন যীশুকে রক্ত মাংসের মানুষ হিসাবে কষ্ট সহ্য করতে হয়েছিলো, ঈশ্বর কখনও কখনও খ্রীষ্টানে দর আহ্বান করেন বিশ্বাসকে শুধুমাত্র হৃ দয়ে না রেখে সেই বিশ্বাসকে কাজে পরিণত করতে ।
    - আপনি কিভাবে আপনার জীবনে ঈশ্বরের আহ্বান শোনার জন্য নিজেকে প্র ¯'ত করতে পারেন?
    - যারা দু র্দশার মধ্যে আছে তা ে দর সাহায্য করার মতো কি কি প দক্ষেপ আপনি নিতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসা েথ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ১৬ মিশরে মহামারীর দশটা আঘাত

পাঠের সাস্ত্রাংশ: যাত্রাপুস্তক ৭:১-১৩

সহায়ক সাস্ত্রাংশ: ল ূক ১২:৪—১২

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** আপনার হৃ দয় অনুসন্ধান করুন, আর ে দখুন আপনার সাহস কতটা । ঈশ্বরের ই"ছা পালন করতে গেলে খ্রীষ্টানে দর সাহসের প্রযোজন । ঈশ্বরের উপস্থিতি ও শক্তি আপনার সাহসকে শক্তিশালী করবে ।
- **হৃ দয়:** এটা বিশ্বাস করুন যে, ঈশ্বর কখনও আপনাকে ছেড়ে যাবেন না অথবা পরিত্যাগ করবেন না ।
- **হাত:** এ সপ্তাহে নিভীর্ক থাকুন, এমনকি পরীক্ষা ও প্রলোভনের মধ্যে পড়লেও ।

একটি পে দ পাঠের শিক্ষা কেহ মনুষ্যদের সাক্ষাতে আমাকে স্বীকার করে, মনুষ্যপুত্রও ঈশ্বরের দূতগণের সাক্ষাতে তাঁহাকে স্বীকার করিবেন, লুক ১২:৮

পাঠের সার সংক্ষেপ মিশরীয়রা ই ্রায়েল জাতিকে তাে দর দাস হতে বাধ্য করেছিলো । ই ্রায়েল জাতি ভীত হয়ে ঈশ্বরের কাছে কান্না করেছিলো আর তাদের এ দাসত্ব থেকে মুক্ত করতে বলেছিলো। ঈশ্বর তাদের কান্না শুনলেন এবং মোশি ও হারনকে মিশরে পাঠালেন । তারা সেখানে গেলো ফরৌনকে ই ্রায়েল জাতিকে মুক্ত করে ে দবার কথা বলতে । যি দ ফরৌণ তা করতে রাজী না হন তাহলে ঈশ্বর মিশরের জন্য একটা মহামারী পাঠাবেন । তারা দু'জন বহুবার ফরৌণের কাছে গিয়ে ইস্রায়ের জাতিকে মুক্তি ি দতে বলেন । যতবার তারা তার কাছে যেতেন, প্রতিবার ফরৌণ বলতেন, "না" । ঈশ্বর তাঁর কথা ঠিকই রেখেছেন ।স ফরৌণ বিভিন্ন সময়ে নয়বার ই ্রায়েল জাতিকে মুক্ত করতে অস্বীকার করেন আর ঈশ্বরও এই নয়টা মহামারী মিশরে পাঠিয়েছিলেন; জলের রক্তে পরিণত হওয়া, ব্যাঙ, ডাঁশ, মাছি, গবাি দপশুর মৃত্যু, ফোঁড়া, ভয়ঙ্কর শিলাবৃষ্টি, পঙ্গপাল আর মিশরে িদনে ও রাতে পুরোপুরি অন্ধকার । এতো কিছুর পরও ফরৌণ ই ্রায়েল জাতিকে মুক্তি ি দলেন না



ছবি ে থকে শেখা:

- ১. **মোশি মিশরে ফিরে যায়** ফরৌণকে এ কথা বলতে যে তিনি যেন তার দাস হিসাবে ব্যাহার করা ই ্রায়েল জাতিকে মুক্তি ে দন । মোশির সেই অস্ত্র প্রস্তুতই আছে, ঈশ্বরের নি ে র্দশে যা অলৌকিক ভাবে সাপে পরিণত হবে ।
- ২. **প্রাসা দ:** অনেক সাহস সঞ্চয় করে মোশি মিশর রাজের সামনে দাঁড়ালো আর তাঁকে এই বলে সতর্ক করলো যে তিনি যি দ ই ্রায়েল জাতিকে মুক্তি না ে দন, ঈশ্বর মিশরে মহামারীর আগমন ঘটাবেন ।
- ৩ . **ফরৌণ** ঈশ্বরকে সন্মান করতে অস্বীকৃতি জানালো, বরং সে । ে দখলো মোশির ঈশ্বরের কাছে তার নত হবার কোনো কারণ নেই ।
- ৪. **ব্যাঙ.** দ্বিতীয় মহামারীটা ছিলো ব্যাঙের মহামারী, যখন সমস্ত মিশর ে দশ ব্যাঙে ছেয়ে গেলো । প্রতিটা মহামারী আসলো আর ফরৌণ প্র থমে বললো যে সে এবার ই ্রায়েলীয়ে দর মুক্তি ে দবে । কিন্তু যখনই মোশির প্রা র্থনার মাধ্যমে মহামারীগুলো প্রশমিত হলো তখনই আবার ফরৌণের মন কঠিন হয়ে গেলো আর তিনি তার আগের অবস্থানে ফিরে গেলেন ।

পাঠ প্রসঙ্গ মোশি মিশরে ফিরে গেলো ঈশ্বরের আে দশ অনুসারে, ই ্রায়েল জাতিকে মুক্ত করতে ও তাে দর সেই প্রতিশ্রুত ে দশে নিয়ে যেতে । ঈশ্বর কিছু অলৌকিক কাজ ে দখিয়ে মোশির মনের ভয়টাকে দ ূর করেন । তারপর মোশি ঈশ্বরের সাহায্যে অলৌকিক সব কাজ করে ফরৌণকে ঈশ্বরের শক্তির নমুনা ে দখালেন । ফরৌণ অনেক ঈশ্বরে বিশ্বাস করতেন , এমনকি এটাও ভাবতেন যে তার নিজেরও অলৌকিক শক্তি আছে । তাই তিনি বিশ্বাস করতেন না যে তার কোনো দরকার আছে মোশির "ঈশ্বরে"র কাছে নিজেকে সমর্পন করার, কারণ মোশি দাবী করতো যে মিশরের সব মহামারীগুলো ঈশ্বরের পাঠানো আর তিনিই হলেন একমাত্র সত্যি ঈশ্বর যাঁর সব কিছুর উপর নিয়ন্ত্রন রয়েছে ।

ব্যাইবেল পন্ডিতে দর মধ্যে ফরৌণের হৃ দয় কঠিন হওয়া নিয়ে মতভে দ । লক্ষ্য করা যায় । বাইবেলে কোথাও কোথাও বলা হয়েছে ঈশ্বর তার হৃ দয়কে কঠিন করেছেন (যেমন যাত্রাপুস্তক ৯:১২), আবার অন্য জায়গায় লেখা আছে ফরৌণ নিজেই তার হৃ দয়কে কঠিন করেছেন (যেমন যাত্রাপুস্তক ৮:১৫), আর শেষে ে দখা যায়, অনেক জায়গায় বাইবেল এটুকুই বলে যে ফরৌণের হৃ

দয় কঠিন হয়েছে (যাত্রাপুস্তক ৭:১৩), তার ক্রিয়াকর্মের পিছনে কে দায়ী তা পরিষ্কার করে না ব্যাখ্যা না করেই। সাধারণভাবে, ঈশ্বরের দ্বারা যে ফরৌণের হৃ দয় কঠিন হে"ছ তার উল্লেখ করা হয় শেষ চারটে মহামারীর সময়ে, আর প্রথম চারটে মহামারীর সময়ে বলা হয় যে ফরৌণ নিজেই তার হৃ দয় কঠিন করেছিলেন। বর্ণনাগুলোর একটার অ র্থ এমন যে, ফরৌণ ধারাবাহিক ভাবে পাপপ ূর্ণ কাজ করে যাবার পর, ঈশ্বর তাকে তার পাপের মধ্যেই ছেড়ে ে দন। (রোমীয় ১:১৮—৩২)

প্র থমে, ফরৌণ মোশির মাধ্যমে আসা ঈশ্বরের আজ্ঞার প্রতি বশ্যতা স্বীকার করতে অস্বীকার করে। তারপর লম্বা একটা একটা সময় ধরে ঈশ্বর পর্যয়ক্রমে অনেক গুলো মহামারীর আগমন মিশর ে দশে ঘটান। ফরৌণ দশম মহামারীর পরে শেষপর্যন্ত নরম হন।

অতিরিক্ত পাঠ্য: যীশু তাঁর অনুসারীে দও সতর্ক করেছেন যে তাে দর অবশ্যই সকলের সামনে ঈশ্বরের পক্ষে কথা বলার জন্য ই"ছা থাকতে হবে। যীশুর একজন অনুসারী হওয়ার জন্য নিযার্তন ও দুঃখভোগের শিকার হওয়া লাগতেই পারে, কিন্তু যীশুর আজ্ঞা অমান্য করার চেয়ে যীশুর কারণে কষ্ট পাওয়া বরং আমাে দর জন্য ভালো, তা না হলে যীশু আমাে দর পরিত্যাগ করবেন।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাে দর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে?** ঈশ্বর দাসত্বের জীবন যাপন করা ইস্রায়েল জাতির কান্না শুনতে পান আর অনেক চিহ্ন ও অলৌকিক কাজ সহ মোশিকে পাঠান তাে দর মিশর ে দশ ে থকে উদ্ধার করে নিয়ে আসার জন্য। ফরৌণ মোশির মুখে বলা ঈশ্বরের বাক্যকে সন্মান করেননি আর মিশরীয়রা তাে দর অবাধ্যতার জন্য দু র্দশার শিকার হয়। তারা মিশরের জন্য ঈশ্বরের পাঠানো মহামারীর দ্বারা প্রচুর কষ্ট পায়। ঈশ্বর ই ্রায়েল জাতির কান্নার উত্তর ে দন, তবে তার জন্য মোশিকে ম ূল্য ি

দিতে হয়। মোশিকে সেই সাহসটুকু অবশ্যই রাখতে হবে যে ঈশ্বর তাকে রক্ষা করবেন এবং মোশিকে দেওয়া তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী তিনি সবকিছু করবেন।

- পাপের এমন কি কি পরিণতি আছে যা যে লোকটা পাপ করেছে সে ছাড়াও অন্য লোকেরাও ভোগ করতে পারে?
- অহংকার কিভাবে একজনকে প্রভাবিত করতে পারে যাতে সে তার জন্য বলা ঈশ্বরের বাক্যকে সন্দেহ করতে পারে আর ঈশ্বরের ইচ্ছার চেয়ে তার নিজের ইচ্ছাকে বেশী মঙ্গলজনক ভাবতে পারে?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** আমাদের অবশ্যই নিজেদের হৃদয়কে পাহারা দেওয়া উচিৎ। ঈশ্বরের কাছ থেকে দূরে সরে যাওয়াটা সাধারণত একদিনের সিদ্ধান্তে ঘটে না। বরং, মানুষ প্রায়ই ছোট ছোট অবাধ্যতার সিদ্ধান্ত নিতে থাকে যা একসময় এমন অবস্থার সৃষ্টি করে যে তার আর ঈশ্বরের আহ্বান শোনার ক্ষমতা থাকে না। এই অবাধ্য সিদ্ধান্তগুলো হলো যখন আমরা দিকনির্দেশনা পাবার জন্য আমাদের নিজেদের জ্ঞান ও শক্তির উপর নির্ভর করি, ঈশ্বরের জ্ঞান ও শক্তির উপর নির্ভর না করে। আমাদের হৃদয়কে পাহারা দেবার প্রধান পথ হলো এটা বিশ্বাস করা যে ঈশ্বর কখনও আমাদের ছাড়বেন না বা পরিত্যাগ করবেন না।
  - কিভাবে শয়তানের বানানো এই মিথ্যে ধারণা থেকে একজন খ্রীষ্টান নিজেকে রক্ষা করতে পারে, যে ঈশ্বর চান না আমরা সুখী হই?
  - কি ভাবে একজন খ্রীষ্টান ঈশ্বরের পক্ষে কথা বলার জন্য শক্তি অর্জন করতে পারে যখন দেখা যায় যে, এর পরিণামে সে নিযার্তনের শিকার হতে পারে?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** সে রকম সময় আসে যখন যীশু আমাদের সাহসী হতে আহ্বান করেন এবং ঈশ্বরের পক্ষে কথা বলার আহ্বান জানান অথবা যারা অভাবী তাদের জন্য সাহায্যের ব্যাবস্থা করতে বলেন। সেই মিশরের ইস্রায়েল জাতির মতো, ঈশ্বর এখনও দুর্দশাগ্রস্থ মানুষের কান্না শোনেন আর এখনও খ্রীষ্টানেদের সে সব জায়গায় পাঠান, যেখানে মানুষ কষ্ট পাচ্ছে
  - আপনার শহরে কি ধরণের মানুষেরা শারীরিক অথবা মানসিক নিযার্তনের শিকার হচ্ছেন?
  - কি কি উপহার, প্রতিভা, এবং/ অথবা ক্ষমতা ঈশ্বর আপনাকে দিয়েছেন যার মাধ্যমে যাদের বিভিন্ন রকমের প্রয়োজন আছে সে গুলো আপনি মিটাতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠ শিরোনাম: ১৭ প্রথম নিস্তার পর্ব

পাঠের সাস্ত্রাংশ: যাত্রা ১১:১-১২:১৩

সহায়ক সাস্ত্রাংশ: লুক ২২:১-২৩

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** যারা বিশ্বস্ত ভাবে ঈশ্বরের নির্দেশনা মেনে চলেছেন তাদের জন্য ঈশ্বরের দেওয়া পরিত্রাণের ব্যবস্থার জন্য আনন্দ করুন।
- **হৃদয়:** একটা নম্র হৃদয়কে ধারণ করুন যা ঈশ্বরের নির্দেশ মানার জন্য সর্বদা খোলা থাকে, যা ফরৌণের হৃদয়ের মতো কঠিন না ।
- **হাত:** প্রভুর ভোজ সন্মান ও আনন্দের সাথে উদ্যাপন করুন, কারণ এটা খ্রীষ্টানদের জন্য পর্বের খাদ্য যা যীশুর মাধ্যমে পাওয়া আমাদের মুক্তিকে উদ্যাপন করে ।

একটি পদে পাঠের শিক্ষা আর তোমরা এইরূপে তাহা ভোজন করিবে; কটিবন্ধন করিবে, চরণে পাদুকা দিবে, হস্তে যষ্টি লইবে ও ত্বরান্বিত হইয়া তাহা ভোজন করিবে; ইহা সদাপ্রভুর নিস্তারপর্ব, যাত্রা পুস্তক ১২:১১ ।

পাঠের সার সংক্ষেপ ঈশ্বর মিশর দেশের উপর আঘাত হিসাবে নয়টা মহামারী দিয়েছেন কারণ ফরৌণ ইস্রায়েল জাতিকে মুক্তি দিতে অস্বীকৃতি জানিয়েছিলেন। ঈশ্বর করলেন আরো একটা মহামারীর কবলে মিশরকে ফেলবেন । ঈশ্বর মোশিকে দিয়ে ফরৌণকে এবং ইস্রায়েল জাতিকে বললেন যে তিনি আজ মাঝ রাতে এই দেশের মধ্যে দিয়ে যাবেন । মিশরে বসবাসরত প্রতিটা পরিবারের প্রথমজাত সন্তান তখন মারা যাবে । ঈশ্বর মিশরে থাকা ইস্রায়েলীয়দের একটা নির্দেশনা দিলেন । প্রতিটা ইস্রায়েলীয় পরিবারকে একটা মেষ অথবা ছাগল বলি দিতে হবে । তারপর সেই পশুর রক্ত নিয়ে তাদের যার যার বাড়ীর দরজার ফ্রেমের উপরে ও পাশগুলোতে লাগাতে হবে । যখন ঈশ্বর প্রতিটা বাড়ীর পাশ দিয়ে যাবেন, তিনি রক্তের খোঁজ করবেন । যে দরজায় তিনি রক্ত দেখবেন সে বাড়ীর প্রথম সন্তান রক্ষা পাবে । আর যেখানে তিনি রক্ত দেখবেন না সে বাড়ীর প্রথম সন্তান মারা যাবে । ফরৌণ যখন বুঝতে পারেন যে তার সন্তান মারা গেছে , তখন তিনি শেষপর্যন্ত ইস্রায়েলীয়দের মুক্তি দিতে রাজী হন ।



ছবি ে থকে শেখা:

- ১. **ই ্রায়েল জাতি.** ঈশ্বর ই ্রায়েলীয়ে দর নি ে র্দশনা ি দয়েছিলেন কিভাবে দশটা মহামারীর শেষ মহামারীটা ে থকে তারা নিজে ে দর বাঁচাবে, যেটা পরিবারের প্রথম সন্তানের মৃত্যুর মহামারী ।।
- ২ . **রক্ত.** প্রতিটা পরিবারকে একটা করে মেষ অথবা ছাগল বলি ি দতে হবে । তারপর সেই মৃত পশুর রক্ত হিসপ গাছের ডালে করে নিয়ে তা ে দর যার যার বাড়ীর দরজার উপরে চিহ্ন ি দতে হবে । তা ে দর সেই পশুর মাংস রান্না করে খেতেও হবে ।
- ৩ . **বাড়ীতে চিহ্ন ে দওয়া:** যি দ ই ্রায়েলীয়রা পর্বের নি ে র্দশনাগুলো মেনে চলে আর তা ে দর বাড়ীর দরজায় রক্তের চিহ্ন ে দয় তাহলে তারা সকলে তা ে দর প্রথম সন্তানের মৃত্যুর মহামারী ে থকে রক্ষা পাবে ।

পাঠ প্রসঙ্গ নয়টা মহামারী আঘাত করার পরও ফরৌণ মোশির মাধ্যমে আসা ঈশ্বরের নি ে র্দশ মেনে ই ্রায়েলীয়ে দর মুক্তি ি অস্বীকৃতি ি জানায়। ঈশ্বর মোশিকে চুড়ান্ত মহামারীর ব্যাপারে নি ে র্দশনা ে দন, সেটা হলো প্রথম সন্তানের মহামারী । এই মহামারীতে মিশরের সব মানুষ ও প্রানীর প্রথম সন্তান মারা যাবে । এই মহামারীর পরে শেষপর্যন্ত ফরৌণ নরম হন এবং ই ্রায়েল জাতিকে মিশর ছাড়ার অনুমতি ে দন ।

ঈশ্বর মোশিকে এই নি ে র্দশনাও ে দন যাতে সে ই ্রায়েলীয়ে দর বলে যে কি উপায়ে তা ে দর প্রথম সন্তানকে তারা রক্ষা করবে ও কিভাবে মিশর ছাড়ার প্রস্তুতি নেবে । শেষ মহামারী ে থকে রক্ষা পেতে প্রত্যেক ই ্রায়েলীয়কে অবশ্যই একটা মেষ অথবা একটা ছাগল বলি ি দতে হবে, সেই মাংস রেঁধে খেতে হবে এবং তা ে দর বাড়ীর দরজার উপরে সেই পশুর রক্তের চিহ্ন লাগাতে হবে । নিস্তার পর্ব তখন ে থকে ই ্রায়েলীয়ে দর জন্য বাৎসরিক উৎসব রূপে প্রতি বছর পালিত হবে ।

নিস্তার পর্বের মধ্যে ি দয়ে ঈশ্বর ই ্রায়েল জাতির প ূর্বপুরুষে দর সা ে থ করা সেই চুক্তির প্রতি বিশ্বস্ত থাকবেন । ঈশ্বর মিশর ে থকে ই ্রায়েল জাতির মুক্তির ব্যাবস্থা করেছিলেন, যাতে

তারা সেই প্রতিশ্রুত দেশের পথে যেতে পারে, সেখানে গিয়ে একটা মন্দির বানাতে পারে আর মুক্ত ভাবে ঈশ্বরের উপাসনা করতে পারে ।

নূতন নিয়মের পাঠ্য: যীশু তাঁর শিষ্যেদের জন্য নতুন একটা নিস্তার পর্বের সূচনা করেছিলেন, যে রাতে তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করা হয় সেই রাতে । প্রথম নিস্তার পর্বের সময় ঈশ্বর মিশর দেশের দাসত্ব থেকে মুক্তি দেন আর দ্বিতীয় নিস্তার পর্বে ঈশ্বর পাপের দাসত্ব থেকে মুক্তির ব্যাবস্থা করেন । প্রভুর ভোজ, যীশুর নৈশ ভোজন, কমিউনিয়ন, এই শব্দগুলো এই নতুন নিস্তার পর্বকেই নির্দেশ করে ।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর মোশীর জন্য যে নির্দেশনাগুলো দিয়েছেন তা জীবন ও মৃত্যু দুটোরই জন্য । ফরৌণের জন্য দেওয়া নির্দেশনাগুলো শেষ মহামারীর কথা ঘোষণা করবে, মিশর দেশের প্রতিটা পরিবারের প্রথম সন্তানের মৃত্যুর কারণ হবে যেহেতু ফরৌণ ঈশ্বরের আজ্ঞা মানতে অস্বীকৃতি জানিয়েছিলেন । তবে ঈশ্বর জীবনের জন্য এবং দাসত্ব থেকে মুক্তির জন্যও নির্দেশনার ব্যাবস্থা করেছিলেন ।
    - মানুষ প্রায়শঃই জানে যে কি করাটা সঠিক হবে, কিন্তু তারা সেটা করে না । কি কারণে মানুষ ঈশ্বরের আজ্ঞার বিরুদ্ধে বিদ্রোহ করে?
    - কি কারণে আমরা আমাদের করা পাপের ফল পাই, এমনকি আমরা যদি ঈশ্বরের কাছে ক্ষমা প্রার্থনা করি তার পরও?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** মিশর দেশের সবাই ফরৌণের সেই অহংকারের পরিণতি ভোগ করেছিলো যা ফরৌণের হৃদয়কে কঠিণ করে দিয়েছিলো আর মিশরীয়েদের জন্য যা মঙ্গলজনক তা করতে বাধা দিয়েছিলো । সেই জন্য এখনকার মানুষের হৃদয় এমন যা

পাঠ প্রসঙ্গ ঈশ্বর তাঁর দাস যিহোশূয়র মাধ্যমে ইস্রায়েলীয়দের প্রতিশ্রুত দেশে ভালোভাবেই প্রতিষ্ঠিত করে দিয়েছিলেন। যিহোশূয়র মৃত্যুর পর ঈশ্বর ইস্রায়েলীয়দের জন্য দিলেন বিচারকর্তৃগনদের, যাঁরা তাদের ঈশ্বরের পথে চলায় নেতৃত্ব দেবেন। কিন্তু ইস্রায়েলীয়রা ও বিচারকগনের অনেকেই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করলো আর মিথ্যে দেবতাদের আরাধনা করতে লাগলো। ঈশ্বরের সাথে তাদের হওয়া চুক্তির প্রতি বিশ্বস্ত না থাকার কারণে ঈশ্বর বাইরের সৈন্যদের সুযোগ দিলেন ইস্রায়েলীয়দের হয়রানি করতে ও সমস্যায় ফেলতে। ইস্রায়েলীয়রা তখন

চীৎকার করে ঈশ্বরের কাছে তাদের মুক্ত করার জন্য আবেদন জানালো, আর ঈশ্বর তাদের জন্য একজন নতুন নেতাকে জাগিয়ে তুললেন।

গিদিয়োন সেই বিচারকেদরই একজন ছিলেন। ঈশ্বর গিদিয়োনকে আহ্বান করলেন ইস্রায়েলীয়েদর মিদিয়োনীয়েদর হাত থেকে উদ্ধার করার জন্য, যিদও গিদিয়োন ইস্রায়েলীয়েদর শক্তিশালী কোনো জাতির সদস্য ছিলেন না। যাই হোক ঈশ্বর তাঁর একজন দূতকে পাঠালেন গিদিয়োনের কাছে তার জীবনে ঈশ্বরের আহ্বানকে নিশ্চিত করার জন্য।

গিদিয়োন তখন মিথ্যে দেবতাদের বেদী ভেঙ্গে দেবার মধ্যে দিয়ে ইস্রায়েলীয়েদর আবার ঈশ্বরের পেথ ফেরানোর কাজে নেতৃত দেওয়া শুরু করলেন। যিদও মাঝে মধ্যে তিনি সন্দেহ করতেন যে ঈশ্বর তাকে শেষপর্যন্ত সাফল্য দেবেন কি না, ঈশ্বর তাকে মাঝে মাঝেই তাঁর নিশ্চিত সহোযোগীতার চিহ্ন দেখাতেন, যাতে গিদিয়োন তার লক্ষ্যে স্থির থাকেন।

ইস্রায়েলীয়রা যখন মিদিয়োনীয়েদর হাতে বিভিন্নভাবে হয়রানির শিকার হি"ছলো, ঈশ্বর তখন গিদিয়োনকে পাঠালেন এমন কৌশলে শত্রুদের সাথে লড়তে যা দেখে ইস্রয়েলীয়রা বুঝতে পারে যে ঈশ্বর একাই তাদের শত্রুদের হাত থেকে মুক্ত করেছেন, তাদের নিজেদের কোনো শক্তিতে তা ঘটেনি।

নূতন নিয়মের পাঠ্য: ইব্রীয় পুস্তকের যিনি লেখক তিনি গিদিয়োনকে ঈশ্বরে বিশ্বাসী নর বা নারীর মধ্যে শ্রেষ্ঠেদর একজন হিসাবে উল্লেখ করেছেন, যিনি ঈশ্বরের আজ্ঞা মানতেন। গিদিয়োন ইস্রায়েলীয়েদর নেতৃত্ব দিয়েছিলেন একটা তরবারী পর্যন্ত না তুলে সেই বিদেশী সৈন্যেদর পরাজিত করার অভিযানে, তাদেরদুর্বলতাই তাদের শক্তিতে রূপান্তরিত হয়েছিলো।" (ইব্রীয় ১১:৩২)

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর আপনাকে কি করতে বলছেন সে ব্যাপারে সন্দেহ থাকাটা ভুল নয় বা অস্বাভাবিক কিছু নয়। ঈশ্বর জানেন যে এই আহ্বানগুলো অনেক সময়ই আমাদের কাছে ভীতিকর বা অযৌক্তিক লাগতে পারে (মাত্র ৩০০ সৈন্য নিয়ে যুদ্ধেও মাঠে যাবার মতো)। গিদিয়োনের বিচারক থাকাকালীন সময়ের একটা নিয়ম তার ছিলো যে তিনি ঈশ্বরের কাছ থেকে চিহ্ন চাইতেন কোনো ব্যাপারে নিশ্চিত হবার জন্য। ঈশ্বর গিদিয়োনের নিন্দা বা সমালোচনা করেননি এসব অনুরোধের জন্য, বরং ঈশ্বর নিশ্চিতকরন চিহ্ন দিয়েই তার উত্তর দিতেন। খ্রীষ্টানেদর মাঝে মাঝেই ঈশ্বরের নিশ্চিতকরন চিহ্নর প্রয়োজন হয়, কারণ ঈশ্বরের পরিকল্পনা ও বিজ্ঞতা মানুষের পরিকল্পনা বা জ্ঞানের চেয়ে অনেক বেশী উঁচু মানের।
    - হতেই পারে আপনার চিহ্নগুলো গিদিয়োনের চিহ্নগুলোর মতো অতটা চিত্তাকর্ষক নয়, কিন্তু ঈশ্বর কিভাবে আপনার কাছে নিশ্চিতকরন চিহ্ন পাঠিয়েছেন, যা আপনার জীবনে ঈশ্বরের ভালোবাসা ও নির্দেশনার নিশ্চিত করে?
    - খ্রীষ্টানরা কেন এটা বিশ্বাস করতে প্রলোভিত হতে পারে যে তাদের বিজয়টা তাদের নিজেদের শক্তিতেই এসেছে, ঈশ্বরের শক্তিতে নয়?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** প্রায়শঃই ঈশ্বর খ্রীষ্টানেদর এমন ধরনের কাজ করার আহ্বান করেন যা তাদের কাছে ভীতিকর বলে মনে হয়। সেটা হয়তো কোনো সৈন্যদল নিয়ে যুদ্ধক্ষেত্রে যাবার মতো কিছু নয়, কিন্তু সেটা হতে পারে চাকরি পরিবর্তন, ঝগড়া হয়েছে এমন কারো সাথে সম্পর্ক জোড়া লাগানো, অথবা কাউকে পরামর্শ দেবার কাজ। একজন খ্রীষ্টানের মনে জেগে ওঠা প্রতিটা ইচ্ছাই যে ঈশ্বরের কাছ থেকে আসে, তা কিন্তু নয়। খ্রীষ্টানেদর উচিৎ তাদের উপলব্ধি বোধ ব্যাবহার করা ও ঈশ্বরকে নিশ্চয়তা দেবার জন্য বলা যে তারা যেট ভাবছে সেটা আসলেই ঈশ্বরের কাছ থেকে আসছে কি না। তবে শেষপর্যন্ত, নিশ্চয়তা পেয়ে যাবার পর খ্রীষ্টানকে বাধ্য হতে হবে, এমনকি যিদ ঈশ্বরের আহ্বানটা ভীতিকর বলে মনে হয়, তাও।
    - কেন ঈশ্বর খ্রীষ্টানদের আহ্বান করবেন তাদের নিরাপদ অবস্থান থেকে বের হয়ে এমন অবস্থার মধ্যে যেতে, যার জন্য তারা পুরোপুরি প্রস্তুত নয়?
    - ঈশ্বর যিদ মানুষকে শুধু এমন কাজের জন্যই আহ্বান জানাতেন যা তাদের জন্য আরামদায়ক, তাহলে কি সমস্যা হতো?
- **হাত: কি ভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** এমন সময় আসে যখন ঈশ্বর খ্রীষ্টানেদর আহ্বান করেন বিশ্বাসের সাথে পা বাড়াতে। তার মানে যে একেবারে অন্ধভাবে অথবা আবেগপূর্ণভাবে পা বাড়াতে হবে, তা কিন্তু নয়। ঈশ্বর তাদের কাছে নিশ্চয়তার চিহ্ন পাঠাবেন। খ্রীষ্টানেদর কাছে বাইবেল আছে যা তাদের দেখাবে ঈশ্বর সেই সময় কি কি পেথ অন্যেদর আহ্বান করতেন। এটা তাদের উপলব্ধি করতে সাহায্য করবে যে তারা যে আহ্বানটা অনুভব করছে সেটা ঈশ্বরের কাছ থেকে আসছে কি না।
    - আপনার জন্য পাঠানো ঈশ্বরের বাতার্ শোনার জন্য আপনার জীবনে কি কি অভ্যাস থাকা প্রয়োজন?
    - যখন আপনি মনে করেন আপনি আপনার জন্য ঈশ্বরের বাতার্ শুনছেন, আপনি কি কি পদক্ষেপ নিতে পারেন সেটা উপলব্ধি করার জন্য যে সেটা সত্যিই ঈশ্বরের আহ্বান কি না?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?

- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩১ দলিলা শিম্শোনকে ফাঁদে ফেললো

পাঠের সাস্ত্রাংশ: বিচারকর্ত্তৃগণ ১৬:৪—৩১

সহায়ক সাস্ত্রাংশ: যাকোব ৪:১-১০

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** অনুপ্রাণিত হোন, একজন খ্রীষ্টান যদি বিদ্রোহী এবং অবিশ্বস্ত হয় কিন্তু যদি চিৎকার করে কেঁদে কেঁদে অনুশোচনা পূর্ণ হৃদয় নিয়ে আসে, তাহলে ঈশ্বর তাদের ক্ষমা করে দেন।
- **হৃদয়:** সতর্ক থাকুন, প্রতিটি মানুষই সবসময়ই ঈশ্বরের প্রতিশ্রুতির চেয়ে মানুষের প্রতিশ্রুতিকেই বেশী ভালোবাসতে প্রলুব্ধ হয়।
- **হাত:** ঈশ^রের জ্ঞান লাভের চেষ্টা করুন, ঈশ্বর প্রতিটি ব্যাক্তিকেই সময়, প্রতিভা ও সম্পদ িদয়েছেন। ঈশ্বর আশা করেন প্রতিটি খ্রীষ্টানই তা েদর উপর অর্পিত গুণাবলীর সঠিক ব্যবহার করবে।

একটি পেদ পাঠের শিক্ষা প্রভুর সাক্ষাতে নত হও, তাহাতে তিনি তোমাদিগকে উন্নত করিবেন, যাকোব ৪:১০।

প াঠের সার সংেক্ষপ ই ্রায়েলীয়েদর মধ্যে শিম্শোন নামে একজন ব্যক্তি ছিলেন যিনি সবার চেয়ে বেশী শক্তিশালী ছিলেন। ঈশ্বর তাকে গুণ হিসাবে িদয়েছিলেন শক্তি। পলেষ্টীয়রা ই ্রায়েলীয়েদর শত্রু ছিলো, আর তা েদর অনেকেই শিমশোনকে পছন্দ করতো না। পলেষ্টীয়রা জানতো যে শিমশোন দলিলা নামের এক মহিলাকে ভালোবাসেন। তাই তারা দলিলাকে বললো যে সে যিদ বুদ্ধি খাটিয়ে তার এই শক্তির রহস্য উদঘাটন করতে পারে তাহলে তারা তাকে টাকাপয়সা েদবে। দলিলা শিম্শোনকে অনুরোধ করলো তার শক্তির রহস্য তাকে বলার জন্য। শেষপর্যন্ত শিমশোন তাকে বলে যে কেউ যিদ তার চুল কেটে েদয় তাহলে সে তার শক্তি হারাবে। দলিলা পলেষ্টীয়েদর সেকথা জানাতেই তারা সেই রাতেই শিমশোনের চুল কেটে েদয়। তারপর তারা তার চোখ উপড়ে ফ্যালে ও তাকে মন্দিরের থামের সা েথ বেঁধে রাখে। একজন চাকর শিমশোনকে সেই থামের কাছে নিয়ে যায় যে থামগুলোর উপর মি›দরটা দাড়িয়ে আছে। শিমশোন ঈশ্বরের কাছে শেষ একবারের জন্য তার শক্তি ফেরত চাইলেন। তখন শিমশোন সেই থামগুলো ঠেলতে লাগলেন, যতক্ষন পর্যন্ত না সেই মি›দর ভেঙ্গে পড়লো। শিমশোনসহ অনেক পলেষ্টীয়রা তখন মারা যায়।



ছবি থেকে শেখা:

- ১. **শিম্শোন** মিশরের একজন শাসক ছিলেন, আর পৃথিবীর সবচেয়ে শক্তিশালী মানুষ ছিলেন। ঈশ্বর তাকে সেই শক্তি দিয়েছিলেন আর নির্দেশ দিয়েছিলেন কখনও তার চুল না কাটতে। কেউ যদি তার চুল কেটে দেয়, তাহলে তার সেই শক্তি চলে যাবে। ঈশ্বর শিম্শোনকে আশীর্বাদ করেছিলেন, কিন্তু শিম্শোন মাঝে মাঝেই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করে বসতেন।
- ২. **পলেষ্টীয়রা** ইস্রায়েলীয়েদের শত্রু ছিলো। তারা শিমশোন ঘুমন্ত অবস্থায় থাকাকালে তার চুল কেটে নেয় আর তাকে আটক করে। তারা তাকে আটক করার পর তার চোখ উপড়ে ফ্যালে ও তাকে নিয়ে উপহাস করে।
- ৩. **দাগোন মন্দির** তারা দাগোন মন্দিরে তাদের উপহার উৎসর্গ করতে যাবার সময় শিম্শোনকেও সাথে নিলো তাকে নিয়ে মজা করার জন্য।
- ৪. **থামগুলো।** শিমশোন অনুমতি চাইলেন মন্দিরের থামের কাছে গিয়ে বিশ্রাম নিতে। তারপর তিনি ঈশ্বরের কাছে শেষবারের মতো তার সেই বিশেষ শক্তি ফেরত চাইলেন, যাতে তিনি পলেষ্টীয়েদের শাস্তি দিতে পারেন। ঈশ্বর তার প্রার্থনায় সাড়া দিলেন আর শিমশোন সেই মন্দির ধ্বংস করে দিলেন ও অনেক পলেষ্টীয়কে হত্যা করলেন।

পাঠ প্রসঙ্গ যিহোশূয় ইস্রায়েলীয়েদের প্রতিশ্রুত দেশ জয় করার পথে নেতৃত্ব দেবার পর বিচারকগন ইস্রায়েল শাসন করেছিলেন। কিছু বিচারকগণ ঈশ্বরকে সন্মান করেছিলেন কিছু বিচারক করেন নি। সেই বিচারকগণের মতই ইস্রায়েলীয়রা মাঝে মাঝে ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলো আবার মাঝে মাঝে বিশ্বস্ত ছিলো না। যখন তারা অথবা তাদের বিচারকগন ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতেন না, ঈশ্বর তখন তাদেরকে শত্রুর হাতে তুলে দিতেন। ইস্রায়েলীয়রা তখন ঈশ্বরের কাছে চীৎকার করে কান্নাকাটি করত এবং মুক্তির জন্য প্রার্থনা করত। ঈশ্বর তখন তাদের উদ্ধার করতেন ও তারপর তারা বেশ কিছুদিনের জন্য ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতেন। এরকম অনেক বারই ঘটেছিল।

শিম্শোন ছিলেন বিচারকর্তৃগি পুস্তকে উল্লেখিত বিচারকদের সর্বশেষ জন, তারপর রাজারা ইস্রায়েল শাসন করা শুরু করেন। যদিও শিম্শোনের বাবা—মা ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলেন, শিমশোন কিন্তু ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলেন না। ঈশ্বর শিম্শোনকে বিশাল শক্তি দিয়েছিলেন কিন্তু

শিমশোন তার জীবনের মধ্যে িদয়ে ঈশ্বরকে সম্মান করেন নি। তার অনেক পাপ শুধুমাত্র ঈশ্বরকেই কষ্ট দেয়নি, সেই পাপগুলো শিমশোনকে পলেষ্টিয়েদের কাছে আরো বেশী অপছে⁝দর মানুষ করে তোলে।

যদিও শিম্শোন শারীরিকভাবে অত্যন্ত শক্তিশালী ছিলেন, পলেষ্টিয়রা শিম্শোনের দুর্বল নৈতিক চরিত্রের সুযোগ নিতে পারেতা। দলিলা নামক একজন মহিলা, যাকে শিম্শোন ভালোবাসতেন, তার কাছ থেকে তারা শিম্শোনের শক্তির রহস্য জানতে পারেলা। শিম্শোন যখন ঘুমাচ্ছিলেন তখন তারা তার চুল কেটে ফেলেন আর তাকে শক্তিহীন করে দেন। শক্তিবিহীন শিম্শোন পলেষ্টীয়েদর একজন চাকরে পরিণত হন, আর তারা শিম্শোনকে উপহাস করতে থাকে। একদিন পলেষ্টীয়রা যখন তাদের মিথ্যে দেবতাদের সামনে শিম্শোনকে নিয়ে মজা করছিল তখন শিম্শোন ঈশ্বরের কাছে তার শক্তি ফিরিয়ে দেবার জন্য প্রার্থনা জানান, যাতে তিনি পলেষ্টীয়েদর উপর প্রতিশোধ নিয়ে ঈশ্বরের জন্য সম্মান আনতে পারেন।

নতুন নিয়মের পাঠ্য: আপনি একজন খ্রিষ্টান হয়েছেন বলেই আপনি নিখঁুত হয়ে গেছেন তা নয়। বরং ঈশ্বর খ্রিস্টানদের আহ্বান জানিয়েছেন তাদের জীবন যেন আত্মিকভাবে এবং নম্রতায় সবসময়ই বেড়ে উঠতে থাকে। খ্রিস্টানদের জীবনের একটা মানদণ্ড হেলা অন্যদের সঙ্গে একসাথে চলার ক্ষমতা। খ্রীষ্টানেদর সম্পর্কগুলো তখন প্রতিকূলতার মধ্যে পড়ে এবং বিবাদ আর কষ্টই সেটার বৈশিষ্ট্য হয়ে যায়, যখন তারা আবারো পাপময় চিন্তা এবং আচার ব্যবহারের মধ্যে ফিরে যায়। যদিও খ্রিস্টানদের মধ্যে একে অপরের সঙ্গে বিতর্ক বাধতেই পারে কিন্তু তাদের উচিত এগুলোকে ভালোবাসা ও দয়ার সঙ্গে মোকাবেলা করা এবং এই মতভেদগুলো যেন তাদের সম্পর্ক নষ্ট না করতে পারে সেটা নিশ্চিত করা।

দশ আজ্ঞা পথ: যদিও ৯ নম্বর আজ্ঞার ভাষা বিচারবিভাগীয় ধরনের এই আজ্ঞাটা শুধুমাত্র বিচারকার্যের জন্যই নয় বরং এর আরো বড় পরিধির অর্থ আছে। খ্রিস্টানরা এমন একজন ঈশ্বরের সেবা করে যিনি সবদিক থেকেই সত্যনিষ্ঠ কাজেই খ্রিস্টানদের সবদিক দিয়েই সত্যনিষ্ঠ হতে হবে।

বাইবেলের এই অধ্যায়ে আমরা দেখি দোলিয়া এবং শিম্শোন দুজনে মিথ্যে কথা বলছে দলিলা মিথ্যে বলছে শিম্শোনকে ভয় দেওয়ার জন্য সে দেখতে চাচ্ছে শিম্শোন তার প্রতি বিশ্বস্ত কিনা আর শোন তার সাথে মিথ্যাচার করছে তাকে মিথ্যে তথ্য দেবার মাধ্যমে। কি বিয়োগান্তক একটা সম্পর্ক এখানে আমরা দেখছি যেখানে দুজনে একে অন্যের সাথে মিথ্যাচার করছে!

মি‌থ্যে অনেক রকম রূপ নিতে পারে। হতে পারে যে কেউ ই‌ে"ছ করে আরেকজনকে কিছু বললো যা সত্যি নয়। আবার মি‌থ্যে গুজবের মাধ্যমেও ছড়াতে পারে, যখন কেউ পাত্তা ি‌দে"ছ না যে সে যা বলছে তা আেদৌ সত্যি কি না। আরো বলা যায় যে কেউ যখন সত্যের একটা দানা নেয় আর তারপর এমন ভাবে সেটাতে রং ছড়ায় যে সেটা আর শেষপর্যন্ত সত্য থাকে না।

- **মাথা:** আপনার এলাকায় আপনি মানুষকে কিভাবে মিথ্যা কথা বলতে দেখেন?
- **হৃদয়:** কি কারণে মানুষ মানুষের কাছে মিথ্যে কথা বলে যাদের আসলে তাদের ভালোবাসা উচিত?
- **হাত:** কে কিভাবে একজন বিশ্বস্ত পরিণত খ্রিস্টান একজন তরুণ খ্রিস্টান ভাই বা বোনকে সাহায্য করতে পারে যাতে তারা সত্যি কথা বলে?

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর মানুষকে অনেক আশীর্বাদ, প্রতিভা এবং গুণ দিয়েছেন বলেই যে মানুষ সেগুলো বিজ্ঞতার সাথে ব্যবহার করবে তা বলা যায় না। শিম্শোন হচ্ছেন তেমন একটি উদাহরণ যিনি ঈশ্বরের অনেক আশীর্বাদ নষ্ট করেছেন স্বার্থপরের মত সেগুলো কে ব্যবহার করে। তার সারা জীবন ধরেই তার এই স্বার্থপরতা তাকে এবং অন্যদেরও অনেক কষ্ট দিয়েছে সে যাই হোক যখন পলেষ্টীয় তাদের দ্বারা সে আক্রান্ত হয় ঈশ্বর তার প্রার্থনার উত্তর দেন এবং তাকে তার শক্তি ফিরিয়ে দেন। শিম্শোন যদি ঈশ্বর এবং মানুষের সামনে একটি নম্রতার জীবন যাপন করতেন তাহলে তার মৃত্যু এবং সেই ধ্বংসযজ্ঞ যা হয়েছিল তার থেকে অনেক কম হতে পারত। যাইহোক যখন শিম্শোন তার ভুলগুলো বুঝতে পারলেন এবং ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন, ঈশ্বর তাঁর প্রার্থনার উত্তর দিলেন।
    - ঈশ্বর যে গুণ এবং প্রতিভা তাদের দিয়েছেন খ্রিস্টানরা সে গুলোকে স্বার্থপরের মত ব্যবহার করতে কি কি পথে প্রলুব্ধ হয়?
    - এমন কিছু পদ কি কি আছে যেগুলো ঠিকভাবে মানা হলে ঈশ্বর যে গুণ ও প্রতিভা খ্রীষ্টানেদর দিয়েছেন সে গুলোকে স্বার্থপরের মত ব্যবহার করা থেকে খ্রিস্টানদের বিরত রাখবে?
- **হৃদয়: আমাােদর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** এক হতে পারে মানুষ তাদের জীবন কাটাতে পারে তাদের জীবনে তাদের নিজের ইচ্ছা অনুযায়ী আর এক হতে পারে তাদের জীবনে ঈশ্বরের ইচ্ছাকে বাস্তবায়ন করার জন্য জীবন যাপন করে। খ্রিস্টানদের উচিত নয় শুধুমাত্র ঈশ্বরকে বলা যে আমাদের পাপ ক্ষমা করুন। বরং বলা উচিত ঈশ্বর যেন তাদের হৃদয় এবং মনকে পবিত্র করে দেন যাতে তারা আরও বেশি যীশুর মত হতে পারে। প্রতিদিনই একজন খ্রিস্টান এর দুটো পথ থাকে সেই ঈশ্বরের প্রতিশ্রুতি অনুযায়ী চলবে নাকি এই পৃথিবীর মিথ্যে প্রতিশ্রুতির পিছনে ছুটবে।
    - এমন কি কি পথ ছিল যাতে শিমসন তার বিশাল শক্তিকে অহংকার এর উৎস হওয়ার হাত থেকে বাঁচাতে পারতেন?
    - এমন কিছু পাপ কি কি আছে যেগুলো সাধারণ মানুষের চেয়ে নেতারাই (খ্রীষ্টান ও অ—খ্রীষ্টান উভয়ের ক্ষেত্রেই) বেশি করে থাকেন?

- **হাত: কি ভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপ িদতে পারি?** নিজেকে অহংকারী হবার হাত থেকে রক্ষা করার জন্য খ্রিস্টানদের সবথেকে ভালো একটা পথ হচ্ছে অন্যদের সেবা করা পথ খোঁজা অন্যের সেবা করা হতে পারে তাদের জন্য সময় দেওয়া প্রতিভার দ্বারা কোন ভাবে অথবা অর্থকরী ব্যাপার মাধ্যমে যদিও অন্য সবার মতোই খ্রিস্টানরাও অনেক ব্যস্ত হতে পারেন কিন্তু এটা গুরুত্বপূর্ণ তাদের জন্য তারা যেন অন্যদের সেবা করার সময় বের করার জন্য চেষ্টা করেন ঈশ্বর খ্রিস্টানদের প্রতিভা গুলো দান করার সময় আশা করেন যে তারা এগুলো অন্যের জন্য আশীর্বাদ হিসাবে ব্যবহার করবে।
    - আপনার এলাকায় এমনকি কি সুযোগ আছে যেগুলোর মাধ্যমে খ্রিস্টানরা মানুষের সেবা করতে পারেন?
    - আপনি এবং আপনার বাইবেল অধ্যায়ন দল একসঙ্গে মিলে আপনার এলাকার মানুষের জন্য কি সেবা দিতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসা েথ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩২ রুত ও নয়মি যিরুশালেমে ফিরে আসলেন

পাঠের সাস্ত্রাংশ: রুত ১ অধ্যায়

সহায়ক সাস্ত্রাংশ: মিথ ২:১-৮

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** মনে করুন সে কথা ঈশ্বর সবথেকে অপ্রত্যাশিত কোনো মানুষকে বেছে নিতে পারেন তার চুক্তির প্রতিজ্ঞা রক্ষা করার জন্য অত্যন্ত প্রয়োজনীয় কোন কাজে।
- **হৃদয়:** উপলব্ধি করুন ঈশ্বর মাঝে মাঝে আমাদের বিশেষ কোনো পরিস্থিতির জন্য বিশেষ দিক নির্দেশনা দেন না। তবে আমরা যদি আমাদের জীবনে খ্রিস্টান গুণাবলী যেমন ভালোবাসা এবং সহমর্মিতা তে জীবন যাপন করি, তাহলে আমরা সবসময়ই আমাদের ঈশ্বরের ইচ্ছা মধ্যে পাব।
- **হাত:** পরিশ্রমী হোন, একজন খ্রিস্টান হওয়ার মানে হচ্ছে বিশ্বস্ত হওয়া এবং পরিশ্রমী কর্মী হওয়া, সে গীর্জা হোক, বাড়িতে হোক, বা আপনার কাজের জায়গাতেই হোক। মানুষ আমাদের খ্রিস্টীয় বিশ্বাস নিয়ে অনেক কথাই বলতে পারে যখন তারা আমাদের লক্ষ্য করে, আর আমরা জানবোও না মাঝে মাঝে যে কখন তারা আমাদের লক্ষ্য করছে।

একটি পেদ পাঠের শিক্ষা আর তুমি, হে যিহূদা দেশের বৈৎলেহম, তুমি যিহূদার অধ্যক্ষদের মধ্যে কোন মতে ক্ষুদ্রতম নও, কারণ তোমা হইতে সেই অধ্যক্ষ উৎপন্ন হইবেন, যিনি আমার প্রজা ইস্রায়েলকে পালন করিবেন, মীখা ৫:২,৬; মিথ ২:৬।

প াঠের সার সংে ক্ষপ নয়মী এবং তার স্বামীর দুজন ছেলে ছিল মহেলান এবং িকলিয়ন। নয়মীর পরিবারকে মোয়াব শহরে চলে যেতে হয়েছিল, কারণ বেথলেহেম শহরে কোন খাবার ছিল না নামের ছেলেরা যখন বড় হল তারা বিয়ে করল রুত এবং অর্পাকে এবং তারাও ছিল মোয়াব শহরের রুত এবং অর্পা নয়মী কে পছন্দ করত এবং তাকে সম্মান করতো অনেক বছর পর এই নারীর স্বামী এবং তার দুই সন্তান মারা যায় নয়মী এবং অর্পা একেবারে একাকী হয়ে না যায় এজন্য তিনি বৈৎলেহমে ফিরে যেত মনস্থ করলেন ূ ূ। ূ ূ তিনি রুত এবং অর্পাকে অনুরোধ করলেন তাদের নিজের পরিবারে ফিরে যেতে কিন্তু তারা দুজন নয়মীকে এত বেশী ভালবাসত যে তাদের কেউই তাকে ছেড়ে যেতে চাইলো না। অনেক কাকুতি মিনতি করার পর নয়মী শেষ পর্যন্ত অর্পাকে রাজি করাতে পারল তার পরিবারের কাছে ফিরে যেতে। কিন্তু রুত নয়মীর সাথে থেকে গেল এবং তারা বৈৎলেহমের উদ্দেশ্যে রওনা হলেন। রুত পরে োবায়স নামে একজন লোক কে বিয়ে করেন। আপনি কি জানেন রুতের নাতি কে ছিলেন? রাজা দাউদ!



ছবি েথেকে শেখা:

- ১. **নয়মী (বেগুনী)** একজন ই¯্রয়েলীয় ছিলেন যিনি বিদেশে বাস করতেন এবং দেশটির নাম ছিল মোয়াব। তার স্বামী মারা গিয়েছিলেন এবং কিছুদিন পর দুই ছেলেও মারা যায়। তার নিজের এবং তার দুই পুত্রবধূর দেখভাল করার কোন উপায় তার কাছে ছিল না। তাই তিনি স্থির করলেন ই¯্রায়েলের বৈৎলেহম নগরে ফিরে যাবেন যেটা তার নিজের শহর, এবং দেখতে চাইলেন কোন পরিবারের তার প্রতি সমবেদনা হয় কিনা। তিনি তার দুই বিধবা পুত্রবধূকে উৎসাহিত করলেন মোয়াবে তাদের পরিবারের কাছে ফিরে যেতে এবং সেখানে নতুন জীবন শুরু করতে।
- ২. **অর্পা (নীল)** নয়মীর কথামতো মোয়াব শহরে তার পরিবারের কাছে ফিরে গেল।
- ৩. **রুত (হলুদ)** কিন্তু নয়মীকে গভীরভাবে ভালোবাসতো এবং তার যত্ন নিতে চাইত তিনি যেখানেই যান না কেন তার সঙ্গে থেকে। তাই সে তার বর্ধিত পরিবারের কাছে ফিরে যাবার পরিবর্তে নয়মীর সাথে বেথলেহেম শহরে ফিরে গেল। বৈৎলেহমে ঈশ্বর রুতের জন্য বিয়ের ব্যবস্থা করলেন যাতে সে সন্তান জন্ম দিতে পারে এবং রুতের নিয়মিত যত্ন নিতে পারে। যে সন্তান রুত গর্ভে ধারণ করেছিলেন তিনি ই¯্রায়েলের সবচেয়ে মহান রাজা দাউদ ও আমা েদর ত্রাণকতার্ যীশু খ্রীষ্টের বংশের একজন ছিলেন।

পাঠ প্রসঙ্গ রুতের হিট্ত একো পুস্তক ক্তি িারপক্ততগদ্ির পুস্তক আর শমুদেয় ১ পুস্তদকর মা েথাদ্ন িান হপদয়দ্ি। ক্তি িারকত্তৃর্গণ পুস্তক হ ষ দয়ক্তি এই দু ুঃদখর েং িা ি ক্তিদয় হেই ক্তিনগুদ্ াদত ই¯্রায়েলের হকান রাজা ক্তি না, যাদকই তারা ঠিক মন্ন কদ্রক্তি হেই রাজা দয়ক্তি। ১ম শমুদেয় পুস্তেক হিথা যায় ই¯্রায়েলীয় রাজাদ্ির অক্তভক্তষি দত শুরু করদত। রুতের ঘেনাগুক্তে ঘদ্ক্তি এই অরাজকতা পূ ি েনমদয়, রাজতদ্ের আদ্ন।

ই¯্রায়েলে দুর্ভিক্ষ চলাকালে বেৎলেহেম থেকে একটা পরিবার বাঁচার তাড়ণায় মোয়াব শহরে যায়। সেখানে গিয়ে তাদের দুই ছেলে দুজন মহিলা কে বিয়ে করে যদিও এটা ই¯্রায়েল দেশের আইন বিরোধী ছিল। তারপর এক সময় সেই ই¯্রায়েলীয় বাবা এবং তার দুই সন্তান মারা যায় এবং তাদের মা এবং স্ত্রীদের ভরণপোষণ করার মত কোন পুরুষ সদস্য থাকেনা। এটা সেই তিন নারীকে অত্যন্ত কঠিন অবস্থার মধ্যে ফেলে দেয়, যেখানে তাদের রক্ষা করার অথবা ভরণপোষণ করার কেউ ছিলনা।

তাদের মা নয়মী জেরুজালেমে ফিরে যেতে মনস্থির করলেন এটা দেখার জন্য যে তার বর্ধিত পরিবারের কাউকে তিনি পান কিনা তার ভরণপোষণ করার জন্য। তারপর বেশকিছু ঘটনার মধ্য দিয়ে, যেগুলো ছিল নয়মীর বুদ্ধির ফল কিন্তু যার পিছনে ছিলেন ঈশ্বর নিজে, রুত নয়মীর বর্ধিত পরিবারের এক সদস্যের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। এই কারণে নয়মী এবং রুত সুরক্ষিত এবং আশীর্বাদ যুক্ত হলেন। রুত একজন সন্তান জন্ম দিলেন এবং সেই পরিবারের অংশ হয়ে গেলেন যা পরবর্তীতে রাজা দাউদ এবং যিশুখ্রিস্টের জন্ম দেবে।

রুত পুস্তকে বর্ণিত ঘটনাগুলো চুক্তির প্রতিশ্রুতি রক্ষায় ঈশ্বরের কাজেরই সাক্ষ্য দেয়। যদিও এটাকে দুজন বিধবা মহিলার বেঁচে থাকার সংগ্রামের এক সাধারণ গল্প বলে মনে হয় যেমন আমরা মথি ১:৫ এ দেখি, কিন্তু রুত শধুমাত্র একজন মোয়াবীয় ছিলেন না যাকে এনে রাজা দাউদের বংশের ধারার সাথে যোগ করে ইতিহাসে স্থান দেয়া হয়েছে, তিনি যীশু খ্রীষ্টের বংশধারার সাথেও যুক্ত ছিলেন। যিদও রুত পুস্তকে ঈশ্বর কোনো কথা বলেননি, অথবা কোনো অলৌকিক কাজও তিনি করেননি, তারপরও ঈশ্বর এই অসাধারণ গল্পের মধ্যে দিয়ে পরোক্ষভাবে কথা বলেছেন ও কাজ করেছেন।

নূতন নিয়মের পাঠ্য: বৈৎলেহম ইস্রায়েলের খুব গুরুত্বপূর্ণ একটা শহর, যিদও তারা সেই সময় তা তেমনভাবে বুঝতে পেরেছিলো না। বৈৎলেহম থেকেই ইস্রায়েলের সবচেয়ে মহান দু’জন রাজা এসেছেন, রাজা দাউদ এবং যীশু খ্রীষ্ট।

দশ আজ্ঞার পথ: ৫ম আজ্ঞা একথা বোঝায় যে বাবা মা ঐশ্বরিক মানুষ এবং তাদের সন্তানদের ঈশ্বরের জ্ঞান ও আজ্ঞা সম্পর্কে নির্দেশনা দেওয়া তাদেরই দায়িত্ব। এক্ষেত্রে বাবা মায়ের বিরুদ্ধে বিদ্রোহ করা অথবা তাদের অসন্মান করাটা ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ বা তাঁকে অসন্মান করাকেই বোঝায়। অতএব, এই আজ্ঞা কোনো কটুভাষী বাবা মায়ের ক্ষেত্রে প্রযোয্য হবে না অথবা তাদের জন্যও হবে না, যারা নিজেরাই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহপূর্ণ জীবন যাপন করছে। এই আজ্ঞার সাথে একটা প্রতিশ্রুতি জড়িত আছে, সেটা সেই প্রতিশ্রুত দেশে দীর্ঘ জীবনের প্রতিশ্রুতি, যা এই আজ্ঞার গুরুত্বে আরো জোর দেয়।

- **মাথা:** একজন কিশোর বা কিশোরী যে কর্তৃত্ব নিয়ে প্রশ্ন তোলে আর আরেকজন যে বাবা মায়ের বিরুদ্ধে বিদ্রোহ করে , এই দু’জনের মাঝে কি তফাৎ আছে?
- **হৃদয়:** কোনো বাবা মা—ই নিখুঁত নয়, তাহলে বাচ্চা কাচ্চা লালন পালন করার সময় কোনো ভুল যাতে না করে ফ্যালেন এই নিয়ে বাবা মা কতটা চাপে থাকতে পারেন?
- **হাত:** যিদ কোনো খ্রীষ্টানের বাবা মা খ্রীষ্টান না হন সেক্ষেত্রে সেই খ্রীষ্টান তার বাবা মাকে সন্মান করার জন্য কি কি পথ অবলম্বন করতে পারে?

আত্মার পথে চলার ফল: পথের ভূমিকা। পবিত্র আত্মায় পূর্ণ একজন খ্রীষ্টান ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী তার জীবন যাপন করবে। তাদের জীবন সেই ফলই দেবে যা পবিত্র আত্মায় পূর্ণ আচার ব্যাবহার থেকে আসে। ঈশ্বরে বিশ্বাস করায় যে ফল আসে, তা অন্যদের তাদের মাঝে খ্রীষ্টকে দেখতে সাহায্য করে, আর খ্রীষ্টের দেহ গড়ে তুলতে সাহায্য করে। গালাতীয় ৫:২২—২৩ পদে আছে, সাধু পৌল নয়টা গুণের কথা উল্লেখ করেছেন যা একটা ব্যক্তি অথবা মন্ডলীকে চিহ্নিত করবে যে তারা পবিত্র আত্মার ফল বহন করছে কি না।

আত্মার পেথ চলার ফল: ১. ভালোবাসা। আত্মায় পূর্ণ খ্রীষ্টান ও মন্ডলী ঈশ্বরের জন্য ও সকলের জন্য ভালোবাসার প্রকাশ ঘটাবে। খ্রীষ্টীয় ভালোবাসা, যার উদাহরণ যীশু নিজেই, তা হে"ছ আত্ম বলিদানমূলক ভালোবাসা যা নিজের প্রয়োজনের চেয়ে অন্যের প্রয়োজনকে বড় করে দ্যাখে। ভক্তি, বিশ্বস্ততা আর সততা, এসবই হলো খ্রীষ্টীয় ভালোবাসার চিহ্ন যা যীশুর হৃদয়কে অন্যেদর কাছে প্রদর্শন করে। এ ধরণের ভালোবাসা সহজে আসে না, অথবা দ্রুত তৈরী করাও যায় না। বরং, খ্রীষ্টীয় ভালোবাসা হলো ঈশ্বরের সােথ সম্পর্কের একটা ফল, যার মধ্য িদয়ে খ্রীষ্টান ঈশ্বরের ভালোবাসা পায়, আর তারপর সে পরিবর্তিত হয় ও সেই ভালোবাসা সবার সােথ ভাগ করে। একজন খ্রীষ্টান যত বেশীিদন ঈশ্বরের পেথ চলবে, ঈশ্বরের প্রতি ও অন্যের প্রতি তার ভালোবাসাও তত গভীর হবে। করিিš¿য় ১:১৩ পদটা পড়ু−ন খ্রীষ্টীয় ভালোবাসার আরো বিস্তারিত বর্ণনা পাবার জন্য।

- **মাথা:** সেই পথগুলো কি কি ছিলো রুত যার মাধ্যমে নয়মীর জন্য তার ত্যাগস্বীকারের ভালোবাসা প্রকাশ করতে পেরেছিলেন?
- **হৃদয়:** অন্যের জন্য বলিদানমূলক ভালোবাসা থাকলে তাতে কি কি ঝঁুকি ও পুরষ্কার থাকতে পারে?
- **হাত:** এ সপ্তাহে আপকি কি কি বাস্তসন্মত পেথ ঈশ্বর ও অন্যেদর প্রতি ভালোবাসার প্রকাশ ঘটাতে পারবেন?

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর মাঝে মাঝেই আশ্চর্য্যজনক পেথ কাজ করেন। এই সত্যের একটা উদাহরণ হলো ঈশ্বর সবচেয়ে অপ্রত্যাশিত কাউকে তাঁর পরিত্রাণমূলক পরিকল্পনার খুব প্রয়োজনীয় একটা অংশ বানিয়ে েদন। এই গল্পে আমরা েদখি রুত, একজন অ—ই¯্রায়েলীয়, কিভাবে ঈশ্বরের চুক্তির প্রতিজ্ঞা ঠিক রাখার কাজের একটা প্রয়োজনীয় অংশে পরিণত হন। ই¯্রায়েল জাতি ও তার শ্বাশুড়ীর যত্ন নেবার জন্য তিনি ই¯্রায়েল জাতির একজনের সােথ বিবাহ বন্ধনে আবদ্ধ হন।

খ্রীষ্টানেদর সর্বদা সতর্ক থাকতে হবে আর তা েদর চারিদকে ঈশ্বরের কাজের সন্ধান করতে হবে, যা েদর মাধ্যমে ঈশ্বরের কাজ হতে পারে তা েদর ি দকেও নজর রাখতে হবে, আবার যা েদর কাছ েথকে তা হবার কোনো সম্ভবনা নেই তা েদর ি দকেও।

- আপনার জীবনে এমন কারা আছেন যারা তা েদর সহমর্মিতা ও সংকল্পের মাধ্যমে আপনাকে আশীবার্দযুক্ত করেছেন?
- আপনার জীবনে এমন কেউ কি আছেন যিনি চান যে আপনি তা েদর প্রতি সহমর্মিতা ও দৃঢ় সংকল্প েদখান

- **হৃদয়: আমা েদর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** এই পুস্তকটার একটা শিক্ষা হে"ছ, যখন ই ্রায়েলীয়রা ঈশ্বরের বিরুদ্ধে বি ্দ্রাহ করেছিলো তখনও ঈশ্বর তাঁর চুক্তির প্রতি বিশ্বস্ত ছিলেন। তিনি তাঁর চুক্তির প্রতিজ্ঞার প্রতি বিশ্বস্ত থাকেন , এমনকি তাকে যিদ একজন মোয়াবীয়কে বাইরে েথকে ধরে এনে ই ্রায়েলীয়েদর কাহিনীতে ঢোকাতে হয় তাও।
  - একজনের হৃদয়ের প্রয়োজনীয় সেই গুণগুলো কি কি হতে পারে যা ঈশ্বরের দ্বারা ব্যাবহৃত হতে পারে?
  - আপনার এলাকায় "বহিরাগত" কারা, এবং আপনি তা েদর সা েথ কেমন ব্যাবহার করবেন?
- **হাত: আমরা কি ভাবে কথাকে কাজে রুপ ি দতে পারি?** খ্রীষ্টান হিসাবে আমরা ঈশ্বরের রাজ্যের অংশ, এমন একটা রাজ্যের যা পৃথিবীর কোনো জাতি, রাজ্য অথবা মানুষের চেয়ে অনেক অনেক বড় ও গুরুত্বপূর্ণ। এই কারণে, খ্রীষ্টানেদর আহ্বান করা হয়েছ সব খ্রীষ্টানকে ভালোবাসার জন্য, ঈশ্বরের সহমর্মিতা েদখানোর জন্য, আবার ঈশ্বরে আশ্রিত সব মানুষের সঙ্গে আমা েদর একাত্বতাও প্রকাশ করতে হবে। আমা েদর একই সা েথ অখ্রীষ্টানেদরও ভালোবাসতে হবে, কারণ ঈশ্বর তা েদর ভালোবাসেন, তা েদর মধ্যে ি দয়ে কাজ করেন আর তা েদর কারো মধ্যে ি দয়ে ঈশ্বর আমা েদর আশীবার্দও করতে পারেন।
  - এ সপ্তাহে আপনার েথকে একেবারেই আলাদা কারো প্রতি ঈশ্বরের ভালোবাসা েদখানোর জন্য আপনি নি ি র্দষ্ট কি কি পদক্ষেপ নিতে পারেন?
  - একজনের কথা ভাবুন, আপনার কাছ েথকে যার একটা সহমর্মিতাপূর্ণ কাজ পাওয়া দরকার, আর একটা পরিকল্পনা করুন, এই সপ্তাহে তাকে কিভাবে সহমর্মিতার শিক্ষাটা েদখানো যায়।

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসা েথ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩৩ ঈশ^র শমূয়েলকে আহ্বান করলেন

পাঠের সাস্ত্রাংশ: ১ম শমূয়েল ৩ অধ্যায়

সহায়ক সাস্ত্রাংশ: প্রেরিত ৯:১-১৯

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** েদখুন যে ঈশ্বর পরিত্রাণমূলক কাজে সব বয়সের মানুষকেই আহ্বান করেন।
- **হৃদয়:** আমােদর জীবনে ঈশ্বরের নির্েদশনার প্রতি নিজেেদর হৃদয়কে খোলা রাখার অর্থ হলো খ্রীষ্টানরা সে গুলো গ্রহন করার জন্য বিচক্ষণ হবেন ও প্রস্তুত থাকবেন, যখনই ঈশ্বরের নির্েদশনা আসবে তখনই।
- **হাত:** কিছু নিরব ও শান্ত সময় রাখুন আলাদা করে ঈশ্বরের কন্ঠ শোনার জন্যে।

একটি পেদ পাঠের শিক্ষা "পরে সদাপ্রভু আসিয়া দাঁড়াইলেন, এবং অন্য অন্য বারের ন্যায় ডাকিয়া কহিলেন, শমূয়েল, শমূয়েল; আর শমূয়েল উত্তর করিলেন, বলুন, আপনার দাস শুনিতেছে" ১ম শমূয়েল ৩:১০খ।

পাঠের সার সংক্ষেপ হান্না ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন আর ঈশ্বরকে বললেন তাকে একটা পুত্রসন্তান উপহার িদতে। ঈশ্বর হান্নার প্রার্থনা শুনলেন, আর তিনি তার নাম রাখলেন শমূয়েল। খুব ছোটবেলায় তার মা তাকে নিয়ে এলির কাছে গেলেন, যিনি পুরোহিত ছিলেন। শমূয়েল মন্দিরে এলিকে সহায়তা করতে করতে বেড়ে উঠতে লাগলেন। একিদন রাতে যখন এলি ও শমূয়েল মন্দিরে ঘুমাি"ছলেন, শমূয়েল শুনলেন তাকে কেউ নাম ধরে ডাকছে,"শমূয়েল!" শমূয়েল এলিয়র কাছে ছুটে গেলো আর বললো,"এই যে আমি।" এলি বললেন," আমি তো তোমাকে ডাকিনি; যাও, আর গিয়ে ঘুমাও।" শমূয়েল তিনবার এরকম শুনলো যে তার নাম ধরে কেউ ডাকছে। এলি বুঝতে পারলেন যে ঈশ্বর আসলে শমূয়েলকে ডাকছেন। এলি তাকে বললেন যে সে যিদ আরেকবার এমন শোনে তাহলে যেন একথা বলে, "বলুন, প্রভু, কারণ আপনার দাস শুনছে"। ঈশ্বর শমূয়েলকে আবার ডাকলেন, আর শমূয়েল তাঁর সােথ কথা বললেন। শমূয়েল যখন প্রাপ্তবয়স্ক হন তখন ঈশ্বর তাকে একজন ভাববাদী, প্রচারক ও ই ্রায়েলের বিচারক হিসাবে তৈরী করেছিলেন।



ছবি েথকে শেখা:

- ১. **এলি** ছিলেন ই ্রায়েলের মহাযাজক। এলিয়র দু'জন দুষ্ট ছেলে ছিলো যারা ঈশ্বরকে বা এলিকে, কাউকেই মানতো না। অতএব, এলিয়র মৃত্যুর পর তা েদও দু'জনের কাউকেই ঈশ্বর উ"চ বিচারক হতে িদতে চান নি।
- ২. **শমূয়েল** এক একটা সন্তান হবে। তার ছেলে শমূয়েল দুধ খাওয়া ছাড়ার পর তিনি তাকে নিয়ে মন্দিরে গেলেন যেন সে মন্দিরে েথকে ঈশ্বরের সেবা করতে পারে।
- ৩. **শমূয়েল রাতে এলির কাছে যায়।** সে একিদন রাতে তার নাম ধরে কাউকে ডাকতে শোনে আর মনে করে যে এলি তাকে ডাকছেন। এলি তাকে বলেন যে তিনি তাকে ডাকেননি আর গিয়ে ঘুমাতে বলেন। এরকম আরো দু'বার ঘটে আর তখন এলিয় বুঝতে পারেন আসলে ঈশ্বরের কন্ঠস্বর শমূয়েলকে ডাকছে। তিনি শমূয়েলকে বলেন ঈশ্বরকে একথা বলতে, "বলুন, আপনার দাস শুনছে।" তারপর ঈশ্বর তাঁর ভবিষ্যত পরিকল্পনার কথা শমূয়েলকে বলা শুরু করলেন।

পাঠ প্রসঙ্গ এলি ও শমূয়েল ছিলেন ই ্রায়েলের বিচারকেদর মধ্যে সর্বশেষ দু'জন। শমূয়েল ঈশ্বরের ই"ছাকে অনুসরণ করবেন যা ছিলো শৌল আর দাউদকে ই ্রায়েলের রাজা হিসাবে অভিষিক্ত করা। যিদও এলি ছিলেন একজন বিশ্বস্ত বিচারক, তার দুই ছেলে ছিলো খুব দুষ্ট স্বভাবের তারা পুরোহিত হিসাবে তা েদর পদমর্যাদার সুযোগ নিতো। এলি তা েদর মুখোমুখি হন ও তা েদর সুপেথ আনার চেষ্টা করেন, কিন্তু তারা তাতে কান েদয় না। ঈশ্বর এলিকে সতর্ক করেন যে নিজে েদর পাপের কারণে তার দু'সন্তানই একই িদনে মারা যাবে।

হান্না নামে একজন নারী ছিলেন, যিনি বন্ধ্যা ও তিনি নিজে নিঃসন্তান হবার জন্য খুব মানসিক কষ্টে থাকতেন। একিদন রাতে মন্দিরে তিনি যখন তার হৃদয় ঢেলে িদয়ে প্রার্থনা করছিলেন, তিনি ঈশ্বরের কাছে প্রতিজ্ঞা করেন যে ঈশ^র যিদ তাকে একটা পুত্রসন্তান দান করেন তাহলে তিনি তাকে ঈশ্বরের সেবা করার জন্য মন্দিরে উৎসর্গ করবেন। এলি তাকে সে রাতে প্রার্থনা করতে েদখেন। এলি যখন তার চরম দুঃখ ও বেদনার ব্যাপারটা উপলব্ধি করলেন, তিান প্রতিশ্রম্নতি িদলেন যে ঈশ্বর নিশ্চয়ই তার প্রার্থনার উত্তর েদবেন। হান্না বাড়ী গেলেন, গর্ভবতী হলেন আর একটা পুত্রসন্তানের জন্ম িদলেন যা নাম রাখলেন শমূয়েল।

শমূয়েল দুধ খাওয়া ছাড়ার পর, হান্না তার প্রতিশ্রম্নতি পূরণ করলেন এবং তার সন্তানকে ঈশ্বরের সেবা করার উদ্দেশ্যে মন্দিরেও িদয়ে আসলেন। সে এলির সন্তানেদর মতো হলো না, শমূয়েল বেড়ে উঠলো " সু্দর ভাবে ও ঈশ্বর আর সব মানুষের ভালোবাসার মধ্য িদয়ে।" (১ম শমূয়েল ২:২৬)

এই অংশে ঈশ্বর সরাসরি শমূয়েলের সােথ কথা বলেন, আর এই ইঙ্গিত েদন যে শমূয়েলই এলির উ"চ বিচারকের পদটায় ভবিষ্যতে আসীন হবে, এবং এলির ছেলের কেউই সে পেদ আসীন হবে না। আসলে, শমূয়েলের কাছে যা প্রকাশিত হয়েছিলো তা একথাই নিশ্চিত করে যে এলির পরিবারের কেউ আর ভবিষ্যতে বিচারকেদও পরম্পরায় থাকছে না।

শমূয়েল ই্রায়েল জাতির ইতিহাসে অতি গুরুত্বপূর্ণ একজন ব্যাক্তিতে পরিণত হন, যা ১ম শমূয়েলের প্রথম ২৪ টা অধ্যায়ে লেখা আছে। পরবতীর্ দু'টো পাঠে আমরা েদখবো তাকে শৌল আর দাউদকে ই্রায়েলের প্রথম দু'জন রাজা হিসাবে অভিষিক্ত করতে।

নূতন নিয়মের পাঠ্য: পৌল, যিনি বাইবেলে উল্লেখিত যাজকেদর মাঝে সর্বশ্রেষ্ঠ, ঈশ্বরের কাছ েথকে সরাসরি একটা আহ্বান পেয়েছিলেন। তবে শমূয়েল যেখানে ঈশ্বরের সেবা করছিলেন, শৌল (পরে যার নাম পৌল হয়েছিলো) আসলে চেষ্টা করছিলেন প্রথম িদককার খ্রীষ্টীয় মন্ডলীগুলো ধ্বংস করতে। তিনি ভাবতেন তিনি ঈশ্বরের ঈ"ছা পূরণ করছেন, কিন্তু দামেস্কের পেথ যাবার সময় তিনি ঈশ্বেরর মুখোমুখি হন, আর ঈশ্বর শৌলকে পরিবর্তিত করেন। যীশু তার সামনে এই সত্য প্রকাশ করেন, যাকে শৌল একজন প্রতিবাদী ধর্মীর্য় নেতা বলে মনে করছেন, তিনি আসলে সেই ত্রাণকতার্।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** এলি আর শমূয়েল শেষ দু'জন বিচারক হিসাবে ছিলেন একটা ক্রান্তিকালের মানুষ, কারণ তখন ই¯্রায়েল বিচারকেদর যুগ েথেকে রাজা েদর যুগে প্রবেশ করছিলো। এলির সন্তানরা ঈশ্বরকে বা তাঁর আহ্বানকে সন্মান না করলেও বালক শমূয়েল করতো। ঈশ্বরের আহ্বান যখন তার কাছে আসলো তখন শমূয়েল ছিলেন অল্পবয়সী। ঈশ্বরের এই আহ্বান ছিলো শ্রবনযোগ্য কন্ঠস্বর যা শমূয়েল ঘুমাতে যাবার সময় শুনেছিলো। শমূয়েল কয়েকবার সেই কন্ঠ শুনে হতভম্ব হয়ে এলির কাছে যাবার পর এলি শেষপর্যন্ত বুঝতে পারেন যে এটা আসলে ঈশ্বরের কন্ঠস্বর ছিলো। তিনি শমূয়েলকে বুদ্ধি েদন যে কিভাবে ঈশ্বরের বাতার্ গ্রহণ করতে হয়। শমূয়েল যে আজ্ঞা ঈশ্বরের কাছ েথকে পেয়েছিলেন সেটা কোনো আনে›দর বাতার্ ছিলো না; সে বাতার্ এটা নিশ্চিত করেছিলো যে পৌরহিত্যের ধারাবাহিকতা এরপর আর এলির বংশের মধ্যে িদয়ে সামনে এগিয়ে যাবে না। যিদও ঈশ্বর শমূয়েলকে সরাসরি নতুন উ"চ বিচারক হতে আহ্বান করেননি, অথবা তাকে তখন কি করতে হবে সে ব্যাপারেও কোনো নির্েদশনা েদননি, কিন্তু এই ব্যাপারটা স্পষ্ট ছিলো যে ঈশ্বর তাকে সরাসরি ইঙ্গিত িদয়েছিলেন যে তিনি শমূয়েলকে ই¯্রায়েলের পথপ্রদর্শক হিসাবে ব্যাবহার করবেন। এসবই ঘটেছিলো তখন, যখন শমূয়েল অনেক ছোট ছিলেন।
    - ঈশ্বরের কন্ঠস্বর সরাসরি শুনতে পাওয়াটা বাইবেলেও খুব বিরল ঘটনা। সবচেয়ে সাধারণ পথগুলো কি কি যে পেথ ঈশ্বর খ্রীষ্টানেদর নির্েদশনা িদয়ে থাকেন?
    - এলির সন্তানরা ছিলো বি্েরাহী (পরে আমরা জানবো যে শমূয়েলের সন্তানরাও তাই হয়েছিলো—১ম শমূয়েল ৮:১—৩) কি কি কারণে বা"চারা তা েদর বাবা মায়ের েদওয়া শিক্ষা েথকে মুখ ফিরিয়ে েনয়?
- **হৃদয়: আমা েদর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** একটা আন›দঘন ও শান্তিপূর্ণ জীবনের চাবিকাঠি হে"ছ ঈশ্বর, যিনি আমা েদর ¯্রষ্টা এবং মুক্তিদাতা, তাঁর প্রতি আমা েদর হৃদয়কে খুলে রাখা। স্বগীর্য় অনুগ্রহ হলো একজন খ্রীষ্টানের জীবনে সেই ঐশ্বরিক আশীবার্দ যা সে খ্রীষ্টান হবার আগেই পেয়েছে। আমরা শমূয়েলের জীবনে ঐশ্বরিক আশীবার্দকে কাজ করতে েদখেছি তখন েথকেই, যখন সে ঈশ্বরের কন্ঠস্বরকেই চিনতো না। খ্রীষ্টান হবার পর খ্রীষ্টানেদর এটা নিশ্চিত করতে হবে যে তার হৃদয় যেন ঈশ্বরের জন্য খোলা থাকে।
    - কি কি সে পথগুলো যার মাধ্যমে ঈশ্বর আপনার িদকে হাত বাড়া ি"ছলেন, আপনাকে পরিত্রানের িদকে নিয়ে যেতে, এমনকি যখনও আপনি জানতেনই না যে আপনার পাপজনিত সমস্যা আছে?
    - শৌলের সা েথ ঈশ্বরের কেথাপকথন ছিলো খুবই অস্বাভাবিক, কিন্তু মানুষের সা েথ তা েদর পাপজনিত সমস্যার কারণে ঈশ্বরের মুখোমুখি হবার একটা উদাহরণ ছিলো সেটা।
- **হাত: কি ভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ িদতে পারি?** শমূয়েলের জীবন এটাই েদখিয়েছে যে ঈশ্বরকে জানার আগেই কিভাবে ঈশ্বরের কাজ করা যায়। শমুয়েল যখন বড় হি"ছলো ঈশ্বর তার সামনে আরো বেশী করে প্রকাশিত হি"ছলেন। খ্রীষ্টানেদর সময় ও স্থান নিবার্চন করে রাখা উচিৎ যাতে ঈশ্বর ক্রমাগত ভাবে তা েদর সামনে প্রকাশিত হতে পারেন।
    - খ্রীষ্টানরা ঈশ্বরের কন্ঠস্বর শোনার প্রতি নিজে েদর উন্মুক্ত রাখার জন্য প্র¯'ত হতে কি কি পদক্ষেপ নিতে পারে?
    - আপনি যখন প্রথম খ্রীষ্টান হয়েছিলেন তখন ঈশ্বরকে যতটুকু জানতেন তার চেয়ে এখন আরো ভালোভাবে ঈশ্বরকে জানেন কি কি পেথ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?

- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩৪ শমূয়েল শৌলকে অভিষেক েদন

পাঠের সাস্ত্রাংশ: ১ম শমূয়েল ১০ অধ্যায়

সহায়ক সাস্ত্রাংশ: তীত: ৩:১—৮

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** এটা বুঝুন যে, ঈশ্বর মাঝে মাঝে স্বার্থপরতাপূর্ণ প্রার্থনারও উত্তর েদন, এমনকি যিদ সেই ফল খ্রীষ্টানেদর জন্য ভালো নাও হয়।
- **হৃদয়:** চেষ্টা করুন প্রার্থনার সময় বের করতে, আপনার প্রয়োজনীয় বস্তুগুলো ঈশ্বরের কাছ েথকে পাবার উদ্দেশ্যে নয় বরং আপনার আসলেই কি কি প্রয়োজন সেই বস্তুগুলো ঈশ্বরের কাছ েথকে চাইবার জন্য।
- **হাত:** আপনি আপনার প্রার্থনাগুলো কাগজে লিখে রাখা শুরু করুন, যাতে আপনি বুঝতে পারেন যে কতটুকু সময় ঈশ্বরের প্রশংসায় আপনি ব্যয় করছেন আর কতটুকু আপনি প্রার্থনার জন্য ব্যয় করছেন। প্রশংসা আর প্রার্থনার মধ্যে যাতে একটা সামঞ্জস্য তাকে, সেিদকে লক্ষ্য রাখুন।

একটি পেদ পাঠের শিক্ষা ”এই কথা বিশ্বসনীয়; আর আমার বাসনা এই যে, এই সকল বিষয়ে তুমি দৃঢ় নিশ্চয়তায় কথা বল; যাহারা ঈশ্বরে বিশ্বাসী হইয়াছে, তাহারা যেন সৎকার্যে ব্যাপৃত হইবার চিন্তা করে। এই সকল বিষয় মনুষ্যদের পক্ষে উত্তম ও সুফলদায়ক”, তীত ৩:৮।

পাঠের সার সংক্ষেপ শমূয়েল অনেক বছর যাবৎ ই‍্রায়েলের বিচারক ছিলেন। তিনি বৃদ্ধ হয়ে যাি"ছলেন আর বিচারকাজ পরিচালনা করা তার পক্ষে সম্ভব ছিলো না। শমূয়েল প্রস্তুত হি"ছলেন কাউকে তার জায়গায় নিয়োগ িদতে। ই‍্রায়েলীয়রা শমূয়েলকে বললো তারা বিচারক আর চায় না। তারা চায় রাজা, কারণ তা‍েদর আশেপাশের সব রাজ্যেরই রাজা আছেন। ঈশ্বর ই‍্রায়েলীয়েদর নিয়ে হতাশ হয়ে পড়লেন, কিন্তু তিনি শমূয়েলকে বললেন লোকেরা যা বলছে তা শুনতে। শৌল নামের একজন তরুণ ছিলো যে ই‍্রায়েলের বাকী সবার চেয়ে একমাথা লম্বা ছিলেন। ঈশ্বর শমূয়েলকে বললেন শৌলই হবেন ই‍্রায়েলকে শাসন করার জন্য উপযুক্ত রাজা। শমূয়েল শৌলের কাছে গেলেন আর তার মাথায় বিশেষ ধরণের তেল ঢেলে িদলেন। এই তেল ঢালার নিয়মটাকে বলে, “অভিষিক্ত” করা। শমূয়েল শৌলকে নিয়ে ই‍্রায়েলীয়েদর কাছে ফিরে গেলেন আর বললেন যে শৌলই তা‍েদর রাজা হবেন। ই‍্রায়েলীয়রা খুব খুশী হলো।



ছবি েথকে শেখা:

- ১. **শমূয়েল** ই¯্রায়েলের বিচারকেদর মধ্যে সবশেষ বিচারক ছিলেন। ই¯্রায়েলীয়রা বলেছিলো তারা চায় অন্যান্য েদশের মতো তা েদর েদশেও একজন রাজা রাজ্য পরিচালনা করুক। লোকজনের এই অনুরোধ শুনে শমূয়েল দুঃখ পেলেন, কারণ তিনি জানতেন সেরকম হলে তা মানুষের জন্য বিশাল কষ্ট বয়ে নিয়ে আসবে, কারণ ঈ¯্রায়েলীয়েদর জন্য ঈশ্বরের ই"ছা তা নয়।
- ২. **শৌল** ছিলো লম্বা ও সুদর্শন। ই¯্রায়েলীয়রা এসব পছ›দ করতো ; তারা চাইতো এমন একজন রাজা তা েদর রাজ্য পরিচালনা করুক, যাকে তারা পছ›দ করতে পারে। যাইহোক বাইরের সৌ›দর্য্য আসলে একজনের ভালো নেতা হবার কোনো শর্ত পূরণ করে না, আর কিছুিদনের মধ্যেই ই¯্রায়েলীয়রা এই সত্য বুঝতে পারলো।
- ৩. **ই¯্রায়েলীয়রা** তা েদর রাজার দাবীর মাধ্যমে ঈশ্বরকে শ্রদ্ধা অথবা সন্মান করেনি, ঈশ্বর তা েদর চাওয়া অনুযায়ী তা েদর বিচারকের পরিবর্তে রাজা উপহার িদয়েছেন। তা েদর রাজা হবেন ঈশ্বর আর বিচারকরা হবেন ঈশ্বরের প্রতিনিধি, এমনই হওয়ার কথা ছিলো। যাই হোক ই¯্রায়েলীয়রা অন্যসব েদশের মতো তা েদর েদশের জন্যও একজন রাজা চাি"ছলো।

পাঠ প্রসঙ্গ শমূয়েল ছিলেন ই¯্রায়েল েদশের জন্য কাজ করা শেষ বিচারক। দুভার্গ্যক্রমে শমূয়েলের পূর্বসুরীর মতোই শমূয়েলের ছেলেরাও ঈশ্বরকে সন্মান করতো না। তারা তা েদর সামাজিক অবস্থানের কারণে অন্যেদর চেয়ে বেশী ফায়দা লুটতো। আর তাই ই¯্রায়েলীয়রা নতুন নেতৃত চাইলো এবং তারা অন্যান্য েদশের মতো তা েদর েদশের জন্যও একজন রাজা চাইলো। এই চিন্তাধারাটা ই¯্রায়েলের ইতিহাসে বারবার েদখা যায় — ই¯্রায়েলীয়রা তা েদর আশেপাশের েদশের মতোই হতে চাইতো। ব্যাপারটা কিন্তু ঈশ্বরের সা েথ ই¯্রায়েলের যে চুক্তি ছিলো তার বিরোধী, ঈশ্বর চাইতেন ই¯্রায়েল অন্যেদর চেয়ে আলাদা হোক, অন্ধকারের মাঝে আলোর মতো।

মাঝে মাঝে ঈশ্বর আমা েদর প্রার্থনার উত্তর েদন, যিদও তিনি কিন্তু জানেন যে সেটা আমা েদর জন্য ভালো হবে না। ঈশ্বর এই কারণে তা করেন, যাতে আমরা আমা েদর স্বার্থপর প্রার্থনারগুলোর বিপদ সম্পর্কে বুঝতে পারি। ঈশ্বর শমূয়েলের মাধ্যমে তা েদর সতর্ক করেছিলেন রাজার শাসনের সম্ভাব্য পরিণতির ব্যাপারে (েদখুন ১ম শমূয়েল ৮:১০—২১)। ই¯্রায়েলীয়রা ঈশ্বরের

সতর্কীকরণের কোনো তোয়াক্কা করেনি, বরং ক্রমাগত রাজার দাবী করেই গেছে। শেষে ঈশ্বর শৌলকে তাদের রাজা নিবার্চিত করেন।

প্রথমদিকে শৌল বেশ ভালোই রাজ্য পরিচালনা করছিলেন, তবে যতই মাস ও বছর যেতে লাগলো ততই তিনি খুব খারাপ একজন রাজা হতে লাগলেন। তিনি তার কাজকর্ম ও সিদ্ধান্ত দিয়ে সে প্রমাণ করতে লাগলেন যে তিনি ঈশ্বরকে সন্তুষ্ট করার চেয়ে জনগনকে সন্তুষ্ট করাকেই বেশী গুরুত্ব দেন।

নূতন নিয়মের পাঠ্য: রাজা শৌলের রাজত্বের প্রথমদিকে তার উপর যে পবিত্র আত্মা নেমে এসেছিলো সেটা খ্রীষ্টানেদর জন্যও প্রাপ্য ছিলো। পবিত্রআত্মাকে নিজেদের অন্তরে রেখে, খ্রীষ্টানরা ভালোবাসা ও পবিত্রতায় পূর্ণ জীবন যাপন করতে পারে। আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে যাতে আমরা শৌলের মতো ঈশ্বরের কাছ থেকে দূরে না চলে যাই, বরং আমরা যেন ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকি, সে ব্যাপারে।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** এটা একটা কঠিন শিক্ষা হতে পারে আমাদের জন্য, যদি আমরা একটা কিছু চেয়ে সেটা পাই শুধু এটা বোঝার জন্য, এটা আমাদের জন্য প্রয়োজনীয় নয়। খ্রীষ্টানেদর জীবন শুধুমাত্র তখনই আনন্দ ও ভালোবাসায় পূর্ণ হতে পারে যখন তাদের হৃদয় ও মন ঈশ্বরের প্রতি পুরোপুরি নিবেদিত থাকবে। এটা করার একটা উপায় হলো যীশুর কথা অনুযায়ী প্রার্থনা করা, "আমরা কি করবো তা নয়, বরং তুমি কি করবে।" (মার্ক ১৪:৩৬) যখন একজন খ্রীষ্টানের হৃদয় ও মন ঈশ্বরের

প্রতি নিবেদিত থাকে, তারা আরো সহজে তাদের সঠিক প্রয়োজনের বস্তুগুলোর জন্য প্রার্থনা করতে পারে, এবং ঈশ্বরের কাছ থেকে শুধুমাত্র আশীর্বাদই পায়।

- কি উপায়ে একজন খ্রীষ্টান উপলব্ধি করতে পারবে যে, তাদের প্রার্থনাটা স্বার্থপর প্রার্থনা হেচ্ছ, আর যদি তার উত্তর তারা পায় তাহলে তা তাদের জন্য আনন্দ বা শান্তি নিয়ে আসবে না?
- যদিও সবকিছু মিলিয়ে শৌল রাজা হিসাবে খারাপ ছিলেন, কিন্তু তিনি তার শুরুটা ভালোই করেছিলেন। ঈশ্বরকে তাদের জীবনে সবকিছুর চেয়ে আগে রাখার বিষয়টা থেকে কি কারণে মানুষ পিছু হটে যায় ?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** বিচক্ষণতা খুব গুরুত্বপূর্ণ একটা গুণ যা একজন খ্রীষ্টানের থাকা উচিৎ। যে মানুষের বিচক্ষণতা বৃদ্ধি পাচ্ছ সে শিখছে তার নিজের বুদ্ধি ও অন্তর্দৃষ্টির উপর ভরসা না করতে, আর সে সেই ইস্রায়েলীয়দের মতো না যারা শমূয়েলের হুঁশিয়ারীতে কান দেয়নি। একজন বিচক্ষণ খ্রীষ্টান ঈশ্বরের ইচ্ছা কি তা জানতে চাইবে, পরিণত খ্রীষ্টানেদর কাছ থেকে পরামর্শ নেবে, আর নিজেদের জীবন থেকে স্বার্থপরতা দূর করতে চাইবে। তাদের প্রচেষ্টা থাকবে প্রার্থনাশীল জীবনের জন্য যা তাদের জীবনে কি কি প্রয়োজন সেটা ঈশ্বরের কাছ থেকে পাবার উপর কেন্দ্রীভূত হবে, তারা নিজেরা যা চায় তার উপর নয়।
  - কিছু কিছু মানুষ কেনো অন্যেদর বাহ্যিক রূপটা দেখেই তাদের বিচার করতে প্রলুব্ধ হয়, আর তাদের চরিত্র জানার জন্য অপেক্ষাটাও করতে চায় না?
  - একজন খ্রীষ্টানের জন্য ঈশ্বরের ইচ্ছাকে অনুসরণ করার জন্য কি কি গুণ থাকা প্রয়োজন, বিশেষ করে যখন পরিস্থিতি এমন আসে যেখানে তাদের নিজেকেই অস্বীকার করতে হচ্ছে?
- **হাত: কি ভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** যীশুর প্রার্থনাকে, ‘আমি যা করবো তা নয়, কিন্তু তুমি যা করবে তাই” আত্মস্থ করাটা আমাদের প্রার্থনায় ঈশ্বরের ইচ্ছাকে প্রথমে রাখার চেষ্টায় একটা অসাধারণ পদক্ষেপ হতে পারে। এটা আমাদের আরো সাহায্য করবে যাতে আমরা ভুল করেও তেমন প্রার্থনা না করি যা ঈশ্বরের ইচ্ছার সাথে সংগতিপূর্ণ নয়। এর সাথে যোগ করা যায়, প্রার্থনার বিষয়গুলো লিখে রাখলে তা খ্রীষ্টানেদর বুঝতে সাহায্য করবে যে তাদের প্রার্থনার কতটা সময় তারা তাঁর কাছে চাচ্ছে আর কতটা সময় তাঁর ধন্যবাদ দিচ্ছে।
  - কিভাবে প্রার্থনা করা যায় সে ব্যাপারে আপনার শোনা সবচেয়ে ভালো পরামর্শগুলো কি কি?
  - প্রার্থনা করার ব্যাপারে আপনার শোনা সবচেয়ে বাজে পরামর্শের কয়েকটা কি কি?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩৫ শমূয়েল দাউদকে অভিষেক েদন

পাঠের সাস্ত্রাংশ: ১ম শমূয়েল ১৫—১৬ অধ্যায়

সহায়ক সাস্ত্রাংশ: ইফিষীয় ৩ অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** অনুপ্রাণিত হোন, ঈশ্বরের শক্তিতে, একজন রাখাল বালকও একজন মহান রাজায় পরিণত হতে পারেন!
- **হৃদয়:** ঈশ্বর আপনাকে এই মুহূর্তে ভালোবাসেন, আর আপনার জীবনের জন্য তাঁর অসাধারণ একটা পরিকল্পনা আছে। একথাই বিশ্বাস করুন যে ঈশ্বর আপনাকে এতোটাই ভালোবাসেন যে যীশুকে আপনার পাপের কারণে পৃথিবীতে পাঠিয়েছেন।
- **হাত:** অন্যকে সহমর্মিতাপূর্ণভাবে ভালোবাসার জন্য নির্িদষ্ট পেথর সন্ধান করুন, তাােদর ভালোবাসুন এটা না ভেবে যে তারা আপনার জন্য কি করতে পারে, বরং এজন্য যে ঈশ্বর তাােদর ভালোবাসেন।

একটি পেদ পাঠের শিক্ষা ”কিন্তু সদাপ্রভু শমূয়েলকে কহিলেন, তুমি উহার মুখশ্রীর বা কায়িক দীর্ঘতার প্রতি দৃষ্টিপাত করিও না; কারণ আমি উহাকে অগ্রাহ্য করিলাম কেননা মনুষ্য যাহা দেখে, তাহা কিছু নয়; যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টিপাত করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টিপাত করেন।” ১ম শমূয়েল ১৬:৭

পাঠের সার সংক্ষেপ। ঈশ্বর ই˜্রায়েলের রাজা শৌলকে একটা বিশেষ কাজ েদন। কিন্তু শৌল তা অমান্য করেন এবং ঈশ্বরের নির্েদশনা অনুসরণ করেন না। ঈশ্বর শৌলের উপর খুব রাগ করেন আর তাকে বলেন যে শৌল শেষ পর্যন্ত আর ই˜্রায়েলের রাজা থাকতে পারবেন না। ঈশ্বর শমূয়েলকে বললেন বেৎলেহমে যেতে, যেখানে যিশয় নামে এক ব্যাক্তি বাস করে। ঈশ্বর যিশয়ের আট ছেলের মধ্যে একজনকে ই˜্রায়েলের পরবতীর্ রাজা হিসাবে মনোনীত করেছেন। শমূয়েল বেৎলেহমে যাবার জন্য প্রস্তুত হলেন। শমূয়েলের সােথ যিশয়ের সাত ছেলের েদখা হলো, কিন্তু তাােদর মধ্যে ঈশ্বরের পছ›দ করা ছেলেটা ছিলো না। শমূয়েল যিশয়কে জিজ্ঞাসা করলেন তার আর কোনো ছেলে আছে কি না। যিশয় তাকে জানালেন যে তার ছোটছেলে, দাউদ, মাঠে মেষপাল চরাচ্ছে। যখন দাউদ বাড়ীতে ফিরে আসলো, শমূয়েল তেল নিলেন আর দাউদকে ই˜্রায়েলের নতুন রাজা হিসাবে অভিষিক্ত করলেন। কিন্তু শৌল আরো বহুিদন রাজা হিসাবে তার ক্ষমতা আঁকড়ে ধরে ছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **শমূয়েল।** ঈশ্বর শৌলকে রাজার পদ থেকে সরিয়ে দিলেন কারণ শৌলের হৃদয় ঈশ্বরের কাছ থেকে অনেক দূরে চলে গিয়েছিলো। অতএব, ঈশ্বর শমূয়েলকে বেৎলেহেমে পাঠালেন নতুন রাজাকে অভিষিক্ত করার জন্য।
- ২. **যিশয় ও তার সন্তানরা।** ঈশ্বর শমুয়েলকে যিশয় নামে এক ব্যাক্তির কাছে পাঠালেন, আর শমূয়েলকে বললেন যিশয়ের আট সন্তানের মধ্যে থেকে একজন রাজা হিসাবে অভিষিক্ত হবে। ঈশ্বর সবার বড়, সবচেয়ে লম্বা অথবা সবচেয়ে শক্তিশালী ছেলেটাকে বেছে নেননি। বরং তার পরিবর্তে ঈশ্বর দাউদকে বেছে নিলেন, যাকে তার বাবা শমূয়েলের সন্মানে আয়োজন করা নৈশভোজে আমন্ত্রন জানাননি সবার চেয়ে ছোট হবার কারণে। যিশয় ভেবেছিলেন ঈশ্বর তার ছোটছেলের মধ্যে দিয়ে কোনো আশ্চয্যর্ কাজ করবেন না। দাউদ মাঠে মেষপাল চরাচ্ছিলো যখন তার বাবা তাকে শমূয়েলের সাথে দেখা করার জন্য ডেকে পাঠালেন।
- ৩. **দাউদ।** দাউদ যখন রাজা হবার জন্য মনোনীত হয়েছিলেন তখন শৌলের মতো লম্বা ও শক্তিশালী ছিলেন না। ইস্রায়েলীয়রা যেখানে ঐসব গুণাবলীকেই একজন রাজার মাঝে দেখতে চাইতো, ঈশ্বর কিন্তু জানতেন যে তাদের এমন একজন রাজা প্রয়োজন যে শক্ত চরিত্রের অধিকারী এবং যার হৃদয় ঈশ্বরের প্রতি নিবেদিত।

পাঠ প্রসঙ্গ ঈশ্বর চাইতেন ইস্রায়েল তাঁকে তাদের রাজা হিসাবে হিসাবে করুক। ঈশ্বর ইস্রায়েল জাতিকে মিশর দেশের দাসত্ব থেকে মুক্ত করে তাঁর সেই প্রতিশ্রুত দেশে বসবাস করতে দেয়ার মধ্য দিয়ে ইস্রায়েল জাতির কাছে তাঁর ভালোবাসা ও তাঁর বিশাল শক্তির প্রমাণ তিনি রেখেছিলেন। ঈশ্বর চেয়েছিলেন ইস্রায়েল যেন অন্যান্য দেশের কাছে আলোর বাতিঘর হিসাবে বিবেচিত হয়, আর প্রমাণ করে যে ইস্রায়েলের ঈশ্বরই একমাত্র সত্যি ঈশ্বর।

যাইহোক, ইস্রায়েলীয়রা কিন্তু ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করে আর ঈশ্বরের কাছে তারা নিজেদের জন্য একজন রক্তমাংসের মানুষ রাজা দেবার জন্য দাবী করে, যাতে তারা আশেপাশের অন্যান্য দেশের মতো হতে পারে (দেখুন ১ম শমূয়েল ৮)। অতএব, ঈশ্বর অন্যান্য দেশের রাজাদের মতোই একজন রাজা তাদের উপহার দিলেন, যার নাম শৌল। কিন্তু বাস্তবে রাজা শৌল একসময় অন্যান্য দেশের রাজাদের মতোই হয়ে গেলেন:

- তিনি ঈশ্বরের চেয়ে নিজেকেই বেশী ভালোবাসতেন,
- তিনি ঈশ্বরকে জানতে চাইবার চেয়ে নিজের ক্ষমতাকেই বেশী প্রাধান্য িদতেন।
- তিনি ঈশ্বর তাকে নিয়ে কি চিন্তা করছেন তার চেয়ে মানুষ তাকে নিয়ে কি ভাবছে সেটাকেই বেশী গুরুত্ব িদতেন।

তাই তিনি রাজার পদ েথকে সরিয়ে িদয়ে দাউদকে ই্রায়েলের পরবতীর্ রাজা হিসাবে মনোনীত করলেন। ভবিষ্যতে দাউদ এমন একজন মানুষ হবেন যার হৃদয় তার নিজের চেয়ে ঈশ্বরকেই বেশী সন্মান করবে। তাঁর রাজত্বের বেশীর ভাগ সময়েই দাউদ এমন একজন রাজা হবেন যিনি ঈশ্বরের ঈশ্বরের ই"ছা অনুযায়ী ই্রায়েল জাতিকে নেতৃত্ব দেবেন, যাতে তারা ঈশ্বরে বিশ্বাস করে, ঈশ্বরকে ভলোবাসে এবং অন্য মানুষকেও ভালোবাসে। দাউদ রাজা হিসাবে পুরোপুরি নিখুঁত ছিলেন না, আর তিনি কিছু মারাত্মক ভুলও করেছিলেন। তবে সবকিছু মিলিয়ে তিনি একজন ভালো রাজা ছিলেন।

নূতন নিয়মের পাঠ্য: ঈশ্বর দাউেদর মতোই শৌলকে বেছে নেবার পর তার (পরে পৌল নামে পরিচিত) জীবনকেও একেবারে পরিবর্তিত করে িদয়েছিলেন যাতে তিনি ঈশ্বরের অনুগ্রহের জন্য ব্যবহৃত হবার মতো একটা হাতিয়ার হতে পারেন। একমাত্র ব্যতিক্রম ছিলো এটাই যে দাউেদর মতো ই্রায়েলীয়েদর ঈশ্বরীয় শিক্ষা েদবার পাশাপাশি শৌলকে আরো বলা আহ্বান করা হয়েছিলো তিনি যেন পরজাতীয়েদর মাঝেও পরিত্রাণের বাতার্ প্রচার করেন।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবা েদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** খ্রীষ্টান হিসাবে আমাদের নিজেদের দিকে তেমন ভাবেই তাকানো উচিৎ, যেমনটা ঈশ্বর দেখতে চান। ঈশ্বর আমাদের হৃদয়ের দিকে তাকান, আর দ্যাখেন আমরা কে আর এটাও দ্যাখেন যে ঈশ্বরের শক্তির সাহায্যে আমরা কেমন হতে পারি। ঈশ্বর যখন দাউদকে নির্বাচন করেছিলেন, দাউদকে দেখে তখন মনে হয়নি যে সে রাজা হবার মতো। দাউদ ছিলো তরুণ ও ভাইদের মধ্যে সবার ছোট, আর সে তার সময় কাটাতো কিভাবে একজন ভালো মেষপালক হওয়া যায় সেই কাজে, কিভাবে একজন মহান নেতা অথবা শক্তিশালী যোদ্ধা হওয়া যায় সে কাজে নয়। ঠিক একই ভাবে আমাদের মধ্যেও অনেকেই আছে যাদের বয়স কম, কিন্তু ঈশ্বর আমাদের বিবেচনা করেন আমরা কে কি হতে পারি সেই সম্ভবনাকে দিয়ে। আরো বলা যায়, আমরা হয়তো আত্মিকভাবে কম বয়সী হতে পারি, কিন্তু ঈশ্বর বিবেচনা করেন আমরা আধ্যাতিক নেতা হিসাবে কেমন হতে পারবো, সেটা।
  - ঈশ্বর কি কারণে রাজা শৌলকে বাতিল করেছিলেন?
  - ঈশ্বর দাউদকে ভবিষ্যতে কেমন রাজা হিসাবে দেখতে চেয়েছিলেন?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** আমাদের জন্য ঈশ্বরের ভালোবাসা এবং আমাদের জীবনের জন্য তাঁর পরিকল্পনাকে সঠিকভাবে বোঝার জন্য আমাদের উচিৎ অন্যেদর চোখ দিয়ে আমাদের দেখার পরিবর্তে ঈশ্বরের দৃষ্টি দিয়ে দেখা। আমরা খ্রীষ্টান হিসাবে সবাই ঈশ্বরের রাজ্যে বাস করি, যেখানে যীশু আমাদের রাজা আর আমরা সবাই তাঁর দাস। আমরা হয়তো মহান কোনো দেশের মহান কোনো রাজা হতে পারবো না, কিন্তু আমরা আমাদের পরিবারে, আমাদের মন্ডলীতে এবং আমাদের এলাকাতে আধ্যাতিক নেতা হতে পারি।
  - ঈশ্বর দাউদের হৃদয়ে কি এমন গুণ দেখে থাকবেন যার জন্য তিনি দাউদকে ই¯্রায়েল জাতির পরবতীর্ রাজা হিসাবে মনোনীত করেন?
  - ঈশ্বর কি ভাবে আপনার হৃদয়কে পরিবর্তন করছেন?
- **হাত: কি ভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** যেহেতু ঈশ্বর আমাদের ভালোবাসেন, আমাদেরও উচিৎ যীশুর মতো অন্যেদর ভালোবাসা। এর মানে হলো আমরা তাদের ভালোবাসি তারা বিনিময়ে আমাদের কি দেবে তা ভেবে নয়, বরং যীশু তাদের ভালোবাসেন শুধু এই কারণে।
  - কিভাবে আপনি বাহ্যিক চেহারাকে ছাড়িয়ে আরো ভিতরে দৃষ্টি দিতে পারেন, অথবা আপনার জন্য অন্যরা কি করতে পারে সেটা না ভেবে আপনি তাদের কিভাবে ভালোবাসতে পারেন, যেমন ঈশ্বর সবাইকে ভালোবাসেন?
  - কি কি ভাবে আপনি অন্যেদর দেখাতে পারেন যে ঈশ্বর তাদের কতটা ভালোবাসেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৩৬ দাউদ গলিয়ৎকে হত্যা করেন

পাঠের সাস্ত্রাংশ: ১ম শমূয়েল ১৭:২০—৫১

সহায়ক সাস্ত্রাংশ: লূক ১২:১-১২। ইফিষীয় ৬:১০—১৭

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বুঝুন যে ঈশ্বর মানুষের বাইরের বেশভূষা অথবা আচার আচরণ েদেখে কাউকে বিচার করেন না। তিনি মানুষের হৃদয়ের িদকে তাকান আর যারা তাঁর প্রতি নিবেিদতপ্রাণ তােদর মাধ্যমে মহান কাজ সম্পন্ন করেন।
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপ িদতে পারি?** আমরা কেউই যীশুর মতো নিষ্পাপ অথবা েদাষহীন নই। তবে আমরা চেষ্টা করতে পারি যীশুর মতো আমাদের জীবনে "সকল ধার্মিকতাকে বাস্তবায়িত" করার জন্য। এর মানে এটা নয় যে, আমরা আমাদের নিজেদের শক্তিতে কঠিন পরিশ্রম করবো ধার্মিক হবার জন্য। এর মানে হচ্ছে আমরা আমাদের জীবনে ঈশ্বরের ইচ্ছা প্রতি পুরোপুরি আত্মসমর্পন করছি, আর ঈশ্বর যা করতে বলেন তা ই করতে রাজী আছি।

- ○ একজন ব্যক্তির জীবন যাত্রায় কি কি বিষয় প্রতিফলিত হবে, যদি সে চেষ্টা করে " পরিপুর্ন ধার্মিকতার বাস্তবায়ন" করবার ?
- ○ কেন খ্রীষ্টানরা তাদের নিজেদের শক্তিতে "পরিপুর্ণ ধার্মিকতার বাস্তবায়ন" করতে পারে না ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

অনুশীলনীর শিরোনাম: ৬০ যীশুর পরীক্ষা

অনুশীলনীর শাস্ত্রাংশ: মিথ ৪:১-১১

নতুন নিয়মের শাস্ত্রাংশ: ইব্রীয় ৪:১২-১৬

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বুঝুন, যীশু যখন সম্পূর্ণরূপে ঈশ্বর ছিলেন, তখন তিনি সম্পূর্ণ মানুষও ছিলেন। শয়তান যীশুর মানব রূপকে প্রলোভন দেখিয়ে পরীক্ষা নিতে চেয়েছিল, যাতে যীশু ঈশ্বরের পরিকল্পনা পূর্ণ করতে না পারেন। কিন্তু যীশু তাঁর নিজের পরিকল্পনা দ্বারা শয়তানকে পরাজিত করেছিলেন।
- **হৃদয়:** শয়তান আপনাকে যেভাবে প্রলোভিত করে সে সম্পর্কে সচেতন থাকুন। শয়তান আমাদের কাছে তার প্রলোভন গুলি ঘোষণা করে না, কিন্তু আমরা প্রলোভিত হয়েছি বুঝতে পারার আগেই আমাদের পাপে ফেলার চেষ্টা করে।
- **হাত:** নিয়মিত শাস্ত্র পাঠ করুন। যীশু শয়তানের প্রতিটি প্রলোভন প্রত্যাখ্যান করার জন্য শাস্ত্রের বাক্য ব্যবহার করেছিলেন।

একটি পেদ পাঠের শিক্ষা তখন যীশু তাঁহাকে কহিলেন, দূর হও, শয়তান; কেননা লেখা আছে, "তোমার ঈশ্বর প্রভুকেই প্রনাম করিবে, কেবল তাঁহারই আরাধনা করিবে, মিথ ৪:১০।

পাঠের সার সংক্ষেপ যীশু মরুভূমি প্রান্তরে গেলেন এবং সেখানে ৪০ দিন ছিলেন, যাতে সেখানে তিনি উপবাস করতে এবং ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পারেন। উপবাস মানে না খেয়ে থাকা। ৪০ দিন না খেয়ে থাকার পর, যীশু খুব ক্ষুধার্ত ছিলেন। শয়তান জানত যে যীশু ক্লান্ত এবং ক্ষুধার্ত ছিলেন। তাই তিনি তাকে প্রলোভিত করার জন্য মরুভূমিতে গেল। প্রথমত, শয়তান যীশুকে বলেছিল যে তিনি যদি সত্যিই ঈশ্বরের পুত্র হন, তবে তার কিছু পাথরকে রুটিতে পরিণত করা উচিত। যীশু বললেন যে, ঈশ্বর তার প্রয়োজনীয় জীবনের রুটি সরবরাহ করবেন, তাই তিনি পাথরকে রুটিতে পরিণত করতে অস্বীকার করেছিলেন। এরপর, শয়তান যীশুকে জেরুজালেমের মন্দিরের ছাদে নিয়ে যায় এবং তাকে লাফ দিতে বলে। একথা বলে যে, তিনি যদি সত্যিই ঈশ্বরের পুত্র হন, তাহলে স্বর্গদূতরা এসে তাঁকে রক্ষা করবেন। যীশু শয়তানকে বললেন যে, ঈশ্বরকে পরীক্ষা করা ঠিক নয়। অবশেষে, শয়তান যীশুকে একটি পাহাড়ের চূড়ায় নিয়ে গেল এবং তাকে বলল যে, তিনি পৃথিবীর সমস্ত রাজ্যের শাসক হতে পারেন যদি তিনি মাথা নিচু করে শয়তানকে প্রণাম করেন। এবার যীশু শয়তানকে ধমক দিয়ে চলে যেতে বললেন, কারণ কেবলমাত্র ঈশ্বরই একমাত্র উপসনা পাওয়ার যোগ্য। শয়তান যখন বুঝতে পেরেছিল যে সে যীশুকে প্রলোভিত করতে পারবে না, তখন সে চলে গেল।



। ছবি থেকে শেখা

- ১. **মরুভূমি।** যীশুর বাপ্তিস্মের পরে, পবিত্র আত্মা যীশুকে মরুভূমিতে নিয়ে গিয়েছিলেন যেখানে যীশু ৪০ দিন এবং ৪০ রাত ধরে উপবাস করছিলেন। যীশুর উপবাসের পরে, শয়তান যীশুকে প্রলোভিত করেছিল। প্রতিটি প্রলোভন যীশুকে তার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা এড়ানোর সহজ উপায় ছিল।
- ২. **যীশু** সম্পূর্ণরূপে ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ ছিলেন। আমাদের মতো সম্পূর্ণ মানুষ হওয়ায় তিনি প্রলোভনের শিকার হন। কিন্তু তিনি আমাদের মত না, তিনি কখনও প্রলোভনে পড়েননি এবং পাপ করেননি। অতএব, যীশু আমাদের পাপের জন্য ঈশ্বরের নিখুঁত বলি উৎসর্গ হতে পেরেছিলেন। যীশু তার পরিচর্যার শুরুতে তিনটি প্রলোভনের সম্মুখীন হয়েছিলেন । প্রথমত, পাথরকে রুটিতে পরিণত করতে। দ্বিতীয়ত, মন্দির থেকে লাফ দেওয়া এবং স্বর্গদূতরা এসে তাকে রক্ষা করবে এই কথা বলা। এই উভয় প্রলোভনে, শয়তান যীশুকে তার ঐশ্বরিক ক্ষমতা স্বার্থপর উপায়ে ব্যবহার করানোর জন্য চেষ্টা করেছিল। যাইহোক, যীশু প্রতিবার শয়তানের প্রলোভন শাস্ত্রের কথা দ্বারা প্রত্যাখ্যান করেছিলেন
- ৩. **বিশ্বের সমস্ত রাজ্য।** শয়তানের তৃতীয় প্রলোভন যীশুকে বিশ্বের সমস্ত রাজ্যের শাসনকতার্ বানানোর বিষয়ে ছিল। বিশ্বের শাসক হওয়ার জন্য যীশুকে ক্রুশে মরতে হয়নি, তাকে যা করতে বলা হয়েছিল তা হল শয়তানকে প্রণাম করা। অবশ্যই, যীশু জানতেন যে, তিনি তা করতে পারবেন না। একমাত্র ঈশ্বরই সমস্ত আরাধনার যোগ্য। এছাড়া,শয়তান যদি তখনও জগতের দায়িত্বে থাকতো, এবং যদি যীশু জাতিগুলির উপর শাসক হতেন, তবুও তখন সমস্ত মানুষের জীবনে পাপ রাজত্ব করতো । এই প্রতিটি প্রলোভনে, যীশু ঈশ্বরের বাক্য দ্বারা শয়তানের প্রলোভনকে পরাজিত করছিলেন।

পাঠ প্রসঙ্গ যোহন বাপ্তাইজক দ্বারা বাপ্তিস্ম গ্রহণের ঠিক পরে পবিত্র আত্মা যীশুকে প্রান্তরে নিয়ে যায়। যীশু ৪০ দিন এবং ৪০ রাত উপবাস করেছিলেন। তারপর শুরু হল আধ্যাত্মিক যুদ্ধ। যীশু খুব তৃষ্ণাত এবং ক্ষুধার্ত ছিলেন, কিন্তু যীশু ৪০ দিন এবং ৪০ রাত প্রার্থনা এবং ঈশ্বরের সাথে যোগাযোগ করার পরে তিনি শয়তানের তিনটি প্রলোভন প্রতিরোধ করার জন্য যেথষ্ট শক্তিশালী হয়েছিলেন।

এই তিনটি প্রলোভনের কেন্দ্রীয় বিষয়বস্তু ছিল, যীশুর জন্য তার ঐশ্বরিক ক্ষমতাকে নিজের স্বাথে ব্যবহার করানো। ৪০ দিন উপবাস করার পরে, কিছু পাথরকে রুটিতে পরিণত করে যাতে তিনি তার পেট ভরাতে পারেন, এটা যীশুর জন্য অসম্ভব কিছু ছিল না। তাকে রক্ষা করার জন্য

স্বর্গদূতদের আহ্বান করে মন্দিরে সকলের কাছে যীশুর ঐশ্বরিক ক্ষমতা প্রমাণ করার প্রলোভন হয়ত ভুল কিছু শোনায় না। তাছাড়া কেন তিনি ক্রুশবিদ্ধ হওয়ার যাবতীয় যন্ত্রণা এড়িয়ে শুধু শয়তানের উপাসনা করবেন না এই প্রশ্নও জাগে ? এছাড়া শয়তান তাকে পৃথিবীর সমস্ত রাজ্য িদতে রাজি ছিল, কেন তিনি এর বিনিময়ে ক্রুশবিদ্ধ হওয়ার সমস্ত যন্ত্রণা এড়াবেন না? কিন্তু, এই প্রতিটি বিষয়ে শয়তান যীশুকে প্রলোভিত করে, যেমন শয়তান আদম ও হবাকে প্রলোভিত করেছিল। শয়তান যীশুকে ঈশ্বরের ইচ্ছা প্রত্যাখ্যান করতে প্রলোভিত করে। শয়তান যীশুকে বিশ্বাস করতে প্রলোভিত করে যে, যীশু ঈশ্বরের চেয়েও ভাল জানেন কীভাবে তার পরিচর্যা কাজ পরিচালনা করতে হয়।

এছাড়া, এই সমস্ত প্রলোভনের কেন্দ্রীয় বিষয় ছিল যে, যীশু প্রতিটি প্রলোভনকে প্রত্যাখ্যান করার জন্য পবিত্র শাস্ত্রের বাক্য ব্যবহার করেন। ধর্মগ্রন্থ শোনা বা ধর্মগ্রন্থ মুখস্থ করাই যথেষ্ট নয়; খ্রীষ্টিয়ানদের জানতে হবে কীভাবে বিচক্ষণতা ও প্রজ্ঞার সঙ্গে বাইবেল ব্যবহার করতে হয়। প্রকৃতপক্ষে, এমনকি শয়তানও দ্বিতীয় প্রলোভনের সাথে পবিত্র ধর্মগ্রন্থ ব্যবহার করে। কিন্তু যীশু শয়তানের শাস্ত্রের অপব্যবহার বুঝতে সক্ষম হয়েছিলেন।

সম্পূর্ণরূপে ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ হওয়ার কারণে, যীশুর জীবনেও আমাদের প্রত্যেকের মত একই ধরণের প্রলোভনর এসেছিল। কিন্তু, যীশু প্রলোভনগুলি প্রত্যাখ্যান করেছিলেন এবং বাইবেলের বাক্যের সঠিক ব্যবহারের কারণে তাঁর জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছার প্রতিফলন সত্য প্রমাণিত হয়েছিল।

পরবর্তী পাঠ্য: বাইবেল কেবল ঈশ্বর এবং মানবতা সম্পর্কে গল্পের একটি সংগ্রহ নয়। পবিত্র আত্মা দ্বারা অনুপ্রাণিত হলে, বাইবেল একজন ব্যক্তির জীবনের একেবারে হৃদয়ে প্রবেশ করতে পারে এবং তাদের কাছে ঈশ্বরের বার্তা প্রকাশ করতে পারে। যীশুর প্রলোভনে, আমরা দেখি কিভাবে যীশু প্রলোভন প্রত্যাখ্যান করার জন্য শাস্ত্রের বাক্য ব্যবহার করেছিলেন। যীশু আমাদের নিখুঁত পরিত্রাতা, যিনি আমাদের জন্য শয়তানের সব প্রলোভন প্রত্যাখ্যান এবং ঈশ্বরের সান্নিধ্যে থাকার একটি নিখুঁত জীবন মডেল সৃষ্টি করেছেন।

বিশ্বাসের পেথর বিষয় আলোচনা: ৯. আত্ম–নিয়ন্ত্রণ। একজন খ্রীষ্টিয়ানের আত্ম—নিয়ন্ত্রণ প্রকাশ পায় যখন সে পাপেপূর্ণ আকাঙ্খার প্রতি "না" বলে। এটি আমাদেও সব কাজ, চিন্তাভাবনা এবং অনুভূতির ক্ষেত্রে প্রযোজ্য। ঈশ্বরের পরিকল্পনা হল খ্রীষ্টিয়ানেদর সমগ্র জীবনকে শুদ্ধ করা, এবং তাই কোন ক্ষেত্র ঈশ্বরের কাজের জন্য সীমাবদ্ধতা সৃষ্টি করতে পারে না। প্রায়শই খ্রীষ্টিয়ানরা এই প্রলোভনে বিশ্বাস করে যে, কেবল তাদের কাজকর্মের মাধ্যমে পাপ করা বন্ধ করতে হবে। কিন্তু, খ্রীষ্টিয়ানেদর পবিত্র আত্মাকে তাদের চিন্তাভাবনা এবং অনুভূতিতে আত্মনিয়ন্ত্রণ আনতেও অনুমতি িদতে হবে। যীশু এই পাঠে শয়তানের প্রলোভনে কাজ করতে অস্বীকার করেন এবং শয়তানের প্রতি তার প্রতিক্রিয়ায় আত্ম—নিয়ন্ত্রণ প্রকাশ করেন। যীশু তার মানব প্রকৃতির আকাঙ্খা, ক্ষুধার আকাঙ্খা এবং জনসাধারণের প্রশংসার আকাঙ্খাকে নিয়ন্ত্রণে রেখেছিলেন।

- **মাথা:** কী কী কারণে মানুষকে তাদের চিন্তাভাবনা, অনুভূতি এবং কাজে আত্ম নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে ?
- **হৃদয়:** যিদ একজন খ্রীষ্টিয়ান হিসেবে আপনার কাজকর্মে যিদও আপনি আত্ম—নিয়ন্ত্রণ অনুশীলন করেন, তবুও কীভাবে অনিয়ন্ত্রিত চিন্তাভাবনা বা অনুভূতি একজন খ্রীষ্টিয়ানের জীবনের । ক্ষতি করতে পারে?
- **হাত:** কোন কাজের মাধ্যমে খ্রীষ্টেতে ভাই ও বোনেরা একে অপরকে তাদের চিন্তাভাবনা, অনুভূতি এবং কাজে আত্ম—নিয়ন্ত্রণ অনুশীলন করতে সাহায্য করতে পারে?

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবা েদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** খ্রীষ্টিয়ানরা এমন এক ঈশ্বরকে অনুসরণ করে না যিনি কেবল আমাদের সৃষ্টি করেছেন এবং তারপরে আমাদেরকে আমাদের অবস্থাতেই ফেলে রেখে গেছেন। ঈশ্বর আমাদের ভালবাসেন এবং আমাদের সাথে সম্পর্ক স্থাপন করেছেন। কিন্তু, পাপ ঈশ্বরের সাথে আমাদের সম্পর্ক ভেঙে দিয়েছে। ঈশ্বর আমাদেরকে কতটা ভালোবাসেন তা দেখানোর জন্য ঈশ্বর যীশুকে পৃথিবীতে পাঠিয়েছেন। এছাড়া যীশু তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের মাধ্যমে আমাদের পাপ থেকে ক্ষমা পাওয়ার জন্য একটি পথ প্রদান করেন। যীশু এটি করতে পেরেছিলেন কারণ তিনি সম্পূর্ণরূপে ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ ছিলেন। আমাদের মত, যীশুও বিভিন্নভাবে প্রলোভিত হয়েছিল, কিন্তু ঈশ্বরের সাথে তার নিখুঁত যোগাযোগ ছিল, এবং তাই সেই প্রলোভনগুলি প্রত্যাখ্যান করেছিলেন।
    - যীশুর মত, কোন কোন উপায়ে শয়তান আমা েদর এই বিষয়টি বিশ্বাস করতে প্রলোভন েদখায় যে আমরা কীভাবে আমা েদর জীবন যাপন করতে হয় তা ঈশ্বরের চেয়ে ভাল জানি?
    - শয়তানের প্রলোভন প্রত্যাখ্যান করার জন্য আপনি কোন শাস্ত্রপদ ব্যবহার করতে পারেন?
- **হৃদয়: আমা েদর কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** ঈশ্বর শুধুমাত্র বাইবেলের মাধ্যমে আমা েদর প্রতি ভালবাসা প্রকাশ করেন না, কিন্তু পবিত্র আত্মার শক্তির মাধ্যমে আমা েদর মধ্যে যীশুর জীবনকে জীবন্ত করে তোলেন। ঈশ্বর আমা েদর ভালবাসায় পূর্ণ করতে চান যাতে আমরা অন্যেদর সা েথ ঈশ্বরের ভালবাসা ভাগ করতে পারি। এই সমস্ত ভালবাসা পেতে এবং এই ভালবাসা ভাগ করে নেওয়ার জন্য, শয়তান যেভাবে আমা েদর জীবনে প্রলোভন পাঠায় সেগুলি সম্পর্কে আমা েদর সতর্ক ও সচেতন থাকতে হবে। শয়তান খুব কমই আমা েদর কাছে তার প্রলোভন ঘোষণা করে, কিন্তু আমা েদর প্রলোভনে ফেলার চেষ্টা করে। প্রলোভন শুরু হয় আমা েদর জন্য ঈশ্বর যা চান তা ছাড়া অন্য কিছু কামনা করার চেষ্টা করার মাধ্যমে। তারপর, প্রলোভন সেই ভুল আকাঙ্খাগুলি পূরণ করার জন্য আমা েদর কথায় বা কাজে নিজেকে প্রকাশ করে।
    - কীভাবে আমা েদর হৃদয়কে ঈশ্বরের প্রেমের জন্য উন্মুক্ত রাখা আমা েদর শয়তানের প্রলোভনগুলিকে চিনতে সাহায্য করতে পারে?

- আপনার সমাজে খ্রীষ্টিয়ানেদর জীবনে শয়তান যে সব প্রলোভন পাঠায় সেগুলো সম্পর্কে আপনি কী মনে করেন?

- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ িদেত পারি?** বাইবেল জানা যেথষ্ট নয়, কারণ শয়তানও বাইবেল সম্পর্কে যেথষ্ট জানে। খ্রীষ্টিয়ানেদর জানতে হবে কিভাবে তােদর জীবনে বাইবেল প্রয়োগ করতে হয়। এটি করার একটি উপায় হল, ঈশ্বরকে আমােদর কাছে প্রকাশ করার জন্য প৭ু ০্রার্থনায় অনুরোধ করা, যে কীভাবে আমােদর জীবনে বাইবেল প্রয়োগ করা যায়। ঈশ্বর এই প্রার্থনার উত্তর িদেত পারেন। যেহেতু আমরা ধর্মগ্রন্থ েথেক শুনি এবং প্রচারক ও শিক্ষকেদর কথা শুনি এবং শাস্ত্রেও সহোভাগিতা করি। তাই ঈশ্বর আমােদর বাইবেল অধ্যয়ন এবং প্রার্থনার নিজস্ব সময় কাটানোর মাধ্যমে এই প্রার্থনার উত্তর িদেত পারেন।
  - প্রলোভন প্রত্যাখ্যান করতে সাহায্য করার জন্য আপনি কোন পাঁচটি শাস্ত্রপদ ব্যবহার করতে পারেন?
  - আমরা কি কখনও সেই জায়গায় যেতে পারি যেখানে আমরা বাইবেলটি যেথষ্ট ভালোভাবে জানি যে আমােদর আর এটি অধ্যয়নের প্রয়োজন না হয়? কেন অথবা কেন নয়?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথেক পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসােথ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠ শিরোনাম: ৬১ যীশুর প্রথম শিষ্যরা

পাঠের শাস্ত্রাংশ: লূক ৫:১-১১

সহায়ক শাস্ত্রাংশ: যিশাইয় ৬:১-১১

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** সচেতন থাকুন যে, যীশু একাই নিজে নিজে পরিচযার্র কাজ এগিয়ে নেননি। যীশু তাঁর চারপাশে ১২ জন শিষ্যকে বেছে নিয়েছিলেন যাদের তিনি পরামর্শ দিয়ে পরিচালনা দিতেন ।
- **হৃদয়:** যীশুকে অনুসরণ করার জন্য আপনি কী কী ছেড়ে দিতে ইচ্ছুক তা বোঝার চেষ্টা করুন।
- **হাত:** যীশুর সুসমাচার এমন লোকেদের সাথে সহভাগীতা করা প্রয়োজন যেন, "মানুষের ধরার" উপায়গুলির খুঁজে পেতে পারেন।

একটি পদে পাঠের শিক্ষা সকলে চমৎকৃত হইয়াছিলেন; আর সিবদিয়ের পুত্র যাকোব ও যোহন, যাঁহারা শিমোনের অংশীদার ছিলেন, তাঁহারাও সেইরূপ চমৎকৃত হইয়াছিলেন। তখন যীশু শিমোনকে কহিলেন, ভয় করিও না, এখন অবধি তুমি জীবনার্থে মানুষ ধরিবে, (লূক ৫:১০ খ)।

পাঠের সার সংক্ষেপ যীশু জানতেন যে, তাঁকে পৃথিবীতে পাঠানো হয়েছিল ঈশ্বর সম্বন্ধে লোকেদের বলার জন্য। যখন তিনি বিভিন্ন স্থানে যেতেন এবং ঈশ্বর সম্পর্কে প্রচার করতে প্রস্তুত ছিলেন, তখন তিনি কিছু লোককে তাঁর সাথে যাওয়ার জন্য বেছে নিয়েছিলেন। যীশু গালীল সাগরে গিয়ে পিতর ও তার ভাই আন্দ্রিয়কে মাছ ধরতে দেখলেন। যীশু তাদের ডেকে বললেন, "এসো, আমার অনুসরণ করো, এবং আমি তোমাদেরকে মানুষ ধরার জেলে বানাবো" (ঘ৩ঠ)। যখন তিনি এই কথা বলেছিলেন, তখন যীশু বুঝিয়ে ছিলেন, তিনি চেয়েছিলেন যে তারা মাছ ধরা বন্ধ করে, ঈশ্বরের জন্য মানুষ ধরা শুরু করুক! পিতর এবং আন্দ্রিয় তাদের মাছ ধরার জাল ফেলে রেখে যীশুকে অনুসরণ করলেন। যীশু, পিতর এবং আন্দ্রিয়কে নিয়ে আরও দূরে হেঁটে গেলেন এবং সিবিদীয়ের ছেলে যাকোব ও যোহনকে তাদের নৌকায় মাছ ধরতে দেখলেন। যীশু তাদের ডাকলেন, এবং পিতর এবং শিমোনের মতো তারাও যীশুর অনুসরণ করল। যীশু তাঁর শিষ্য হওয়ার জন্য আরও আটজনকে বেছে নিয়েছিলেন: ফিলিপ, বর্থলময়,থোমা,মথি,আলফেয়ের ছেলে যাকোব, থদ্দেয়,মৌলবাদী শিমোন, যিহূদা ইস্কারিয়োৎ।



ছবি থেকে শেখা:

- ১. **গিনেষরৎ হ্রদ (গালীল সাগর নামেও পরিচিত)** হল ইস্রায়েলের বৃহত্তম জলাশয়। যীশু যখন সাগরের পাশ দিয়ে হাঁটছিলেন এবং ঈশ্বরের বাক্য শিক্ষা দিচ্ছিলেন তখন লোকেরা তাঁর চারপাশে জড়ো হয়েছিল।
- ২. **শিমোন পিতর এবং তার ভাই আন্দ্রিয় মাছ** ধরার একটি হতাশাজনক রাতের পরে তাদের জাল ধুয়ে রাখছিলেন কারণে যেখানে তারা কোন মাছ পাননি।
- ৩. **যীশু** তাদের নৌকার পাশ দিয়ে হেঁটে যাচ্ছিলেন যখন তারা তাদের জাল ধুচ্ছিল এবং মাছ ধরা বন্ধ করতে এবং মানুষের ধরার জন্য তাঁর সাথে যোগ দিতে আহ্বান জানায়। যীশু পরিত্রাণের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে একটি স্থায়ী সম্পর্কের জন্য লোকেদের আনার কথা বলছিলেন। পিতর এবং আন্দ্রিয় যীশুর কথা শুনেছিলেন এবং তাদের জাল এবং ব্যবসা ছেড়ে দিয়েছিলেন এবং যীশুর শিষ্য হয়েছিলেন।

পাঠ প্রসঙ্গ শয়তানের প্রলোভন সফলভাবে প্রত্যাখ্যান করার পর যীশু তার পরিচর্যা কাজ শুরু করেছিলেন। যীশুর পরিচর্যায় সব লোকেদের প্রতি ঈশ্বরের ভালবাসা এবং ঈশ্বরকে এবং অন্যদেরকে তাদের ভালবাসার গুরুত্ব সম্পর্কে বলা ছিল। যীশুর পরিচর্যার কিছু অংশে তিনি তাঁর “শিষ্যদের” বেছে নিয়েছিলেন। যীশুর "শিষ্যরা” যীশুর সাথে বিভিন্ন জায়গায় গিয়েছিলেন এবং তারা শুধু যীশুর শিক্ষা শুনেননি, বরং তাঁর অলৌকিক কাজগুলি দেখেন এবং যীশুর দ্বারা পরামর্শও পেয়েছিলেন।

যীশু শিমোন পিতরকে এবং তার ভাই আন্দ্রিয়কে তাঁর শিষ্য হওয়্যার জন্য তাদের পেশা, বাড়ি ও নিজেদের পরিবার ছেড়ে যাওয়ার আমন্ত্রণ জানিয়েছিলেন। আমরা জানি না কেন যীশু এই লোকদেরই শিষ্য হিসেবে বেছে নিয়েছিলেন। সমগ্র সুসমাচার জুড়ে শিষ্যরা যীশুর প্রকৃতি এবং লক্ষ্য সম্পর্কে বোঝার চেষ্টা করেছিল এবং ব্যর্থ হয়েছিলেন। তা সত্ত্বেও, যীশু তাদের পরিচালনা ও শিক্ষা দিয়েছিলেন।

লূক সুসমাচারে উল্লেখ রয়েছে শিমোন পিতর এবং আন্দ্রিয় দুই ভাই মাছ ধরতে গিয়ে মাছ না পাওয়ার হতাশাজনক রাতের পরে যীশুর শিক্ষা শুনেছিলেন। যীশুর শিক্ষা শোনার পর, যীশু তাদের দেখানোর জন্য একটি অলৌকিক কাজ করেছিলেন এবং বুঝাতে চেয়েছিলেন যে তিনি কেবল অন্য ধর্মীয় শিক্ষকদের মত ছিলেন না। এইরকম একজন পবিত্র ব্যক্তির এত ঘনিষ্ঠ হওয়াতে পিতর খুবই বিনীত হয়েছিলেন এবং ভয়ও পেয়েছিলেন।

যীশু পিতরকে সান্ত্বনা দিয়েছিলেন এবং তারপর পিতরকে তাঁর শিষ্যদের একজন হওয়ার জন্য আহ্বান করেছিলেন।

পরবতীর্ পাঠ্য: (আরো পটভূমির তথ্যের জন্য পাঠ # ৪৬ দেখুন) যীশুর প্রতি পিতরের প্রতিক্রিয়া ,স্বর্গে থাকার বিষয়ে তাঁর দৃষ্টিভঙ্গি, যিশাইয়ের প্রতিক্রিয়্যার সাথে খুব মিলে যায় (পাঠ ৪৬)। উভয়ই ঈশ্বরের পরাক্রমশালী শক্তির সাক্ষী, উভয়েই সেই শক্তির ভয়ে ভীত, উভয়েই স্বীকার করে যে তারা অন্য পাপীদের সাথেই বাস করে এমন পাপী। তাদের প্রতি ঈশ্বরের প্রতিক্রিয়াও একই রকম। উভয় ক্ষেত্রেই, যিশাইয় এবং পিতরকে সান্ত্বনা দেওয়া হয় এবং তারপর ঈশ্বরের জন্য পরিচর্যা করতে বলা হয়।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবাােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** যীশু জানতেন যে, তিনি স্বর্গে ফিরে যাওয়্যার পরে তাঁর পরিচর্যা চালিয়ে যাওয়ার জন্য শিষ্যদের একটি দলকে পরামর্শ দিতে হবে। এই শিষ্যদের যীশুকে অনুসরণ করার জন্য সবকিছু ছেড়ে যেতে হয়েছিল। তারা যীশুর অলৌকিক কাজগুলি দেখেছিল, তাঁর শিক্ষাগুলি শুনেছিল এবং দেখেছিল যে তিনি কীভাবে ধর্মীয় নেতাদের সাথে সংঘর্ষ পরিচালনা করেছিলেন। যদিও এই শিষ্যরা প্রায়ই যীশু এবং তাঁর মিশনকে ভুল বুঝেছিল, যীশু কখনই তাদের ছেড়ে দেননি। তিনি জানতেন যে, তিনি স্বর্গে ফিরে আসার পরে পবিত্র আত্মা তাদের পূর্ণ করবেন এবং তারপরে তারা অবশেষে যীশুর পরিচর্যা এবং মিশন বুঝতে পারবে।
    - আপনি কেন মনে করেন যে, পিতর এবং তার ভাই এত তাড়াতাড়ি সবকিছু ছেড়ে শিষ্য হওয়ার জন্য যীশুর আহ্বান মেনে নিলেন?
    - আপনার জন্য যীশু খ্রীষ্টের শিষ্য হওয়ার অর্থ কী?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** যীশু নিখুঁত লোকদেরকে তাঁর শিষ্য হতে বলেন না। কিন্তু, তিনি এমন লোকেদের ডাকেন যারা শিখতে ইচ্ছুক এবং যীশুর মতো হয়ে উঠতে ইচ্ছুক। একজন শিষ্য হওয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল যীশুকে আপনার জীবনে প্রথমে রাখা। এর মানে হল আমাদের জীবনের জন্য যীশুর শিক্ষা এবং ইচ্ছার প্রতি বাধ্য হওয়া। এর অর্থ হল এমন কিছু ছেড়ে দেওয়া যা আপনাকে বিভ্রান্ত করে বা আপনাকে যীশুকে ভালবাসতে এবং অন্যদের ভালবাসাতে বাধা দেয়।
    - যীশুর শিষ্য হওয়ার জন্য আপনি কী ত্যাগ করতে ইচ্ছুক?
    - আপনি কি মনে করেন যীশু পিতরের হৃদয়ে কী দেখেছিলেন যার জন্য তিনি পিতরকে তাঁর শিষ্যদের একজন হতে ডেকেছিলেন?
- **হ্স হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** ঈশ্বর সমস্ত খ্রীষ্টিয়ানদের "মানুষের ধরার জেলে" বলে ডাকেন। ঈশ্বর কিছু মানুষকে পুরোহিত এবং চার্চের নেতা হতে আহ্বান জানান। ঈশ্বর অন্যদেরকে তাদের বর্তমান চাকরি ও বাড়িতে থাকতে এবং সেখানে যীশুর সাক্ষী হতে আহ্বান করেন। আপনি কোথায় থাকেন বা আপনার কোন ধরনের চাকরি আছে তা বিবেচ্য নয়, সমস্ত খ্রীষ্টিয়ান প্রেমের জীবন বেছে নিতে পারে এবং যীশুর প্রেম সম্পর্কে অন্যদের সাথে সুসমাচারের কথা বলতে পারে। যখন আমরা অন্যদেরকে যীশুর ভালবাসা এবং তাদের প্রতি ভালবাসার মডেল সম্পর্কে বলি, তখন আমরা
    - ঈশ্বর তাদের ভালোবাসেন এবং তাদের পাপ ক্ষমা করতে চান তা বিশ্বাস করার জন্য আপনার সম্প্রদায়ের লোকেদের সবচেয়ে বেশি কী দেখা বা শোনা উচিত বলে আপনি মনে করেন?
    - আপনার জীবনে এমন কেউ আছেন যার কাছে আপনি ঈশ্বরের প্রেম সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠ শিরোনাম: ৬২ পক্ষাঘাতগ্রস্থ রোগী সুস্থ হল

পাঠের শাস্ত্রাংশ: মার্ক ২:১-১২

সহায়ক শাস্ত্রাংশ: যিশাইয় ৩৫

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বিশ্বাস করুন যে, যীশুই ঈশ্বরের পুত্র, যার পাপ ক্ষমা করা এবং অলৌকিক কাজ করার ক্ষমতা রয়েছে।
- **হৃদয়:** আনন্দ করুন যে, যীশু আমাদের আত্মা এবং আমাদের দেহ উভয়ের বিষয়েই চিন্তিত। ঈশ্বর উভয়ই সৃষ্টি করেন এবং তাই উভয়কেই মূল্যবান হিসেবে দেখেন।
- **হাত:** প্রয়োজনে অন্যদের সাহায্য করার জন্য প্রস্তুত থাকুন। অবশ ব্যক্তির বন্ধুরা তার সুস্থতার জন্য, তাদের শারীরিক সাহায্য এবং তাদের বিশ্বাসের কারণে তাকে সুস্থ হতে নিয়ে গিয়েছিলেন।

একটি পদে পাঠের শিক্ষা তৎকালে খঞ্জ হরিণের ন্যায় লম্ফ দিবে, ও গোঙ্গাদের জিহ্বা আনন্দগান করিবে; কেননা প্রান্তরে জল উৎসারিত হইবে, ও মরুভূমির নানা স্থানে প্রবাহ হইবে, যিশাইয় ৩৫:৬।

পাঠের সার সংক্ষেপ যীশু কফরনাহূম শহরে গেলেন । এই জায়গাটিকেই তিনি তার বাড়ি বলে ডেকেছিলেন। অনেক লোক যীশুকে দেখতে চেয়েছিল, কিন্তু লোকজন এত বেশি ছিল যে ,তিনি যখন প্রচার করছিলেন তখন অনেককেই বাড়ীর বাইরে দাঁড়িয়ে থাকতে হয়েছিলেন। সেখানে চারজন লোক ছিল যারা শুনেছিল যে যীশু কফরনাহূমে আছেন। এই লোকদের একজন বন্ধু ছিল যে হাঁটতে পারত না কারণ জন্ম থেকেই পক্ষাঘাতগ্রস্থ বা অবশ ছিলেন। তাই তারা লোকটিকে তুলে যীশুর কাছে নিয়ে গেলেন। তারা জানত যে যীশুই একমাত্র ব্যক্তি যিনি তাদের বন্ধুকে সুস্থ করতে পারেন। যখন তারা লোকটিকে উপর থেকে ঘরে যীশুর সামনে নামিয়ে দিল। যীশু জানতেন এই লোকটির বন্ধুদের বিশ্বাস ছিল যে তিনি তাদের বন্ধুকে সুস্থ করতে পারেন। যীশু পক্ষাঘাতগ্রস্ত ব্যক্তিটিকে বলেছিলেন যে তার পাপ ক্ষমা করা হয়েছে। তারপর যীশু তাকে উঠতে বললেন এবং তিনি যে মাদুরে শুয়েছিলেন তা তুলে নিতে বললেন। এবং তিনি তাই করেছিলেন ! লোকটি আবার হাঁটতে পারেছিল! যীশু সেই পক্ষাঘাতগ্রস্থ ব্যক্তিকে সুস্থ করেছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **পক্ষাঘাতগ্রস্থ মানুষ।** কফরনাহূমে একজন পক্ষাঘাতগ্রস্থ লোক বাস করত। তার চার বন্ধু শুনেছিল যে যীশু শহরে এসেছেন, এবং তারা বিশ্বাস করেছিল যে যীশু তাদের বন্ধুকে সুস্থ করতে পারেন। কিন্তু, যীশুর চারপাশে ভিড় অনেক বেশি ছিল ,তাই তারা তাদের বন্ধুকে যীশুর সামনে নিতে পারছিল না।
- ২. **বিশ্বাসের বন্ধু।** চার বন্ধু লোকদের ভীড়কে তাদের বন্ধুকে যীশুর সামনে নিতে বাধার কারণ হতে দেয়নি। তারা যীশু যে বাড়িতে ছিলেন তার ছাদটির এক অংশ খুলতে শুরু করলেন এবং ছাদের কিছু অংশ যথেষ্ট বড় ফাঁক করা হলে, তারা তাদের বন্ধুকে তার মাদুরের উপর করে যীশুর সামনে নামিয়ে দিল।
- ৩. **যীশু।** যীশু যখন দেখলেন যে, এই ব্যক্তির বন্ধুরা তাকে যীশুর কাছে নিয়ে যাওয়ার জন্য কতটা চেষ্টা করছেন, তখন তিনি এটাও জানতেন তাদের অনেক বিশ্বাস রয়েছে। অতএব, যীশু এই পক্ষাঘাতগ্রস্থ ব্যক্তিকে বলেছিলেন, তার পাপ ক্ষমা করা হয়েছে। কিছু ধর্মীয় নেতারা এতে বিরক্ত হয়েছিলেন যে, যীশু বিশ্বাস করেছিলেন যে তিনি পাপ ক্ষমা করতে পারেন। শুধুমাত্র ঈশ্বরই পাপ ক্ষমা করতে পারেন, এবং তারা যীশুকে ঈশ্বর বলে বিশ্বাস করেনি। যীশু জানতেন তারা কি ভাবছিল। তাদের কাছে প্রমাণ করার জন্য যে তার পাপ ক্ষমা করার ক্ষমতা রয়েছে, তিনি পক্ষাঘাতগ্রস্থ লোকটিকে বললেন, "ওঠো এবং বাড়িতে যাও।" সঙ্গে সঙ্গে লোকটি উঠে দাঁড়াল, তার মাদুর তুলে নিয়ে বাড়ির দিকে হাঁটতে শুরু করল। যীশু তাকে সুস্থ করেছিলেন!

পাঠ প্রসঙ্গ কিছুকাল প্রস্তুতি নেওয়ার পরে (তার বাপ্তিস্ম, তার পরীক্ষা, শিষ্যদের আহ্বান) যীশু সম্পূর্ণরূপে তার পরিচর্যায় নিযুক্ত হয়েছিলের। তার পরিচযার্ শিক্ষা এবং সুস্থতা প্রদানকে কেন্দ্র করে ছিল। যীশুর খ্যাতি খুব দ্রুত ছড়িয়ে পড়েছিল, এবং একজন অবশ রোগীর কিছু বন্ধু বিশ্বাস করেছিল যে, তারা যদি তাদের বন্ধটুকে যীশুর কাছে নিতে পারে তবে যীশু অবশ্যই তাকে সুস্থ করবেন। বন্ধুরা যীশুর প্রতি তাদের প্রচন্ড বিশ্বাস এবং তাদের বন্ধুর প্রতি তাদের গভীর ভালবাসা এই উভয় দিকেরই প্রমাণ রেখেছিল এই ঘটনাটির মাধ্যমে।

আশ্চর্যজনকভাবে, যীশু সিদ্ধান্ত নিয়েছিলেন, লোকটিকে এখনই সুস্থ করার পরিবর্তে, প্রথমে তার পাপ ক্ষমা করবেন। এই লোকটির পাপ ক্ষমা করার পরে, ভিড়ের মধ্যে কেউ কেউ অভিযোগ করতে শুরু করে। তারা সেখানে একজন মহান শিক্ষকের শিক্ষা শোনার জন্য এবং হয়তো অলৌকিক কাজ

দেখতেও গিয়েছিলেন। যাইহোক, যীশু একজন শিক্ষক বা অলৌকিক কাজ করতে পারা লোকের চেয়েও বেশি কিছু করতে পারেন। শুধুমাত্র ঈশ্বরই পাপ ক্ষমা করতে পারেন, এবং তাই ভিড়ের মধ্যে কিছু ধর্মীয় নেতারা শিক্ষক একে অপরের কাছে অভিযোগ করলেন যে যীশু ভুল শিক্ষা দিচ্ছেন। ঈশ্বরনিন্দার ব্যাপারটি হল নিজেকে ঈশ্বর বলে দাবি করা কিংবা ঈশ্বর সম্পর্কে এমন কিছু দাবি করা যা সত্য নয়।

যীশু জানতেন যে তারা তার সম্পর্কে অভিযোগ করছে এবং যীশু তাদের মুখোমুখি হলেন। তারা একজন অলৌকিক কাজ করতে পারে এমন ব্যক্তিকে দেখতে এসেছিল, কিন্তু যীশু একজন অলৌকিক কাজ করা লোকের চেয়েও অনেক বেশি কিছু করেছিলেন। পাপ ক্ষমা করা এমন কিছু যা একমাত্র ঈশ্বরই করতে পারেন। তাই, ধর্মীয় নেতারা কাছে প্রমাণ করার জন্য যে তিনি সত্যিই ঈশ্বরের পুত্র, তিনি অলৌকিকভাবে লোকটিকে সুস্থ করেছিলেন। এতে সবাই (বাদ যাবে) অবাক হয়ে গেল।

পরবর্তী পাঠ্য: যিশাইয় আসন্ন মশীহের পরিচর্যা কাজ সম্বন্ধে ভবিষ্যদ্বাণী করেছিলেন। লোকেরা যেভাবে মশীহকে চিনতে সক্ষম হবে তার একটি অংশ হল তিনি অলৌকিক কাজ করবেন। বিশেষত ৬ অধ্যায়ে, আমরা দেখি যে খোঁড়া একজন একটি হরিণের মত লাফিয়ে উঠবে, এই অবশ ব্যক্তির সুস্থতায় একটি ভবিষ্যদ্বাণী পূর্ণ হয়েছিল।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: ৩৩. যীশু. যীশু খ্রীষ্ট ত্রিত্বের দ্বিতীয় ব্যক্তি। যদিও খ্রীষ্টিয়ানরা সাধারণত ঈশ্বরের কথা বলে, ত্রিত্বের প্রথম ব্যক্তি ও সৃষ্টিকর্তা হিসেবে এবং খ্রীষ্টিয়ানরা সাধারণত যীশুকে মুক্তিদাতা বলে। যখন মানুষ কেবল পাপেই পড়েনি, কিন্তু পুরাতন নিয়মের প্রদত্ত আইনের মাধ্যমে সত্যিকারের হৃদয় দিয়ে ঈশ্বরের সেবা করতে অক্ষম প্রমাণিত হয়েছিল, তখন ঈশ্বর সত্যিকারের পরিত্রাণের পথ প্রদান করতে যীশু খ্রীষ্ট হিসাবে পৃথিবীতে এসেছিলেন। যীশু খ্রীষ্টের মধ্যে ঐশ্বরত্ব এবং মনুষ্যত্ব দুটি স্বভাবই ছিল। ঈশ্বরের ইচ্ছা, তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের প্রতি যীশুর আনুগত্যের মাধ্যমে, ঈশ্বর তাঁর ক্রুশবিদ্ধ হওয়ার সময় যীশুর উপর পাপের সমস্ত ভার দিয়েছিলেন। অনুতাপ এবং যীশু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে, মানুষ তাদের পাপের জন্য ক্ষমা পায়।

- **মাথা:** এটা আপনাকে ঈশ্বরের প্রকৃতি সম্পর্কে কী বলে যে যীশু স্বেচ্ছায় পৃথিবীতে এসেছিলেন পাপী মানবতার জন্য মরতে?
- **হৃদয়:** যীশুকে জানলে আপনি যে সমস্ত ধরণের প্রলোভনের মুখোমুখি হয়েছিলেন তা কীভাবে আপনাকে ঈশ্বরের শক্তি এবং প্রেমে বিশ্বাস করতে সাহায্য করে?
- **হাত:** আপনি কীভাবে অন্যদের কাছে যীশুর ভালবাসার সত্যতা প্রদর্শন করতে পারেন?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;

- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** যে কেউ নিজেকে মশীহ দাবি করতে পারে। ব্যক্তিটি সত্যিই মশীহ কিনা তা কেউ কীভাবে বুঝবে ? ঈশ্বর পুরাতন নিয়মে মশীহ সম্পর্কে ভবিষ্যদ্বাণী দিয়ে পূর্ণ করেছেন। অতএব, আমরা জিজ্ঞাসা করতে পারি, "এই ব্যক্তি যে মশীহ বলে দাবি করছে সে কি সেই ভবিষ্যদ্বাণীগুলি পূরণ করে?" যীশু করেন। দ্বিতীয়ত, আমরা জিজ্ঞাসা করতে পারি, "এই ব্যক্তি কি অলৌকিক কাজ করতে পারে যা শুধুমাত্র ঈশ্বরই করতে পারেন?" আবার, যীশু এমন অলৌকিক কাজ করেছিলেন যা তার আগে কেউ করেনি। যীশু জানতেন যে, নাসারতের কাউকে মশীহ বলে বিশ্বাস করা মানুষের পক্ষে কঠিন হবে। অতএব, তিনি কেবল ঈশ্বর সম্বন্ধে শিক্ষা দেননি, তিনি তাঁর শিক্ষার পাশাপাশি অলৌকিক কাজও করেছিলেন। এই অনুচ্ছেদে, আমাদের দুটি অলৌকিক ঘটনা রয়েছে, একটি অন্যটির চেয়ে অনেক কঠিন। অবশ লোকটির আরোগ্য দেখে মানুষ বিস্মিত হয়েছিল। কিন্তু , এটির চেয়ে বড় হল যীশুর তার পাপগুলি ক্ষমা করেছিলেন যা ছিল সবচেয়ে বড় অলৌকিক ঘটনা।
    - আপনি কি মনে করেন যে এই বন্ধুরা যীশুর প্রতি এতটা বিশ্বাস করেছিল যে তারা তাদের বন্ধুকে তাঁর কাছে পেতে এই সমস্ত কঠিন কাজ করেছিল?
    - অনেকে যীশুর অলৌকিক ঘটনা দেখেছেন কিন্তু বিশ্বাস করেননি যে তিনিই মশীহ। অলৌকিক ঘটনা প্রত্যক্ষ করার পরও তারা বিশ্বাস করতে অস্বীকার করল কেন?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** ঈশ্বর জানেন আমাদের উভয় শারীরিক এবং আধ্যাত্মিক চাহিদা রয়েছে। শেষ পর্যন্ত, আমাদের আধ্যাত্মিক চাহিদাগুলি সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ আমাদের আত্মা চিরকালের এবং এই পার্থিব দেহ অস্থায়ী। কিন্তু আমাদের শরীর এখনও ঈশ্বরের কাছে খুবই গুরুত্বপূর্ণ। ঈশ্বর সর্বদা শারীরিক সুস্থতার জন্য আমাদের প্রার্থনার উত্তর নাও দিতে পারেন যেমন আমরা চাই, তবে, আমরা জানি যে আমাদের আত্মা সর্বদা ঈশ্বরের কাছে নিরাপদ। পরিশেষে, যখন আমরা ঈশ্বরের সম্মুখীন হই, তখন আমাদের সম্পূর্ণরূপে সুস্থ করার ঈশ্বরের ইচ্ছা সম্পূর্ণরূপে পূর্ণ হবে।
    - পৃথিবীতে থাকাকালীন যীশু যে সমস্ত শারীরিক সুস্থতার কাজ করেছিলেন তার কথা শুনে খুব ভালো লাগে, কীভাবে যীশু আমাদের কাছে তাঁর শক্তি প্রমাণ করেন এবং যেকারনে এখন তিনি স্বর্গে ফিরে গিয়েছেন?
    - কোন উপায়ে আমাদের শরীর প্রথম স্থানের ঈশ্বরের একটি অলৌকিক ঘটনা?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** আপনি কি একজন বিশ্বস্ত বন্ধু? আপনি কি আপনার পরিবারের সদস্যদের, আপনার সমাজের বন্ধুদের, আপনার চার্চের বন্ধুদের সাহায্যের প্রয়োজন হলে তাদের সাহায্য করেন? কখনও কখনও তাদের শারীরিক সাহায্যের প্রয়োজন হয়, যেমন এই পক্ষাঘাতগ্রস্থ লোকটির হয়েছিল, তবে অন্য সময় কেবল তাদের সাথে প্রার্থনা করার, তাদের সাথে দঃখ ভাগ করে নেওয়ার ও তাদের উৎসাহিত করার জন্য কারও প্রয়োজন হয়।
    - বিশ্বস্ত বন্ধুরা আমাদের ঈশ্বরকে আরও সম্পূর্ণরূপে জানতে সাহায্য করতে পারে এমন কিছু উপায় কী কী?

- অন্যদের একজন বিশ্বস্ত বন্ধু হতে আপনি এই সপ্তাহে তিনটি জিনিস কী করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠ শিরোনাম: ৬৩ যীশু নীকদীমকে শিক্ষা দেন

পাঠের শাস্ত্রাংশ: যোহন ৩:১-২১

সহায়ক শাস্ত্রাংশ: যিহিষ্কেল ৩৬:২২—২৯

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বিশ্বাস করুন যে, ঈশ্বর যীশুকে এই পৃথিবীতে পাঠিয়েছেন অনন্ত জীবনের পথ প্রদান করার জন্য। যীশু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে ঈশ্বর খ্রীষ্টিয়ানদের ক্ষমা করেন এবং এর ফলে খ্রীষ্টিয়ানরা আবার নতুনভাবে জন্মগ্রহণ করে।
- **হৃদয়:** স্বীকার করুন, পরিত্রাণ পেতে, খ্রীষ্টিয়ানদের তাদের অন্তরে বিশ্বাস করতে হবে যে যীশু খ্রীষ্ট ঈশ্বরের একমাত্র পুত্র।
- **হাত:** ঈশ্বর আপনার জন্য এবং যারা যীশু খ্রীষ্টকে তাদের প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে বিশ্বাস করবে তাদের জন্য মহান পরিত্রাণ সাধন করেছেন সে জন্য আনন্দ করুন।

একটি পদে পাঠের শিক্ষা কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার এক জাত পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়, যোহন ৩:১৬

পাঠের সার সংক্ষেপ নিকোদীম একজন ফরীশী ছিলেন। ফরীশীরা ছিল এমন ব্যক্তি যারা শাস্ত্র জানত এবং অন্য লোকেদের কাছে সেগুলো শিক্ষা দিত। যখন ফরীশীরা যীশুর সাথে দেখা করেছিল, তারা বিশ্বাস করেছিল যে, তিনি একজন শিক্ষাগুরু ছিলেন, ঈশ্বরের পুত্র নন। কিন্তু, নিকোদীম খুব কৌতূহলী হয়ে উঠলেন। তিনি যীশু নামের এই ব্যক্তির সম্পর্কে আরও জানতে চাইলেন। একদিন রাতে, নিকোদীম যীশুকে দেখতে গেলেন। নিকোদীম জানতেন যে, ঈশ্বর যীশুর সাথে ছিলেন, কিন্তু তিনি নিশ্চিত ছিলেন না যে, যীশু যা শিক্ষা দিচ্ছেন তা বিশ্বাস করা উচিত কিনা। যীশু নিকোদীমকে বলেছিলেন যে স্বর্গে যেতে হলে তাকে নতুন করে জন্ম নিতে হবে। নিকোদীম বুঝতে পারেননি যে যীশুর বলা এই পুনর্জন্মের অর্থ কী। যীশু চেয়েছিলেন, নিকোদীম বুঝতে পারুক যে স্বর্গে যেতে কেবল বাইবেল জানার চেয়ে আরও বেশি কিছু লাগে। একজন ব্যক্তিকে তার পাপের জন্য ঈশ্বরের কাছে ক্ষমা চাইতে হবে এবং ঈশ্বরকে তার জীবনে গ্রহণ করতে হবে। নিকোদীম যীশুকে কাছ থেকে চলে যাবার পর যীশু যা বলেছিলেন তা নিয়ে চিন্তা করলেন।



ছবি থেকে শেখা:

- ১. **রাতে।** নিকোদীম, একজন ইহুদি নেতা ছিলেন, তিনি রাত্রে যীশুকে কিছু বিষয়ে প্রশ্ন করে উত্তর পাবার জন্য তার কাছে গেলেন। তিনি রাতে গিয়েছিলেন কারণ তিনি ভয় পেয়েছিলেন। কারন তিনি চাননি যে, তিনি যীশুর সংগে কথা বলছেন এটা অন্যরা দেখুক। অন্যদিকে, যীশু হয়তো দিনের বেলায় অন্যদের শিক্ষা দিতে খুব ব্যস্ত ছিলেন, তাই এই ইহুদি নেতার জন্য যীশুর সাথে কথা বলার জন্য রাতেই সময় নিতে হয়েছিল।
- ২. **নিকোদীম** তার সমাজের একজন অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি ছিলেন। তিনি একজন ফরীশী ছিলেন, যার অর্থ তিনি পুরাতন নিয়মে পাওয়া সমস্ত আইন অনুসরণ করতে খুব সতর্ক ছিলেন। তিনি 'যিহুদি শাসক' পরিষদেরও সদস্য ছিলেন, যার অর্থ তিনি সমাজের জন্য যিহুদী ধর্মীয় অনুশাসনের বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করতেন। বেশিরভাগ ফরীশীরা যীশুকে মশীহ বলে বিশ্বাস করেনি, কারণ তিনি পুরাতন নিয়মের সমস্ত আইন সেভাবে পালন করেননি, যেভাবে ফরীশীরা মনেকরত যে ইস্রায়েলীয়দের করা উচিত। তবে যাইহোক, তারা এটার কোন ব্যাখ্যা খুজে পাইনি, যীশু সঠিকভাবে যিহুদী আইনগুলি অনুসরণ না করেও কিভাবে এমন শক্তিশালী অলৌকিক কাজ করতে পারতেন।
- ৩. **যীশু** নিকোদীমকে অনেক গুরুত্বপূর্ণ আধ্যাত্মিক সত্য শিখিয়েছিলেন। তিনি নিকোদীমকে বলেছিলেন যে, পুরাতন নিয়মের শত শত আইন আপনি কত ভাল করে পালন করেন তার উপর ঈশ্বরের সাথে আপনার সম্পর্ক নির্ভর করে না, বরং যদি আপনি যীশু খ্রীষ্টকে ঈশ্বরের একমাত্র পুত্র বলে বিশ্বাস করেন তবে তার মাধ্যমে সেটি সম্ভব। যীশুর দেওয়া সমস্ত বিস্ময়কর শিক্ষা এবং তিনি যে অলৌকিক কাজ করেছিলেন তার জন্য নিকোদীম এবং অন্য সকলের এটা বিশ্বাস করা উচিত ছিল। যদিও যীশুতে বিশ্বাস করার বিষয়ে নিকদীমের মন থেকে অনেক বাঁধা আসছিল তবুও যীশু তার সাথে কথা বলতেন এবং তাকে খুব ভালোবাসতেন।

পাঠ প্রসঙ্গ যীশু যিহুদি নেতাদের প্রত্যাশিত মশীহের মতো ছিলেন না। তারা রাজা দায়ূদের মতো একজন সামরিক নেতার প্রত্যাশা করেছিল যিনি প্রতিজ্ঞাত ভূমিতে রোমানদের দখলদারিত্বের বিরুদ্ধে প্রচার করবেন এবং রোমানদের তাদের দেশ থেকে দুর করে দেওয়ার জন্য একটি যুদ্ধের নেতৃত্ব দেবেন। তারা ভেবেছিল যে, মশীহ সামরিক যুদ্ধে জয়লাভের মাধ্যমে ঈশ্বরের পরাক্রমশালী শক্তি দেখাবেন।

আসলে, যীশু এমন একজন মশীহ ছিলেন যিনি রোমান দখল থেকে যিহুদিদের বাঁচানোর বিষয়ের চেয়েও আরো বড় কাজের জন্য এসেছিলেন। মুলত তার যুদ্ধ ছিল পাপ ও মৃত্যুর বিরুদ্ধে। এছাড়া, যীশু যুদ্ধে নয়, সুস্থতার ক্ষেত্রেও ঈশ্বরের পরাক্রমশালী ক্ষমতা প্রকাশ করেছিলেন। যিহুদী নেতারা জানত না এই যীশুর সাথে কি করতে হবে। কিভাবে তিনি মশীহ হতে পারেন কোন সৈন্য ছাড়াই ? আর কিভাবে তিনি মশীহ না হয়েও এই সব বড় বড় অলৌকিক কাজ করতে পারেন?

নিকোদীম ধর্মীয় নেতাদের পক্ষ থেকে যীশুর কাছ থেকে এমন আরও কিছু জানার চেষ্টা করেছিলেন। নিকোদীমের প্রতি যীশুর উত্তর তাকে আরও বিভ্রান্ত করেছিল। মুলত যীশু তাঁর সাথে আধ্যাত্মিক বিষযে কথা বলছিলেন, কিন্তু নিকোদীম ভেবেছিলেন যীশু জাগতিক প্রেক্ষিতে কথা বলছেন।

পরবর্তী পাঠ্য: এই পাঠে যীশুর সম্পর্কে ভবিষ্যদ্বাণীর বিষয়ে বলা হয়েছে। নিকোদীমের উচিত ছিল যীশু ভবিষ্যতের বিষয়ে কি চিন্তা প্রকাশ করছেন সেটি বোঝার চেষ্টা করা। ফরীশীরা পুরাতন নিয়মের শাস্ত্রগুলি খুব ভালভাবে জানত। এই পাঠে ঈশ্বর এমন একটি সময়ের প্রতিশ্রুতি দিয়েছেন যখন ইস্রায়েলীয়রা নতুন হৃদয় এবং নতুন আত্মা পাবে। যীশুর শিক্ষা অনুসারে, এটি আক্ষরিক অর্থে নতুন হৃদয় নয়, বরং নতুন আধ্যাত্মিক হৃদয়। নিকোদীমের বোঝা উচিত ছিল যে, এই পাঠ্যের ভিত্তি হিসেবে যীশুর "নতুন জন্ম" নিয়ে আলোচনার বিষয়টি আসলে কি। যীশুর পরিচর্যায় এবং পঞ্চসপ্তমীতে পবিত্র আত্মার আগমনে ঈশ্বর যে পাঠ্য পূর্ণ করেছিলেন তাতে ঈশ্বর আরও অনেক প্রতিজ্ঞা করেন আমাদের কাছে।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: ওঢ. ন্যায্যতা, পুনর্জন্ম, দত্তক। যে মুহূর্তে একজন ব্যক্তি তাদের পাপের জন্য অনুতপ্ত হয় এবং ঈশ্বরের কাছে পরিত্রাণের জন্য প্রার্থনা করে, তখন ঈশ্বর পাপীকে রক্ষা করেন এবং পাপী সম্পূর্ণ নতুন ব্যক্তি হয়ে ওঠে। তারা আর পাপ বা বিদ্রোহ দ্বারা ঈশ্বর থেকে বিচ্ছিন্ন হয় না। কিন্তু, পরিত্রাণের ঈশ্বর তাদের সমস্ত পাপের জন্য তাদের সম্পূর্ণ ক্ষমা প্রদানের মাধ্যমে তাদের সমস্ত অপরাধ দূর করেন। দ্বিতীয়ত, তারা "পুনরায় জন্মগ্রহণ করে", তাদের জন্মের সময় উত্তরাধিকারসূত্রে পাওয়া পাপের দ্বারা তারা আর শাসিত হয় না, কিন্তু এখন ঈশ্বরের অনুগ্রহে সংরক্ষিত একজন হিসাবে পরিচালিত হয়। তৃতীয়ত, খ্রীষ্টিয়ান হিসেবে রূপান্তরিত হয়, পাপের দাসত্ব থেকে ঈশ্বরের সন্তানে পরিণত হয় । এই তিনটি কাজ একযোগে ঘটে এবং ঈশ্বর সমস্ত মানুষের জন্য সম্পূর্ণর্ পরিত্রাণের প্রতিনিধিত্ব করে।

- **মাথা:** কেন আপনি মনে করেন যে, নিকোদীম, একজন ধর্মীয় শিক্ষক হিসাবে এত ভালোভাবে প্রশিক্ষিত হয়েও, পুনরায় জন্ম নেওয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে যীশুর এই শিক্ষাটি বোঝার জন্য চেষ্টা করেছিলেন?
- **হৃদয়:** আপনি যখন শুনবেন যে ঈশ্বর আপনাকে ঈশ্বরের সন্তান হিসাবে গ্রহণ করেছেন তখন আপনার অনুভূতি কেমন হবে ?
- **হাত:** যারা ঈশ্বরের ক্ষমা তাদের জন্য সত্য বলে মনে করেন এবং এই সত্য প্রতিশ্রুতি যারা পেতে পারে, আপনি কীভাবে এমন লোকেদের সাহায্য করতে পারেন?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** যীশু শুধু একজন অলৌকিক কাজ করতে পারেন এমন লোক ছিলেন না। যীশু শুধু একজন মহান শিক্ষাগুরুও নন। যীশু হলেন মশীহ, ঈশ্বরের একমাত্র পুত্র। নিকোদীমের মতো লোকেদের পক্ষে এই সত্যটি গ্রহণ করা কঠিন ছিল, কারণ মশীহ কেমন হওয়া উচিত সে সম্পর্কে তাদের পূর্ব ধারণা ছিল। নিকোদীমের সামনে সুস্পষ্ট সত্য দেখতে সাহায্য করার আশায় যীশু সেই পূর্ব ধারণাগুলিকে চ্যালেঞ্জ করেছিলেন: যীশু হলেন মশীহ। যীশু খ্রীষ্টে বিশ্বাস করাই পরিত্রাণের একমাত্র পথ। যদিও এই অনুচ্ছেদটি নিকোদীমকে কোনো সিদ্ধান্ত না নিয়েই শেষে চলে যেতে দেখা যায়, পরে যোহনের সুসমাচারে নিকোদীম যীশুকে যারা গ্রেপ্তার করতে চায় তাদের সামনে যীশুর পক্ষে কথা বলেন (যোহন ৭:৫০-৫২)। যীশুর মৃত্যুর পর, নিকোদীম আরিমাথিয়ার যোষেফের সাথে যীশুর দেহ একটি সমাধিতে রাখতে যান। মনে হয় নিকোদীম অবশেষে বুঝতে পেরেছিলেন যে, যীশু তাকে কী শিখিয়েছিলেন।
  - কেন কিছু লোক যীশুকে প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে অবিলম্বে বিশ্বাস করে এবং অন্যরা বিশ্বাস করার আগে সময় নেয়?
  - পুনর্জন্মের পর থেকে আপনার জীবন কীভাবে পরিবর্তিত হয়েছে?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** আমরা পৃথিবীতে যা দেখি তার চেয়ে আমাদের জীবন অনেক বড়। আমাদের দেহের মধ্যেই আমাদের আত্মা চিরকাল বেঁচে থাকে। আমরা যদি আমাদের হৃদয়ে বিশ্বাস করি যীশু ঈশ্বরের একমাত্র পুত্র, তাহলে আমরা ঈশ্বরের কাছ থেকে আমাদের পাপের ক্ষমা পাব এবং স্বর্গে চিরকাল বেঁচে থাকব। যদি আমরা আমাদের হৃদয়ে বিশ্বাস করতে অস্বীকার করি যে, যীশু ঈশ্বরের পুত্র, তাহলে আমাদেরও অস্বীকার করা হবে। ঈশ্বর কাউকেই অস্বীকার করতে চান না। কিন্তু মানুষকে নিজেদের জন্য সিদ্ধান্ত নিতে হবে যে তারা যীশু খ্রীষ্টকে তাদের প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করবে কি না।
  - যীশুতে বিশ্বাস করা শুধুমাত্র আধ্যাত্মিক পরিত্রাণ নিয়ে আসে না। যীশুকে প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করার থেকে অন্য কোন সুবিধা আসে?
  - এখন একজন খ্রীষ্টিয়ান হওয়ার কারণে আপনি কোন উপায়ে আপনার জীবনে আরও আলো অনুভব করছেন?

- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** ঈশ্বর আমাদের যে মহান পরিত্রাণ প্রদান করেন তা নিয়ে আমাদের আনন্দ করা উচিত। আমরা আমাদের খ্রীষ্টবিশ্বাসী ভাই ও বোনদের সাথে উপাসনার সময়ে এই আনন্দ ভাগ করতে পারি। আমরা অন্যদের প্রতি সহানুভূতিশীল এবং প্রেমময় হয়ে আনন্দ করতে পারি। আমরা যীশুর ভালবাসায় জীবনযাপনে জন্য আনন্দ করতে পারি। যীশু আমাদের একটি নতুন জীবন দিতে পারেন যেটি আমাদের আনন্দে উপভোগ করা উচিত!
    - শুধুমাত্র যীশু আমাদের রক্ষা করেন এর মানে যে আমাদের জীবন সহজ হয়ে ওঠে তা নয়। কিন্তু কীভাবে একজন খ্রীষ্টিয়ান হওয়া আমাদের জীবনের সমস্যাগুলিকে ভিন্নভাবে পরিচালনা করে?
    - কিভাবে আপনি এই সপ্তাহে কারো সাথে যীশুর প্রেমের সুসংবাদ শেয়ার করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠ শিরোনাম: ৬৪ শমরীয় নারী

পাঠের শাস্ত্রাংশ: যোহন ৪:১-৪২

সহায়ক শাস্ত্রাংশ: ২ পিতর ৩:১-১৩

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বুঝুন যীশুর ভালবাসা এবং পরিত্রাণ লিঙ্গ, জাতি, জাতীয়তা, সামাজিক অবস্থান বা পটভূমি নির্বিশেষে প্রত্যেকের জন্য সমান।
- **হৃদয়:** খুজে দেখুন আপনার হৃদয়ে এমন কোনো বাঁধা আছে কি না যা আপনাকে ঈশ্বরের সমস্ত সন্তানদেরকে তাঁর ভালবাসা দেওয়া থেকে বিরত রাখে।
- **হাত:** ঈশ্বর আপনার জীবনে যাদের আনেন, প্রত্যেকের কাছে ঈশ্বরের ভালবাসা অবিরত ভাবে প্রকাশ করুন, কারণ আপনি কখনই জানেন না যে ঈশ্বরের সেই ভালবাসাকে ঈশ্বর তাঁর রাজ্যকে প্রসারিত করতে ব্যবহার করবেন।

একটি পদে পাঠের শিক্ষা আর তাহারা সেই স্ত্রীলোককে কহিল, এখন যে আমরা বিশ্বাস করিতেছি, তাহা আর তোমার কথা প্রযুক্ত নয়, কেননা আমরা নিজেরা শুনিয়াছি ও জানিতে পারিয়াছি যে, ইনি সত্যই জগতের ত্রাণকর্তা, যোহন ৪:৪২।

পাঠের সার সংক্ষেপ: যীশু যিহূদা ছেড়ে শমরিয় নামক স্থানে গেলেন। সেখানে যারা বাস করত তাদের বলা হত, শমরীয়। যিহুদিরা শমরীয়দের সাথে কথা বলত না কারণ তারা ভেবেছিল যে, শমরীয়রা "পরজাতি" ছিল। যীশু শমরিয়দের এলাকা দিয়ে অনেক দূরে হেটে যাচ্ছিলেন। ক্লান্ত হয়ে পড়ায় একটি কূপের পাশে বসলেন। একজন শমরীয় মহিলা সেইসময় কুয়োর কাছে এলেন জল নিতে। দেখলেন একজন কূপের ধারে বসে আছেন। যীশু শমরিয় মহিলাকে দেখে জিজ্ঞাসা করলেন যে, সে তাকে কিছু জল দিতে পারেন কিনা কারণ সে তৃষ্ণার্ত ছিল। মহিলাটি বুঝতে পারছিল না কেন যীশু তার সাথে কথা বলছেন, কারণ তিনি ছিলেন একজন যিহুদী এবং মহিলাটি ছিলেন একজন শমরীয়। কারন তখনকার দিনে যিহুদী ও শমরিয়দের সংগে কোন মেলামেশা করা যেত না। তারপর যীশু মহিলাটিকে বলেছিলেন যে তিনি তাকে "জীবন্ত জল" দিতে পারেন। তিনি জানতেন যে তিনি একজন পাপী এবং তিনি নিজেকে ভালো মনে করেন না। যীশু চেয়েছিলেন মহিলাটি জানুক যে তিনিই সেই "জীবন্ত জল" যার কথা তিনি বলছিলেন। এবং তিনি তার পাপ ক্ষমা করতে এবং তাকে খুশি করতে পারেন।



ছবি থেকে শেখা:

- ১. **শমরিয়।** যীশু ও তাঁর শিষ্যরা জেরুজালেম থেকে গালীলে যাবার পথে শমরিয়ার মধ্য দিয়ে যাচ্ছিলেন, যেখানে এমন এক গোষ্ঠির লোক বাস করত যারা যিহুদিদের সাথে মিশত না। শমরীয়রা বিশ্বাস করত না যে যিহুদিরা সঠিকভাবে ঈশ্বরের উপাসনা করে এবং যিহুদিদেরও শমরীয়দের সম্পর্কে এই একই রকম ধারণা ছিল।
- ২. **যাকোবের কূপ।** পথে যীশু যাকোবের কূপে বিশ্রাম নিতে থামলেন। এই কূপের একটা ইতিহাস আছে এমন যে, বহু বছর আগে যাকোব এই এলাকায় ফিরে এসে এষৌর সাথে মিলিত হওয়ার পরে এই কূপটি খনন করেছিলেন (আদিপুস্তক ৩৩:১৮-২০)। যীশু যখন বিশ্রাম নিচ্ছিলেন, তখন তাঁর শিষ্যরা খাবার কিনতে শহরে গেলেন।
- ৩. **শমরীয় মহিলা।** যীশু কূপের ধারে একটু বিশ্রাম নিচ্ছিলেন, এমন সময় এক শমরীয় মহিলা জল তুলতে এলো। দিনের উষ্ণতম সময়ে একজন মহিলার পক্ষে একা কূপে জল আনতে যাওয়াটা একটু অস্বাভাবিক ছিল। এর ফলে বোঝা যায় যে, তাকে সাহায্য করার মত তার কোন বন্ধু ছিল না। শমরিয় এই নারীকে উপেক্ষা করার অনেক সাংস্কৃতিক কারন ছিল যীশুর, এমন যে,
  - ক. তিনি একজন শমরিয় নারী ছিলেন এবং যীশু যিহুদি, এই দুটি দল কখনো এক হয় না।
  - খ. একদিকে এই নারীর বেশকিছু দুর্নাম ছিল এবং অন্যদিকে যীশু একটি ভিন্ন ধর্মীয় শিক্ষাগুরু।
- ৪. **যীশু।** যদিও অনেক সাংস্কৃতিক কারণ ছিল যার ফলে যীশু এই মহিলাকে উপেক্ষা করতে পারতেন, কিন্তু যীশু তার সাথে কথা বলার গুরুত্বকেই বড় করে দেখেছিলেন। যীশু এই মহিলার সাথে ঈশ্বরের ভালবাসা এবং তাকে গ্রহণ করবার বিষয়টি শেয়ার করেছিলেন। যীশু তার কাছে নিজেই প্রকাশ করেছিলেন যে, তিনিই মশীহ। যদিও যিহুদি এবং শমরীয়দের ভিন্ন ধর্মীয় বিশ্বাস এবং অনুশীলন ছিল,কিন্তু উভয় দলই বিশ্বাস করেছিল যে ঈশ্বর মশীহকে পাঠাবেন। তার প্রতি যীশুর ভালবাসা এবং ঈশ্বর সম্বন্ধে শিক্ষার দ্বারা গভীরভাবে অনুপ্রাণিত হয়ে, তিনি শহরে ফিরে যান এবং সকলকে জানান যে তিনি মশীহের সাথে দেখা করেছেন। কিছু লোক তার সাক্ষ্য থেকে যীশুকে মশীহ বলে বিশ্বাস করেছিল। অন্যান্য শহরের লোকেরা যীশুর সাথে দেখা করতে এসেছিলেন এবং তাঁর শিক্ষা শুনে তারা বিশ্বাস করেছিল যে, যীশুই মশীহ।

পাঠ প্রসঙ্গ অনেক কারণ আছে যে কারণে বিভিন্ন দলের লোক একসংগে মেলামেশা করে না। কখনও কখনও এটি হয় কারণ তারা বিভিন্ন ভাবে একে অপরের থেকে অলাদা অবস্থায় থাকে। অন্য সময়ও এটি হয় কারণ তারা বেশিরভাগ উপায়ে একই রকম মত পোষণ করে, কিন্তু শুধুমাত্র

কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে ভিন্ন মত দেয়। যিহুদি এবং শমরীয়রা বেশিরভাগ উপায়ে একই রকম ছিল, কিন্তু কিছু গুরুত্বপূর্ণ ধর্মীয় পার্থক্য ছিল যার জন্য দুটি দল একত্রিত হতে পারেনি।

এটি যিহুদি এবং শমরীয়দের একে অপরের থেকে আলাদা থাকতে পরিচালিত করেছিল। এটি যিহুদীদের জেরুজালেম এবং গালিলের মধ্যে তাদের যাত্রর সময় শমরীয়ার মধ্য দিয়ে যাওয়া এড়াাতে পরিচালিত করেছিল, যদিও শমরীয়ার মধ্য দিয়ে যাওয়া ছিল সবচেয়ে ছোট পথ। যদিও যীশুর সুসমাচার ছিল সবার জন্য। তাই, যীশু শমরিয়াকে এড়িয়ে যাওয়ার পরিবর্তে শমরিয়ার মধ্য দিয়ে যাওয়া বেছে নিয়েছিলেন। যীশু তাকে উপেক্ষা করার পরিবর্তে এই শমরীয় মহিলার সাথে কথা বলার বিষয়টি বেছে নিয়েছিলেন। যীশু শুধুমাত্র যিহুদীদের মধ্যে, তিনি যে মশীহ এই সুসমাচারে খবর রাখার পরিবর্তে এই শমরীয় নারীর সাথেও তা ভাগ করে নিয়েছিল।

ফলাফল? এই মহিলা কেবল যীশুকে মশীহ হিসাবে বিশ্বাস করেননি, তার প্রতিবেশীদের কাছে তার সাক্ষ্য দিয়েছিলেন এবং তা তাদের এত মুগ্ধ করেছিল যে, তারাও বিশ্বাস করেছিল। এই ঘটনাটি অনেকে ঘটনাগুলোর মধ্যে একটি যেখানে যীশু সমাজ থেকে "বহিষ্কৃত" হিসাবে দেখা লোকদের কাছে পৌঁছেছেন। তারা কর আদায়কারী, কুষ্ঠরোগী বা শমরীয় হোক না কেন, যীশু দেখিয়েছিলেন সুসমাচার সকল মানুষের জন্য।

পরবর্তীর পাঠ্য: ঈশ্বর চান না কেউই যীশু খ্রীষ্টের সুসমাচার গ্রহণ না করে বিনষ্ট হোক। ঈশ্বরের সুসমাচার সমস্ত মানুষের জন্য, এবং খ্রীষ্টিয়ানদের পক্ষে যতটা সম্ভব তাদের বিশ্বাস ভাগ করে নেওয়া খুবই গুরুত্বপূর্ণ, যাতে যতটা সম্ভব মানুষ যীশুর মহান পরিত্রাণে প্রবেশ করতে পারে।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** মানুষের মধ্যে সমস্ত পার্থক্যের বাইরে দেখা এবং মিল খুঁজে পাওয়া কঠিন হতে পারে। সকল মানুষের একে অপরের সাথে একটি মিল রয়েছে: আমরা সবাই ঈশ্বরের প্রিয় সৃষ্টি। আরেকটি মিল: আমরা সকলেই পাপ নিয়ে জন্মেছি এবং সকলেরই যীশুর ক্ষমা প্রয়োজন। অতএব, পার্থক্য যাই হোক না কেন, এই মিলগুলির অর্থ হল আমরা সকল মানুষকে ভালবাসি। যীশু শমরীয় মহিলার সাথে তার কথার দ্বারা এটি প্রকাশ করেন। যদিও অনেক সাংস্কৃতিক কারণ ছিল কেন যীশুর তাকে উপেক্ষা করা উচিত ছিল। যীশু জানতেন যে তার সুসমাচার প্রয়োজন। অতএব, যীশু তার সাথে একটি কথোপকথন শুরু করেছিলেন তাকে এই সুসংবাদ জানাতে যে, তিনিই মশীহ। যীশুর মতো হওয়ার জন্য আমাদের জীবনে যে সমস্ত লোক ঈশ্বর নিয়ে আসেন তাদের প্রতি ঈশ্বরের ভালবাসা দেখানো এবং তাদের সাথে সুসমাচার ভাগ করে নেওয়া, খ্রীষ্টিয়ানদের জন্য এটি অপরিহার্য কাজ।
    - কেন আপনি মনে করেন যে, মানুষের দলাদলিগুলি প্রায়শই তাদের মিলের পরিবর্তে তাদের পার্থক্যের দিকে মনোযোগ দেওয়ার কারণে হয় ?
    - এই মহিলা আশ্চর্য হয়ে গেলেন যীশু তার সাথে কথা বললেন এই বিষয়টি দেখে। আপনি হয়ত এমন লোকদের কথা বলতে পারেন যাদের সাথে কথা বললে তারা অবাক হতে পারে?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** অন্যদের ভালবাসা খুব কঠিন হতে পারে, এমনকি আমাদের সাথে খুব মিল এমন লোকেদেরকেও ভালবাসতে পারা কঠিন হতে পারে। কখনও কখনও লোকেরা অন্যদের প্রতি কুসংস্কার ও মন্দ ধারণা রাখে এবং এটি অন্যদের ভালবাসাকে আরও কঠিন করে তোলে। খ্রীষ্টিয়ানদের জীবনে যীশু তাদের হৃদয়ে একটি পরিবর্তন আনতে চান তা হল, অন্য গোষ্ঠীর প্রতি তাদের যে কোনো কুসংস্কার ধারণা তা থেকে মুক্ত করা। এটি কখনও কখনও খ্রীষ্টিয়ানদের পক্ষে গ্রহণ করা খুব কঠিন হতে পারে। যাইহোক, যীশু সকল মানুষকে ভালবাসেন এবং সকল মানুষের জন্য মৃত্যুবরণ করেন, তাই খ্রীষ্টিয়ানদের সকল মানুষকে ভালবাসতে হবে।
    - কীভাবে খ্রীষ্টিয়ানরা তাদের এবং অন্যদের মধ্যে পার্থক্যগুলিকে চিনতে পারে এবং তবুও সেই পার্থক্যগুলি তাদের সমস্ত লোককে ভালবাসা থেকে বিরত রাখতে দেয় না?
    - পাপ একজন ব্যক্তির হৃদয়ের অনেক অংশকে কলুষিত করে। কুসংস্কার ছাড়াও, যীশু একজন খ্রীষ্টিয়ানের হৃদয় থেকে মুছে ফেলতে চান এমন আরও কিছু দোষ কী কী?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** কিছু লোক এই সত্যকে গ্রহণ করবে না যে ঈশ্বর তাদের ভালোবাসেন যতক্ষণ না তারা খ্রীষ্টিয়ানদের জীবনের মাধ্যমে তাদের প্রতি সেই ভালবাসার প্রকাশ না দেখে। এছাড়া, তারা একজন খ্রীষ্টিয়ানের জীবনের মাধ্যমে ঈশ্বরের ভালবাসা প্রকাশ করতে দেখেও, তাদের জীবনে ঈশ্বরের ভালবাসাকে গ্রহণ করার জন্য দীর্ঘ সময় নিতে পারেন। এই কারণেই সর্বদা ঈশ্বরের প্রেম প্রদর্শন করা গুরুত্বপূর্ণ, কারণ আমরা কখনই জানি না যে, কে কখন আমাদের দেখছে এবং ঈশ্বরের প্রেম আমাদের কাজের মাধ্যমে দেখছে ।
    - মানুষের মধ্যে পার্থক্য কাটিয়ে ওঠার অন্যতম সেরা উপায় হল, যীশু যেমন করেছিলেন, সেইমত ভালোভাবে তাদের সাথে কথা বলা। আপনি এই সপ্তাহে কার সাথে কথা বলতে পারেন, কে আপনার থেকে আলাদা?
    - আমরা যদি কারো সাথে ঈশ্বরের ভালবাসা শেয়ার করি এবং তারা যদি এর পরেও ঈশ্বরের ভালবাসা গ্রহণ না করে তবে সেটি কি আমাদের ব্যর্থতা ? কেন বা কেন নয় ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।

- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

অনুশীলনীর শিরোনাম: ৬৫ পর্বতে দত্ত উপদেশ

অনুশীলনীর শাস্ত্রাংশ: মথি ৫:১-২০

নতুন নিয়মের শাস্ত্রাংশ: রোমীয় ৮: ১৮—৩০

অনুশীলনীর উদ্দেশ্যসমূহ:

- **মাথা:** এক্ষেত্রে সতর্ক থাকুন যে, খ্রিস্টান হিসেবে যীশুর জন্য আমাদের জীবন যাপন করার অর্থ হল উপসনা করার সময় অন্যেদর চেয়ে ভিন্নভাবে জীবন যাপন করা।
- **হৃদয়:** প্রতিদিন আপনার হৃদয় ঈশরের কাজের জন্য উন্মুক্ত রাখুন। প্রতিদিন ঈশর আপনার হৃদয়কে যীশুর হৃদয়ের মতো করে তুলতে চান।
- **হাত:** যীশু যে মূল্যবোধগুলি আর্শিবাদের দিকে নিয়ে যান তা অনুশীলন করুন। এই মূল্যবোধগুলি অনুশীলন করা সবসময় ভাল লাগবে না; যাইহোক, খ্রিস্টানরা স্বর্গীয় পুরষ্কারের জন্য বাস করছে, পার্থিব পুরস্কারের জন্য নয়।

একটি পেদ পাঠের শিক্ষা তদ্রূপ তোমাদের দীপ্তি মনুষ্যদের সাক্ষাতে উজ্জ্বল হউক্, যেন তাহারা তোমাদের সৎক্রিয়া দেখিয়া তোমাদের স্বর্গস্থ পিতার গৌরব করে। মিথ ৫:১৬।

পাঠের সারসংক্ষেপ যীশু তাঁর আশেপাশের অনেক লোকের কাছে খুব জনপ্রিয় ওয়ে ওঠেন। লোকেরা যীশুর কথা শুনতে চেয়েছিল কারণ তিনি তাদের যত্ন নিতেন এবং তাদেরকে সাহায্য করতেন। যীশু ফরীশীদের মত ছিলেন না, যারা কেবল সেই নিয়মগুলি সম্পর্কে শিক্ষা দিতেন, যা লোকেদর অনুসরণ করা উচিত বলে তারা বিশ্বাস করতেন। একিদন যীশু লোকেদর সাথে কথা বলতে যাি"ছলেন। অনেক লোক তাঁর কথা শুনতে গেল। যখন যীশু অনেক লোক ভিড় করেছে তাঁর কথা শোনার জন্য, তখন তিনি কফরনাহূমের কাছে একটি পাহাড়ে গিয়ে বসলেন। সেই লোকেরাও যীশুকে অনুসরণ করে পাহাড়ে গিয়ে বসল। যীশু অনেক সময় ধরে লোকেদর সাথে কথা বললেন। তিনি তাদের সাথে অনেক বিষয়ে কথা বললেন: তাদের একে অপরের সাথে কীভাবে আচরণ করা উচিত; কিভাবে তারা ঈশরের ভালবাসা এবং ক্ষমা সম্পর্কে অন্যেদর বলতে পারে; কিভাবে তারা দরিদ্রেদর সাহায্য করতে পারে; স্বগ সম্পর্কে; এমনকি তাদের কিভাবে প্রার্থনা করা উচিত সে সম্পর্কেও শিক্ষা দিলেন।



ছবি েথকে শেখা:

- ১. **জনতা** যীশুর শিক্ষা ও অলৌকিক কাজের কারণে তাঁকে অনুসরণ করছিল। লোকেরা প্রায়শই এমন নেতাদের অনুসরণ করবে যারা তাদের ক্ষমতা এবং ধন—সম্পদ লাভের প্রতিশ্রুতি দেয়। যীশুকে অনুসরণকারী জনতা কি এসবই আশা করেছিল ?
- ২. **পাহাড়ের পাশে:** যীশু তাঁর শিষ্যদের জন্য একটি বর্ধিত শিক্ষা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। তিনি তাদেরকে শিক্ষা শোনাবার জন্য পাহাড়ের ধারে নিয়ে বসিয়েছিলেন। জনতাও যীশুর শিক্ষা শুনতে সক্ষম হয়েছিল।
- ৩. **যীশুর শিক্ষা** কখনই ধন—সম্পেদর ক্ষমতার প্রতিশ্রুতি দেননি। প্রকৃতপক্ষে, পর্বতের এই উপেদশে, যীশু চেয়েছিলেন যে তাঁর অনুসারীরা তারা নিপীড়ন ও কষ্টের শিকার হবে। যীশুর শিষ্য হওয়া সহজ ছিল না। যাইহোক, যীশু তাঁর অনুসরণকারীদেরকে তাঁর অনুসারী হওয়ার জন্য মহান আধ্যাত্মিক আর্শিবাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন। কারণ যিদ তারা যীশুর মতো জীবনযাপন করত, তাহলে তারা ঈশরের কাছ থেকে শান্তনা, করুণা, শান্তি এবং অন্যান্য অনেক আর্শিবাদ লাভ করত। তাদের চূড়ান্ত আর্শিবাদ লাভ করবে স্বর্গে, কিন্তু তারা যিদ যীশু যেভাবে তাঁদের বাঁচতে শিখিয়েছিল সেভাবে বেঁচে থাকার চেষ্টা করে, তরে স্বর্গের সেই আশীবার্দের কিছু কিছু এই পৃথিবীতে অভিজ্ঞতা লাভ করবে।

পাঠের সারসংক্ষেপ: একরাতে, পিতর, যোহন এবং অন্য পাঁচজন শিষ্য তিবিরিয় সাগরে মাছ ধরতে গেল। তারা সারা রাত মাছ ধরতে চেষ্টা করল, কিন্তু কিছুই ধরতে পারেনি। পরদিন সকালে তারা তখনও নৌকায় মাছ ধরার আশায় ছিলেন। সাগর তীরে দাড়িঁয়ে থাকা এক ব্যক্তি লোকদের জিজ্ঞেসা করল, তারা কোন মাছ ধরেতে পেরেছে কি না। শিষ্যরা বললেন, না। তখন লোকটি তাদের নৌকার অপর পাশে জাল ফেলতে বলল। তারা যখন তা করলেন, তখন তারা ১৫০ টিরও বেশি বড় বড় মাছ ধরতে পারলেন। এজন্য জাল এত বেশি ভারী হল যে, শিষ্যরা তা নৌকায় তুলতে পারলেন না। যোহন তীরে দাঁড়িয়ে থাকা লোকটির দিকে ভাল করে তাকাল যে তাকে চিন্তে পারেন কিনা। তারপর তিনি বললেন, "দেখ! সেই লোকটি যীশু! পিতর এই কথা শুনে জলে ঝাঁপ দিলেন এবং তীরে সাতাঁর কাটতে লাগলেন। অন্যান্য শিষ্যরা নৌকাটি তীরে নিয়ে গেল। তাদের পেছনে মাছে ভরা ভারী জালটা টেনে আনতে হয়েছে। যীশু লোকদের বললেন, যে মাছ তারা ধরেছে তার কিছু নিয়ে আসতে এবং তারা একসাথে সকালের নাস্তা খাবে।



ছবি থেকে শেখা:

- ১. **মাছ ধরার শিষ্যরা:** যীশু পুনুরুত্থানের পর কিছু শিষ্য তাদের নিজ এলাকায় ফিরে গিয়েছিলেন। যীশু কিভাবে তাদের কাছ থেকে পরিচর্যা কাজ আশা করেন সে বিষয়ে সম্পূর্ণরূপে পরিষ্কার ধারনা না থাকায় তারা তাদের পুরানো কাজে ফিরে গেলেন এবং যীশুর কাছ থেকে আরও নির্দেশনার অপেক্ষা করছিলেন
- ২. **মাছে ভরা জাল:** সারারাত মাছ ধরার চেষ্টা করেও তারা কোন মাছ ধরতে পারেনি। জালের ধারে একটি অচেনা ব্যক্তি তাদের ডাকল। তিনি তাদের নৌকার ওপারে জাল ফেলতে বললেন। তার কথা শুনে যখন তারা সেটা করল তখন তারা কেবল মাত্র মাছই ধরেনি, তারা প্রচুর পরিমানে বড় বড় আকারের মাছ ধরতে পেরেছিলেন।
- ৩. **জলের ধারে যীশু:** শিষ্যদের মধ্যে একজন যিনি জলের ধারে থাকা অবয়বকে চিনতে পেরেছিলেন—তিনি যীশু ছিলেন এবং তিনি পিতরকে এ বিষয়ে বললেন।
- ৪. **পিতর জলে ঝাঁপ দিলেন:** পিতর যখন শুনলেন যে, জলের ধারে যীশু আছেন তখন তিনি যীশুকে দেখতে চাইলেন। পিতর এতটাই উত্তেজিত হয়ে পড়লেন যে, তিনি নৌকাটি তীরে পোঁছানোর জন্য অপেক্ষা করতে চাননি, তাই তিনি নৌকা থেকে লাফ দিয়ে তীরে সাঁতরে গেলেন। অন্যান্য শিষ্যরা যখন তীরে পৌঁছাল, তখন তারা সবাই মিলে একসাথে যীশুর সংগে সকালের নাস্তা খেলেন।

পাঠ প্রসঙ্গ: এই পাঠটি তাঁর শিষ্যদের কাছে যীশুর তৃতীয়বার দেখা দেয়ার ঘটনাটি তুলে ধরে। আমরা নিশ্চিত নই কেন এই সাত শিষ্য গালীলে ফিরে এসেছেন, কারণ গত কয়েক সপ্তাহে তাদের সকলের বেশির ভাগ সময় কেটেছিল জেরুজালেমে। আমরা জানি না কেন এখানে মাত্র ৭ জন শিষ্যের কথা বলা হয়েছে।

যাইহোক, আমরা দেখি যে, শিষ্যরা একরাতে মাছ ধরতে গিয়েছিলেন। অনেকটা অলৌকিক ভাবে মাছ ধরার বিষয়ে লূক ঘটনার বর্ণনা করেছেন (লূক ৫:১-১১)। সেই রাতে শিষ্যরা সারারাত ধরে মাছ ধরবার অনেক চেষ্টা করেও কোন মাছ ধরতে পারে নি। তাদের এমন ক্লান্ত ও হতাশাজনক পরিস্থিতিতে যীশু আবার তাদেরকে জাল ফেলার জন্য বললেন, এবং শিষ্যরা এটি মেনে নিয়ে জাল ফেললেন। এবার তারা অনেক বড় বড় মাছ ধরতে পারলেন।

আগের আশ্চর্য কাজগুলোর মধ্যে মিল থাকার কারনেই হয়তো "প্রিয় শিষ্য" তাঁকে চিনতে পেরেছেন যে, যীশুই তাদেরকে ডেকে এনেছিলেন। যখন যীশু পিতরকে এই আহ্বানের কথা জানালেন, পিতর এতটাই উত্তেজিত হয়েছিলেন যে, তিনি নৌকা থেকে লাফ দিয়ে তীরে সাঁতরে গেলেন। অন্যান্য শিষ্যেরা যখন তীরে এসে পৌঁছল, তখন তারা সকলে একসাথে খাবার খেল। প্রভুর সেই নিস্তার পর্বের নৈশভোজের মতো, যীশু সেখানে থাকা শিষ্যদের কাছে খাবারটি সহভাগ করে নিয়েছিলেন তাদের সংগে।

যীশু তারপর পিতরকে একটি বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে তাঁর বিশেষ দায়িত্বের জন্য শিষ্য হিসাবে পুনরায় বেছে নেন, যেসময়ে যীশু পিতরকে তাঁর শিষ্য হওয়ার মূল্য সম্পর্কেও সতর্ক করেছিলেন।

পরবর্তী পাঠ্য: খ্রিস্টানদের পাপ যত বড়ই হোক না কেন, যীশু তাদের ক্ষমা এবং পুনুরুদ্ধার করতে প্রস্তুত। খ্রিস্টানরা পবিত্র আত্মার শক্তি এবং পরিচর্যা কাজের মাধ্যমে তাদের জীবনে এই সম্পূর্ণ ক্ষমা এবং পুনুরুদ্ধার অনুভব করতে পারেন।

বাইবেল অধ্যয়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ূন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

অলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** কখনও কখনও এটা বিশ্বাস করা কঠিন হতে পারে যে, ঈশ্বর আমাদের সমস্ত পাপ ক্ষমা করেন। বাইবেল শিক্ষকদের কথা শুনে, ঈশ্বর সবাইকে ক্ষমা করেন যারা সততার সাথে ক্ষমা চান। যাইহোক, কখনও কখনও একটি গভীরতম ঘটনা ঘটার প্রয়োজন হয়, যখন ঈশ্বর আপনার মাথায় তার জ্ঞান প্রদান করেন এবং সেটি আপনি আপনার হৃদয়ে ব্যবহার করেন। নিঃসন্দেহে, পিতর, যিনি যীশুর সবচেয়ে কঠিন প্রয়োজনের সময়ে তিনবার যীশুকে অস্বীকার করেছিলেন। এটি তার জন্য গভীর লজ্জার বিষয় ছিল, কিন্তু ক্ষমার প্রশান্তি লজ্জাকে দূর করে দেয়। এজন্য ঈশ্বরের

সন্তানদের লজ্জায় বাস করা ঠিক নয়। যীশু সম্পূর্ণরূপে পিতরকে পরিবর্তিত করেছিলেন, কারণ এটি ছিল ক্ষমার জন্য ঈশ্বরের শক্তিপূর্ণ একটি কাজ, যা পিতরের পক্ষে সম্ভব ছিল না।

- যীশু তাদেরকে ক্ষমা করার পরেও কেন কিছু খ্রিস্টান এখনও লজ্জাবোধ করেন ?
- কেন এটা শুধুই ঈশ্বরের শক্তি, কখনই আমাদের ইচ্ছাশক্তি নয়, যে আমাদেরকে ক্ষমার প্রশান্তি দান করে এবং আমাদেরকে সম্পূর্ন আরোগ্য দান করে ?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** যীশু তাঁর শিষ্যদেরকে আনন্দ, শক্তি ও ভালবাসায় সম্পুর্ণ করতে চান। আর যখন খ্রীষ্ট বিশ্বাসীরা লজ্জার মধ্যে থাকে তখন তারা যীশুর আনন্দ, শক্তি ও ভালবাসা গ্রহণ করতে পারে না। প্রতিটি খ্রীষ্টিয়ানের উচিত নি:শর্তভাবে বিশ্বাসে ঈশ্বরের কাছে সমর্পিত হওয়া, যেন ঈশ্বর তাদের জীবনে পরিপুর্ণ শান্তি ও আরোগ্য দানের অনুভুতি নিয়ে আসতে পারেন। যীশু যেহেতু তাঁর সন্তানদের কখনও দোষারোপ করেন না, সেজন্য তাদের কখনই উচিত নয় একে অন্যকে দোষারোপ করা। এটা সবসময়ই উৎসাহের।
    - একজন ব্যক্তির কি করা উচিত যদি তারা মনে করে যে, তার পাপ ঈশ্বরের পক্ষে ক্ষমা করা খুব বড় বিষয় ?
    - কি হবে যদি কেউ তাদের পাপের জন্য দোষী বোধ না করে, কিন্তু কেবল পাপ করতে থাকে এবং ঈশ্বরের কাছে ক্ষমা প্রার্থনা করে ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি ?** যীশুর ক্ষমা একজন মানুষের জীবন পরিবর্তন করে। কখনও কখনও সেই পরিবর্তনগুলি বাস্তবে অন্য কোন জায়গায় চলে যাওয়া এবং সুসমাচারের জন্য একজন শিক্ষক বা প্রচারক হওয়ার মত। অন্য সময় এটি নিজের শহরে থাকা, নিজের কাজ করে যাওয়া এবং নিজ শহরের লোকদের পরিচর্যা করার মত হতে পারে। খ্রিস্টানদের উচিত তাদের জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা কি তা খুঁজে বের করা।
    - আপনি কিভাবে এই সপ্তাহে এমন কাউকে উৎসাহিত করতে পারেন যিনি তার বিশ্বাসে নিরুৎসাহিত বোধ করছেন ?
    - আপনি একজন খ্রিস্টানকে কী বলবেন যিনি শিক্ষক বা পালক হওয়ার জন্য তাদের জীবনে ঈশ্বরের আহবান অনুভব করেন, কিন্তু ভয় পাচ্ছেন ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯১ স্বগারোর্হন এবং পবিত্র আত্মার জন্য অপেক্ষা

পাঠের সাস্ত্রাংশ: প্রেরিত ১:১-১৪

পরবর্তি শাস্ত্রাংশ: যোনা ৩অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা :** এটা বুঝতে চেষ্টা করুন, স্বর্গে ফিরে যাবার ঠিক আগে, যীশু শিষ্যদের কাছে পবিত্র আত্মা উপহার দেওয়ার প্রতিশ্রম্নতি দিয়েছিলেন, যিনি শিষ্যদেরকে পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত যীশুর সাক্ষী হওয়ার ক্ষমতা দেবেন ।
- **হৃদয় :** ঈশ্বর মানুষের জন্য যা পরিকল্পনা করেন মানুষের আকাঙ্খা এবং পরিকল্পনাগুলি সাধারণত তার চেয়ে অনেক ছোট এবং আরও সীমিত হয়, এমন বিষয়গুলো বোঝার জন্য সতর্ক থাকুন।
- **হাত:** পবিত্র আত্মার জন্য অপেক্ষা করুন। অন্যান্য খ্রিস্টানদের সাথে প্রার্থনায় সময় কাটান এবং পবিত্র আত্মার কাছ থেকে নির্দেশনা পাবার জন্য ধৈর্য্য ধরে অপেক্ষা করুন।

একটি পদে পাঠের শিক্ষা: কিন্তু পবিত্র আত্মা তোমাদের উপরে আসিলে তোমরা শক্তি প্রাপ্ত হইবে; আর তোমরা যিরুশালেমে, সমুদয় যিহূদিয়া ও শমরিয়া দেশে, এবং পৃথিবীর প্রান্ত পর্যন্ত আমার সাক্ষী হইবে, প্রেরিত ১:৮।

পাঠের সারসংক্ষেপ:: মৃতদের মধ্য থেকে জীবিত হয়ে ওঠার পর যীশু শিষ্যদের সাথে অনেকদিন কাটিয়েছিলেন। কিন্তু এমন সময় এল যখন তাঁকে পৃথিবী ছেড়ে চলে যেতে হলো। তাঁকে তাঁর স্বগীর্য় পিতার সাথে থাকতে হবে। যীশু এবং শিষ্যরা বৈথনিয়া নামক একটি জায়গায় গেলেন। যীশু শিষ্যদের আর্শীবাদ করে বললেন যে, তাদেরকে বিভিন্ন স্থানে গিয়ে তাঁর সম্পর্কে অন্যদের জানাতে হবে। অনেক লোক এখনও জানে না যে তিনি তাদের জন্যই মারা গেছেন এবং তাদের পাপ ক্ষমা করতে পারেন। যেহেতু যীশু স্বর্গে যাচ্ছিলেন, তাই তিনি শিষ্যদের বলেছিলেন যে, তিনি তাদের জন্য একজন সাহায্যকারী পাঠাবেন। সেই সাহায্যকারী ছিলেন পবিত্র আত্মা। যীশু তাদের এই কথা বলতে বলতে স্বর্গের দিকে তাঁর হাত তুললেন। এসময়ে তাঁর পা মাটি ছেড়ে উপরে উঠে যেতে লাগল এবং তিনি শুন্যে উঠতে শুরু করলেন বা ক্রমশ আকাশে উঠে যেতে লাগলেন। এভাবে যীশুকে তুলে নেওয়ার সময় তিনি মেঘের আড়ালে চলে গেলেন। এসময় দুই শিষ্য উপস্থিত হয়ে শিষ্যদের বললেন, যীশুকে তোমরা যেমন স্বর্গে উঠে যেতে দেখলে, একদিন ঠিক তেমনিভাবে তিনি এই পৃথিবীতে ফিরে আসবেন।



ছবি থেকে শেখা:

- ১. **পুনরুত্থিত যীশু:** তাঁর পুনরুত্থানের পরে, যীশু পৃথিবীতে ৪০ দিন অতিবাহিত করেছিলেন। এই সময়ে যীশু তাঁর পুনরুত্থানের দৃঢ় প্রত্যয়ী প্রমাণ দিয়েছিলেন এবং কেন তাঁকে মরতে হবে এবং মৃত থেকে পুনরুত্থিত হতে হবে তা ধর্মগ্রন্থ থেকে শিক্ষা দিয়েছিলেন।
- ২. **শিষ্যরা** তখনও ভাবছিলেন যে যীশু একজন রাজনৈতিক নেতা হবেন কি না, এবং তারা তাঁকে জিজ্ঞাসা করলেন তিনি কি পবিত্র ভুমি যিরুশালেম থেকে রোমান সাম্রাজ্যকে সরিয়ে দেবেন কিনা। যীশু শিষ্যদের শিখিয়েছিলেন যে, তাঁর চেয়েও একটি মহান শক্তি তাদের সাহায্যের জন্য তিনি পাঠিয়ে দিচ্ছেন, তিনি পবিত্র আত্মা। তাদেরকে বললেন, পবিত্র আত্মার শক্তি তাদেরকে যীশুর সাক্ষী হতে পৃথিবীর শেষ প্রান্তে যেতে সাহায্য করবে। এজন্য, পবিত্র ভূমিতে যা ঘটবে তার জন্য তাদের ঈশ্বরকে সীমাবদ্ধ করা উচিত নয়, বরং সমগ্র বিশে^র জন্য ঈশ্বরের যে পরিকল্পনা করা হয়েছে তাতে অংশ নেওয়া উচিত।
- ৩. **জলপাই পর্বত:** তাঁর পুনরুত্থানের ৪০তম দিনে, যীশু এবং শিষ্যরা যিরুশালেমের কাছে জলপাই পাহাড়ে ছিলেন। তাঁর শিষ্যদের যিরুশালেমে ফিরে যাওয়ার এবং প্রতিশ্রুত পবিত্র আত্মার জন্য অপেক্ষা করতে বলার পর, যীশু মেঘের মধ্যে দিয়ে স্বর্গে উঠে গেলেন। যীশু এই স্বগার্রোহনের পরে, শিষ্যরা যিরুশালেমে ফিরে যাওয়ার এবং পবিত্র আত্মাকে পাবার জন্য অপেক্ষা করার নিদের্শ পালন করেছিলেন।

পাঠ প্রসঙ্গ: যীশু তাঁর পুনরুত্থানের পরে বেশ কয়েকবার তাঁর শিষ্যদের সাথে দেখা করেছিলেন। এই সময়ে যীশু শিষ্যদের পবিত্র আত্মার আগমন এবং তাঁর মৃত্যু ও পুনরুত্থানের শাস্ত্রীয় ভিত্তি সম্পর্কে অনেক কিছু শিখিয়েছিলেন। শিষ্যরা এখনও যীশুর মিশন পুরোপুরি বুঝতে পারেনি, কারণ তারা এখনও জানতে চেয়েছিলেন যে, যীশু ইস্রায়েলকে একটি স্বাধীন জাতি হিসাবে পুনরুদ্ধার করবেন কিনা।

পবিত্র আত্মা তাদের হৃদয়ে না আসা পর্যন্ত শিষ্যরা যীশুর পরিচর্যা এবং বিশে^র জন্য তাদের মিশন কাজ সম্পূর্ণরূপে বুঝতে শুরু করবে না। অতএব, যীশু তাদের তাঁর স্বর্গারোহণের পরে জেরুজালেমে ফিরে আসার এবং এই পূর্ণতার বিষয়ে অপেক্ষা করার জন্য নির্দেশ দিয়েছিলেন।

পরবর্তী পাঠ্য: ঈশ্বরের আর্শিবাদ এবং পরিত্রাণ প্রথিমিকভাবে ই¯্রায়েলের জন্য এটা বোঝার দিক থেকে শিষ্যরা খুব সন্তুষ্টিজনক ছিলেন না। ঈশ্বর যোনাকে ই¯্রায়েল ত্যাগ করতে এবং নিনবীর

লোকদেও কাছে প্রচার করতে আহবান করেছিলেন। নিনবীয়রা ই¯্রায়েলের ঐতিহাসিক শত্রু ভাবাপন্ন ছিল। তাই, যোনা ঈশ্বরের বাধ্য হতে চাননি, কারণ তিনি কেবল ঈ¯্রায়েলের জন্য ঈশ্বরের আর্শীবাদ এবং নিনবীর লোকদের জন্য ঈশ্বরের শাস্তি আশা করেছিলেন। যাইহোক, যোনা এবং তাঁর শিষ্য উভয়ের কাছে, ঈশ্বর এটা স্পষ্ট করে দেন যে, ঈশ্বরের ভালবাসা এবং পরিত্রাণ বিশে^র সকল মানুষের জন্য।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: ১৫: খ্রীষ্টের দ্বিতীয় আগমন: যীশুর মৃত্যু এবং পুনরুত্থানের পর, তিনি স্বর্গে ফিরে যান এবং পবিত্র আত্মা খ্রিস্টানদের মধ্যে বাস করতে আসেন। একদিন, ঈশ্বর নিরুপিত সময়ের শেষে, খ্রীষ্ট দ্বিতীয়বার ফিরে আসবেন। সেই সময় খ্রিস্টানরা, জীবিত এবং মৃত উভয় বিশ্বাসীদের যীশুর সাথে দেখা হবে এবং তিনি তাদেরকে স্বর্গে নিয়ে যাবেন। অনেকেই আছেন যারা ঠিক কখন এবং কিভাবে এইসব ঘটবে তা ব্যাখ্যা করার চেষ্টা করেন! যাইহোক, নাজারিন চার্চ বিশ্বাস করে যে, বাইবেল ”কখন” এবং ”কিভাবে” সম্পর্কে স্পষ্ট এবং সঠিক বিবরণ দেয় না এবং তাই ”কে” এর উপর গুরুত্বারোপ করার বিষয়টি বেছে নেয়। (২য় পিতর ৩: ৩—১৫) কারন খ্রীষ্ট ফিরে আসবেন স্ব মহিমায়!

- **মাথা:** আপনি যখন যীশুকে সামনা সামনি দেখবেন তখন আপনি কী অনুভব করার অপেক্ষায় আছেন ?
- **হৃদয়:** কিভাবে যীশুর পুনরায় ফিরে আসার প্রতিশ্রম্নতি আপনাকে এই পতনশীল এবং ভেঙে যাওয়া পৃথিবীতে শক্তি যোগায় ?
- **হাত:** খ্রীষ্টের ফিরে আসার জন্য নিজেকে প্রস্তুত করতে আপনি কি করতে পারেন ?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** কারণ ঈশ্বর সকল মানুষকে সৃষ্টি করেছেন, তিনি সকল মানুষকেই ভালবাসেন এবং ঈশ্বর চান যেন সকল মানুষই পরিত্রাণের অভিজ্ঞতা লাভ করুক। যীশুর পার্থিব পরিচর্যা প্রাথমিকভাবে ই¯্রায়েলের উপর নিবদ্ধ ছিল, কিন্তু তাঁর পুনরুত্থানের শক্তি এবং পরিত্রানের সুসংবাদ সমস্ত মানুষের জন্য। তাই, যীশুর পরিচর্যা তাঁর পুনরুত্থানের সাথে শেষ হয়ে যায়নি। এজন্য, যখন পবিত্র আত্মা খ্রিস্টানদের উপরে আসে তখন যীশুর পরিচর্যা অব্যাহত ছিল। যেহেতু সুসমাচার সমগ্র বিশে^র জন্য সেহেতু যীশু তাঁর শিষ্যদের শিখিয়েছিলেন যে, পবিত্র আত্মা তাদেরকে পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত পাঠাবে, যীশুর ভালবাসা এবং পরিত্রাণের প্রচার করার জন্য।
    - আপনি কেন মনে করেন শিষ্যরা তখনও ভেবেছিল যে, যীশুর পরিচর্যা শুধুমাত্র ই¯্রায়েলের জন্য ছিল ?
    - যীশুর সাক্ষী হিসাবে পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত শিষ্যরা যাবেন এই বিষয়ে আপনি কি প্রশ্ন চিন্তায় আসছে ?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** এমনকি যীশুর পুনরুত্থান এবং পুনরুত্থানের পরে শিষ্যদের সংগে তাঁর পরিচর্যা কাজের পরেও, শিষ্যরা এখনও যীশুর পরিচর্যার কাজের প্রসারতা বা ব্যাপকতা বোঝার জন্য দ্বিধাদন্দে ভুগেছে। ঈশ্বরের রাজ্য সম্পর্কে আরও অনেক কিছু ছিল যা শিষ্যদের বোঝার প্রয়োজন ছিল। যীশু প্রতিশ্রম্নতি দিয়েছিলেন যে, পবিত্র আত্মা তাদেরকে যীশুর পরিচর্যা কাজসমূহ চালিয়ে যাবার ক্ষমতা দেবেন। শিষ্যরা তাদের জীবন ঈশ্বরের ইচ্ছার সঠিক বাধ্যতায় পালন করতে থাকে, তবে তারা ঈশ্বরের হৃদয় এবং মিশনকে গভীরভাবে বুঝতে পারবে।
    - কেন ঈশ্বর সম্পর্কে খ্রিস্টানদের বোঝার ব্যাপারটি সবর্দা স্বর্গের এই দিক থেকে অসম্পূর্ণ থাকবে ?
    - কেন একজন খ্রিস্টানের পক্ষে বিশ্বাস করা বিপদজনক যে, তারা ঈশ্বর সম্পর্কে যা যা জানা দরকার তার সবই জানে ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি ?** খ্রিস্টানদের সবচেয়ে শক্তিশালী পদক্ষেপগুলির মধ্যে একটি হল প্রার্থনায় অন্যান্য খ্রিস্টানদের সাথে সমবেত হওয়া। যদিও ব্যক্তিগত প্রার্থনায় অনেক সুবিধা রয়েছে, কিন্তু খ্রিস্টানরা যখন তাদের কাছে ঈশ্বরের ইচ্ছা কি এবং তাদের জীবনের জন্য কি বলতে চান সেবিষয়ে ধৈয্যর্ ধারন করতে শিখলে তখন সেখানে অনেক উৎসাহ এবং শক্তি লাভ করা সম্ভব। কারণ ঈশ্বরের পরিকল্পনা সবসময় মানুষের চিন্তা থেকে অনেক বড় এবং মানুষের সময় ও পরিকল্পনা থেকে ঈশ্বরের সময় একেবারে আলাদা। এজন্য প্রার্থনায় বাধ্যতার সাথে অপেক্ষা করতে শেখা খ্রিস্টানদের জন্য খুব অপরিহার্য একটা বিষয়।
    - কেন খ্রিস্টানরা প্রার্থনার উত্তরে ঈশ্বরের নির্দেশ পাওয়ার জন্য অপেক্ষা করার সময় অধৈর্য হতে প্রলুবদ্ধ হয় ?
    - কিভাবে অন্যান্য খ্রিস্টানদের সাথে প্রার্থনায় সমবেত হওয়া তাদের ঈশ্বরের শক্তি পেতে এবং ধৈর্য শিখতে সাহায্য করতে পারে ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯২ পঞ্চাশত্তমীর দিন

পাঠের সাস্ত্রাংশ: প্রেরিত ২অধ্যায়

সহায়ক শাস্ত্রাংশ: ২ যোয়েল ২:২৮—৩২

পাঠের উদ্দেশ্য:

- **মাথা :** শিষ্যদের পবিত্র আত্মা লাভের এই ঘটনার জন্য আনন্দিত হোন। যীশুর প্রতিজ্ঞার এই পরিপূর্ণতা শিষ্যদের সুসমাচার পৃথিবীর শেষ প্রান্তে নিয়ে যেতে সক্ষম করে।
- **হৃদয় :** আপনি পবিত্র আত্মায় পূর্ণ হয়েছেন কিনা তা হৃদয়ে অনুভব করতে চেষ্টা করুন। যীশুর আত্মা কি আপনার হৃদয়, আত্মা এবং শক্তিকে পূর্ণ করছে ?
- **হাত :** এই সপ্তাহে ঈশ্বরের মহান পরিত্রাণের সাক্ষ্য দেয়ার জন্য নির্দিষ্ট উপায়গুলি খুঁজুন। আপনি কিভাবে সুসংবাদ প্রকাশ করতে পারেন যেন প্রত্যেকে যারা প্রভুর নামে ডাকবে তারা উদ্ধার পাবে ?

একটি পদে পাঠের শিক্ষা: তখন পিতর তাহাদিগকে কহিলেন, মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও; তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে, প্রেরিত ২:৩৮

পাঠের সারসংক্ষেপ: যীশু স্বর্গে আরোহণের আগে, তিনি শিষ্যদের জেরুজালেমে থাকতে বলেছিলেন। তিনি তাদের সাহায্য করার জন্য পবিত্র আত্মা পাঠাতে যাচ্ছিলেন। একদিন শিষ্যরা এবং আরও কিছু খ্রিস্টানরা একসঙ্গে দেখা করতে একটি বাড়িতে গেল। হঠাৎ, তারা ঘরের মধ্য দিয়ে প্রবল বাতাস অনুভব করল। অতঃপর তারা স্বর্গ থেকে নেমে আসা আগুনের জিহ্বার মত দেখতে পেল। আগুন বিভক্ত হয়েছে এবং প্রতিটি অংশ তাদের প্রত্যেককে স্পর্শ করেছে। এই সেই পবিত্র আত্মা যার আগমনের কথা যীশু বলেছিলেন। পবিত্র আত্মার আগুন তাদেরকে স্পর্শ করবার পর তারা ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলতে লাগলেন। এর মধ্যে দিয়ে যীশু তাদেরকে বলতে চাইলেন যেন পবিত্র আত্মার শক্তিতে তারা বিশ্বের প্রান্ত পর্যন্ত তাঁর সুসমাচার প্রচার করেন। বারোজন শিষ্যকে এজন্য 'প্রেরিত'ও বলা হয়ে থাকে। যীশু তাঁর প্রেরিত শিষ্যদের পাঠিয়েছিলেন যেন তারা অন্যদেরকে সকল মানুষের কাছে প্রচার করতে পাঠান। তাই যেদিন যীশু তাঁর শিষ্যদের মাঝে পবিত্র আত্মার এই বিশেষ আগমন করান সেই দিনটির নাম 'পঞ্চাশত্তমীর দিন'।



ছবি থেকে শেখা:

- ১. **একসাথে এক জায়গায়:** জেরুজালেমে যীশুর ১২০ জন শিষ্য প্রতিশ্রুত পবিত্র আত্মাকে পাবার অপেক্ষায় জড়ো হয়েছিলেন।
- ২. **দ্রুত বাতাস :** হঠাৎ একটি ঝড়ো হওয়ায় ঘরটা ভরে গেল।
- ৩. **আগুনের জিভ–এর** মাধ্যমে শিষ্যমের মাথায় প্রশান্তির চিন্তা এসেছে।
- ৪. **শিষ্যরা:** শিষ্যরা বিভিন্ন ভাষায় কথা বলতে শুরু করলেন, যীশুর সুসংবাদ ঘোষণা করলেন। ঘরের বাইরে অনেক লোক বিভিন্ন ভাষা শুনেছিল যার সাথে শিষ্যরা যীশুকে ঘোষণা করেছিল। এই লোকদের মধ্যে অনেকে দাবি করেছিল যে, শিষ্যরা মাতাল ছিলেন, কারণ তারা তাদের ভাষাগুলি বুঝতে পারছিল না। পিতর পুরাতন নিয়ম থেকে ব্যাখ্যা করে সবাইকে বোঝাতে চেষ্টা করেন যে, এই ভাষাগুলি ঈশ্বরের প্রতিশ্রুতি পূরণ করছে, যে কারনে সে সমস্ত ভাষার মানুষ ঈশ্বরের মহান ভালবাসার সুসংবাদ শুনতে পাবে।

পাঠ প্রসঙ্গ: যীশুর আদেশ অনুসারে, শিষ্যরা পবিত্র আত্মার জন্য অপেক্ষা করার জন্য জিরুজালেমে জড়ো হয়েছিল। যীশুর ১১ জন শিষ্যের চেয়েও বেশি, যীশুর প্রায় ১২০ জন অনুসারী অপেক্ষা করার জন্য জড়ো হয়েছিল। হঠাৎ, একটি দ্রুত বাতাসে ঘরটি ভরে গেল, এবং তাদের মাথায় আগুনের জিভের মতো দেখতে লাগছিল। তখন শিষ্যরা বিভিন্ন ভাষায় ঈশ্বরের প্রশংসা ঘোষনা করেন। পবিত্র আত্মার এই পরিপূর্ণতা যীশুর প্রতিশ্রুতি এবং সেইসাথে পুরাতন নিয়মের অনেক ভবিষ্যদ্বানী পূর্ণ করেছিল। পবিত্র আত্মা দ্বারা এই পরিপূর্ণতা শিষ্যদের তাদের জীবনে ঈশ্বরের আহবান পূর্ণ করার শক্তি এবং অনুগ্রহ দিয়েছে। ঈশ্বরের শক্তিশালী কাজগুলির বেশিরভাগের মতো, একটাও তারা কিছু বুঝতে পারে নি। তারা এজন্য শিষ্যদের উপহাস করেছিল। দাবি করেছিল যে তারা মাতাল হয়ে অশ্লীল চিৎকার করছে। যদিও, পিতর ঘোষণা করেছিল যে, এই চশমাগুলি মাতাল হওয়ার ফলাফল নয়, বরং ঈশ্বরের শক্তিশাশলী উপস্থিতির ফলাফল। পিতর তাদের কাছে যীশু খ্রিস্টেও সুসমাচার প্রচার করেছিলেন। হৃদয়ে কাটাঁ, অনেকে পিতরকে জিজ্ঞাসা করেছিল কিভাবে তারা ঈশ্বরের পরিত্রাণ পেতে পারে। প্রায় ৩,০০০ খ্রীস্টকে পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছিলেন এবং বাপ্তিষ্ম নিয়েছিলেন।

পরবর্তী পাঠ্য: ঈশ্বর কখনই পরিত্রাণকে ই্রায়েলের মধ্যে সীমাবদ্ধ রাখতে চাননি। কারণ ঈশ্বর সবাইকে সৃষ্টি করেছেন, ঈশ্বর সবাইকে রক্ষা করতে চান। যোয়েল ভাববাদী এই অনুচ্ছেদে, ঈশ্বরের

প্রতিশ্রম্নতির কথা বলেছেন, যে একদিন শুধু ই¯্রায়েলীয়রা নয়, কিন্তু প্রত্যেকে যারা প্রভুর নামে ডাকবে তারা রক্ষা পাবে। ঈশ্বর আসন্ন পবিত্র আত্মা যোয়েল ভাববাদীর মাধ্যমে কথা বলেন যিনি ঈশ্বরের সন্তানদের আকাঙ্খা পূরণ করবেন।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: ১০: খ্রিস্টীয় পবিত্রতা এবং সম্পূর্ণ পবিত্রতা: ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনা মানুষকে তাদের পাপের অপরাধ থেকে বাচাঁনোর চেয়ে বেশি, ঈশ্বরের পরিকল্পনা হল মানুষকে তাদের জীবনে পাপের শক্তি থেকে বাঁচানো। অতএব, যীশু খ্রিস্টের পুনরুত্থান পরিত্রানের পথ প্রদান কেও, পবিত্র আত্মা পূরণ ঈশ্বরের পরবর্তি কাজ যেখানে ঈশ্বর পাপ থেকে হৃদয়কে পরিষ্কার করেন। পবিত্র আত্মার শক্তির মাধ্যমে, খ্রিস্টানরা পাপ প্রত্যাখ্যান করতে এবং ঈশ্বরের ভালবাসার সাথে অন্যদের ভালবাসার ক্ষমতা রাখে। পবিত্র আত্মার এই পূর্ণতা খ্রিস্টানদেরকে ঈশ্বরের সাথে যোগাযোগের জীবন এবং অনুগ্রহের বৃদ্ধির দিকে নিয়ে যায়।

- **মাথা :** কেন ঈশ্বর মানুষকে তাদের পাপ থেকে বাঁচানোর চেয়ে আরও বেশি কিছু করতে চান ? একজন খ্রিস্টানের কি অভাব আছে, যারা কেবল তাদের পাপের ক্ষমা পায়, এবং তাদের জীবনে পাপের শক্তি থেকে মুক্তি পায় না ?
- **হৃদয় :** প্রেরিত ২অধ্যায়ের ঘটনা অনুসারে পঞ্চাশত্তমীর সময় এবং পরে বিশ্বাসীদের মধ্যে পবিত্র আত্মার কি বিশেষ প্রকাশ কী ছিল ?
- **হাত :** কেন এটা গুরুত্বপূর্ণ, ঈশ্বরের দ্বারা পবিত্রকরণের সাক্ষ্য দেওয়ার পাশাপাশি, পবিত্র আচরণের মাধ্যমে সেই পবিত্রতা প্রদর্শন করা ?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপূর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** পবিত্র আত্মা ট্রিনিটি বা ত্রিত্বের তৃতীয় ব্যক্তি। পবিত্র আত্মার পিরচর্যার মুল বিষয়টি হল খ্রিস্টানদের জীবনে যীশুর জীবনকে জীবন্ত করে তোলা এবং তাদেরকে ঈশ্বরের শক্তিতে বেঁচে থাকার ক্ষমতা দেওয়া। তাদের মধ্যে কাজ করে পবিত্র আত্মার শক্তি দিয়ে খ্রিস্টানরা ঈশ্বরকে ভালবাসতে এবং অন্যদের ভালবাসার জন্য ঈশ্বরের রাজ্যে সম্পূর্ণ নিবেদিত জীবনযাপন করতে পারে এবং পাপের দাসত্ব থেকে মুক্ত থাকতে পারে। যদিও শিষ্যরা প্রায়শই পৃথিবীতে যীশুর মিশনকে ভুল বোঝেন, যখন যীশু পৃথিবীতে পরিচযার্ করেছিলেন, একবার পবিত্র আত্মায় পূর্ণ হয়েছিলেন, তারা যীশু খ্রিস্টের সুসমাচার এবং পৃথিবীতে যীশুর মিশন আরও ভালভাবে বুঝতে শুরু করেছিলেন।
    - কেন শিষ্যরা পবিত্র পৃথিবীতে যীশুর এই পৃথিবীতে থাকার সময়ের চেয়ে পঞ্চাশত্তমঅর দিনে পবিত্র আত্মা লাভের পরে যীশুর মতো আরও বেশি শক্তিশালী জীবন—যাপন করতে সক্ষম হয়েছেন ?
    - শিষ্যদের এত ভিন্ন ভাষায় কথা বলার তাৎপর্য কী ?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** যখন পবিত্র আত্মা দ্বারা পরিপূর্ণ, খ্রিস্টান তাদেও জীবন সম্পূর্ণরূপে ঈশ্বরের প্রতি নিবেদিত, এবং পাপের দাসত্ব থেকে মুক্ত হতে সক্ষম হয়। খ্রিস্টের জন্য বেঁচে থাকার চেষ্টা করার এবং তবুও সর্বদা পাপের দ্বারা আবদ্ধ থাকার মধ্যে সংগ্রামের জীবন—যাপন করার পরিবর্তে, খ্রিস্টান সম্পূর্ণরূপে যীশুর জীবন বাঁচতে সক্ষম।
    - কেন সব মানুষ স্বার্থপরভাবে বাঁচার ইচ্ছা নিয়ে জন্মায় ?
    - আপনি কি নিজেকে ঈশ্বরের জন্য বেঁচে থাকা ও পাপের দাসত্বে বাঁচার সৃংখলকে ছিঁড়ে ফেলতে পারছেন ? যদি তাই হয়, তাহলে আপনি কি করতে পারেন যাতে ঈশ্বর আপনার সমস্ত জীবন পেতে পারেন ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি ?** খ্রিস্টের পবিত্র আত্মার পূর্ণতা একটি এককালীন ঘটনা নয়, কিন্তু একটি দৈনন্দিন বাস্তবতা। যখন খ্রিস্টানরা তাদের নিজস্ব ক্ষমতার বাইরে জীবন—যাপন করে, তখন তারা তাদের জীবনে ঈশ্বরের কাজের সাক্ষ্য দেয়। তারা তাদের নিজস্ব ক্ষমতার চেয়ে ঈশ্বরের শক্তির সাথে আরও বেশি কিছু করতে সক্ষম হয়।
    - আপনি কিভাবে সুসংবাদ প্রকাশ করতে পারেন যেন প্রত্যেকে যারা প্রভুর নামে ডাকবে তারা উদ্ধার পাবে ?
    - আপনি যদি কখনই পবিত্র আত্মায় পূর্ণ না হন তবে আপনি কি করতে পারেন ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

অনুশীলনীর শিরোনাম: ৯৩ যীশু মশীহের মন্ডলী

অনুশীনীর শাস্ত্রাংশ: প্রেরিত ২:৪১-৪৭

আনুষাঙ্গিক শাস্ত্রাংশ: ইফিষীয় ১:১৫—২৩

অনুশীলনীর উদ্দেশ্যসমূহ:

- **মস্তক:** এটি বোঝা যে, এই পৃথিবীতে সার্বজনীন মন্ডলীই হলো যীশু খ্রীষ্টের প্রতিনিধি।
- **হৃদয়:** মন্ডলীর জন্য খ্রীষ্ট যে উপহার দিয়েছেন এবং ঈশ্বর আপনার সহভাগীদের মধ্য দিয়ে তিনি যে আশীর্বাদ করেছেন সেটির জন্য কৃতজ্ঞ হওয়া।
- **হাত:** খ্রীষ্টের দেহের অংশ হিসেবে, এই সপ্তাহে আমরা মন্ডলীর ভেতরের এবং বাইরের লোকদের প্রতি সহানুভূতিশীল, দয়াপূর্ণ এবং ভালোবাসাপূর্ণ হওয়ার সুনির্দিষ্ট উপায়গুলো খুঁজে বের করবো।

একটি পদে আজকের অনুশীলনী: তখন যাহারা তাঁহার কথা গ্রাহ্য করিল, তাহারা বাপ্তাইজিত হইল; তাহাতে সেই দিন কমবেশ তিন হাজার লোক তাঁহাদের সহিত সংযুক্ত হইল। প্রেরিত ২:৪১

শাস্ত্রাংশের সারমর্ম/সংক্ষিপ্তসার: পঞ্চাশত্তমীর দিন পবিত্র আত্মায় পূর্ণ হবার পর পিতর যিহূদী উৎসব পালনের জন্য সারা বিশ্বের যিহূদীরা যখন যিরূশালেমে একত্রিত হয়েছিল তখন হাজার হাজার যিহূদীর সামনে সুসমাচার প্রচার করেছিলেন। শিষ্যেরা যখন পবিত্র আত্মায় পূর্ণ হয়েছিলেন তখন পবিত্র আত্মা তাদের মধ্যে খুব শক্তিশালীভাবে কাজ করেছিলেন, আর পিতর যে জনতার উদ্দেশ্যে প্রচার করছিলেন তাদের মধ্যেও পবিত্র আত্মা কাজ করেছিলেন। সেদিন হাজার হাজার লোক উদ্ধার পেয়েছিল। যীশুর নতুন বিশ্বাসীরা যারা সবেমাত্র উদ্ধার পেয়েছিল তারা আরাধনা, উৎসাহ, শিক্ষা এবং সহভাগিতার জন্য একত্রিত হওয়া শুরু করল। যীশুতে পরিত্রাণের আনন্দ নতুন বিশ্বাসীদেরকে এতটাই পূর্ণতা দান করেছিল যে, তারা নিজেদের সমস্ত সম্পদ ভাগাভাগি করেছিল এবং যাদের অভাব রয়েছে তাদেরকে দান করেছিল।

ঞবধপযরহম ভৎড়স ঃযব ওসধমব:

- ১. **প্রাথমিক খ্রীষ্ট বিশ্বাসীরা.** পিতর যে জনতার সামনে দাঁড়িয়ে প্রচার করেছিলেন সেখানে বিশ্বের বিভিন্ন প্রান্তের যিহূদীরা উপস্থিত ছিল। তারা নিজেদের দেশে ফিরে গেল এবং অন্যদের কাছে যীশুর বিষয়ে বলেছিল। যারা যিরূশালেমেই বাস করত তারা সেখানেই থাকল এবং নিয়মিত সবার সাথে মিলিত হওয়া শুরু করতে লাগল।
- ২. **শাস্ত্র থেকে পাঠ করা.** প্রাথমিক খ্রীষ্ট বিশ্বাসীরা অনেক ধরণের অনুশীলনের মধ্যে নিয়োজিত থাকলেও তাদের মধ্যে অনেকেই প্রেরিতের শিক্ষার প্রতি নিজেদেরকে নিবেদিত রাখতো। প্রেরিতরা যখন তাদের শিক্ষা দিতো যখন তারা শুধুমাত্র শোনার মাধ্যমেই নয়, বরং প্রেরিতরা যেসমস্ত নির্দিষ্ট মন্ডলীকে উদ্দেশ্য করে বা প্রচারের উদ্দেশ্যে যেসব চিঠি লিখতেন সেই চিঠিগুলো পড়ার মাধ্যমেও তা পালন করতো।

শাস্ত্রাংশের প্রেক্ষাপট পঞ্চাশত্তমীর দিনে পবিত্র আত্মায় পূর্ণ হয়ে যীশুর শিষ্যরা অবশেষে তাঁর জীবন, কাজ এবং শিক্ষাগুলো সম্পর্কে সম্পূর্ণভাবে বুঝতে শুরু করল। তারা বুঝতে শুরু করল যে, যীশু

একজন সামরিক নেতার মতো কোনো মশীহ্ ছিলেন না, বরং তিনি একজন যাতনাভোগী দাসরূপ মশীহ্ ছিলেন। যীশুর সম্পর্কে আরও জানার জন্য এবং প্রাথমিক খ্রীষ্ট বিশ্বাসীদের মধ্যে যে আনন্দ ছিল সেটি ছড়িয়ে দেবার জন্য তারা প্রতিদিন একসাথে মিলিত হতো। এই প্রাথমিক খ্রীষ্ট বিশ্বাসীরা প্রথমে যিহূদী ছিল, আর তাই তারা তখন বিশ্রামবারে (শনিবারে) মন্দিরে যেতো,কিন্তু এরপর তারা সহভাগিতা, শিক্ষা এবং উৎসাহের জন্য রবিবারে অর্থাৎ, প্রভুর কৃত দিনে (যেদিন যীশু মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছিলেন) একসাথে মিলিত হতো।

আনুষাঙ্গিক শাস্ত্রাংশ: ইফিষীয়দের প্রতি পত্রে, প্রেরিত পৌল যীশুর খ্রীষ্টের ক্ষমতা এবং কতৃর্ত্বের বিষয়ে লিখেছেন। এই ক্ষমতা এবং কতৃর্ত্ব মন্ডলী পর্যন্ত বিস্তৃত হয়েছে অর্থাৎ, ঈশ্বরের যেসব লোকেরা যীশু খ্রীষ্টকে এই জগতের উদ্ধারকর্তা, মশীহ্ হিসেবে গ্রহণ করেছে তারা যেখানে একত্রিত হয় সেই পর্যন্ত গিয়েছে।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবা েদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে েদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

বলা

- **মস্তক: এই শাস্ত্রাংশটির অর্থ কী?** এই পৃথিবীতে যীশু খ্রীষ্ট যেভাবে অনুগ্রহ, ক্ষমতা এবং দয়া দেখিয়েছেন সেটিই হলো সার্বজনীন মন্ডলী। যখন এই সমস্ত বিষয়গুলো পুঙ্খানুপুঙ্খ ভাবে পালন করা হয় তখন মন্ডলী বিশ্বস্তভাবে একে অন্যের প্রতি এবং মন্ডলীর বাইরের লোকদের প্রতি যীশু খ্রীষ্টের ভালোবাসা তুলে ধরে। তাদের একে অন্যের প্রতি যে আনন্দ এবং যত্ন থাকে সেটিই হলো তাদের সাক্ষ্য যেটি যীশু খ্রীষ্ট তাদের জীবনে নিয়ে এসেছেন।
    - মন্ডলী যেভাবে যীশুর ভালোবাসা এবং দয়া অন্যদের প্রতি প্রকাশ করে সেগুলোর মধ্যে আপনি নির্দিষ্টভাবে কোনগুলো দেখেছেন?

- মন্ডলী কি কি কারণে সম্পূর্ণভাবে খ্রীষ্টের দেহ হিসেবে এর যে পরিচয় রয়েছে সেই অনুযায়ী কাজ করতে ব্যর্থ হয়? এর মানে কি এই যে, এটি আসলে খ্রীষ্টের দেহের অংশ নয়?

- **হৃদয়: শাস্ত্র অনুযায়ী আমাদের কেমন হওয়া উচিত?** প্রাথমিক বিশ্বাসীরা যীশুর দেওয়া শিক্ষা প্রচার, সহভাগিতা, আশ্চর্যকাজ এবং আত্মিক উদারতায় নিয়মিত একসাথে মিলিত হতো। নিজেদের পাপের ক্ষমা পাওয়ার আনন্দ এবং পবিত্র আত্মার পূর্ণতা লাভের অভিজ্ঞতা তাদের ছিল এবং এটি শুধুমাত্র তাদের ব্যক্তিগত জীবন নয় বরং, তাদের সবার জীবনকেউ রূপান্তরিত করেছিল। তাই আমরা যখন যীশুর ভালোবাসা এবং আনন্দের অন্বেষণ করি তখন আমাদের এই রূপান্তরের চিহ্ন অন্যদের সাথে আমাদের জীবনের সম্পর্কগুলোর মধ্য দিয়েও প্রকাশ পাওয়া উচিত।
  - যীশুর ভালোবাসা এবং আনন্দ কীভাবে আপনার হৃদয়কে পরিবর্তিত করেছে?
  - যীশু একজন খ্রীষ্টিয়ানের হৃদয়কে তাৎক্ষণিকভাবে পরিবর্তন করার কারণে আপনি কি মনে করেন যে, যীশুর সম্পর্কে এবং অন্যদের প্রতি ভালোবাসার ক্ষেত্রে তাদের জ্ঞান সম্পূর্ণভাবে পরিপক্ক? কেন বা কেন নয়?
- **হাত: কীভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপান্তর করতে পারি?** প্রাথমিক মন্ডলীর খ্রীষ্ট বিশ্বাসীরা অন্যদের প্রতি যে ভালোবাসা, সহভাগিতা এবং উদারতা দেখিয়েছিল সেগুলোই হলো মানুষের জীবন রূপান্তর করার ক্ষেত্রে যীশুর ক্ষমতার অন্যতম শক্তিশালী সাক্ষ্য। অনেকে যীশুর মশীহত্ব সম্পর্কে বুঝতে না পারলেও তারা যীশুর দেখানো মহান ভালোবাসা এবং আনন্দকে দৃষ্টিগোচর করতে পারে নি। অনেক সময় খ্রীষ্টিয়ানেরা মুখের কথার মাধ্যমে যা বলে সেটির মধ্য দিয়ে নয়, বরং, তারা তাদের কাজের মধ্য দিয়ে যে ভালোবাসা এবং আনন্দকে প্রকাশ করে সেটিই সবচেয়ে শক্তিশালী সাক্ষ্য হিসেবে কাজ করে।
  - অন্যান্য খ্রীষ্ট বিশ্বাসীরা আপনার প্রতি ভালোবাসা এবং আনন্দ প্রকাশের এমন কি কি কাজ করেছে যা আপনার কাছে সবচেয়ে অর্থপূর্ণ বলে মনে হয়?
  - যীশু আপনাকে এমন কি তালন্ত এবং দয়া করেছেন যেগুলো আপনি এই সপ্তাহে অন্যদের কাছে নিয়ে যেতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসা েথ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠের শিরোনাম: ৯৪ পিতর এবং যোহন এক ভিক্ষুককে সুস্থ করেন

পাঠের সাস্ত্রাংশ: প্রেরিত ৩অধ্যায়

সহায়ক শাস্ত্রাংশ: যিশাইয় ৩৫অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা :** আনন্দ করুন! কারন এখন তাঁর শিষ্যদের মাধ্যমে যীশু খ্রিস্টের পরিচর্যা মানুষের শরীর এবং আত্মার নিরাময় নিয়ে আসছে।
- **হৃদয় :** আপনার পরিত্রাণের আনন্দ স্মরণ করুন! যদিও জীবন কঠিন হতে পারে এবং লোকেরা আপনাকে হতাশ করতে পারে, কিন্তু যীশু আপনাকে কখনই হতাশ করবেন না!
- **হাত:** এমন কাউকে খুঁজুন বের করুন যার জন্য আপনি আশীর্বাদস্বরুপ হতে পারেন। কখনও কখনও খ্রিস্টানরা আর্থিকভাবে একটি আশীর্বাদস্বরুপ হতে পারেন, তবে অন্যদের সাথে ঈশ্বরের ভালবাসা এবং শক্তি ভাগ করে নেওয়ার খ্রীষ্টিয়ানদের আরও অনেক উপায় রয়েছে।

একটি পদে পাঠের শিক্ষা: কিন্তু পিতর বলিলেন, রৌপ্য কি স্বর্ণ আমার নাই, কিন্তু যাহা আছে, তাহা তোমাকে দান করি; নাসরতীয় যীশু খ্রীষ্টের নামে হাঁটিয়া বেড়াও, প্রেরিত ৩:৬।

পাঠের সারসংক্ষেপ প্রতিদিন ইহুদি ও অন্যধর্মের লোকেরা মন্দিরে প্রার্থনা করতে যেত। একজন অন্যধর্মের লোক সেই যে ইহুদি ছাড়া অন্য যে কোন ধর্মের। পিতর এবং যোহন যখন মন্দিরে যাচ্ছিলেন, তখন তারা দরজার কাছে একজন পঙ্গু লোককে বসে থাকতে দেখলেন। লোকটি, লোকদের কাছে তাকে টাকা দেওয়ার জন্য ভিক্ষা করছিল কারণ সে নিজে উপার্জন করতে পারছিল না। পিতর এবং যোহন যখন দরজার কাছে হেঁটে গেলেন, সেই পঙ্গু লোকটি তাদের কাছে টাকা চাইল। পিতর লোকটিকে তার দিকে তাকাতে বললেন। তারপর পিতর বললেন যে তাকে দেওয়ার মতো টাকা তার কাছে নেই। কিন্তু তার কাছে অন্য কিছু আছে যা সে দিতে পারে। পিতর পঙ্গু লোকটিকে বললেন, যীশুর নামে উঠে দাড়াও এবং হেটে বেড়াও। পিতর নিচু হয়ে লোকটির ডান হাত ধরলেন এবং তাকে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করলেন। সঙ্গে সঙ্গে লোকটি অনুভব করল তার পায়ের পেশী এবং গোড়ালী শক্ত হয়ে গেছে। তিনি সুস্থ হয়ে গেলেন! আনন্দে লাফিয়ে উঠলেন এবং তারপর পিতর এবং যোহনের সাথে লাফ দিতে দিতে মন্দিরে চলে গেলেন।



ছবি থেকে শেখা:

- ১. **সুন্দর গেট:** একদিন পিতর এবং যোহন বিকেলের প্রার্থনার জন্য মন্দিরে গিয়েছিলেন, এবং সুন্দর নামক গেট দিয়ে প্রবেশ করছিলেন।
- ২. **পঙ্গু ভিক্ষুক :** তারা মন্দিরে যাবার পথে একজন লোকের পাশ দিয়ে যাচ্ছিলেন যিনি জন্ম থেকেই পঙ্গু ছিলেন। টাকার জন্য ভিক্ষা করছেন। খোঁড়া লোকটির বন্ধুরা তাকে প্রতিদিন তাকে মন্দিরেরদরজায় নিয়ে আসত, যেন যেসব ইস্রয়েলীয়রা প্রার্থনা করার জন্য আসছে তাদের কাছে ভিক্ষা চাইতে পারে।
- ৩. **পিতর** ভিক্ষুককে বললেন, "আমাদের দিকে তাকান! যখন পিতর ভিক্ষুকের দৃষ্টি আকর্ষন করলেন, তখন তিনি বললেন যে, তাকে দেওয়ার জন্য তার কাছে কোন টাকা—পয়সা নেই। কিন্তু তিনি যীশু খ্রিস্টের নামে লোকটিকে হাঁটতে আদেশ করলেন। লোকটা যীশুতে বিশ্বাস করে কিংবা পিতর যা বলেছিলেন তা বিশ্বাস করেছে কিনা সে জন্য অপেক্ষা না করে পিতর ভিক্ষুকটির হাত ধরে তাকে টেনে তুললেন। লোকটির গোড়ালি শক্ত হয়ে গেল এবং আনন্দের সাথে সে লাফিয়ে লাফিয়ে ঈশ্বরের প্রশংসা করতে করতে মন্দির প্রাঙ্গনে গেল তাদের সংগে।

পাঠ প্রসঙ্গ: পবিত্র আত্মা পঞ্চাশত্তমীর দিনে যীশু খ্রীষ্টের শিষ্যদের আত্মিক শক্তিতে পূর্ণ করেছিলেন। এরপর থেকে তারা জীবন্ত ভাবে জীবন—যাপন ও পরিচর্যা কাজ শুরু করেন। এটি তাদের সীমিত ক্ষমতার দ্বারা নয় বরং পবিত্র আত্মার মাধ্যমে ঈশ্বরের পরাক্রমশালী শক্তির কাজ তারা শুরু করলেন। কারণ তারা জানতেন যে, যীশু হলেন পুরাতন নিয়মের মশীহ প্রতিশ্রুতির পূর্ণতা। যীশুর শিষ্যরা তখনও প্রার্থনা এবং উপাসনার জন্য মন্দিরে যেতেন। সেইভাবে একদিন পিতর এবং যোহন যখন মন্দিরে প্রবেশ করছিলেন, তখন একজন খোঁড়া ভিক্ষুক তাদের দৃষ্টি আকর্ষন করল। জন্ম থেকেই পঙ্গু এই মানুষটিকে ছোটবেলা থেকেই টাকা ভিক্ষা করতে হয়, কারন সে কাজ করতে পারে না। তাকে মন্দিরের বাইরে বসে থাকতে হত। কারন যিহুদী আইন বলা হয়েছে যে, প্রতিবন্ধী ব্যক্তিদের মন্দিরের প্রাঙ্গনে প্রবেশ করা নিষিদ্ধ (লেবীয় ২১: ১৬—২৩)। লোকেরা প্রায়শই একজন ব্যক্তির অক্ষমতাকে ঈশ্বরের শাস্তি হিসাবে চিন্তা করত, এমনকি যদি তারা এই লোকটির মতো, জন্ম থেকে প্রতিবন্ধীও হত তা হলেও তারা একই বিষয় চিন্তা করত। তাই পিতর বুঝতে পেরেছিলেন যে, এই লোকটির সুস্থ হওয়া শুধুমাত্র কিছু অর্থের চেয়ে অনেক বেশি প্রয়োজন। অতএব, যখন পিতর যীশুর নামে ঘোষণা করেছিল যে, এই লোকটি হাঁটতে পারে, মন্দিরে উপাসনা করতে পারে এবং ঈশ্বরের দ্বারা আঘাতপ্রাপ্ত ভেবে অন্যদের সাথে আর থাকতে পারে না। মন্দিরের প্রাঙ্গনের লোকেরা,

এই খোঁড়া লোকটিকে আনন্দে লাফিয়ে উঠতে দেখে অবাক হয়ে পিতর এবং যোহনের কাছে গেল। পিতর সুযোগটি কাজে লাগিয়ে জনতার কাছে প্রচার করলেন। পিতর যীশুকে মশীহ হিসাবে ঘোষণা করেছিলেন এবং তাদের অনুতপ্ত হতে এবং ঈশ্বরের দিকে ফিরে আসার আহবান জানিয়েছিলেন।

পরবর্তী পাঠ্য: এই অনুচ্ছেদটি মশীহ ইস্রয়েলে যে আশা নিয়ে আসবেন সে সম্পর্কে বর্ণনা করে। খ্রিস্টনরা যীশুর পরিচর্যার কাজের বাস্তব উদাহরণ হিসোবে এই ঘটনাটিকে দেখেছিল। কারণ যীশুর শক্তি এখনও পৃথিবীতে কাজ করছে, যদিও এখন যীশুর শিষ্যদের মধ্যে দিয়ে তা হচ্ছে, ফলে যীশুর পরিচর্যার কাজ অব্যাহত রয়েছে। এই ক্ষেত্রে, প্রাক্তন খোঁড়া লোকটি মন্দিরের আদালতের মধ্য দিয়ে লাফিয়ে লাফিয়ে চলার বিষয়টি প্রমাণ দেয় যিশাইয় ভাববাদীর এই ভবিষ্যদ্বাণী, ”মেষশাবক যেন হরিণের মতো লাফিয়ে লাফিয়ে” সত্য হয়েছে।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: ৫. দয়াশীলতা: প্রকৃত খ্রিস্টানরা দয়া প্রদর্শন করে যখন তারা অন্যের ভালোর জন্য কাজ করে, বিনিময়ে তারা কিছু আশা করে না। যখন তারা কোন প্রয়োজন দেখে, অন্য কারো সাথে দেখা করার জন্য অপেক্ষা করার পরিবর্তে, যেটা করা উচিত বা ভাল বলে মনে করে সেটি সংগে সংগে করেন। কারন তারা মুল প্রয়োজন মেটাতেই কাজটা করেন। এই পাঠে ভিক্ষুকটি একটি জিনিস চেয়েছিল, কিন্তু আরও বেশি কিছু সে পেয়েছে। যখন ভিক্ষুক শুধুমাত্র অর্থের জন্য অনুরোধ করেছিল, পিতর বুঝতে পেরেছিল যে শারীরিক সুস্থতা লাভ ভিক্ষুকের জন্য আরও বেশি প্রয়োজন।

ঈশ্বরের দয়া মানুষের জীবনে অনেক বড় ভাবে দেখা যায়, মানুষ তার যা নেই বলে ঈশ্বরের কাছ থেকে আশা করে বা প্রার্থনা করে, ঈশ্বর তার চেয়েও বেশি কিছু দান করেন যেটা সে আশা করেনি কিংবা তার নেই বলে বুঝতেও পারেনি। ঠিক তেমনি কোন পাপী মানুষ যখন ঈশ্বরের কাছে বিশেষ কোন সাহায্যেও জন্য প্রার্থনা করেন, তখন ঈশ্বর কোন না কোন মাধ্যমে তাকে আরও বেশি কিছু দেবার ব্যবস্থা করে দিতে পারেন, যেটা সে চিন্তাও করেনি।

- **মাথা :** খ্রিস্টানরা প্রায়ই চায় যারা তাদের ক্ষতি করেছে তাদের উপর ঈশ্বরের বিচার দ্রুত আসুক। ঈশ্বরের কাছে প্রার্থনা করার সময় একজন খ্রিস্টান তার জন্য কি প্রার্থনা করবেন যে তার জীবনের জন্য খুব কঠিন বা ক্ষতিকর হয়ে উঠেছে ?
- **হৃদয় :** দয়ালু হওয়ার জন্য আমাদের জীবনে এবং হৃদয়ে অন্য লোকদের প্রথমে রাখা প্রয়োজন। অন্য মানুষের চাহিদা আমাদের নিজেদেও চাহিদার আগে রাখার বিষয়টি কেন এত কঠিন হতে পারে ?
- **হাত :** দয়ালু হওয়া মানে শুধুমাত্র অন্যদের সাহায্য করতে ইচ্ছুক নয়, আপনার চারপাশের লোকদের চাহিদা সম্পর্কে সচেতন হওয়া। এই সপ্তাহে আপনি কিভাবে আপনার আশেপাশের লোকদের প্রয়োজন সম্পর্কে আরও বেশি মনোনিবেশ করতে পারেন ?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;

- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** যীশু খ্রিস্টের পরিচর্যা পৃথিবীতে অব্যাহত রয়েছে, এমনটি তাঁর স্বর্গে ফিরে যাবার পরেও। এখন পবিত্র আত্মার শক্তির মাধ্যমে, শিষ্যরা যীশু খ্রিস্টের প্রচার ও আরোগ্যদানের পরিচর্যা কাজ চালিয়ে যাচ্ছেন। যীশুর অনেক অলৌকিক ঘটনার মতো, এখানেও ভিক্ষুক লোকটি শারিরীক সুস্থতার জন্য কিছু জিজ্ঞাসা করেনি। কিন্তু পিতর জানতেন যে, অর্থ শুধুমাত্র সাময়িকভাবে এই চাহিদা পূরণ করবে। সুস্থতা লাভ সত্যিই তার জন্য স্থায়ীভাবে প্রয়োজন ছিল। পিতর, যিনি একবার যীশুকে তিন তিনবার অস্বীকার করেছিলেন, কিন্তু এখন পবিত্র আত্মার ক্ষমতায় তিনি এই খোঁড়া লোকটিকে হাঁটতে আদেশ করলেন, আর সেটাই হল। সুস্থ্যতা শুধুমাত্র এই ব্যক্তির জন্য একটি নতুন জীবন প্রদান করেনি, কিন্তু পিতরের জন্য পাপে সৃংখলিত জনতার কাছে যীশু খ্রিস্টের বিষয়ে সুসমাচার প্রচার করার সুযোগও এনে দিয়েছিল।
    - আপনি কি মনে করেন পিতর কোথায় এত বিশ্বাস পেয়েছিলেন, যিনি মাত্র কিছুদিন আগে যীশুকে অস্বীকার করেছিলেন ?
    - টাকা ছাড়াও এই লোকটির আসল চাহিদা কি ছিল এবং কেন পিতর তাকে কিছু টাকা দেওয়ার পরিবর্তে এটি পূরণ করলেন ?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** পিতর দ্রুত যীশুর অস্বীকার থেকে যীশুর নামে অলৌকিক ক্ষমতাধারী বিশ্বসীতে রূপান্তরিত হন। পিতর যখন যীশুকে অস্বীকার করার অপরাধ অনুভব করেছিলেন, পুনরুত্থানের শক্তি তার অপরাধবোধের চেয়ে শক্তিশালী হয়েছিল। যীশু যে সুস্থতা প্রদান করেন তা পিতরের জীবনকে পরিবর্তন করার জন্য যথেষ্ট। অন্য খ্রিস্টানদের জন্যও তাই হয়। যদিও খ্রিস্টানরা অতীতের পাপের দাগ বহণ করতে পারে। যীশুতে তাদের আর সেই পাপের দোষ বা লজ্জা বহণ করার দরকার নেই। যীশু যখন পরিত্রান করেন, যীশু সম্পূর্ণরূপে মুক্ত করেন।
    - কেন অনেক মানুষ মনে করেন যে, যীশু তাদের সমস্ত পাপ ক্ষমা করার যে কথা বলেছেন সেটি মাত্রা অতিরিক্ত সত্য ?
    - কেন যীশুর ভালবাসায় বিশ্বাস না করে শুধু তাঁর ক্ষমা গ্রহণ করার মধ্যে ক্ষতি আছে ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** পবিত্র আত্মার পূর্ণতা খ্রিস্টানদের অন্যদের প্রকৃত চাহিদা মেটাতে সক্ষম করে। যদিও এটি খোঁড়া হয়ে জন্মানো মানুষের অলৌকিক নিরাময় নাও হতে পারে, ঈশ্বর খ্রিস্টানদের অনেক ক্ষমতা, ধন এবং প্রতিভা দেন যা ঈশ্বর অন্যদের ভালোর জন্য ব্যবহার করতে চান। খ্রিস্টানদের জন্য এটি খুঁজে বের করা খুবই গুরুত্বপূর্ণ, মানুষকে আঘাত করা প্রায় ঈশ্বরের ভালবাসা বুঝতে পারে না এ কারণে যে লোকেরা তাদের সম্পর্কে এটি বলে যে, যতক্ষন না তারা তাদের চারপাশে সেই ভালবাসা দেখতে না পায়।

- কেন মানুষকে ঈশ্বর সম্বন্ধে বলা যথেষ্ট নয়, তাও কেন দেখাতে হবে ?
- আপনি কিভাবে এমন একজনকে পরিচর্যা করার চেষ্টা করতে পারেন যে বলে যে সে খ্রিস্টান হতে চায় না কারণ একজন খ্রিস্টান একসময় তাকে আঘাত করেছে ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সারাংশটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯৫ অননিয় এবং সাফিরা মিথ্যা কথা বললেন

পাঠের সাস্ত্রাংশ: প্রেরিত ৫:১-১১

সহায়ক শাস্ত্রাংশ: যিহোশূয় ৭ অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা :** বুঝতে পারা যে, লোভ একটি ধ্বংসাত্মক পাপ, আপনার নিজের জীবন এবং আপনি যাদের ভালবাসেন সেই উভয়ই জীবনের জন্য।
- **হৃদয় :** সাবধান হোন, পাপ আপনার হৃদয়কে কেবল সীমাবদ্ধ বা সংকুচিত করে রাখে নয়, এটি আপনার সব কাজকেও নিয়ন্ত্রণ করতে চায়।
- **হাত :** সততার সাথে জীবনযাপন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হোন, যেখানে আপনার চিন্তা— ভাবনা, অনুভূতি এবং কর্ম সবই ঈশ্বর এবং অন্যদের প্রতি আপনার ভালবাসা থেকে উৎসারিত হয়।

একটি পদে পাঠের শিক্ষা কেহই দুই কর্তার দাসত্ব করিতে পারে না; কেননা সে হয় ত একজনকে দ্বেষ করিবে, আর একজনকে প্রেম করিবে, নয় ত একজনের প্রতি অনুরক্ত হইবে, আর একজনকে তুচ্ছ করিবে; তোমরা ঈশ্বর এবং ধন উভয়ের দাসত্ব করিতে পার না, মথি ৬:২৪।

পাঠের সারসংক্ষেপ যিরুশালেম শহরে অনেক দরিদ্র লোক বাস করত। এই কারণে যীশু স্বর্গে ফিরে যাবার পরে খ্রীষ্টবিশ্বাসীরা নিজের জমি কিছু অংশ কিংবা এমনকি বাড়িটা বিক্রি করে দিয়ে সেই অর্থ প্রেরিতদের দিতে লাগল। আর প্রেরিতরা সেই টাকা নিয়ে গরীব লোকদের দিতেন, যেন তারা ভাল থাকতে পারে। একদিন অননীয় নামে এক বিশ্বাসী এবং তার স্ত্রী সাফিরা তাদের সম্পত্তির এক টুকরো অনেক টাকার বিনিময়ে বিক্রি করে দিল। এত টাকা দেখে খুব স্বার্থপর হয়ে উঠল। প্রেরিতদেরকে পুরোটা দেয়ার পরিবর্তে, তারা নিজেদের জন্য কিছু টাকা রাখার সিদ্ধান্ত নিল। তারা বাকি টাকা নিয়ে প্রেরিতদের দিয়ে দিল। অননীয় এবং সাফিরা চেয়েছিল প্রেরিতরা বিশ্বাস করুক যে, তারা তাদের সম্পত্তির জন্য যে সমস্ত অর্থ পেয়েছিল তার সবই তারা দিয়েছে। প্রেরিতরা ধরতে পারেন যে তারা মিথ্যা বলতে বলছেন। কারণ তারা ঈশ্বরের কাছেই তাঁর সমানেই মিথ্যা বলেছিলেন। মিথ্যা কথা বলার সংগে সংগে অননীয় এবং সাফিরা মারা গেলেন। এই ঘটনার মাধ্যমে অন্যান্য লোকেরাও শিখেছিল যে, তাদের কখনই ঈশ্বরের কাছে মিথ্যা বলা উচিত হয় নি।



ছবি থেকে শেখা:

- ১. **বিশ্বাসীরা তাদের সম্পত্তি ভাগ করে নিয়েছিল:** প্রারম্ভিক খ্রীষ্টমন্ডলিতে, বিশ্বাসীরা পবিত্র আত্মা এবং অন্যদের প্রতি ভালবাসায় পরিপূর্ণ ছিল। অনেকে তাদের বাড়ি এবং জমি বিক্রি করে সেই অর্থ দিয়ে অভাবীদের সাহায্য করার জন্য প্রেরিতদের কাছে তা রাখতেন। ঈশ্বর কখনই খ্রিস্টানদের এটি করার জন্য সুনির্দিষ্ট করে কোন আদেশ দেননি। খ্রিস্টানরা প্রভুর প্রতি তাদের গভীর ভালবাসা এবং আনন্দের প্রতিক্রিয়া হিসাবে অন্যদের প্রতি তাদের ভালবাসা নিশ্চিত করবার জন্য এটি করতেন।
- ২. **পিতর :** একদিন অননিয় নামে এক বিশ্বাসী এবং তার স্ত্রী সাফিরা তাদের এক টুকরো জমি বিক্রি করে সেই অর্থের কিছু অংশ প্রেরিতদের কাছে দিলেন। অর্থের এই অংশটা বিক্রয়ের মাধ্যমে পাওয়া সম্পূর্ণ অংশ নয় কিন্তু তার কিছু অংশ, এই সত্য কথাটি বলার পরিবর্তে অননিয় সবাইকে বলেছিল যে, এটি তার জমি বিক্রয়ের সম্পূর্ণ পরিমান অর্থ। নিজেকে নির্দোষ দেখানোর জন্য তিনি এই মিথ্যা বললেন। প্রভু পিতরকে অননিয়ের লোভ এবং প্রতারণার বিষয়টি প্রকাশ করলেন তাই পিতর তার মুখোমুখি হলেন। ঈশ্বরের বিরুদ্ধে তার পাপের জন্য সেই মুহূর্তে এবং সেখানেই আননিয় মারা গিয়েছিলেন।
- ৩. **সাফিরা :** তিন ঘন্টা পর আনানিয়াসের স্ত্রী সাফিরা তাকে খুঁজতে আসলেন। পিতর আত্নায় অনুভব করে তারও মুখোমুখি হলেন এবং তাকে জমি বিক্রির টাকা সম্পর্কে জানতে চাইলেন, তার স্বামীর মত সাফিরাও মিথ্যা বললেন। তিনি অননিয়ের মতই মিথ্যা কথা বলার পরমুহূর্তে তিনিও মারা গেলেন। প্রচন্ড ভয় পুরো প্রাথমিক মন্ডলিকে ঘিরে ধরেছিল, কারণ তারা বুঝতে পেরেছিলেন যে, যীশুর পুনরুত্থানের মহাশক্তি অপব্যবহার করা করো পক্ষেই সম্ভব নয়।

পাঠ প্রসঙ্গ পবিত্র আত্মায় পূর্ণ, প্রথম খ্রিস্টানরা ঈশ্বরের সাথে এবং একে অপরের সাথে সহভাগিতা উপভোগ করেছিল। তাই আনন্দ এবং ভালবাসায় পরিপূর্ণ হয়ে তারা দরিদ্রদের যত্ন নেওয়ার জন্য তাদের সম্পত্তি মন্ডলিতে দান করছিল। কেউ কেউ তাদের নিজেদের ঘর—বাড়ী ও জমি বিক্রি করে তার অর্থ মন্ডলিতে দান করেছিলেন।

ঈশ্বরের মহান ভালবাসায় সাঁড়া দিয়ে তারা এই মহান কাজটি করছিলেন। আননিয় এবং সাফিরা তাদের কিছু জমি বিক্রি করার এবং আয়ের একটি অংশ দান করার সিদ্ধান্ত নিলেন। জমি বিক্রির সম্পূর্ণ অর্থ না দিয়ে তারা দুজনেই এই মিথ্যা কথা বলেছিলেন যে তারা পুরো অর্থই দান করেছে। জমি বিক্রির টাকা মন্ডলিতে দিয়ে যদিও তারা খুব উদারতা দেখিয়েছিলেন, সংগে সংগে শয়তান

তখনও তাদের হৃদয়ের নিয়ন্ত্রণ করছিল, এজন্য তারা তাদের লোভকে সমালাতে পারলেন না, লোভকেই প্রাধান্য দিয়ে মন্ডলির সবার সংগে প্রতারনা করলেন।

সামান্য পাপ বড় সমস্যা সৃষ্টি করতে পারে। এই কারণে ঈশ্বর অবিলম্বে তাদের শাস্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন, যাতে করে তাদের লোভ এবং প্রতারণা সমগ্র চার্চে ছড়িয়ে না পড়ে। এই ঘটনাটি গোটা চার্চকে শয়তানের কাছ থেকে দুরে থাকার জন্য প্রচন্ড ভয়ের কারণ হয়েছিল, কারণ প্রাথমিক খ্রিস্টানরা এটা বুঝতে পেরেছিলেন যে, পুনরুত্থানের মহান শক্তি কেবল পাপ থেকে পরিত্রাণই নয়, বরং পাপের বিচারও করতে পারে।

পরবর্তী পাঠ্য: (আরও তথ্যের জন্য পাঠ #২৮ দেখুন) আনানিয়াস এবং সাফিরার লোভের মত এমনই একটি ঘটনা ঘটেছিল ইস্রায়েলীয়দের প্রতিশ্রুত দেশে প্রবেশ করার পরপরই । আখন, ইস্রায়েলীয়দের জন্য তাদের সমস্ত লুন্ঠন ঈশ্বরের কাজে ব্যবহারে উদ্দেশ্যে আনার জন্য ঈশ্বরের আদেশ পালন করার পরিবর্তে, কিছু মূল্যবান জিনিসপত্র চুরি করেছিলেন। আননিয় এবং সাফিরার মতো, আখন এবং তার পরিবার, আখনের পাপ এবং প্রতারণার জন্য তাকে ও তার পরিবারের সবাইকে চূড়ান্ত মূল্য দিতে হয়েছিল।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** যদিও যীশুর পুনরুত্থান পাপের শক্তিকে ভেঙে দেয়, তবুও খ্রিস্টানরা তাদের জীবনে পাপকে রাজত্ব করতে দেওয়ার বিষয়টি বেছে নিতে পারে। বিশেষ করে, অননিয় এবং সাফিরা বিশ্বাস করেছিলেন যে, তারা একইসাথে ঈশ্বরের সেবা করতে পারেন এবং লোভী ও প্রতারকও থাকতে পারেন। এই ঘটনার মধ্যে দিয়ে ঈশ্বর দেখিয়েছিলেন যে, খ্রিষ্টিয়ানদের ঈশ্বরের সংগে জীবন—যাপন

করবার সময় পাপ কাজকে বেছে নেবার পরিনাম কত ভংকর বিপদ ডেকে আনতে পারে। যদিও ঈশ্বর আশা করেন না যে, খ্রিস্টানরা একেবারে নিখুঁতভাবে জীবনযাপন করবে, তবুও সেখানে একটি বড় বিপদ রয়েছে, যখন খ্রিস্টানরা ঈশ্বরকে অনুসরণ করার পাশাপাশি পাপকে তাদের জীবনে পাপকে বা শয়তানকে আধিপত্য করতে দেওয়ার বিষয়টি বেছে নেয়।

    - এই দম্পতির অর্থ দানের বিষয়ে মিথ্যা বলা কেমন ধরণের পাপ ছিল, যখন ঈশ্বর তাদেরকে সম্পত্তি বিক্রির সমস্ত অর্থ দান করবার বিষয়টিকে তাদেরকে প্রথম স্থানে রাখবার বিষয়ে সুনির্দিষ্ট কোন আদেশ দেননি ?
    - কেন এধরনের লোভ—লালসা খ্রিস্টিয়ান এবং তাদের চারপাশের লোকদের জন্য এমন ধ্বংসাত্মক পাপ হতে পারে ?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** খ্রিস্টানদের মনে রাখা দরকার, পাপ শুধুমাত্র একজন ব্যক্তির হৃদয়ের একটু অংশ দখল করেই সন্তুষ্ট থাকে না। একজন খ্রিস্টান তার জীবনে পাপকে নিয়ন্ত্রণ করতে পারে না। যদি খ্রিস্টানরা পাপকে তাদের হৃদয়ে থাকতে দেয়, তবে সেই পাপ খ্রিস্টানদের জীবনের অন্যান্য অংশকেও সংক্রমিত বা রাজত্ব করবে। লোভের মতো ভেতরের পাপগুলি কখনই শুধু ভেতরে থাকে না, বরং সেটি খ্রিস্টানদের বাহ্যিক কাজেও প্রকাশ পায়।
    - কেন শয়তান চায় খ্রিস্টায়নরা বিশ্বাস করুক অভ্যন্তরীণ বা ভেতরের পাপ তেমন ক্ষতিকারক নয় ?
    - কিভাবে একজন খ্রিস্টিয়ানের হৃদয়ের ভেতরের পাপগুলি বাহ্যিক কাজ—কর্ম এবং মনোভাবের মধ্যে দিয়ে প্রকাশিত হতে পারে ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** সততার জীবন হল, যখন একজন খ্রিস্টান—এর বিশ্বাস এবং কাজ একইরকম বা সংগতিপুর্ণ হয়। খ্রিস্টানদের জন্য এটা খুবিই গুরুত্বপূর্ণ যে, তারা যীশুকে তাদের ত্রাণকর্তা হিসাবে কেবল গ্রহণ করবে না, বরং খ্রিস্টকে তাদের হৃদয় এবং বাস্তব কাজে রাজত্ব করার জন্যও সুযোগ দান করবে।
    - কেন আপনার সমাজে খ্রীষ্টিয় সততার জীবন যাপন করা কঠিন হবে ?
    - আপনার সমাজের মধ্যে দৃশ্যত দেখা গেছে এমন পাপের কিছু পরিণতি কী কী ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯৬ স্তিফানের সাক্ষ্যমর হওয়ার কাহিনী

পাঠের সাস্ত্রাংশ: প্রেরিত ৬:৮-৭:৫০

সহায়ক শাস্ত্রাংশ: যিরমীয় ৩৮:১—১৪

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** যীশু খ্রিস্টের সাক্ষী হওয়ার ফলে তাড়না এবং কষ্ট হতে পারে তা সেটি বোঝা। যদি তাই হয়, তবে এটি একজন খ্রিস্টিয়ানকে যীশুর মতো হওয়ার সুযোগ করে দেয়।
- **হৃদয়:** অন্যদেরকে ক্ষমা করুন। স্টিফেন, এর আগে স্বয়ং যীশু ক্রুশে যেমনটি করেছিলেন যে, তাঁকে যারা হত্যা করেছিল তাদেরকে ক্ষমা করেছিলেন। ক্ষমা করা অত্যন্ত কঠিন, এটি একটি খ্রিষ্টিয় গুণ যা অনুশীলন করা প্রযোজন, কিন্তু এটি খ্রিস্টিয়ানদের হৃদয়ের তিক্ততা এবং ঘৃণা জাগানোর অনুভুতি থেকে তাদের মুক্ত করে।
- **হাত :** যীশুর প্রেমের সাথে সত্য কথা বলুন। যদিও স্তিফান জানতেন যে, যীশুর সম্পর্কে তার প্রচার বিরোধীতা আনতে পারে, তিনি যীশুকে এতটাই ভালবেসেছিলেন যে তিনি এটা গোপন রাখতে পারেন নি।

একটি পদে পাঠের শিক্ষা আর স্তিফান অনুগ্রহে ও শক্তিতে পরিপূর্ণ হইয়া লোকদের মধ্যে মহা মহা অদ্ভুত লক্ষণ ও চিহ্ন—কার্য সাধন করিতে লাগিলেন, প্রেরিত ৬:৮।

পাঠের সারসংক্ষেপ স্তিফান একজন প্রজ্ঞাবান ব্যক্তি ছিলেন এবং যীশুর বিষয়ে বলতে ভয় পেতেন না। পিতর এবং যোহনের মতো, ঈশ্বর স্তিফানের মাধ্যমেও অলৌকিক কাজ করাতে সক্ষম হয়েছিলেন। স্তিফান জানতেন যে, তিনি এই অলৌকিক কাজগুলি করতে পারছেন কারণ পবিত্র আত্মা তাকে সাহায্য করছেন। স্তিফান যা করছিলেন তা কিছু ইহুদি লোক পছন্দ করছিল না। তারা স্তিফানকে মোশী এবং ঈশ্বরের আইন সম্পর্কে ভয়ানক কথা বলল এবং তাকে অভিযুক্ত কেও বিচারকের কাছে নিয়ে গেল। পরে লোকেরা ক্ষিপ্ত হয়ে স্তিফানকে শহরের বাইরে টেনে নিয়ে গেল। তারা মাটি থেকে পাথর তুলে স্তিফানের দিকে ছুঁড়ে মারতে শুরু করে। স্তিফান স্বর্গের দিকে তাকালেন এবং যীশুকে তাদের এই অন্যায় কাজের জন্য ক্ষমা করতে বললেন। এরপর স্তিফান মারা যান। স্তিফান ছিলেন প্রথম সাক্ষ্যমর ব্যক্তি যাকে হত্যা করা হয়েছিল কারণ সে মানুষকে যীশুর কথা বলেছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **স্তিফান** ছিলেন একজন খ্রিস্টিয়ান, পবিত্র আত্মায় পূর্ণ, যিনি ঈশ্বরের অনুগ্রহ ও ক্ষমতা দেখানোর জন্য অনেক চিহ্নকাজ ও আশ্চর্য্য কাজ করেছিলেন।
- ২. **বিরোধী** হিসাবে বেশ কিছু লোক স্তিফানের এই পরিচর্যা কাজ পছন্দ করেনি। তারা চায়নি তিনি যীশুর বিষয়ে প্রচার করুক, কারণ তারা যীশুকে মশীহ বলে বিশ্বাস করেনি। তারা স্তিফানকে অনেক কঠিন প্রশ্নের মুখোমুখি করেছিল, কিন্তু ঈশ্বর স্তিফানকে তার উপযুক্ত উত্তর দেবার জ্ঞান—প্রজ্ঞা দিয়েছিলেন। তারা স্তিফানের উপযুক্ত জবাবগুলিকে ফেলে দিতে পারেনি, কিন্তু তার পরিচর্যা কাজ বন্ধ করার জন্য জনতাকে সহিংসতা করবার জন্য তার বিরুদ্ধে উস্কিয়ে দিয়েছিল। তারা স্তিফানকে একসময় টেনে শহরের বাইরে নিয়ে যায় এবং তাকে হত্যা করার জন্য তার দিকে পাথর ছুঁড়তে থাকে।
- ৩. **স্তিফান স্বর্গের দিকে তাকালেন** এবং যীশুকে ঈশ্বরের পাশে দাড়িয়ে থাকতে দেখলেন। তিনি কিছু সময়ের মধ্যে মারা যেতে চলেছেন এটা জেনে স্তিফান যীশুকে তার আত্মা গ্রহণ করতে এবং যারা তাকে হত্যা করার জন্য দায়ী তাদেরকে ক্ষমা করতে বললেন। এটি করার মধ্যে দিয়ে যীশু যেভাবে ক্রুশের উপরে তাঁকে হত্যা করবার জন্য দায়ী লোকদেরকে ক্ষমা করে দেবার কথা বলেছিলেন, ঠিক তেমনি স্তিফানও তাদেরকে ক্ষমা করে দেবার অনুরোধ করে যীশুর ভালবাসার আদর্শকেই প্রমাণ করেছিলেন।

পাঠ প্রসঙ্গ যীশুর বিরোধীরা ধরে নিয়েছিল যে, একবার তারা যীশুকে ক্রুশবিদ্ধ করলে, তাঁর অনুসারীরা যীশু সম্পর্কে প্রচার করা বন্ধ করে দেবে। কিন্তু পবিত্র আত্মায় পূর্ণ অনেক খ্রিস্টিয়ান কেবল যীশুর বিষয়ে প্রচারই করেনি, কিন্তু যীশুর নামে শক্তিশালী অলৌকিক কাজ এবং আশ্চর্য্য কাজ করেছেন। তাই কিছু ধর্মীয় নেতা বিশ্বাস করেছিলেন যে, তাদের এখন যীশুর অনুসারীদের হত্যা করা শুরু করতে হবে।

যদিও ধর্মীয় নেতাদের স্তিফানকে হত্যা করার কোন অধিকার ছিল না। অথবা তাদের কাছে প্রমাণ ছিল না যে, স্তিফান মৃত্যুর যোগ্য কোন অপরাধ করেছেন। কখনও কখনও লোকেরা বিশ্বাস করে যে, তাদের নিজস্ব আইন ভঙ্গ করাতে কোন সমস্যা নাই। তারা বিশ্বাস করে যে, তাদের ভালোর জন্য দু'একটি অপরাধ করা যেতে পারে। কিন্তু যীশু আমাদের শিখিয়েছেন যে, রাগ করে সহিংস আচরণ করার চেয়ে প্রেম করা আরও গুরুত্বপূর্ণ বিষয়।

স্তিফান ছিলেন প্রথম খ্রিস্টিয়ান স্বাক্ষ্যমর বা শহীদ, যার মানে হলো তিনি যীশু খ্রিস্টকে বিশ্বাস করবার কারণে নিহত প্রথম খ্রিস্টিয়ান ছিলেন। যীশুর মতো, স্তিফান ঈশ্বর এবং অন্যদেরকে এতটাই ভালবাসতেন যে তিনি, তাকে যারা হত্যা করেছিল তাদের ক্ষমা করে দিতে পেরেছিলেন।

পরবর্তী পাঠ্য : (আরও তথ্যেও জন্য দেখুন পাঠ #৪৭) স্তিফানের মতই যিরমিয় ভাববাদীকেও ঈশ্বরের সত্য তুলে ধরবার জন্য সে সময়কার কতৃর্পক্ষ অনেক নির্যাতন করেছিলেন। যখন যিরমিয়ের মাধ্যমে পাওয়া ঈশ্বরের বার্তা শুনে তাদের পাপের জন্য অনুতপ্ত হওয়া উচিত ছিল, সে সময়ে তারা যিরমিয়ের মুখ বন্ধ করে দিতে চেয়েছিল। যিরমিয় জানতেন ঈশ্বরের সত্য বাক্য তুলে ধরবার জন্য ক্ষমতাবানরা তাকে অনেক নির্যাতন করবেন, কিন্তু এটাও ভাল করে বুঝতেন যে, যারা ঈশ্বর সম্পর্কে ভুল শিক্ষা দিচ্ছেন তাদেরকে ভয় না করে সর্বশক্তিমান ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ও বাধ্য থাকা আরও বেশি গুরুত্বপূর্ণ বিষয়। আর তিনি সেটাই বেছে নিয়েছিলেন।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু’টি বাইবেলের অংশই পাঠ করুন;
- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝান হয়েছে ?** যীশুর জন্য পরিচর্যার কাজ করা কষ্টকর, যিনি প্রেম এবং ক্ষমা সম্পর্কে এত কিছু শিখিয়েছেন, এগুলি মেনে চললে ভয়ানক তাড়না আসতে পারে। প্রাথমিক খ্রিস্টানরা দরিদ্রদের সাহায্য করেন, অলৌকিক কাজের মধ্যে দিয়ে মানুষের জন্য মংগল করেন এবং ঈশ্বর সম্পর্কে সত্য বিষয়ে শিক্ষা দেন। এসব বিষয় তাদেরকে কেবল ক্ষতির হাত থেকে রক্ষা করেনি, এটি ধর্মীয় কর্তৃপক্ষকে তাদেরকে ভয়ংকর নির্যাতন করতে উৎসাহিত করেছিল। অনেকে যীশুর জন্য দু:খকষ্ট পেতে পছন্দ করে না। কিন্তু দুঃখকষ্ট এড়াতে চেষ্টা করার চেয়ে যীশুর প্রতি বিশ্বস্ত হওয়া আরও বেশি গুরুত্বপূর্ণ। যীশু কখনই খ্রিস্টানদের নির্যাতন সহ্য করবার জন্য ডাকেন না। কিন্তু যীশু যখনই আপনাকে

তাঁর পক্ষে কাজ করতে বা কথা বলার জন্য ডাকেন তখনই যীশুর কথা বিশ্বস্তভাবে শোনা এবং বাধ্য হওয়া প্রয়োজন।

  - কেন কিছু লোক খুব বিরক্ত হয় যখন অন্য লোকেরা খুব প্রেমপূর্ণ এবং উদার আচরণ করে ?
  - কোন কোন উপায়ে খ্রিস্টিয়ানরা নিপীড়নের পরেও যীশুর মতো হতে পারে ?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** যারা আপনাকে অত্যাচার করে তাদেরকে ভালবাসা কঠিন। যারা আপনার ক্ষতি করে তাদের ক্ষমা করাও কঠিন। আজকের খ্রিস্টিয়ানদের জন্য যীশু এবং স্তিফান আদর্শস্বরুপ, যেখানে কোন একজন ব্যক্তির হৃদয়ে ঘৃণা এবং তিক্ততা স্থান পায় না। যদি নিপীড়নের মুখোমুখি খ্রিস্টানরা তাদের জীবনে তিক্ততা এবং ঘৃণা তৈরি করতে দেয়, তাহলে শয়তান জয়ী হয়, কারণ ঈশ্বর তাদের হৃদয়ে পূর্ণ প্রভু নন। ক্ষমা করা, যা খ্রিস্টিয়ানদের বাস্তব জীবনে অনুশীলনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, ক্ষমার হৃদয় বৃদ্ধি পেতে দীর্ঘ সময় নিতে পারে।
  - অন্যদের ক্ষমা করার কাজটিকে সহজ করতে একজন খ্রিস্টিয়ান কী করতে পারেন ?
  - একজন খ্রিস্টিয়ানকে কী করা উচিত যিনি কাউকে ক্ষমা করতে চেয়েও ক্ষমা করতে পারছেন না ?
- **হাত: কিভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** ঈশ্বর চান না যে খ্রিস্টিয়ানরা অন্য লোকদের রাগান্বিত করুক বা এমন কিছু করুক যাতে অন্যরা রেগে যায়। তবে ঈশ্বরের শত্রুরাও স্বীকার করে যে, কিছু লোক যখন আমাদেরকে অন্যদেরকে ঈশ্বরের ভালবাসা দিতে দেখে কিংবা যীশুর বিষয়ে কথা বলতে শুনে তখন তারা খুব রেগে যায়। যদিও অন্যরা রাগান্বিত হতে পারে, কিন্তু খ্রিস্টিয়ানদের প্রথমে ঈশ্বরের পরিচর্যা করতে হবে এবং যখন ঈশ্বর তাদের কাজ করতে এবং কথা বলতে পরিচালিত করেন তখনই কাজ করতে হবে এবং কথা বলতে হবে।
  - আপনি কখনও কি খ্রিস্টিয়ান হওয়ার জন্য নিপীড়নের সম্মুখীন হয়েছেন ?
  - আপনি একজন খ্রিস্টিয়ানকে কি বলবেন যিনি নিপীড়নের মুখোমুখি হওয়ার ক্ষেত্রে দ্বিধাদ্বন্দে আছেন ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সারাংশটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯৭ ফিলিপ এবং ইথিউপিয়া দেশের

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ৮:২৬-৪০

সহায়ক শাস্ত্রাংশ: যিশাইয় ৫৩:৭-১২

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বিশ্বাস করুন যে, যীশু খ্রীষ্টে ঈশ্বরের পরিত্রাণ সমস্ত মানুষের জন্য, তাদের জাতি, বর্ণ, লিঙ্গ বা প্রেক্ষাপট যাই হোক না কেন।
- **হৃদয়:** ঈশ্বরের ভালবাসা অন্যদের সাথে ভাগ করে নেওয়ার জন্য আপনার হৃদয়ে কোন বাধা আছে কিনা তা খুজে দেখুন। আপনার কি এমন কোন পক্ষপাত, ভয় বা কুসংস্কার আছে যা আপনাকে অন্যদের সাথে যীশু খ্রীষ্টের সুসমাচার সহভাগ করার জন্য ঈশ্বরের আহ্বান মানতে বাধা দিতে পারে?
- **হাত:** আপনার সাক্ষ্য এবং যীশু খ্রীষ্টের সুসমাচার যে কোনো সময় শেয়ার করতে প্রস্তুত থাকুন। ঈশ্বর আপনার জীবনে এমন লোকদের নিয়ে আসবেন যাদের যীশু খ্রীষ্টের সুসংবাদ শুনার প্রয়োজন হবে ।

একটি পদে পাঠের শিক্ষা তখন ফিলিপ মুখ খুলিয়া শাস্ত্রের সেই বচন হইতে আরম্ভ করিয়া তাঁহার কাছে যীশু—বিষয়ক সুসমাচার প্রচার করিলেন, প্রেরিত ৮:৩৫।

পাঠের সার সংক্ষেপ: ফিলিপ (প্রেরিত নয়) একজন সুসমাচার প্রচারক ছিলেন যিনি মানুষের কাছে ঈশ্বর সম্পর্কে প্রচার করছিলেন। একদিন ঈশ্বর ফিলিপকে একটি মরুভূমির রাস্তা যা যিরুশালেম থেকে বেরিয়ে যাওয়ার পথ ছিল সেখান দিয়ে হেঁটে যেতে বলার জন্য একজন স্বর্গদূত পাঠিয়েছিলেন। ফিলিপ স্বর্গদূতের কথার বাধ্য হলেন। ফিলিপ হাঁটতে হাঁটতে ইথিওপিয়ার একজন লোককে রথে বসে থাকতে দেখলেন। লোকটি পুরাতন নিয়ম থেকে যিশাইয় পুস্তকটি পড়ছিল। লোকটি যখন পড়ছিল, তখন ফিলিপ সেই রথে উঠে গেল এবং তাকে জিজ্ঞেস করলেন সে যা পড়ছে তা বুঝতে পারছে কিনা। ইথিওপিয়ান লোকটি ফিলিপকে বলেছিলেন যে, সে বুঝতে পারেনি, কিন্তু তিনি খুশি হবেন যদি কেউ তাকে এটি ব্যাখ্যা করে দেন। ফিলিপ সেই লোকটিকে ব্যাখ্যা করে বোঝালেন যে তিনি যীশুর সুসংবাদ সম্পর্কে পড়ছিলেন. তারপর ফিলিপ লোকটিকে বললেন, কিভাবে যীশু তার পাপ ক্ষমা করার জন্য মারা গিয়েছিলেন। ইথিওপিয়ান লোকটি যীশুকে তার পাপের জন্য ক্ষমা করতে প্রার্থনা করলেন এবং তারপর তাকে বাপ্তিস্ম দেবার জন্য ফিলিপকে অনুরোধ করলেন। তখন পবিত্র আত্মা ফিলিপকে অন্য একটি শহরে নিয়ে যান যেখানে তিনি যীশুর বিষয়ে প্রচার করেছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **ইথিওপিয়ান কর্মকতার্।** একজন ইথিওপিয়ান কর্মকর্তা যিরুশালেম মন্দিরে উপাসনা করতে গিয়েছিলেন। তার বাড়ীর পথে ইথিওপিয়ায় ফেরার সময় তিনি পুরাতন বাইবেল নিয়ম থেকে যিশাইয় পুস্তক পড়ছিলেন।
- ২. **ফিলিপ** একজন খ্রীষ্টিয়ান ছিলেন যিনি যীশুর সুসমাচার বিষয়ে প্রচার করছিলেন এবং যীশুর নামে অলৌকিক কাজ করছিলেন। ঈশ্বর ফিলিপকে ইথিওপিয়ার কর্মকর্তার রথে পাঠিয়েছিলেন। ফিলিপ যখন ইথিওপিয়ানকে যিশাইয় পুস্তক পড়তে দেখেছিলেন, তখন তিনি ইথিওপিয়ান কর্মকর্তাকে জিজ্ঞাসা করেছিলেন যে, তিনি যা পড়ছেন তা বুঝতে পেরেছেন কিনা। ইথিওপিয়ান এই বিষয়ে দুঃখিত ছিলেন, কারণ তিনি যা পড়ছেন তা বুঝতে পারেন নি, এবং তাকে এই শাস্ত্রাংশটি ব্যাখ্যা করার মতো কেউ ছিল না। তাই ফিলিপ তার কাছে এই সাস্ত্রাংশটি ব্যাখ্যা করার প্রস্তাব দিয়েছিলেন এবং যখন তারা রাস্তা দিয়ে যাত্রা করেছিলেন তখন ফিলিপ তাকে যীশু সম্পর্কে সমস্ত কিছু ব্যাখ্যা করেছিলেন এবং যিশাইয় পুস্তক থেকে যীশু কীভাবে অনেক ভবিষ্যদ্বাণী পূরণ করেছিলেন সে সম্পর্কে প্রচার করেছিলেন। ইথিওপিয়ান খুব আনন্দের সাথে যীশুর কথা শুনে তাঁকে গ্রহণ করেছিলেন এবং ফিলিপকে তাকে বাপ্তিস্ম দিতে বলেছিলেন।

পাঠ প্রসঙ্গ: স্টিফেনকে পাথর মারার পর যিরুশালেমে খ্রীষ্টিয়ানদের বিরুদ্ধে প্রবল অত্যাচার শুরু হয়। তখন অনেক খ্রীষ্টিয়ান যিরুশালেম ছেড়ে পালিয়ে যান। যাইহোক, এই নিপীড়ন যীশুর বিষয়ে শিক্ষা ও প্রচার বন্ধ করতে পারেনি, বরং তার বিপরীত হয়েছিল। খ্রীষ্টিয়ানরা যিরুশালেম থেকে পালিয়ে যাওয়্যার সাথে সাথে তারা যেখানেই গিয়েছিলেন সেখানেই যীশুর বিষয়ে প্রচার করতে শুরু করেছিলেন এবং মহান অলৌকিক কাজ করেছিলেন।

এই খ্রীষ্টিয়ানদের মধ্যে একজন ছিলেন ফিলিপ। তিনি শমরিয়ার একটি শহরে পালিয়ে যান এবং সেখানে তিনি অনেক লোককে সুস্থ করেন এবং অনেকে তার পরিচর্যার কারণে খ্রীষ্টিয়ান হন। একদিন ঈশ্বর ফিলিপকে শমরিয়া ছেড়ে যিরুশালেম এবং গাজার মধ্যবর্তী একটি ব্যস্ত রাস্তার দক্ষিণ দিকে যেতে বললেন। ফিলিপ সেখানে গিয়ে দেখলেন একজন অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি একটি রথে চড়ে আসছেন। এই ব্যক্তিটি ইথিওপিয়ার একজন কর্মকর্তা ছিলেন যিনি মন্দিরে উপাসনা করতে যিরুশালেমে গিয়েছিলেন। এই কর্মকর্তা কিছুটা হতাশ ছিলেন কারণ তিনি ধর্মগ্রন্থ পড়লেও ধর্মগ্রন্থে কি বলা আছে

সে বিষয়ে বুঝতেন না। ফিলিপ তার কাছে শাস্ত্র ব্যাখ্যা করে দেওয়ার প্রস্তাব দিয়েছিলেন এবং তাই তিনি রথে উঠেছিলেন এবং তারা রাস্তা দিয়ে যাত্রা করতে করতে কথা বলছিলেন।

সেই কর্মকতার্ যে, অনুচ্ছেদটি পড়ছিলেন তা ছিল পাপের দাসত্ব সম্পর্কে এবং কীভাবে যীশু আমাদের পাপের জন্য মারা যাবেন সেই বিষয়ক। ফিলিপ যখন এই কর্মকর্তাকে যীশু সম্পর্কে সমস্ত কিছু ব্যাখ্যা করেছিলেন, তখন কর্মকর্তাটি খুব আনন্দিত হয়েছিলেন, এবং যখন একটি জলপূর্ণ স্থানের কাছে এসেছিলেন, তখন সেই কর্মকতার্ ফিলিপকে জিজ্ঞাসা করেছিলেন যে, তিনি তাকে বাপ্তিস্ম দেবেন কিনা।

তাই, যদিও যীশুর শত্রুরা ভেবেছিল যে, তারা তাঁর অনুসারীদেরকে অত্যাচার করে যীশুর বিষয়ে প্রচার করা থেকে বিরত রাখতে পারে। কিন্তু তা হয়নি বরং যীশুর সম্পর্কে সুসমাচার কেবল আরও বেশি লোকের কাছেই প্রচারিত হয়েছিল এবং একজন ইথিওপিয়ান কর্মকতার্ও খ্রীষ্টিয়ান হয়েছিলেন এবং তিনি একটি নতুন মহাদেশে যীশু খ্রীষ্টের সুসংবাদ নিয়ে গিয়েছিল : মহাদেশটি হল আফ্রিকা!

পরবতীর্ পাঠ : ইথিওপিয়ান কর্মকর্তা এই লেখাটি পড়ছিলেন। যীশুকে ক্রুশবিদ্ধ করার শত শত বছর আগে, ঈশ্বর এই ভবিষ্যদ্বাণীটি যিশাইয়কে দিয়েছিলেন যে, কোন উপায়ে ঈশ্বর মানুষকে তাদের পাপ থেকে রক্ষা করবেন।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: প্রতিরোধী করুণা। ঈশ্বর সর্বদা প্রেম এবং পরিত্রাণের জন্য প্রথম পদক্ষেপ নেন। ঈশ্বর মানুষের আনন্দের জন্য আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন। তবুও মানুষ পাপ বেছে নিয়েছে। তাই মানুষের সাথে ঈশ্বরের ভেঙ্গে যাওয়া সম্পর্ককে আরও শক্তিশালীভাবে গড়ে তোলার জন্য ঈশ্বর পিতৃপুরুষ এবং ভাববাদীদের মাধ্যমে মানুষকে দেখানোর জন্য এসেছিলেন যে কীভাবে ঈশ্বরের সাথে সম্পর্ক রাখতে হয়। যখন মানবতা ভগ্নতা এবং পাপের মধ্যে বসবাস করতে থাকে, তখন ঈশ্বর যীশু খ্রীষ্টের মাধ্যমে পরিত্রাণের আরও ভাল পথ প্রদানের ব্যাবস্থা করেছিলেন। যখন একজন ব্যক্তি তাদের পাপের জন্য অনুতপ্ত হয় এবং ঈশ্বরের দিকে ফিরে যায়, তখন এটি কেবলমাত্র সম্ভব হয়ে ওঠে কারণ ঈশ্বরই তাদের কাছে প্রথম পৌঁছেছিলেন। ঈশ্বরের প্রশংসা করুন, ঈশ্বর সর্বদা প্রেম এবং পরিত্রাণের প্রথম পদক্ষেপ গ্রহণ করেন! আরও তথ্যের জন্য রোমীয় ৫ অধ্যায় দেখুন।

- **মাথা:** আপনার জীবন কেমন হতো যদি ঈশ্বর আপনার দিকে প্রথম পদক্ষেপ না নিতেন, কিন্তু পরিত্রাণ এবং সুস্থতার জন্য প্রথম পদক্ষেপটি আপনার দিক থেকে আসার জন্যে অপেক্ষা করতে হত ?
- **হৃদয়:** ঈশ্বর আপনার পাপ এবং পরিত্রাণের প্রয়োজনীয়তা স্বীকার করার জন্য অপেক্ষা করেননি এটি আপনাকে ঈশ্বরের প্রকৃতি সম্পর্কে কী বলে ?
- **হাত:** ঈশ্বরের অনুগ্রহের প্রতি একজন ব্যক্তির প্রতিক্রিয়া কী হওয়া উচিত?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** অত্যচার তৎকালীন খ্রীষ্টিয়ানদের যীশু খ্রীষ্ট সম্বন্ধে অন্যদের বলা থেকে বিরত রাখতে পারেনি। প্রকৃতপক্ষে, ঠিক এর বিপরীতটি হয়েছিল, বরং আরও বেশি লোক যীশু সম্পর্কে শুনেছিল কারণ খ্রীষ্টিয়ানরা যিরুশালেম থেকে ছড়িয়ে পড়ার কারণে বিভিন্ন জায়গায় তারা যীশুর সম্পর্কে প্রচার করেছিল। প্রভু যীশুর স্বর্গে আরোহণের আগে তিনি শিষ্যদের বলেছিলেন যে তারা পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তাঁর সাক্ষী হবে (প্রেরিত ১:৮), এবং এখন এই কথাটিই সত্য হচ্ছে। পঞ্চসপ্তমীর পরে, পবিত্র আত্মা তৎকালীন খ্রীষ্টিয়ানদের এতটাই পূর্ণ করেছিল যে তারা পৃথিবীতে থাকাকালীন যীশু যে কাজগুলি করেছিলেন, তারাও সেরূপ কাজ করছিলেন: ঈশ্বরের রাজ্য সম্পর্কে শিক্ষা দেওয়া এবং ঈশ্বরের রাজ্য পৃথিবীতে এসেছে প্রমাণ করার জন্য অলৌকিক কাজ করা। এই ইথিওপিয়ান কর্মকতার্র পরিত্রাণ পাওয়ার ঘটনাটি কীভাবে যীশুর সুসংবাদ সারা বিশ্বে ছড়িয়ে পড়ছে তার একটি উদাহরণ।
    - ফিলিপ এবং এই ইথিওপিয়ান কর্মকর্তার মধ্যে পার্থক্যগুলির মধ্যে কয়েকটি পার্থক্য কী ছিল?
    - কেন আপনি মনে করেন যে, ইথিওপিয়ান কর্মকর্তা একজন অপরিচিত ব্যক্তিকে তার রথে আমন্ত্রণ জানিয়েছিলেন তাকে যিশাইয় পুস্তক সম্পর্কে শিক্ষা দেওয়ার জন্য?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে পাঠটি কি বলে ?** যীশুর সুসমাচার সকল মানুষের জন্য। ঈশ্বর চান খ্রীষ্টিয়ানরা যীশু সম্বন্ধে সুসমাচার যত মানুষের কাছে সম্ভব সকলের সাথে শেয়ার করুক। কিন্তু, কখনও কখনও লোকেরা তাদের নিজেদের এবং অন্যদের মধ্যে পার্থক্যের সৃষ্টি করে, যা তাদের অন্যদের সাহায্য করতে বাধা দেয়। কখনও কখনও পার্থক্য জাতিগত, অর্থনৈতিক, ধর্মীয়, বা অন্যান্য অনেক উপায়ে হয়। ঈশ্বর খ্রীষ্টিয়ানদের অন্যদের সাথে সুসমাচার ভাগ করে নেওয়া থেকে বিরত রাখতে চান না। ঈশ্বর চান খ্রীষ্টিয়ানরা জাতি, জাতীয়তা, সম্পদের ঊর্ধ্বে গিয়ে অন্যদেরকে কেবল ঈশ্বরের প্রিয় সৃষ্টি হিসাবে দেখবে, যাদের সুসমাচারের প্রয়োজন আছে।
    - আপনার সম্প্রদায়ের লোকেদের মধ্যে এমন কিছু পার্থক্য কী আছে যা লোকেদের একে অপরের সাথে মিলিত হতে বাধা দেয়?
    - যদি ঈশ্বর আপনার জীবনে এমন কাউকে নিয়ে আসেন যিনি আপনার থেকে খুব আলাদা, তার সাথে সুসমাচার ভাগ করে নেওয়ার জন্য আপনার কি করা উচিত ?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রূপ দিতে পারি?** যদিও বাইবেল ঈশ্বর সম্পর্কে অনেক গুরুত্বপূর্ণ বিষয় বলে,কিন্তু প্রায়শই বাইবেলের অর্থ কী তা ব্যাখ্যা করার জন্য লোকেদের একজন খ্রীষ্টিয়ানের প্রয়োজন হয়। শুধু তাই নয়, কিন্তু লোকেদের প্রায়ই যীশু তাদের জীবনে যে পরিবর্তন করেছেন এই বিষয়টি বুঝার আগে , ঈশ্বর তাদের জীবনে কি পরিবর্তন করতে চান সে সম্পর্কে জানতে

ব্যক্তিগতভাবে খ্রীষ্টিয়ানদের সাথে সেসমস্ত বিষয় নিয়ে আলোচনা করার প্রয়োজন হয়। খ্রীষ্টিয়ানদের জন্য যীশুর সুসমাচার অন্যদের সাথে সহভাগিতা করে নেওয়ার জন্য প্রস্তুত হওয়া খুবই গুরুত্বপূর্ণ।

  - আপনাকে যদি কেউ জিজ্ঞাসা করে যে, যীশু আপনার জীবনে কী পার্থক্য করেছেন, তখন আপনি তাকে কি বলবেন?
  - যীশুর সুসমাচার অন্যদের সাথে সহভাগিতা করে নেওয়ার জন্য আপনি বাইবেলের কোন অংশগুলি ব্যবহার করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠ শিরোনাম: ৯৮ শৌলের মন পরিবর্তন হল

পাঠের শাস্ত্রাংশ : প্রেরিত ৯-১—১৯

সহায়ক শাস্ত্রাংশ : গণনাপুস্তক ২২:২১-৪১

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** শৌলর জীবন পরিবর্তন করার জন্য ঈশ্বরের আহ্বানকে বুঝতে পারা । প্রথমে তিনি যারা যীশুর পথে চলতেন তাদের নির্যাতন করতেন কিন্তু যীশুর আহ্বানে তিনি পরবর্তীর্তে যীশুর বিষয় প্রচারের জন্য বিশ্বের সর্বশ্রেষ্ট প্রচারক হন ।
- **হৃদয়:** ঈশ্বর যে একজন ব্যক্তির জীবন পরিবর্তন করতে পারেন এবং আপনার জীবনও যে পরিবর্তন করেছেন তা নিয়ে আনন্দ করুন। ঈশ্বর যদি শৌলের মতো কারও হৃদয় পরিবর্তন করতে পারেন, তবে ঈশ্বর যে কারও হৃদয় পরিবর্তন করতে পারেন।
- **হাত:** যীশু যখন আপনাকে আহ্বান করেন তখন তাঁর কাজের জন্য জন্য ঝুঁকি নিতে প্রস্তুত থাকা। যখন যীশু আপনাকে পদক্ষেপের জন্য ডাকেন। ঈশ্বর যখন আনানিয়াস এবং শৌলকে আহ্বান করেছিলেন তখন তাদের যীশুর জন্য বিপদজনক ঝুঁকিপূর্ণ কাজও করতে হয়েছিল।

একটি পদে পাঠের শিক্ষা কিন্তু প্রভু তাঁহাকে কহিলেন, তুমি যাও, কেননা জাতিগণের ও রাজগণের এবং ইস্রায়েল—সন্তানগণের নিকটে আমার নাম বহনার্থে সে আমার মনোনীত পাত্র, প্রেরিত ৯:১৫।

পাঠের সারসংক্ষেপ : শৌল একজন যিহুদী ছিলেন যিনি খ্রীষ্টিয়ানদের যীশুর কথা অন্যদের কাছে প্রচার করার বিষয়টি পছন্দ করতেন না। শৌল মহাযাজকের কাছে দামেস্কের সমস্ত খ্রীষ্টানদের একত্র করার অনুমতি চেয়েছিলেন। তিনি তাদের জেরুজালেমে ফিরিয়ে নিয়ে যেতে চেয়েছিলেন এবং তাদের কারাগারে আটক করতে চেয়েছিলেন। তাই শৌল এবং আরও কিছু লোক দামেস্ক শহরে যাত্রা শুরু করল। হঠাৎ, স্বর্গ থেকে একটি উজ্জ্বল আলো নেমে আসলো এবং শৌল মাটিতে পড়ে গেলেন। তারপর শৌল যীশুর কন্ঠস্বর শুনতে পেলেন এবং যীশু তাকে জিজ্ঞেসা করলেন, কেন তিনি খ্রীষ্টিয়ানদের আঘাত করতে চান? যীশু আরও বললেন, খ্রীষ্টিয়ানদের কষ্ট দিয়ে সে যীশুকে কষ্ট দিচ্ছিল। শৌল যখন মাটি থেকে উঠলেন, তখন তিনি আর চোখে দেখতে পেলেন না। সেই আলো তাকে অন্ধ করে দিয়েছিল। অন্য লোকদের শৌলকে পথ দেখিয়ে শহরে নিয়ে যেতে হয়েছিল। ঈশ্বর আনানিয়াস নামের একজন লোককে বলেছিলেন শৌলের কাছে গিয়ে তাঁর সঙ্গে প্রার্থনা করার জন্য। আনানিয়াস প্রার্থনা করার পরে, যীশু শৌলকে সুস্থ করেছিলেন যাতে তিনি আবার দেখতে পান। পবিত্র আত্মা শৌলের সাথে ছিলেন এবং তাই তিনি বাপ্তিস্ম নিতে চেয়েছিলেন। শৌল খ্রীষ্টিয়ান হয়েছিলেন। লোকেরা শৌলকে অন্য নামেও ডাকত, তা হল 'পৌল'।



ছবি থেকে শেখা:

- ১. **শৌল** প্রথমে একজন নির্যাতক ছিলেন যে কিনা খ্রীষ্টধর্ম অনুসারীদের বিভিন্নভাবে অত্যাচার— নিযার্তন করতেন। তিনি যীশুর অনুসারীদের শাস্তি দিতে চেয়েছিলেন তাই তিনি জেরুজালেমের প্রধান যাজকের কাছ থেকে অনুমতি নিয়েছিলেন, যীশুর অনুসারীদের দামেস্কে নিয়ে গিয়ে বন্দী করার জন্য। তিনি ভাবছিলেন, ঈশ্বর যা চান তাই ত করছেন; আসলে তিনি বুঝতে পারলেন না যে, যীশুই মশীহ।
- ২. **স্বর্গ থেকে আসা আলো।** দামেস্কে পৌঁছানোর আগে, স্বর্গ থেকে একটি উজ্জ্বল আলো শৌল এবং তার সঙ্গীদের চারপাশকে আলোকিত করেছিল। শৌল স্বর্গ থেকে একটি কন্ঠস্বর শুনলেন, এবং তাই শৌল ঈশ্বরের কন্ঠের প্রতি শ্রদ্ধায় নতজানু হয়ে পড়লেন। শৌল কিছুটা অবাক হয়েছিলেন যখন ঈশ্বরের কন্ঠ শৌলকে বলছিলেন যে, কেন শৌল ঈশ্বরকে কষ্ট দিচ্ছিল। সেই কন্ঠস্বর বলেছিল যে, তিনি যীশু, এবং শৌল যখন যীশুর অনুসারীদের কষ্ট দিচ্ছিল, তখন তিনি আসলে যীশুকেই কষ্ট দিচ্ছিল। ঈশ্বর শৌলকে অন্ধ করে দিলেন, এবং তাকে দামেস্কে যেতে এবং ঈশ্বরের কাছ থেকে পরবতীর্ নির্দেশনা শোনার জন্য অপেক্ষা করার আদেশ দেন। ঈশ্বর তিন দিন পর যীশুর একজন অনুসারীকে শৌলের কাছে পাঠান এবং শৌলকে জানান যে, তিনি অযিহুদীদের কাছে যীশুর একজন মহান প্রচারক হতে চলেছেন।
- ৩. **শৌলের সঙ্গীরা** সেই মহান আলো দেখেছিলেন এবং শব্দও শুনেছিলেন, কিন্তু কী ঘটছে তা বুঝতে পারেননি। তারা অন্ধ শৌলকে শহরে নিয়ে গেল যাতে শৌল ঈশ্বর তার সাথে আবার যে কথা বলবেন তার জন্য অপেক্ষা করেন।

পাঠ প্রসংগ এটি বাইবেলের মন পরিবর্তনের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাহিনীগুলির মধ্যে একটি। এরই মধ্যে যীশুর অনুসারীরা ইস্রায়েলের অনেক শহরে যীশুর সুসমাচার নিয়ে গেছে। যাইহোক, শৌল যিনি পরবতীর্তে ’পৌল’ নামে পরিচিত ছিল তার মন পরিবর্তনের সাথে সাথে যীশুর সুমসমাচারের বার্তা পুরো রোমান সা্রাজ্যে ছড়িয়ে পড়ে।

শৌলের মন পরিবর্তন বিশেষভাবে তাৎপর্যপূর্ণ কারণ তার জীবনের মাধ্যমে আমরা দেখতে পাই যে, ঈশ্বর একজন ব্যক্তির জীবনে কি ধরনের বড় পরিবর্তন আনতে পারেন। শৌল কেবলমাত্র একজন পাপী ছিলেন না যার পরিত্রাণের প্রয়োজন ছিল, কিন্তু শৌল সক্রিয়ভাবে যীশুর অনুসারীদের অত্যাচার নিযার্তন করছিলেন। শৌল যীশুকে ’মশীহ’ বলে বিশ্বাস করতেন না, এবং যারা যীশুর সুসমাচার

প্রচার করতেন তাদের বন্দী করতে চেয়েছিলেন। যাইহোক, যখন যীশু দামেস্ক রোডে তার মুখোমুখি হন, তখন শৌল বুঝতে পেরেছিলেন যে, তিনি কত বড় ভুল করেছিলেন।

ঈশ্বর যীশুর একজন অনুসারী আনানিয়াসাকে ডেকেছিলেন, যাতে তিনি শৌলকে যীশুর সুসমাচার বিষয়ে বলতে শুরু করেন। আনানিয়াস এই কথা আদেশ পেয়ে কিছুটা ভীত হয়েছিলেন, কারণ শৌল যে যীশুর অনুসারীদের প্রতি নির্যাতন করত সেই কথা চারিদিকে ছড়িয়ে পড়েছিল। যাইহোক, ঈশ্বর আনানিয়াসকে আশ্বস্ত করেছিলেন যে, সবকিছু ঠিক হয়ে যাবে কারণ ঈশ্বর সবকিছু নিয়ন্ত্রণ করেন, শৌল নয়। আনানিয়াস ঈশ্বরের বাধ্য হয়েছিলেন এবং শৌলকে তার দৃষ্টিশক্তি ফিরিয়ে দিয়েছিলেন। এরপর শৌল যীশুতে বিশ্বাস করেছিলেন এবং বাপ্তিস্ম নিয়েছিলেন।

পরবর্তী পাঠ্য: (আরো পটভূমি তথ্যের জন্য পাঠ #২৫ দেখুন)। ঈশ্বর বালামের গাধাকে তার সাথে কথা বলার মাধ্যমে খুব অদ্ভুত উপায়ে তার মুখোমুখি হলেন। বালামের জন্য ঈশ্বরের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বার্তা ছিল এবং বালাম যাতে ঈশ্বরের বার্তা শুনেন এবং মেনে চলেন তা নিশ্চিত করার জন্য আশ্চর্যজনকভাবে বালামের মুখোমুখি হওয়াটা বেছে নিয়েছিলেন। অনেকটা দামেস্কের রাস্তায় শৌলের সাথে ঈশ্বরের মুখোমুখি হওয়ার মতো, বালাম তার প্রতি ঈশ্বরের বার্তা নিয়ে কোন সন্দেহ করেননি এবং ঈশ্বর তাকে যা করতে বলেছিলেন ঠিক তাই করেছিলেন।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** শৌলের জন্য ঈশ্বর একটি নির্দিষ্ট কাজ ঠিক করে রেখেছিলেন। যেহেতু যীশু খ্রীষ্টের সুসমাচার শুধুমাত্র যিহুদীদের জন্য নয়, সমস্ত মানুষের জন্য ছিল, তাই ঈশ্বরের এমন একজনের প্রয়োজন ছিল যিনি যিহুদী এবং অ—যিহুদী উভয়ের কাছেই যীশুর সুসমাচার প্রচার করতে

পারে। একটি পরজাতীয় শহরে শৌলের বেড়ে ওঠার কারণে তার রোমান এবং যিহুদী উভয় শিক্ষা এবং নাগরিকত্ব ছিল এবং তার লোকদের কাছে সহজে বিভিন্ন বিষয় তুলে ধরার প্রবল ক্ষমতা থাকার কারণে ঈশ্বর শৌলকে অ—যিহুদী লোকেদের কাছে ঈশ্বরের সুসমাচার প্রচার করার জন্য বেছে নিয়েছিলেন। যদিও একটি বড় সমস্যা ছিল যে, শৌল যীশুকে 'মশীহ' বলে বিশ্বাস করতেন না এবং সেইসাথে তিনি যীশুর অনুসারীদের বিভিন্ন নিযার্তন ও অত্যাচার করছিলেন। তাই, ঈশ্বর আশ্চর্যজনকভাবে শৌলের মুখোমুখি হয়েছিলেন যা তার জীবনকে চিরতরে পরিবর্তন করছিল। এই ঘটনার পর, যীশুর সুসমাচর প্রচারের কাজ শুরু করার আগে, শৌল যীশু এবং খ্রীষ্টিয়ান জীবনযাপন সম্পর্কে বেশ কয়েক বছর শিক্ষাগ্রহণ করলেন।

- আপনার মন পরিবর্তনের জন্য খ্রীষ্ট কিভাবে আপনার সম্মুখীন হয়েছেন?
- ঈশ্বর আপনার জীবনে কি ধরনের পরিবর্তন এনেছেন?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** শৌল ভেবেছিলেন তিনি খুব ভাল জীবনযাপন করছেন। কিন্তু ঈশ্বর তাকে এই উপলব্ধি দিয়েছিলেন যে, তার মন পরিবর্তনের দরকার রয়েছে। পরিবর্তনটি একবারে আসেনি, শৌল সুসমাচার প্রচার ও পরিচর্যার কাজ শুরু করার জন্য প্রস্তুত হওয়ার আগে তার কয়েক বছর সময় লেগেছিল। ঈশ্বরের রাজ্য বিস্তারের কাজের জন্য প্রস্তুতি নেওয়ার সেই সময়টা ছিল খুবই গুরুত্বপূর্ণ। শৌল যীশুর অনুসারীদের নিযার্তন করার সময় রাগ এবং আবেগ থেকে এই কাজ করছিলেন। সেইজন্য ঈশ্বর স্থির করলেন, শৌলের সেই রাগ এবং আবেগকে সুসমাচার প্রচারের জন্য ভালো কিছু করার জন্য কাজে লাগাতে হবে। তাই, ঈশ্বর খ্রীষ্টিয়ানদের একেবারে পরিবর্তন করেন না। যদিও মন পরিবর্তনের মাধ্যমে তাদের একট উল্লেখ্যযোগ্য পরিবর্তন হয়, কিন্তু তবুও ঈশ্বর তাদের বিভিন্নভাবে প্রতিনিয়তই পরিবর্তন করে চলেছেন, যাতে তারা যীশুর জীবনের মত নিজেদের জীবনকেও গঠন করতে পারে।
  - আপনি খ্রীষ্টিয়ান হয়েছেন দেখে কেন মানুষ অবাক হতে পারে?
  - আগামী পাঁচ বছরে ঈশ্বর আপনার জীবনে কী ধরনের পরিবর্তন আনতে চান বলে আপনি মনে করেন?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** যীশু শৌলের মুখোমুখি হওয়ার পর, শৌল তার জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা জানাতে তিন দিন প্রার্থনা এবং উপবাসে কাটিয়ে ছিলেন। খ্রীষ্টিয়ানদের জন্য প্রার্থনা এবং উপবাস এর জন্য নিয়মিত সময় থাকা খুবই গুরুত্বপূর্ণ যাতে তারা তাদের প্রতি ঈশ্বরের ইচ্ছা আরও ভালভাবে শুনতে এবং বুঝতে পারে। প্রার্থনা এবং উপবাসের এই সময় খ্রীষ্টিয়ানদের যীশুতে তাদের বিশ্বাসের প্রতি আরও শক্তিশালী এবং আরও প্রতিশ্রুতিবদ্ধ হতে সাহায্য করে। এইগুলো খ্রীষ্টিয়ানদের বড় ঝুঁকি নিতে এবং যীশুর জন্য বড় চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য প্রস্তুত করার জন্য সাহায্য করে, ঠিক যেমন শৌল এবং আনানিয়াসকে করেছিলেন।
  - উপবাস ও প্রার্থনায় সময় কাটানোর ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা কেমন ?
  - কেন আপনি মনে করেন, প্রার্থনা এবং উপবাস খ্রীষ্টিয়ানদের শক্তিশালী করে তোলে?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ৯৯ শৌল সুসমাচার প্রচার শুরু করলেন

পাঠের শাস্ত্রাংশ: পিতর ৯:১৯—৩১

সহায়ক শাস্ত্রাংশ: ১ রাজাবলি ১৭:১-৬-৬] (https://www.bible.com/bible/1690/1KI.17.1-6)পদ

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** এবিষয়ে সচেতন থাকুন, অনেকেই আছেন যারা চান না খ্রীষ্টিয়ানরা যীশুর সুসমাচার প্রচার করুক। শৌল যখন যীশু এবং তার মন পরিবর্তনের সুখবর শক্তিশালীভাবে প্রচার করেছিলেন তখন লোকেরা শৌলকে যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারের জন্য বাধা দেওয়ার জন্য তাকে হত্যা করার চেষ্টা করেছিল।
- **হৃদয়:** বুঝুন, খ্রীষ্টিয় জীবন আপনাকে অনেক আনন্দ এবং শান্তি এনে দেবে, কিন্তু এই জীবন এত সহজ হবে না। কারণ শয়তান এখনও অনেকের মনে কাজ করছে, তাই এর মাধ্যমে শয়তান খ্রীষ্টিয়ানদের যীশুর সুসমাচার প্রচার করতে বাধা দেওয়ার চেষ্টা করবে।
- **হাত:** যে সমস্ত খ্রীষ্টিয়ানরা তাদের বিশ্বাসের জন্য নির্যাতন ভোগ করছেন তাদের সাহায্য করার জন্য এগিয়ে আসুন। শৌলকে বিপদ থেকে রক্ষা করতে এবং অন্যরা তার সুসমাচার প্রচারের আসল উদ্দেশ্য নিয়ে সন্দেহ করলে তার পক্ষে কথা বলতে এমন অনেক খ্রীষ্টিয়ানরাই প্রস্তুত ছিল।

একটি পদে পাঠের শিক্ষা কিন্তু শৌল উত্তর উত্তর শক্তিমান হইয়া উঠিলেন, এবং দম্মেশক—নিবাসী যিহূদীদিগকে নিরুত্তর করিতে লাগিলেন, প্রমাণ দিতে লাগিলেন যে, ইনিই সেই খ্রীষ্ট, প্রেরিত ৯:২২।

পাঠের সারসংক্ষেপ : পৌল খ্রীষ্টিয়ান হওয়ার পর, তিনি দামেস্ক শহরে থেকে যান। তিনি শহরের অন্যান্য খ্রীষ্টিয়ানদের সাথে মেলামেশা করে তাদের কাছ থেকে যীশু সম্পর্কে আরও জানতে পেরেছিলেন। পৌল একজন খ্রীষ্টিয়ান হওয়ায় এতটাই আনন্দিত ছিলেন যে, তিনি যীশুই যে ঈশ্বরের পুত্র এই সুখবর সবাইকে জানাতে চেয়েছিলেন। দামেস্কের লোকেরা যখন পৌলকে যীশুর বিষয়ে প্রচার করতে শুনেছিল তখন তারা আশ্চর্য হয়েছিল। তারা জানত যে, পৌল তাদের শহরে সমস্ত খ্রীষ্টিয়ানদের গ্রেপ্তার করতে এসেছেন। এখন সে নিজেকে খ্রীষ্টিয়ান বলে দাবি করছিল এবং উপাসনালয়ে যীশুর বিষয়ে প্রচার করছিল। যখন দামেস্কের যিহুদীরা জানতে পেরেছিল যে, পৌল কি করছেন, তখন তারা তাকে মেরে ফেলতে চেয়েছিল। কারণে তাদের চিন্তা ছিল, পৌল কীভাবে প্রচার করতে পারেন যে যীশুই ঈশ্বরের পুত্র? পৌল জানতেন যে, যিহুদীরা তাকে ধরে নিয়ে গিয়ে মেরে ফেলতে চায়। সেই রাতে, দামেস্কের কিছু খ্রীষ্টিয়ান পৌলকে একটি বড় ঝুড়িতে রেখে শহরের প্রাচীরের বাইরের দিকে নামিয়ে দিল। এইভাবে পৌল রক্ষা পেয়েছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **শৌল৫** সাহসের সাথে দামেস্কে যীশুই যে মশীহ এই বিষয়ে প্রচার করেছিলেন। যীশু শৌলকে আত্মার শান্তি এবং আনন্দ দিয়েছিলেন এবং শৌল সেই শান্তি এবং আনন্দ অন্যদের সাথে ভাগ করে নিতে চেয়েছিলেন। যদিও ধর্মীয় নেতাদের অনেকেই শৌলের বিরোধিতা করেছিলেন। তারা এই বিষয়টি মেনে নিতে পারেনি যে, এই ব্যক্তি যে যীশুর অনুসারীদেরকে অত্যাচার করত, সে এখন যীশুই মশীহ এই বিষয়ে এত শক্তিশালীভাবে প্রচার করছে। তাই, তারা যেমন যীশুকে হত্যা করেছিল, তেমনি তারা শৌলকেও হত্যা করার জন্য প্রস্তুত হয়েছিল।
- ২. **ঝুড়ি।** যাইহোক, যীশুর অনুসারীরা শৌলকে হত্যার চক্রান্তের কথা জানতে পেরেছিলেন এবং শৌলকে রক্ষা করার সিদ্ধান্ত নিয়েছিলেন। সকলের অগচরে এক রাতে তারা শৌলকে একটি বড় ঝুড়িতে শহরের প্রাচীর থেকে নামিয়ে দিল। সেখান থেকে শৌল জেরুজালেমে পালিয়ে যান। সেখানে গিয়ে তিনি যীশুর অনুসারীদের সাথে যোগ দেন এবং যীশুর বিষয়ে শিক্ষা ও প্রচার কাজ চালিয়ে যান।

পাঠ প্রসংগ শৌল, যিনি যীশুর অনুসারীদের অত্যচার করতেন, যীশুর বিষয়ে যখন তিনি প্রচারকাজ করছিলেন তখন তিনি নিজেই আত্যাচারিত হন। শৌলের মন পরিবর্তনের কারণে তিনি অন্যদের কাছে যীশুর সুসমাচার পৌঁছে দিতে চেয়েছিলেন। তাই, ধর্মীয় নেতারা যেমন যীশুকে হত্যা করা সঠিক বলে মনে করেছিল, তেমনি তারা তাঁর অনুসারীদের হত্যা করাকেও সঠিক বলে মনে করেছিলেন।

যদিও শৌলের জন্য ঈশ্বরের পরিকল্পনা তখনও শেষ হয়ে যায়নি। বরং ঈশ্বর শৌলকে যীশুর জন্য একজন মহান ধর্মপ্রচারক হিসেবে দেখতে চেয়েছিলেন। তাই, দামেস্কের বিশ্বাসীরা শৌলকে রক্ষা করেছিল এবং তাকে পালানোর সুযোগ করে দিয়েছিলেন যাতে সে অন্যদেরকে যীশুর সুসমাচার প্রচার করতে পারে ।

পালিয়ে যাওয়ার পর, শৌল জেরুজালেমে যান, সেখানে তিনি যীশুর অন্যান্য অনুসারীদের সাথে যোগ দেওয়ার চেষ্টা করেছিলেন। শিষ্যরা, যদিও শৌলের মন পরিবর্তনের বিষয়টি নিয়ে সন্দেহ করেছিল, এবং ভেবেছিল যে এটি শৌলের যীশুর শিষ্যদের ধরার এবং তাদের বন্দী করার জন্য একটি কৌশল হতে পারে। শুধুমাত্র একজন শিষ্য যার নাম ছিল, বার্নাবাস, যিনি শৌলের পক্ষে কথা বলেছিলেন এবং শৌলের মন পরিবর্তন এবং যীশুর জন্য সুসমাচার প্রচারের বিষয়টি সত্য বলে বিশ্বাস করেছিলেন।

শিষ্যরা, যদিও শৌলকে সন্দেহ করেছিল কিন্তু বার্ণাবা এই বিষষটি বিশ্বাস করেছিলেন এবং শৌলকে তাদের একজন হিসাবে গ্রহণ করেছিলেন। শৌল জেরুজালেমে যীশু সম্পর্কে প্রচার করেছিলেন ঠিক যেমটা তিনি দামেস্কে করেছিল। আর দামেস্কের মতোই, ধর্মীয় নেতারা শৌলকে হত্যা করার চক্রান্ত করেছিল। কিন্তু বিশ্বাসীরা, শৌলকে আরেকটি বার পালানোর ব্যবস্থা করে দিয়েছিল এবং শৌল তার নিজের শহর তর্ষীর্সে ফিরে গিয়েছিল।

পরবর্তীর্ পাঠ্য: (আরও পটভূমির তথ্যের জন্য পাঠ # ৩৯ দেখুন) শৌলের মতো, এলিয়ও সুসমাচার প্রচারের জন্য মৃত্যুর মুখোমুখি হয়েছিলেন। ইস্রায়েলের রাজার কাছে সত্য কথা বলার পর, ঈশ্বর এলিয়কেও একটি নিরাপত্তার জায়গায় নিয়ে গিয়েছিলেন যেখানে ঈশ্বর এলিয়'র সমস্ত প্রয়োজন মিটিয়েছিল, যতদিন না পর্যন্ত এলিয় পুনরায় নিরাপদে প্রভুর পরিচর্যা কাজে ফিরে গিয়েছিলেন ।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা : এই পাঠে কি বোঝানো হয়েছে ?** শৌল তার মন পরিবর্তনের পরপরই তার জীবনের মাধ্যমে এই পরিবর্তন দেখানো শুরু করেন। ঈশ্বর শৌলের সেই একই আবেগ এবং আগ্রহ যা তাকে যীশুর অনুসারীদের অত্যাচার করতে পরিচালিত করেছিল, শৌলের সেই আবেগ ও আগ্রহকে যীশু তাঁর অনুসারীদেরকে শক্তিশালী করতে এবং অন্যদের কাছে যীশু সম্পর্কে সুসমাচার প্রচার করার জন্য কাজে লাগিয়ে ছিলেন। যদিও, শৌলের জন্য এই কাজটি সহজ ছিল না। অনেকে ছিল যারা যীশুর অনুসারীদের অত্যাচার করতে চেয়েছিল এবং তারা শৌলের এই পরিবর্তনকে তাদের জন্য বিশেষভাবে বিপজ্জনক বলে মনে করেছিল। আশ্চের্যের বিষয় হল, ধর্মীয় নেতারা ভেবেছিল তারা যে মানুষ ঈশ্বর সন্তুষ্ট হবেন। ঈশ্বরের আদেশকে রক্ষা করার মিথ্যায় চেষ্টায় তারা ঈশ্বরের দেওয়া ১০টি আজ্ঞার অনেকগুলিই ভঙ্গ করে যাচ্ছিল। তাই শৌলের জন্য ঈশ্বরের বড় পরিকল্পনা ছিল, এবং যারা তাকে হত্যা করতে চেয়েছিল তাদের থেকে রক্ষা করার জন্য যীশুর অনুসারীদের তিনি ব্যবহার করেছিলেন।

    - কি কারণে কিছু কিছু ধর্মীয় লোক অন্যদের হত্যা করাকে সঠিক বলে মনে করে?
    - যীশুর বিষয়ে কথা বলার জন্য ঝুঁকি নেওয়া এবং অত্যাচার থেকে নিজেদের রক্ষা করার মধ্যে একজন খ্রীষ্টিয়ানের কী ধরনের ভারসাম্য রক্ষা করা উচিত?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** এটা বিশ্বাস করা কঠিন যে কেন অনেক লোক সেই খ্রীষ্টিয়ানদের প্রতি খুব বিরক্ত হবে যারা প্রেম, আনন্দ এবং শান্তির কথা প্রচার করে। যাইহোক, শয়তান এখনও এই পৃথিবীতে কাজ করছে, এবং সে চায় না যে লোকেরা প্রেম, আনন্দ বা শান্তিতে বসবাস করুক। তাই, যখন একজন খ্রীষ্টিয়ান হৃদয়ে মহান প্রেম, আনন্দ এবং শান্তি নিয়ে ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য এগিয়ে যাবে, তখন তাদের জীবনে বিভিন্ন আত্যাচার আসতে পারে। এর জন্য খ্রীষ্টিয়ানদের যীশুর সাথে ঘনিষ্ঠ সম্পর্ক রাখা খুবই গুরুত্বপূর্ণ যাতে তারা জানে কখন যীশুর পক্ষে কথা বলতে হবে এবং কখন বিপদ থেকে নিজেদের রক্ষা করতে হবে।
    - ঈশ্বর তাদের জীবনে যে প্রেম, আনন্দ এবং শান্তি এনেছেন সে সম্পর্কে প্রচার করার জন্য কিছু লোক কেন অন্যদের দ্বারা এত হুমকির সম্মুখীন হন?
    - আপনি কী মনে করেন কীভাবে খ্রীষ্টিয়ানরা বুঝতে পারে কখন যীশুর পক্ষে কথা বলতে হবে এবং কখন চুপ থাকতে হবে?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** অন্যান্য খ্রীষ্টিয়ানরা শৌলকে সাহায্য এবং তাকে রক্ষা না করলে তিনি বেশিদিন বেঁচে থাকতে পারতেন না। ঈশ্বর চান না যে, খ্রীষ্টিয়ানরা বিচ্ছিন্নভাবে তাদের জীবনযাপন করে। তাই তিনি চার্চ স্থাপন করেছেন। এটি এমন একটি জায়গা যেখানে খ্রীষ্টিয়ানরা তাদের প্রয়োজনীয় শক্তি, নির্দেশিকা এবং সুরক্ষা পেতে পারে। খ্রীষ্টিয়ানরা একে অপরকে সাহায্য করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
    - খ্রীষ্টিয় জীবনে আপনাকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনার জীবনে কাকে পাঠিয়েছেন?
    - কিভাবে আপনি এই সপ্তাহে অন্যান্য খ্রীষ্টিয়ানদের সাহায্য করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০০ কারাগারে পিতর

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ১২:১-১৯

সহায়ক শাস্ত্রাংশ: মথি ১৪:১-১৪

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** একজন দুষ্ট রাজনৈতিক নেতার খুনি চক্রান্ত থেকে পিতরকে ঈশ্বর রক্ষা করছিলেন এই বিষয়টি নিয়ে আনন্দ করুন।
- **হৃদয়:** উৎসাহিত হও, ঈশ্বর প্রার্থনার উত্তর দেন। ঈশ্বরের উত্তরগুলি সর্বদা আমরা যেভাবে চাই সেভাবে হয় না এবং কখনও কখনও এর থেকেও বেশি ভাল হয়।
- **হাত:** প্রার্থনা করতে থাকুন। প্রার্থনা একজন খ্রীষ্টিয়ানের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হতে পারে, কারণ এটি খ্রীষ্টিয়ানদের ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে রাখতে এবং আমাদের ঈশ্বরের ইচ্ছা বুঝতে সাহায্য করে।

একটি পদে পাঠের শিক্ষা আর দেখ, প্রভুর এক দূত তাঁহার কাছে আসিয়া দাঁড়াইলেন, এবং কারাকক্ষে আলোক প্রকাশ পাইল। তিনি পিতরের কুক্ষিদেশে আঘাত করিয়া তাঁহাকে জাগাইয়া কহিলেন, শীঘ্র উঠ। তখন তাঁহার দুই হস্ত হইতে শৃঙ্খল পড়িয়া গেল (প্রেরিত ১২:৭)

পাঠের সারসংক্ষেপ: রাজা হেরোদ আগ্রিপ্পো ছিলেন প্রথম যিহুদীদের রাজা। তিনি খ্রীষ্টিয়ানদের এতটাই অপছন্দ করতেন যে, তিনি তাদের গ্রেফতার করে মৃত্যুদণ্ড দিতেন। রাজা হেরোদ পিতরকে গ্রেপ্তার করেছিলেন কারণ তিনি দেখেছিলেন যে এটি করলে যিহুদী নেতারা খুশি হবে। পিতর যখন জেলে ছিলেন, তখন তার প্রতিটি বাহু একজন প্রহরীর পাশে শিকল দিয়ে বাঁধা ছিল। কারাগারের বাইরেও দুজন প্রহরী ছিল। রাজা হেরোদ নিশ্চিত থাকতে চেয়েছিলেন যে, পিতর যাতে পালাতে না পারেন। জেরুজালেমের খ্রীষ্টিয়ানরা পিতরের জন্য প্রার্থনা করছিলেন। তারা জানতেন যে, রাজা তাকে হত্যা করার পরিকল্পনা করছে। পিতরের বিচারের আগের রাতে ঈশ্বর একজন স্বর্গদূতকে সেই কারাগারে পাঠিয়েছিলেন যেখানে পিতরকে বন্দী করা হয়েছিল। কারাগারের সবাই ঘুমিয়ে ছিল। স্বর্গদূত পিতরের কাছে গেলেন, তাকে ডেকে দিলেন এবং উঠতে বললেন। পিতর উঠে দাড়ালে তার হাত থেকে শিকল পড়ে গেল। তারপর পিতর তার পোশাক পরলেন, স্বর্গদূতকে অনুসরণ করলেন এবং কাউকে না জাগিয়ে কারাগার থেকে বেরিয়ে গেলেন। ঈশ্বর খ্রীষ্টিয়ানদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন এবং পিতরকে রক্ষা করা করেছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **শেকল।** রাজা হেরোদ লোকেদের প্রশংসা পেতে পছন্দ করতেন। তিনি বুঝতে পেরেছিলেন যে, জেরুজালেমের ধর্মীয় নেতারা যীশুর অনুসারীদের পছন্দ করেন না। তাই, তিনি তাদের নেতা পিতরকে গ্রেফতার করে শিকল দিয়ে বেঁধে রেখেছিলেন। রাজা হেরোদ লোকদের খুশি করার জন্য পিতরকে হত্যা করতে যাচ্ছিলেন।
- ২. **একজন স্বর্গদূত।** পিতরের মৃত্যুর আগের রাতে, ঈশ্বর পিতরকে উদ্ধার করার জন্য একজন স্বর্গদূত পাঠিয়েছিলেন। স্বর্গদূত পিতরকে জাগিয়ে দিলেন এবং তাকে শিকল থেকে মুক্ত করলেন। তিনি পিতরকে কারাগার থেকে বের করে এনে মুক্ত করলেন।
- ৩. **পিতর** মুক্তি পেয়ে খুব আনন্দিত ছিল। তিনি দেরি না করে সরাসরি সেই বাড়িতে যান যেখানে খ্রীষ্টিয়ানরা তার মুক্তির জন্য প্রার্থনা করছিল, এবং নিজেকে খ্রীষ্টিয়ানদের কাছে দেখালেন। তারা সকলেই আনন্দিত হয়েছিল যে, ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দিয়েছেন।

পাঠ প্রসংগ: খ্রীষ্টিয়ানদের কেবল ধর্মীয় নেতারা নয় বরং রাজনৈতিক নেতারাও অত্যাচার করেছিল। ঈশ্বর চান যে সমস্ত মানুষ একে অপরকে ভালবাসুক এবং যত্ন করুক এবং এটি শাসকদের ক্ষেত্রেও প্রযোজ্য। কিন্তু, সেই সময়ে ইস্রায়েলের শাসকরা ঈশ্বরের পক্ষে কাজ করার বিষয়ে চিন্তা করার চেয়ে বরং কি করলে লোকেরা তাকে সমর্থন করবে সে বিষয়ে বেশি চিন্তিত ছিলেন। তাই, তিনি যীশুর একজন শিষ্য যোহনকে হত্যা করেছিলেন। তিনি যখন দেখলেন যে ধর্মীয় নেতারা এই বিষয়ের সাথে একমত, তখন তিনি পিতরকে গ্রেপ্তার করলেন এবং তাকেও হত্যা করার পরিকল্পনা করলেন।

পিতরের সুসমাচার প্রচারের যাত্রার আগে, ঈশ্বর অলৌকিকভাবে তাকে কারাগার থেকে মুক্তি দিয়েছিলেন। যদিও ঈশ্বর দুষ্ট রাজনৈতিক শাসক পিলাতকে যীশুকে ক্রুশে দেওয়ার অনুমতি প্রদান করতে দিয়েছিলেন, কিন্তু তবুও পিতরকে তিনি রক্ষা করলেন কারণ পিতরের পরিচযার্ কাজের বিষয়ে তাঁর অনেক বড় পরিকল্পনা ছিল। তাই, ঈশ্বর পিতরকে কারাগার থেকে উদ্ধার করার জন্য একজন স্বর্গদূত পাঠিয়েছিলেন।

মুক্তি পেয়ে পিতর সেখানে গিয়েছলেন যেখানে খ্রীষ্টিয়ানরা তার জন্য প্রার্থনা করছিল, এবং তাদের তিনি ঈশ্বর কিভাবে তাকে রক্ষা করলেন সে সমস্ত কিছু বলেছিলেন। তারা সকলেই আনন্দিত হয়েছিল এবং খুব উৎসাহিত হয়েছিল যে, ঈশ্বর এখনও অলৌকিক কাজ করছেন।

পরবর্তী পাঠ্য: যে হেরোদ রাজা পিতরকে গ্রেপ্তার করেছিলেন এবং তাকে হত্যা করার পরিকল্পনা করেছিলেন তিনি এই পাঠের সাস্ত্রাংশে হেরোদের পুত্র ছিলেন, যিনি যোহন বাপ্তিাইজককে হত্যা করেছিলেন। তিনি সেই হেরোদের নাতিও ছিলেন যিনি যীশুর জন্মের সময় রাজা ছিলেন, একই হেরোদ যিনি পূর্ব থেকে আসা পন্ডিতদের কথা শুনে বেথলেহেমের সমস্ত ছেলে শিশুদের হত্যা করেছিলেন। এই তিনটি পর্ব দেখায়, এই রাজনৈতিক নেতা এবং তার আত্মীয়রা সকলেই খারাপ নেতা ছিলেন, যারা ঈশ্বরকে সম্মান করেননি বা তাদের লোকেদের সাথে অন্যায় করেছিলেন। কিন্তু, তারা ঈশ্বরের পরিকল্পনাকে ব্যর্থ করতে পারেনি, কারণ ঈশ্বর যেকোনো মানব শাসকের চেয়ে বেশি শক্তিশালী।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বরের ইচ্ছা এবং ঈশ্বরের পরিকল্পনা অনুযায়ীই সবকিছু ঘটে। যদিও এমন একটি সময় আসবে যেখানে পিতর যীশু খ্রীষ্টের জন্য মারা যাবে, কিন্তু ঈশ্বর সিদ্ধান্ত নিয়েছিলেন যে, এই পাঠের সাস্ত্রাংশ অনুযায়ী এখনও সেই সময় আসেনি। ঈশ্বর পিতরের জীবন এবং পরিচর্যার জন্য আরও পরিকল্পনা করেছিলেন। তাই তার মৃত্যুদন্ড কার্যকর করার ঠিক আগে, ঈশ্বর পিতরকে জেল থেকে উদ্ধার করার জন্য একজন স্বর্গদূত পাঠিয়েছিলেন। পিতরকে ঈশ্বরের উদ্ধার করা এতই আশ্চর্যজনক ছিল যে, পিতর এবং অন্য খ্রীষ্টিয়ানদের প্রথমে এটি বিশ্বাস করতে কষ্ট হচ্ছিল যে, ঈশ্বর সত্যিই তাদের প্রার্থনার উত্তর দিলেন!

- কেন ঈশ্বর আমাদের কিছু প্রার্থনার উত্তর দেন যেভাবে আমরা সেগুলোর উত্তর পেতে চাই ঠিক সেভাবেই, কিন্তু অনেক প্রার্থনার উত্তর সেভাবে দেন না যেভাবে আমরা সেগুলোর উত্তর পেতে চাই?
- যখন ঈশ্বরের উত্তরগুলি আমরা যেমন চাই তার চেয়ে ভিন্ন হয়, তখন ঈশ্বর যে আমাদের সমস্ত প্রার্থনার উত্তর নিখুঁত ভালবাসার সাথে দেন এই বিষয়টি সম্পর্কে জানা কিভাবে আমাদের তা বুঝতে সাহায্য করে?

- **হৃদয়:আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** অনেক সময় ঈশ্বর খ্রীষ্টিয়ানদের প্রার্থনার উত্তর দেন অনেক বেশি শক্তি এবং অনুগ্রহের সাথে যা তারা কল্পনাও করতে পারেনা। যদিও খ্রীষ্টিয়ানরা পিতরের মুক্তির জন্য প্রার্থনা করছিল, কিন্তু যখন পিতর আসলে প্রার্থনা সভায় উপস্থিত হয়েছিল, খ্রীষ্টিয়ানরা ভেবেছিল এটি কেবল একজন স্বর্গদূত। কখনও কখনও খ্রীষ্টিয়ানরা তাদের সবচেয়ে প্রয়োজনীয় আশীর্বাদগুলি পায় না কারণ তারা ঈশ্বর তাদের জন্য যা করতে চান এমন আশ্চর্যের বিষয় বিশ্বাস করতে ব্যর্থ হয়।
  - কখন আপনার কাছে ঈশ্বরের আশীর্বাদ সত্যিই খুব ভাল বলে মনে হয়েছে ?
  - ঈশ্বর সর্বদা প্রার্থনার উত্তর দেন, কিন্তু কখনও কখনও ঈশ্বরের উত্তর হয় "না" কিংবা "এখনই না।" একজন খ্রীষ্টিয়ান হিসেবে আমাদের কীভাবে প্রতিক্রিয়া জানানো উচিত যখন আমাদের কোন প্রার্থনার উত্তর হিসেবে ঈশ্বরের কাছ থেকে আমরা "না” বোধক কিছু শুনি?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** যদিও খ্রীষ্টিয়ানরা পিতরের জন্য প্রার্থনা করেছিল কিন্তু তাদের এই বিষয়টি বিশ্বাস করতে কষ্ট হয়েছিল যে সত্যিই পিতর দরজায় দাঁড়ানো ছিল । তারা কিছু জিনিস সঠিক করেছিল। তারা প্রার্থনা এবং উৎসাহের জন্য জড়ো হয়েছিল এবং তারা অন্যদের পক্ষে প্রার্থনা করছিল। খ্রীষ্টিয়ানরা সবসময় সবকিছু সঠিকভাবে নাও পেতে পারে, বা এমনকি তাদের যতটা বিশ্বাস করা উচিত ততটা বিশ্বাস নাও করতে পারে, কিন্তু তারা যদি বিশ্বস্তভাবে একত্রিত হয় এবং একসাথে প্রার্থনা করে, তাহলে ঈশ্বর সেখানে আশ্চর্যকাজ করবেন।
  - আপনার কি নিয়মিত সময় করে প্রার্থনার জন্য অন্যান্য খ্রিস্টানদের সাথে একত্রিত হন?
  - আপনার কি মনে হয়, আপনার প্রার্থনার কতটা সময় আপনার নিজের প্রয়োজনের দিকে মনোনিবেশ করা উচিত, কতটা অন্যের প্রয়োজনের দিকে মনোনিবেশ করা উচিত এবং ঈশ্বরের প্রশংসা করার দিকে কতটা মনোযোগ দেওয়া উচিত?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০১ পৌল ও বার্নাবাকে প্রচারের জন্য পাঠানো হল

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ১৩:১-৫

সহায়ক শাস্ত্রাংশ: ১ শমূয়েল ১৫—১৬

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** ঈশ্বরের গৌরব করুন! ঈশ্বর আদি মন্ডলীকে নির্দেশ দেন যেন পৌলকে অযিহুদীদের কাছে একজন মিশনারি হিসেবে পাঠান।
- **হৃদয়:** এই বিষয়টি বুঝতে চেষ্ট করুন যে, ঈশ্বর মানুষের মধ্যে থাকা প্রতিভাকে তাদের নিজস্ব চিন্তার চেয়েও ভিন্নভাবে আরও বেশি মূল্যায়ন করেন।
- **হাত:** প্রভুর কাজের জন্য লোকেদের প্রতিশ্রুতিবদ্ধ করার জন্য প্রস্তুত থাকুন, এমনকি যদি এর অর্থ এই হয় যে, ঈশ্বর যদি আপনাকে আপনার কমিউনিটির বাইরে পাঠিয়েছেন অন্যদের আশীর্বাদ করার জন্য সেই অবস্থার জন্যও প্রস্তুত থাকুন ।

একটি পদে পাঠের শিক্ষা তাঁহারা প্রভুর সেবা ও উপবাস করিতেছিলেন, এমন সময়ে পবিত্র আত্মা কহিলেন, আমি বার্ণবা ও শৌলকে যে কার্যে আহ্বান করিয়াছি, সেই কার্যের নিমিত্ত আমার জন্য এখন তাহাদিগকে পৃথক করিয়া দেও, প্রেরিত ১৩:২।

পাঠের সারসংক্ষেপ: পৌল, বার্ণাবা এবং অন্যান্য দেশের তিনজন লোক আন্তিয়খিয়া শহরের একটি মন্ডলীতে ছিলেন। সেখানে থাকাকালীন তারা উপবাস সহকারে ঈশ্বরের উপাসনা করতেন। উপবাস মানে হল না খেয়ে থাকা। লোকেরা যখন প্রার্থনা করছিল, তখন পবিত্র আত্মা তাদের পৌল এবং বার্ণবাকে আলাদা করে একটি বিশেষ কাজের জন্য প্রস্তুত করতে বলেছিলেন। এখানে আলাদা করা মানে ঈশ্বরের বিশেষ কাজ করার জন্য বেছে নেওয়া। পবিত্র আত্মা চেয়েছিলেন পৌল এবং বার্ণাবা পৃথিবীর বিভিন্ন প্রান্তে যান এবং যীশুর সুসমাচার লোকদের কাছে পৌঁছে দেন। যখন পবিত্র আত্মা কথা বলা শেষ করলেন, তখন অন্য লোকেরা পৌল ও বার্ণাবার কাছে গেল। তারা পৌল এবং বার্ণাবা উপর তাদের হাত রেখে এই বলে প্রার্থনা করেছিল যে, যখন তারা সুসমাচার প্রচার করতে যাবেন তখন প্রভু তাদের সাহায্য করবেন এবং রক্ষা করবেন। লোকেরা প্রার্থনা করার পর, পৌল এবং বার্ণাবা একটি নৌকায় করে সাইপ্রাস দ্বীপে চলে গেলেন। এটি ছিল পৌলের প্রথম মিশনারি যাত্রার শুরু।



ছবি থেকে শেখা:

- ১. **শৌল এবং বার্ণাবার উপর হাত রাখা।** আন্তিয়খিয়ার কিছু খ্রীষ্টিয়ান ঈশ্বরের উপাসনা করে প্রার্থনা ও উপবাস করেছিল। উপাসনা করার সময়, ঈশ্বর শৌল এবং বার্ণবাকে একটি বিশেষ উদ্দেশ্যের জন্য আলাদা করার নির্দেশ দিয়েছিলেন। সেই খ্রীষ্ট বিশ্বাসীরা ঈশ্বরের আদেশ মেনে শৌল এবং বার্ণাবা উপর হাত রেখে, তাদের আশীর্বাদ করেছিল এবং তাদের জন্য প্রার্থনা করেছিল। অযিহুদীদের কাছে সুসমাচার প্রচার করা এবং ভূমধ্যসাগরীয় বিশ্ব জুড়ে অনেক মন্ডলী প্রতিষ্ঠা করার জন্য ঈশ্বর শৌল এবং বার্ণবাকে তার উদ্দেশ্য মহান কাজের জন্য ব্যবহার করবেন ।

পাঠ প্রসংগ যীশুর জেরুজালেমের অনুসারীদের উপর অত্যাচার শুরু হওয়ার পর, তাদের মধ্যে অনেক নেতা আন্তিয়খিয়াতে চলে যান। এই আন্তিয়খিয়া প্রথম যীশুর অনুসারীদের "খ্রীষ্টিয়ান" বলা শুরু হয়েছিল।

তাদের একটি উপাসনার সময়, ঈশ্বর খ্রীষ্টিয়ানদের বলেছিলেন, ঈশ্বরের বিশেষ কাজের জন্য শৌল এবং বার্ণবাকে আলাদা করে দিতে। খ্রীষ্টিয়ানরা ঠিক সেই সময়ে এর অর্থ কী তা বুঝতে পারেনি যে, শৌল এবং বার্ণাবা খ্রীষ্টিয়ান মন্ডলীর সবচেয়ে গুরুত্বপূর্ণ দুইজন মিশনারি হয়ে উঠবেন। বিশেষ করে, ঈশ্বর শৌল এবং বার্ণবাকে অযিহুদীদের কাছে মিশনারি হওয়ার জন্য ডেকেছিলেন। শৌল (পরে পৌল নামে পরিচিত) প্রেরিত পুস্তক লেখার পরেও নতুন নিয়মের অনেক বই লিখেছিলেন। অনেক মন্ডলীর ভিত্তি তিনি প্রতিষ্ঠা করেছিলেন বা তা প্রতিষ্ঠা করতে পরামর্শ দিয়েছিলেন।

পরবতীর্ পাঠ্য: (আরও পটভূমির তথ্যের জন্য পাঠ # ৩৪ দেখুন) ঈশ্বর প্রায়শই এমন লোকদেরই তাঁর কাজের জন্য আহ্বান জানান যাদের দ্বারা এই কাজ সম্ভব না বলে আমরা মনে করি। ঈশ্বর যখন ভাববাদী শমূয়েলকে ইস্রায়েলের নতুন রাজাকে অভিষিক্ত করার জন্য বেথলেহেমে যিশয়ের বাড়িতে পাঠিয়েছিলেন। তখন সবাই ধরে নিয়েছিল যে, শমূয়েল যিশয়ের বড় ছেলেকে অভিষিক্ত করবেন। কিন্তু, ঈশ্বর শুধুমাত্র প্রথমজাতকে বেছে নেননি, ঈশ্বর তার বিপরীতে, যিশয়ের সবচেয়ে ছোটছেলে দায়ূদকে বেছে নিয়েছিলেন। বিশ্বস্তভাবে ঈশ্বরের সেবা করবে এমন কাউকে খুঁজতে গিয়ে ঈশ্বর দায়ূদের হৃদয়ের বিশ্বস্ততার দেখেছিলেন। একইভাবে, ঈশ্বর যখন অযিহুদীদের জন্য একজন মিশনারিকে বেছে নিয়েছিলেন, তখন কেউ ভাবেনি ঈশ্বর শৌলকে বেছে নেবেন। কারণ শৌল ঈশ্বরের

রাজ্যের জন্য যারা কাজ করতেন তাদের উপর অত্যাচার করতেন এবং সম্পূর্ন এর বিপক্ষে ছিলেন। কিন্তু ঈশ্বর শৌলের মন দেখলেন এবং তাকে মনোনীত করলেন যার মাধ্যমে ঈশ্বর তাঁর রাজ্য বিস্তারের মহৎ কাজ করতে পারেন।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা : ১১. পুরাতন নিয়মের সময়ে, ঈশ্বরের আশীর্বাদ পেতে এবং এই পৃথিবীর সাথে ঈশ্বরের আশীর্বাদ ভাগ করে নেওয়াার জন্য ঈশ্বর ইস্রায়েল জাতি গঠন করেছিলেন। নতুন নিয়মের সময়ে, ঈশ্বর মন্ডলীকে খ্রীষ্টিয়ানদের একত্রিত হওয়ার বিশেষ স্থান হিসেবে গঠন করেছেন, যেখানে তারা একে অপরের সাথে ঈশ্বরের আশীর্বাদ ভাগ করে এবং তারপর ঈশ্বরের আশীর্বাদ এই পুরো পৃথিবীর সাথে ভাগ করে নিতে পারে। মন্ডলী একটি ’স্থান’ বা ঘর নয়, কিন্তু মন্ডলী বলতে বোঝায়, ঈশ্বরের লোকেরা যারা একে অপরের সাথে ঈশ্বরের উপহার ভাগ করে নেয়, উপাসনা করে, সহভাগিতা করে এবং তারপর তাদের ঈশ্বর প্রদত্ত উপহার এবং প্রতিভা কাজে লাগিয়ে সমস্ত বিশ্বে ঈশ্বরের সুসমাচার পৌঁছে দেওয়ার কাজ করে ।

- **মাথা:** প্রেরিত ১৩এ বিশ্বাসীদের এমন কিছু কাজ কী ছিল যা তাদের মন্ডলী হওয়ার সাক্ষ্য বহন করে ?
- **হৃদয়:** খ্রীষ্টিয়ানরা অন্যান্য খ্রীষ্টিয়ানদের সাথে একসাথে উপাসনা করার জন্য এবং তাদের আধ্যাত্মিক উপহারগুলি কাজে লাগানোর জন্য একত্রিত হওয়ার মাধ্যমে কী কী সুবিধা পায় ?
- **হাত:** মন্ডলীর জন্য কেন পরিচর্যাকারী এবং মিশনারীদের পৃথিবীতে পাঠানো গুরুত্বপূর্ণ?

বাইবেল অধ্যয়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু’টি বাইবেলের অংশই পাঠ করুন;
- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** ঈশ্বর সব খ্রীষ্টিয়ানদের যীশু খ্রীষ্টের সুসমাচারের সাক্ষী হতে আহ্বান করেন। কিন্তু ঈশ্বর, কিছু খ্রীষ্টিয়ানদের সকলের প্রতিনিধি হিসেবে পুরোহিত এবং মিশনারি হওয়ার

জন্যও ডাকেন। মন্ডলীর জন্য এটা বোঝা গুরুত্বপূর্ণ যে একজন ব্যক্তি যে এই ধরনের পদের জন্য তাদের প্রতি ঈশ্বরের আহ্বান অনুভব করে, আসলেই কি এটি ঈশ্বরের কাছ থেকে আসা আহ্বান কিনা।

  - কেন ঈশ্বর অযিহুদীদের কাছে মিশনারি হতে শৌলের মতো কাউকে ব্যবহার করবেন, যিনি খ্রীষ্টিয়ানদের অত্যাচার করেছিলেন?
  - আপনি কি মনে করেন, ঈশ্বর শৌলকে অযিহুদীদের কাছে সুসমাচার নিয়ে যাবার সক্ষমতা বৃদ্ধি করার জন্য কোন উপহার এবং প্রতিভা দিয়েছেন?

- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** এই সত্যে আনন্দ করুন যে, ঈশ্বর খ্রীষ্টিয়ানদের মূল্যায়ন করেন, তারা অতীতে যা করেছেন তা অনুসারে নয়, বরং ভবিষ্যতে ঈশ্বরের কাজের জন্য ঈশ্বর তাদের কিভাবে ব্যবহার করতে পারেন সেই সম্ভাবনা অনুসারে। ঈশ্বর খ্রীষ্টিয়ানদের জীবনে অনেক প্রতিভা এবং তালন্ত দেন যা শুধুমাত্র তখনই প্রকাশ পায় যখন খ্রীষ্টিয়ানরা তাদের জীবনে ঈশ্বরের আহ্বানে সাড়া দেয়।
  - কেন কিছু খ্রীষ্টিয়ানরা ঈশ্বর যে তাদের জীবনে মহান কিছু করতে পারেন এই বিষয়ে সন্দেহ করে ?
  - একজন খ্রীষ্টিয়ানকে ঈশ্বরের সেবা করার জন্য তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন গুণাবলী আরো বৃদ্ধি করতে হবে বলে আপনি মনে করেন?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** যখন ঈশ্বর লোকেদেরকে পরিচযার্র বিশেষ পদে ডাকেন, যেমন যাজক বা মিশনারি হওয়ার জন্য, তখন ঈশ্বর সেই আহ্বান নিশ্চিত করার জন্য অন্যান্য খ্রীষ্টিয়ানদের ব্যবহার করেন। এইভাবে, পুরো মন্ডলী, মন্ডলী এমন আরও পাবলিক মিনিস্ট্রিতে খুব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শুধুমাত্র সেই পরিচচার্ কাজে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রেই নয়, বরং সমস্ত পরিচচার্ কাজে নেতৃত্ব দেওয়ার জন্য যাদের ডাকা হয়েছে তাদের নিশ্চিতকরণ, সমর্থন এবং উৎসাহিত করার ক্ষেত্রেও।
  - কেন খ্রীষ্টিয়ানদের একটি দলের পক্ষে তাদের একজন সদস্যকে মিশনারি হতে পাঠানোর কাজটি কঠিন হতে পারে?
  - কেন একজন মিশনারির কাজ ঈশ্বরের রাজ্যের জন্য এত গুরুত্বপূর্ণ?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০২ লুস্ত্রায় পৌলকে পাথর মারা হল

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ১৪:৮-২০

সহায়ক শাস্ত্রাংশ: মথি ১০ অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** সচেতন থাকুন, সবাই সুসমাচারের বার্তা সঠিকভাবে শুনতে পাবে না। লুস্ত্রায় লোকেরা সুসমাচার শোনার আগে যে কিংবদন্তি কাহিনী এবং পৌরাণিক কাহিনীগুলি বিশ্বাস করেছিল এর জন্য তাদের কাছে পৌল প্রচারিত সুসমাচার কিছুটা কঠিন মনে হয়েছিল ।
- **হৃদয়:** ঈশ্বর আপনাকে যা কিছু করার জন্য আহ্বান করেন তা বিশ্বাস করুন, ঈশ্বর আপনাকে শক্তি দেবেন এবং ঈশ্বরের ইচ্ছা পূরণের জন্য আপনার সাথে সাথে থাকবেন।
- **হাত:** যীশু খ্রীষ্টের সুসমাচারের একটি স্পষ্ট ব্যাখ্যা দিতে প্রস্তুত থাকুন। সচেতন হোন যে, অন্যরা তাদরে জীবনে ঈশ্বরের পরিত্রাণ লাভের প্রয়োজনীয়তা বুঝতে পারার আগে আপনাকে তাদের সাথে সুসমাচার ভাগ করে নেওয়ার প্রয়োজন হতে পারে।

একটি পদে পাঠের শিক্ষা আর যাহারা শরীর বধ করে, কিন্তু আত্মা বধ করিতে পারে না, তাহাদিগকে ভয় করিও না; কিন্তু যিনি আত্মা ও শরীর উভয়ই নরকে বিনষ্ট করিতে পারেন, বরং তাঁহাকেই ভয় কর, মথি ১০:২৮

পাঠের সারসংক্ষেপ: সাইপ্রাস ত্যাগ করার পর, পৌল এবং বার্ণবা লুস্ত্রায় যাওয়ার আগে বিভিন্ন শহরে কথা বলেছিলেন। লুস্ত্রায় থাকাকালীন তারা যীশুর বিষয়ে লোকদের কাছে প্রচার করতেন।

এমনকি তারা একজন পঙ্গু ব্যক্তিকেও সুস্থ করেছিলেন। শহরের লোকেরা আশ্চর্য হয়ে গিয়েছিল এবং পৌল এবং বার্ণবাকে ঈশ্বরের মত প্রশংসা দিতে লাগল। পৌল এতে বিরক্ত হয়ে ওঠেন। তিনি চাননি যে, লোকেরা পৌল এবং বার্ণবাকে ঈশ্বর ভাবুক। পৌল লোকদের বলেছিলেন যে, তারা কেবল সাধারণ মানুষ। যীশু ছিলেন জীবন্ত ঈশ্বর, তাই তাদের উচিত তাঁকে অনুসরণ করা। যখন আন্তিয়খিয়া এবং ইকনিয়ামের কিছু যিহুদী শুনতে পেল যে, পৌল এবং বার্ণবা যীশুর বিষয়ে প্রচার করছেন, তখন তারা লুস্ত্রায় চলে গেলেন। এই যিহুদিরা লোকেদের বিশ্বাস করাতে সক্ষম হয়েছিল যে, পৌল মিথ্যা বলছেন এবং যীশু ঈশ্বরের পুত্র নন। লোকেরা এতে খুব রেগে গেল এবং পৌলের দিকে পাথর ছুঁড়ে মারল যতক্ষণ না তারা মনে করল যে, তিনি মারা গেছেন। তারপর তারা তাকে টেনে নিয়ে ফেলে আসলো শহর বাইরে। লোকেরা চলে যাওয়ার পর শিষ্যরা পৌলের চারপাশে জড়ো হলেন। যখন তারা জড়ো হল,তখন পৌল উঠে দাঁড়ালেন এবং শহরে ফিরে গেলেন।



ছবি থেকে শেখা:

- ১. **পৌল এবং বার্ণবা** যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করতে বর্তমান তুরস্কের চারপাশে ভ্রমণ করেছিলেন।
- ২. **বিরোধী দল।** বেশিরভাগ শহরেই তারা প্রচার করেছিল, কিন্তু কেউ কেউ সুসমাচার গ্রহণ করেনি এবং অনেকেই সুসমাচারকে প্রত্যাখ্যান করেছিল। আবার কেউ কেউ তাদের প্রচারে খুব রাগান্বিত হয়েছিল। কিছু লোক যারা পৌলের বিরোধিতা করেছিল তারা লুস্ত্রায় গিয়েছিল এবং শহরের লোকদের পৌল ও বার্ণবার বিরুদ্ধে উস্কিয়ে দিয়েছিল। লোকেরা এতই বিরক্ত হয়ে উঠল যে, তারা পৌলকে শহরের বাইরে টেনে নিয়ে গেল এবং পাথর ছুঁড়ে তাকে হত্যা করার চেষ্টা করল। তিনি মারা গেছেন এই ভেবে, তারা তাকে মাটিতে ফেলে রেখেছিল। কিন্তু পৌলের বন্ধুরা তার কাছে এসে দেখে সে এখনও বেঁচে আছে। তারপর পৌল উঠে পরবর্তী এক শহরে যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করতে গেলেন।

পাঠ প্রসংগ: যদিও যীশু খ্রীষ্টের সুসমাচার হল এই সুসংবাদ যে, যীশুতে ঈশ্বর সমস্ত নারী পুরুষদের জন্য পরিত্রাণের পথ প্রদান করেন, কিন্তু কিছু লোক চায় না যে এই সুসমাচার প্রচার হোক। পাপের কারণে, কেউ কেউ সুসমাচারের বার্তা সম্পর্কে এত ঈর্ষান্বিত এবং রাগান্বিত যে, তারা এই সুসমাচার এবং খ্রীষ্টিয়ানদের ধ্বংস করার জন্য সব কিছু করতে পারে ।

যদিও পৌল অনেক শহরে খ্রীষ্টিয়ান মন্ডলী স্থাপন করার বিষয়ে সফল হয়েছিল, এটি সহজ কাজ ছিল না। পৌল এবং তার সাহায্যকারীরা অনেক অত্যাচারের মুখোমুখি হয়েছিল, এবং পৌলকে বহুবার মৃত্যুর মুখে পড়তে হয়েছিল। কারণ সুসমাচারের বিরোধিতাকারী লোকেরা তাকে যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করতে বাঁধা দিয়েছিল।

পরবর্তীর্ পাঠ্য: যীশু তাঁর অনুসারীদের তাঁর বার্তাবাহক হিসেবে যে অত্যাচারের মুখোমুখি হতে হবে সে সম্পর্কে সতর্ক করেছিলেন। তিনি তাদের এটাও মনে করিয়ে দিয়েছলেন যে, ঈশ্বরের শক্তি তাদের যে কোনো আত্যাচার থেকেও বড়। যীশু তাদেরকে তাদের এই জীবনে নিরাপত্তার জন্য নয় বরং তাদের জীবনে ঈশ্বরকে প্রথমে রাখতে এবং স্বর্গে তাদের পুরস্কারের জন্য বাঁচতে উৎসাহিত করেছিলেন।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারে পৌল অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিলেন। চ্যালেঞ্জগুলির মধ্যে একটি ছিল, সুসমাচার প্রচারের বিরুদ্ধে অনেকে পৌল এবং তার অনুসারীদের অত্যাচার করেছিল। আরেকটি চ্যালেঞ্জ ছিল, লোকেরা সুসমাচারের উদ্দেশ্য সম্পর্কে ভুল বুঝেছিল। লুস্ত্রায় পৌলের অভিজ্ঞতা এই সত্যটি প্রকাশ করে যে, পৌল সুসমাচার প্রচার করার অর্থ এই নয় যে লোকেরা সঠিকভাবে সুসমাচার শুনেছিল বা বুঝতে পেরেছিল। যখন এটি শহরের লোকেরা পৌল এবং বার্ণবাকে ঈশ্বর ভেবে নিয়েছিলেন তখন পৌল এবং বার্ণবাকে লোকদের এই ভুল সংশোধন করতে হয়েছিল ।
    - আপনার কমিউনিটির লোকেরা যীশু খ্রীষ্টের সুসমাচারকে কী কী কারণে ভুল বুঝতে পারে ?
    - যীশু খ্রীষ্টের সুসমাচার সঠিকভাবে বুঝতে লোকেদের সাহায্য করার জন্য আপনি কী করতে পারেন?
- **হৃদয়:আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** অন্যদের সাথে সুসমাচার শেয়ার করা খুবই ভীতিকর হতে পারে। খ্রীষ্টিয়ানরা যদি অন্যদের সাথে যীশু খ্রীষ্টের সুসমাচার ভাগ করে তবে তারা শুধুমাত্র প্রত্যাখ্যানের মুখোমুখি হয় না,সরাসরি নির্যাতনও ভোগ করে। উপরন্তু, যদিও ঈশ্বর খ্রীষ্টানদের শুধুমাত্র দুঃখ কষ্ট সহ্য করার জন্য অত্যাচারের মুখোমুখি হতে আহ্বান করেন না। এমন ঘটনাও আছে যেখানে ঈশ্বর খ্রীষ্টিয়ানদের বিপজ্জনক পরিস্থিতিতে সুসমাচার প্রচারের জন্য বিশ্বাসে বেরিয়ে আসতে আহ্বান করবেন। অতএব, খ্রীষ্টিয়ানদের জন্য প্রার্থনা এবং পবিত্রতায় জীবনযাপন করা খুবই গুরুত্বপূর্ণ যাতে তারা জানতে পারে কখন ঈশ্বর তাদের তাঁর সুসমাচার প্রচার করতে এবং তাঁর রাজ্য বিস্তারের কাজ করার জন্য ডাকছেন এবং কখন ঈশ্বর তাদের অপেক্ষা করতে আহ্বান করছেন। তাই, খ্রীষ্টানদের জন্য যীশু খ্রীষ্টের শক্তিতে সবকিছু করা অপরিহার্য।
    - বিপদজনক পরিস্থিতিতে ঈশ্বরের ইচ্ছা বোঝার জন্য খ্রীষ্টিয়ানরা কী কী পদক্ষেপ নিতে পারে?
    - কেন ঈশ্বর খ্রীষ্টিয়ানদেরকে যীশু খ্রীষ্টের সুসমাচারের জন্য কষ্টভোগ করতে ডাকতে পারেন?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করার জন্য সুসমাচার বলা এবং যীশু খ্রীষ্টের সুসমাচার অনুযায়ী জীবনযাপন করা উভয়ই একসংগে জড়িত।

সুসমাচার ভাগ করে নেওয়্যার এই উভয় ক্ষেত্রে অনুপ্রেরণা এবং শক্তি যোগায় যা যীশু খ্রীষ্টের ভালবাসায় আমাদের বাঁচিয়ে রাখে। যীশুর প্রেম খ্রীষ্টিয়ানদের যীশু খ্রীষ্টকে অন্যদের সাথে ভাগ করে নিতে চালিত করে। কখনও কখনও বেশ কয়েকবার এই কাজটি চালিয়ে নিতে সাহায্য করে, যাতে তারা স্পষ্টভাবে যীশু খ্রীষ্টের সুসংবাদ বুঝতে পারে।

- যীশুর প্রেমের জীবনযাপন কীভাবে অ—খ্রীষ্টিয়ানদের যীশু খ্রীষ্টের সুসমাচার আরও ভালভাবে বুঝতে সাহায্য করে?
- অ - াপনার জীবনে যীশু খ্রীষ্টের ভালবাসা কীভাবে কাজ করে তা অন্যদের দেখতে সাহায্য করার জন্য আপনি এই সপ্তাহে কী করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০৩ ফিলিপীয় কারারক্ষক পরিত্রাণ পেলেন

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ১৬:১১-৪০

সহায়ক শাস্ত্রাংশ: মার্ক ৫:১-২০

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** বিশ্বাস করুন ঈশ্বর যেকোন পরিস্থিতির সঠিক ব্যবহার করতে পারেন, এমনকি এমন পরিস্থিতিতেও যেখানে মনে হয় পাপী লোকেরা জয়ী হচ্ছেন, সেখানেও তিনি মানুষকে পরিত্রাণের দিকে নিয়ে যেতে পারেন।
- **হৃদয়:** এইভেবে সান্তনা পান যে, ঈশ্বর আপনার কষ্ট এবং পরীক্ষাগুলি থেকে আপনাকে মুক্ত করতে পারেন এবং সেইগুলোকে কাজে লাগিয়ে প্রয়োজন অনুযায়ী সকলকে আশা ও শান্তি দান করেন।
- **হাত:** আপনার চারপাশে, যাদের আপনার কাছ থেকে সুসমাচার ও সাহায্য পাওয়া অত্যন্ত প্রয়োজন তাদের প্রতি সতর্ক থাকুন। যীশু কীভাবে পাপ, অপরাধবোধ এবং লজ্জা থেকে সম্পূর্ণরূপে রক্ষা করেন তা তাদের সাথে ভাগ করে নিতে প্রস্তুত হন।

একটি পদে পাঠের শিক্ষা পরে সে তাঁহাদিগকে উপরে গৃহমধ্যে লইয়া গিয়া তাঁহাদের সম্মুখে আহারীয় দ্রব্য রাখিল; এবং সমস্ত পরিবারের সহিত ঈশ্বরে বিশ্বাস করাতে অতিশয় আহ্লাদিত হইল, প্রেরিত ১৬:৩৪।

পাঠের সারসংক্ষেপ: পৌল এবং সীল যীশুর বিষয়ে প্রচার করার জন্য ফিলিপী নামক একটি নগরে গিয়েছিলেন। নগরের কিছু লোক তাদের উপর ক্ষিপ্ত হয়ে ওঠে। লোকেরা পৌল এবং সীলকে শহের দাঙ্গা শুরু করার চেষ্টা করার জন্য অভিযুক্ত করেছিল। শহরের ম্যাজিস্ট্রেট বা বিচারক আদেশ দিয়েছিলেন যে পৌল এবং সীলকে মারধর করে কারাগারে নিক্ষেপ করার জন্য। যখন পৌল এবং সীলকে কারাগারের দেয়ালের সাথে বেঁধে রাখা হয়েছিল, তারা কাঁদেনি এবং নিজেদের জন্য দুঃখও করেননি। এর পরিবর্তে, তারা প্রার্থনা করছিলেন এবং যীশুর প্রশংসা গান গাইছিলেন এবং তা অন্য কয়েদীরা শুনছিলেন। মধ্যরাতে যখন তারা প্রার্থনা করছিল তখন একটি ভয়ানক ভূমিকম্প হল। কারাগারের দেয়াল কাঁপছিল এবং তাদের হাত—পা থেকে শিকল খুলে পড়ে গিয়েছিল। বন্দীদের কেউ পালিয়ে গেলে তাকে হত্যা করা হবে এই চিন্তা করে যে কারারক্ষক বন্দীদের পাহারা দিচ্ছিল সে খুব ভয় পেয়ে গেল। পৌল কারারক্ষককে বললেন ভয় পাবেন না। বন্দীদের সবাই সেখানেই ছিল। কারারক্ষক পৌল এবং সীলকে পালিয়ে না যাওয়ার জন্য ধন্যবাদ দেন এবং তারপর তিনি তাদের জিজ্ঞাসা করলেন পরিত্রাণের জন্য তাকে কি করতে হবে।



ছবি থেকে শেখা:

- ১. **পৌল এবং সীল** ফিলিপী শহরে পরিচর্যা কাজ করেছিলেন। তারা একজন ক্রীতদাসীর কাছ থেকে মন্দ আত্মা তাড়িয়েছিলেন, কিন্তু এর জন্য তাদের জেলে পাঠানো হয়েছিল। কারণ মেয়েটি মন্দ আত্মার শক্তিতে ভবিষ্যৎ বলতে পারতেন এবং তার মালিকরা অত্যন্ত রেগে গিয়েছিল কারণ মেয়েটিকে সুস্থ করার ফলে তারা মেয়েটির মাধ্যমে আর টাকা উপার্জন করতে পারছিল না।
- ২. **কারারক্ষক ।** মধ্যরাতের দিকে, পৌল এবং সীলকে জেলে ঈশ্বরের প্রশংসা করার সময়, ঈশ্বর একটি শক্তিশালী ভূমিকম্প পাঠিয়েছিলেন, যা কারাগারের ভিত্তিগুলিকে কাঁপিয়ে দিয়েছিল এবং কারাগারের দরজাগুলি খুলে দিয়েছিল। সমস্ত বন্দী পালিয়ে গিয়েছে এই ভয়ে কারারক্ষক আত্মহত্যার প্রস্তুতি নিল, কারণ সেই সময়ে কোন কয়েদী পালিয়ে গেলে কারারক্ষককে শাস্তি পেতে হত। তিনি আত্মহত্যা করার আগে, পৌল কারারক্ষককে ডেকে বলেছিলেন যে, সমস্ত বন্দী এখনও সেখানেই রয়েছে। কারারক্ষক এই কথা শুনে খুব স্বস্তি পেয়েছিলেন এবং তিনি পৌলের সামনে হাঁটু পেতে বসে পড়েছিলেন এবং তাকে জিজ্ঞাসা করেছিলেন যে, পরিত্রাণ পাওয়ার জন্য তাকে কী করতে হবে। পৌল তার কাছে সুসমাচার প্রচার বলেছিলেন এবং এর মাধ্যমে শুধুমাত্র কারারক্ষকই নয়, তার পুরো পরিবারও সুসমাচারে বিশ্বাস করেছিল এবং পৌল তাদের বাপ্তিস্ম দিয়েছিলেন।

পাঠ প্রসংগ: পৌল ভূমধ্যসাগরীয় বিশ্বে তার যাত্রা চালিয়ে যান এবং সুসমাচার প্রচারের কাজও চালিয়ে যান । ফিলিপীতে তিনি আবারও যীশু খ্রিস্টের সুসমাচার প্রচারের কারণে নিযার্তনের সম্মুখীন হন। এইসময় এই নির্যাতন একদল ব্যবসায়ীদের কাছ থেকে এসেছিল। কারণ তারা মন্দ আত্মা পাওয়া একটি মেয়েকে দিয়ে ভবিষ্যৎবাণী বলাতেন এবং এর মাধ্যমে টাকা উপার্জন করতেন। কিন্তু পৌল তাকে সুস্থ করার ফলে তাদের ব্যবসায়ের ক্ষতি হয়েছিল ।

কিন্তু ঈশ্বর তাঁর রাজ্যকে আরও এগিয়ে নিতে এই নিযার্তনের ঘটনাকে ব্যবহার করেছিলেন। পৌলের কারাবাসের কারণে একজন কারারক্ষক এবং তার পুরো পরিবার যীশু খ্রীষ্টে বিশ্বাস করেছিলেন।

পরবতীর্ পাঠ্য: (আরো পটভূমি তথ্যের জন্য পাঠ #৬৩ দেখুন)। যীশু যেমন শয়তানের দাসত্ব থেকে মানুষকে মুক্ত করেছিলেন, তেমনি প্রেরিত পৌলও যীশুর এই পরিচর্যা কাজ চালিয়ে যাচ্ছেন। কিন্তু সুসমাচারের লক্ষ্য, কেবলমাত্র কাউকে দাসত্ব থেকে মুক্ত করা নয় বরং তাদেরকে সুসমাচারের

সাথে পরিচয় করিয়ে দেওয়াও। অতএব যীশু কেবল শয়তানের কাছ থেকে মানুষদের মুক্ত করেননি, কিন্তু কীভাবে যীশু তাদের মুক্ত করেছেন এই সুসমাচার অন্যদের বলার জন্যও নির্দেশ দিয়েছিলেন। এছাড়াও সেই দাসীকে পৌল কেবল সুস্থ করেননি, তবে এমন পরিস্থিতির মাধ্যমে কারারক্ষক এবং তার পুরো পরিবারকে যীশু খ্রীষ্টের সুসংবাদ শুনতে এবং পরিত্রাণের সুযোগ করে দিয়েছিলেন।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** পৌল এবং সীল তাদের প্রতি খারাপ আচরণ এবং কারাগারের বন্দী অবস্থার জন্য দুঃখ করতে পারতো। পৌল একজন মন্দ আত্মা পাওয়া দাসীকে সুস্থ করেছিলেন, কিন্তু এই অলৌকিক কাজের জন্য তাকে ধন্যবাদ দেওয়ার পরিবর্তে, তার মালিকেরা পৌলকে মারধর করে এবং তাকে জেলে নিক্ষেপ করেছিল। কিন্তু ঈশ্বর সেই মালিকদের এই পাপপূর্ণ আচরণকে ভালো কিছুতে রূপান্তরিত করেছিলেন। কষ্ট পেতে কেউই পছন্দ করে না। কিন্তু খ্রীষ্টিয়ানরা এই বিষয়ে আশাবাদী থাকতে পারেন যে, ঈশ্বর দুঃখকষ্টের মাধ্যমে তাদের জীবনে ভাল কিছু অবশ্যই করবেন ।
    - আপনি কীভাবে ঈশ্বরকে খারাপ পরিস্থিতি থেকে ভালো কিছু করতে দেখেছেন?
    - যদি খ্রীষ্টিয়ানরা এই বিষয়টি বিশ্বাস করতে অস্বীকার করে যে, ঈশ্বর দুঃখকষ্টকে ভাল কিছুতে রূপান্তর করতে পারেন. তারপরেও কি ঈশ্বর খারাপ পরিস্থিতিতে ভাল কিছু করতে পারেন?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** তাদের কারাবাসের মাঝে, পৌল এবং সীল প্রার্থনা করছেন এবং ঈশ্বরের প্রশংসা গান করছেন। কঠিন অবস্থার মাঝেও ঈশ্বরের প্রশংসা স্তুতি করতে ঈশ্বরের প্রতি অনেক বিশ্বাস লাগে। পৌল এবং সীল এর আগেও এই ধরনের অত্যাচারের সম্মুখীন হয়েছিলেন এবং তারা জানতেন যে, ঈশ্বর সেই অতীতের অত্যাচার গুলো থেকে যেমন ভাল কিছু করেছিলেন, ঠিক তেমনি তিনি এই অত্যাচার থেকেও ভাল বের করে আনবেন। যেহেতু পৌল এবং সীল ঈশ্বরের উপর বিশ্বাস করেছিলেন, তাই তারা প্রকাশ্যে ঈশ্বরের প্রশংসা করতে সক্ষম হয়েছিলেন এবং কারারক্ষকের সাথে তার এই বিপদের সময়েও সুসমাচার সহোভাগিতা করতে পেরেছিল।

- কোন বিষয়টি খ্রীষ্টিয়ানদের তাদের কঠিন সময়েও ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ হতে সক্ষম করে?
- যীশু খ্রীষ্টের সুসমাচারের জন্য অত্যাচার সহ্য করার পরেও খ্রীষ্টিয়ানরা কেন আনন্দিত হতে পারে?

- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** প্রার্থনা এবং উপাসনা করা খ্রীষ্টিয়ানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এইগুলো খ্রীষ্টিয়ানদের জীবনকে তাদের খারাপ— ভাল উভয় সময়েই শক্তিশালী করে তোলে। খ্রীষ্টিয়ানদের জীবনে যখন কোন সমস্যা থাকে তখন অনেক সময় তারা ঈশ্বরের উপাসনার জন্য সময় দিতে ভুলে যায়। কারণ তারা যখন অল্প সমস্যায় পড়েন তখন তারা ঈশ্বরের কথা খুব বেশি মনে করে না। কিন্তু খ্রীষ্টিয়ানদের সবসময়া প্রার্থনা এবং উপাসনা করা উচিত। কারণ এটি সময়টি খ্রীষ্টিয়ানদের জীবনে শান্তি নিয়ে আসে যা তাদের জীবন পথে আসা সকল অত্যাচার সহ্য করার জন্য প্রয়োজনীয় শক্তি ও শান্তি দিয়ে প্রস্তুত করে।
  - কেউ যদি আপনাকে জিজ্ঞাসা করে যে উদ্ধার পাওয়ার জন্য তাদের কী করতে হবে ,তখন আপনি তাদের কি বলবেন?
  - খ্রীষ্টেতে আপনার ভাই ও বোনদের সাথে উপাসনা ও প্রার্থনা করার মাধ্যমে আপনি কী সুবিধা পান?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০৪ যাদুবিদ্যার পুস্তক পুড়িয়ে ফেলা হল

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ১৯:১-২০

সহায়ক শাস্ত্রাংশ: যোহন ১১:১-৫৪

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** এটা বুঝুন যে, যীশু খ্রীষ্টকে প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করার অর্থ হল ঈশ্বরকেই একমাত্র সত্য ঈশ্বর হিসেবে স্বীকৃতি দেওয়া, এবং এর মানে হল কোন যাদুবিদ্যার উপর নির্ভর করা বা মিথ্যা দেবতাদের উপাসনা করাই পাপ।
- **হৃদয়:** মনে রাখবেন, শুধুমাত্র যীশু খ্রীষ্টই আপনার হৃদয়ে সত্যিকারের শান্তি এবং আনন্দ আনতে পারেন। আর যা কিছুকে আপনি দেবতা হিসেবে উপাসনা করবেন তা আপনাকে শুন্যতায় ভরে তুলবে ও দুর্বল করে দেবে।
- **হাত:** আপনার জীবন থেকে এমন যেকোন অভ্যাস বাদ দিয়ে দেন যা আপনাকে মিথ্যা দেবতা ও যাদু বিদ্যার উপর নির্ভর করেত বাধ্য করে।

একটি পদে পাঠের শিক্ষা আর ইহা ইফিষ—নিবাসী যিহূদী ও গ্রীক সকলেই জানিতে পাইল, তাহাতে সকলে ভয়গ্রস্ত হইল, এবং প্রভু যীশুর নাম মহিমান্বিত হইতে লাগিল, প্রেরিত ১৯:১৭।

পাঠের সার সংক্ষেপ: পৌল ইফিসে যাত্রা করেছিলেন এবং যীশুর বিষয়ে প্রচার করেছিলেন। ঈশ্বর পৌলকে লোকেদের সুস্থ করতে এবং মানুষের মধ্যে থাকা মন্দ আত্মা দূর করতে ব্যবহার করছিলেন। কিছু লোক যারা খ্রীষ্টিয়ান ছিল না তারা একজন মানুষের মধ্য থেকে মন্দ আত্মা ছাড়ানোর চেষ্টা করেছিল। কিন্তু কোন কাজ না হলে মন্দ আত্মা পাওয়া লোকটি সেই লোকদের আক্রমণ করে। অনেক মানুষ, যারা মন্দ যাদুবিদ্যা অনুশীলন করত তারা এই মন্দ আত্মা পাওয়া লোকটির কথা শুনেছিল। এই লোকেদের বিশেষ মন্ত্র ছিল যা তারা বলত। এই মন্ত্রগুলো তাদের জাদুবিদ্যার পুস্তকে লেখা হয়েছিল। একটি পুস্তক হল একটি দীর্ঘ কাগজের টুকরোয় কিছু লেখা যা সাধারণত মোড়ানো অবস্থায় থাকে এবং তা খুলে পড়তে হয়। এই ঘটনাটি শুনে লোকেরা ভয় পেয়ে গিয়েছিল। এর মাধ্যমে অনেক মানুষ বিশ্বাস করেছিল যে, যীশুই একমাত্র ব্যক্তি যিনি মন্দ আত্মা ছাড়ানোর ক্ষমতা রাখেন। যারা যীশুকে বিশ্বাস করেছিল তারা তাদের পাপের ক্ষমা পেয়েছিল। তারপর তারা যাদুবিদ্যার পুস্তকগুলো স্তূপাকার করে পুড়িয়ে ফেলেছিল।



ছবি থেকে শেখা:

- ১. **ইফিষ.** পৌল ইফিষ শহরে তিন বছর ধরে যীশুর বিষয়ে প্রচার করেছিলেন। সেই সময়ে পৌল অনেক অলৌকিক কাজ করেছিলেন এবং অনেক লোক যীশুতে বিশ্বাসী হয়েছিল। ইফিষীয় অনেক লোক ছিল যারা জাদুবিদ্যার চর্চা করত। একদিন কিছু লোক যারা খ্রীষ্টিয়ান ছিল না তারা যীশু এবং পৌলের নাম ব্যবহার করে একটি মন্দ আত্মাকে তাড়ানোর চেষ্টা করেছিল। কিন্তু সেই মন্দ আত্মা তাদের উত্তর দিল, "আমি যীশুকে চিনি এবং পৌলকেও চিনি কিন্তু তোমরা কারা?" তারপর সেই মন্দ আত্মা পাওয়া লোকটি যীশু এবং পৌলের নাম ব্যবহার করে সেই লোকদের আক্রমণ করেছিল এবং তাদের খুব খারাপভাবে মারধর করেছিল।
- ২. **যাদুবিদ্যার পুস্তক পোড়ানো।** ইফিষীয় লোকেরা যখন এই কথা শুনেছিল, তখন তারা যীশুকে গভীরভাবে সম্মান করেছিল। তারা বুঝতে পেরেছিল যে, যাদু করার চেষ্টা করা এবং অনুশীলন করা বিপজ্জনক, কারণ পৌল যে ঈশ্বরের কথা প্রচার করেছিলেন, তিনিই একমাত্র সত্য ঈশ্বর। অতএব, তারা সমস্ত যাদুবিদ্যার পুস্তক একত্রিত করেছিল যেগুলোতে যাদুবিদ্যার অনেক তথ্য ছিল এবং সেগুলিকে পুড়িয়ে ফেলেছিল। অনেক যাদুবিদ্যার পুস্তক পুড়ে গিয়েছিল এবং সেগুলোকে পুনরায় তৈরি করতে যথেষ্ট অর্থের প্রয়োজন হবে এবং যার জন্য শত শত বছর সময় লাগবে।

পাঠ প্রসংগ: পৌল প্রায় তিন বছর ইফিষ নগরে পরিচর্যা করেছিলেন। যথারীতি তিনি সিনাগগে তাঁর পরিচর্যা শুরু করেছিলেন এবং যিহুদীদের যীশুই মশীহ বলে বোঝানোর চেষ্টা করেছিলেন। যাইহোক, পৌল সিনাগগে অনেক বিরোধিতার সম্মুখীন হন এবং একটি স্থানে তার নিজস্ব সাপ্তাহিক পরিচর্যার সময় নিধার্রণ করেন।

পৌলের পরিচর্যাকালীন সময় তিনি অলৌকিক কাজের পাশাপাশি তার শিক্ষা ও প্রচারের মাধ্যমে ঈশ্বরের পরাক্রমশালী শক্তি প্রকাশ পেয়েছিল। অন্য অনেকে পৌলের মাধ্যমে কাজ করে ঈশ্বরের এই শক্তি ব্যবহার করতে চেয়েছিলেন, কিন্তু পাঠ্যাংশে স্কিবার ছেলের ঘটনাটিতে আমরা দেখি, ঈশ্বরের শক্তি জাদুর মতো নয়। এটি যে কেউ ব্যবহার করতে পারে না যতক্ষণ না তাদের ঈশ্বর আহ্বান করেন। স্কিবার পুত্র, একজন মহাযাজক ছিলেন যিনি যীশুর নাম এবং পৌলের নাম ব্যবহার করে একটি মন্দ আত্মা তাড়ানোর চেষ্টা করেছিল, কিন্তু তার পরিবর্তে উল্টো মন্দ আত্মা পাওয়া লোকটি দ্বারা মার খেয়েছিল।

ইফিষ নগরীর লোকেরা এই আক্রমণের কথা শুনে যীশুর নাম আরও গুরুত্ব সহকারে নিতে শুরু করেছিল। তারা স্বীকার করেছিল যে, যীশু তাদের উপাসনা করা সমস্ত মিথ্যা দেবতাদের থেকে আলাদা এবং যীশুর শক্তি তাদের সব মন্দ শক্তির চেয়ে আলাদা। কিছু সময়ের জন্য ইফিষের লোকেরা এই বিষয়টি বুঝতে পেরেছিল, এবং লোকেরা তাদের মূল্যবান যাদুবিদ্যার পুস্তকগুলো পুড়িয়ে ফেলেছিল যেগুলিতে মিথ্যা যাদুকরী মন্ত্রগুলি ছিল এবং তারা বুঝতে পেরেছিল যে, এগুলো মূল্যহীন ছিল।

পরবর্তীর পাঠ্য: (আরও পটভূমির তথ্যের জন্য পাঠ # ৭৩ দেখুন) ঈশ্বর যীশু খ্রীষ্টের মাধ্যমে তাঁর প্রেম প্রকাশ করেন। যীশু শুধু অলৌকিক কাজ করেনি এবং শিক্ষা দেননি, যীশু সকলকে ভালোবাসা দিয়েছিলেন। লাসারের মৃত্যুতে তিনি তাঁর চোখের জল ফেলেছিলেন এবং এর মাধ্যমে তিনি প্রকাশ করেছিলেন যে, ঈশ্বরের ভালবাসা কতটা সত্য।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা : ৩. পবিত্র আত্মা। পবিত্র আত্মা ত্রিত্বের তৃতীয় ব্যক্তি। যদিও খ্রীষ্টিয়ানরা সাধারণত, সৃষ্টিকর্তা হিসেবে ত্রিত্বের প্রথম ব্যক্তি রূপে ঈশ্বরের কথা বলে। মুক্তিদাতা হিসেবে যীশুকে ত্রিত্বের দ্বিতীয় ব্যক্তি বলে এবং পবিত্র আত্মাকে রক্ষাকারী হিসেবে তৃতীয় ব্যক্তি বলে। কারণ যীশুর পুনরুত্থানের মাধ্যমে ঈশ্বর পাপের শক্তিকে ভেঙে দিচ্ছেন। যখন একজন খ্রীষ্টিয়ান তাদের হৃদয়ে ঈশ্বরকে আমন্ত্রণ জানায় তখন ঈশ্বর পবিত্র আত্মা হিসেবে তাদের হৃদয়ে বাস করেন। খ্রীষ্টিয়ানদের জীবনে পবিত্র আত্মার উপস্থিতির ফলে তাদের মধ্যে ঈশ্বরের শক্তি কাজ করছে। খ্রীষ্টিয়ানদের জীবনে ঈশ্বরের এই শক্তি খ্রীষ্টিয়ানদের যীশুর জীবন, বিশুদ্ধতা, প্রেম এবং আনন্দের জীবন যাপন করার শক্তি দেয়।

- **মাথা:** একজন খ্রীষ্টিয়ানদের জীবনে ঈশ্বরের শক্তি কীভাবে কাজ করতে পারে?
- **হৃদয়:** একজন খ্রীষ্টিয়ান পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার জন্য কী পদক্ষেপ নিতে পারে?
- **হাত:** একজন খ্রীষ্টিয়ান যিনি পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার দাবি করেন তার জীবনে আমাদের কী ধরনের আচরণ দেখার আশা করা উচিত?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপূর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;

- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** অনেক লোক স্বীকার করে যে, এই পৃথিবীতে শক্তিশালী ঐশ্বরিক শক্তি কাজ করছে। অনেকেই এই শক্তিকে চিনতে বা বুঝতে পারে না। কিন্তু একমাত্র সত্যিকারের ঈশ্বর যিনি এই পৃথিবীতে কর্মরত ভাল শক্তিগুলিকে নিয়ন্ত্রণ করেন। তবে কিছু মানুষ নিজেদের স্বার্থে এই পৃথিবীতে কাজ করা অন্ধকার শক্তির সেবা করে তাদের নিজেদের ভালোর জন্য তাদের সেই মন্দ ক্ষমতাকে কাজে লাগানোর চেষ্টা করে। এই পৃথিবীতে কর্মরত যে কোনো ঐশ্বরিক শক্তিকে নিজেদের স্বার্থে কাজে লাগানোর চেষ্টা করা খুবই বিপজ্জনক। স্কিবার ছেলেরা যেমন বুঝতে পেরেছিল, এই পৃথিবীতে ভাল এবং সঠিক ঐশ্বশক্তির বিষয়ে জানার অর্থ এই নয় যে, তা তারা নিজেদের ইচ্ছেমত ব্যবহার করতে পারে। তারা ঈশ্বরের নাম তাদের নিজেদের উদ্দেশ্যে ব্যবহার করার চেষ্টা করেছিল। কিন্তু সে মন্দআত্মা বুঝতে পেরেছিল যে, তাদের জীবনে আসলে ঈশ্বরের শক্তি নেই, তারা কেবল ঈশ্বরের শক্তিকে কাজে লাগানোর চেষ্টা করছে। এই ভুলটি করা তাদের জন্য মোটেই ভাল হয়নি। কিন্তু যেহেতু লোকেরা দেখেছিল যে, তারা ঈশ্বরের শক্তিকে নিজেদের স্বার্থে কাজে লাগাতে পারে না, তাই ইফিষ নগরে একটি মহান ঘটনা ঘটেছিল এবং অনেক লোক তাদের যাদুবিদ্যা ত্যাগ করেছিল এবং যীশু খ্রীষ্টকে তাদের প্রভু এবং ত্রাণকর্তা হিসাবে বিশ্বাস করেছিল।
    - আপনার সমাজে এমন কিছু "মিথ্যা দেবতা" কারা যাদেরকে লোকেরা উপাসনা করে?
    - আপনি যদি ঈশ্বরের প্রকৃত শক্তির অধিকারী না হন তবে আত্মিক যুদ্ধে জড়িত হওয়া কেন এত বিপজ্জনক ?
- **হৃদয়:আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** ঈশ্বর সমস্ত মানুষকে ব্যক্তিগত সম্পর্কের মাধ্যমে ডাকেন। সত্য ঈশ্বর একটি ব্যক্তিসত্তাহীন এমন কেউ নন যাকে ইচ্ছেমত ব্যবহার করা, চালিত করা বা জোর করা যাবে। কিন্তু সত্য ঈশ্বর ব্যক্তিগত পর্যায়ে, প্রেমময়তা এবং মানবতার সাথে একটি সুন্দর সম্পর্ক রাখতে চান। এটা প্রমাণ করার জন্য, ঈশ্বর যীশু খ্রীষ্টের মধ্যে পৃথিবীতে এসেছিলেন, আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা প্রকাশ করতে এবং ক্রুশে কষ্ট ভোগ করেছিল যাতে লোকেরা পরিত্রাণের সত্য পথ খুঁজে পায়। ঈশ্বর তাঁর প্রেম, এবং সেই ভালবাসাকে গ্রহণ করতে এবং সেই ভালবাসায় সাড়া দেওয়ার জন্য তাঁর সৃষ্টিকে আহ্বান জানান। যেহেতু ঈশ্বর আমাদের ভালবাসেন, তাই আমাদের উচিত ঈশ্বরকেও ভালবাসা এবং অন্যদেরও ভালবাসা। এই পৃথিবীতে অন্য কোন শক্তি যা রয়েছে তা আমাদের ভালোবাসে না। ঈশ্বরের শক্তি ব্যতীত অন্যান্য সমস্ত শক্তি দুর্বল, স্বার্থপর এবং মানুষকে মুক্তির পরিবর্তে ধ্বংসের দিকে নিয়ে যায়। অতএব মানুষের জন্য শুধুমাত্র ঈশ্বরের প্রেম সম্পর্কে জানা নয়, বরং ঈশ্বরের ভালবাসাকে গ্রহণ করাও এই কাজটি অপরিহার্য যাতে তারা ঈশ্বরের ভালবাসাকে ভাগ করে নিতে পারে।
    - কেন ঈশ্বরই একমাত্র আধ্যাত্মিক সত্বা যিনি কারো হৃদয়ে প্রকৃত শান্তি ও আনন্দ আনতে পারেন?
    - কেন অনেক লোক তাদের সৃষ্টিকর্তা এবং ত্রাণকর্তা ছাড়া অন্য জায়গায় শান্তি এবং আনন্দ খুঁজে পেতে চায়?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে লাগাতে পারি?** একজন খ্রীষ্টিয়ান হওয়ার অর্থ কেবল ঈশ্বরের ভালবাসা গ্রহণ করা নয়, কিন্তু ঈশ্বরকে আমাদের জীবন থেকে এমন কিছু নেওয়াার অনুমতি দেওয়া যা ঈশ্বরের প্রতি আমাদের সম্পর্ককে আরো জোরালো করবে। যেমনটা ইফিষ নগরে যাদুবিদ্যার পুস্তক পোড়ানোর মতো। আমাদের জীবনে, এটি মাদক এবং অ্যালকোহল থেকে আমাদের জীবনকে পরিত্রাণ করার বিষয় হতে পারে অথবা সেসব সম্পর্ক থেকে আমাদের জীবনকে মুক্ত করা হতে পারে যা আমাদের পাপ করতে বাধ্য করে। অথবা সেসব ক্ষমতা থেকে আমাদের জীবন থেকে মুক্তি দেয়া হতে পারে, সেসমস্ত কিছুকে আমরা ভেবেছিলাম তা আমাদের জীবনকে পূর্ণ করবে, কিন্তু তা কেবল আমাদের খালি করে রাখে।

- আপনার সমাজে সম্পত্তি, সম্পর্ক বা ক্ষমতার উদাহরণগুলি কী কী, যা মানুষের জীবন নিয়ন্ত্রণের জন্য ঈশ্বরের সাথে প্রতিযোগিতা করে?
- একজন খ্রীষ্টিয়ান তাদের পাপের জীবনকে শুদ্ধ করতে এবং পাপকে তাদের জীবন থেকে দূরে রাখতে কোথায় সাহায্য পেতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০৫ মাল্টা দ্বীপে জাহাজ ডুবিতে পৌল রক্ষা পেলেন

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ২৭

সহায়ক শাস্ত্রাংশ: মার্ক ৪:৩৫-৪১

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** রোমে সুসমাচার প্রচার করার জন্য পৌলকে ডুবিয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছিল। কিন্তু সেখান থেকেও পৌল এবং নাবিকদের রক্ষা করেছিলেন সেই বিষয়ে চিন্তা করুন ।
- **হৃদয়:** বিপদের সময়েও আপনার কাছে প্রকাশিত ঈশ্বরের বাক্যের উপর বিশ্বাস করুন। যখন কঠিন সময় আসে জীবনে, তখন আমাদের কাছে ঈশ্বরের প্রতিশ্রুতিগুলিকে অনেক সময় আমরা ভুলে যায়। তবে আপনি যদি ঈশ্বরের প্রতি আপনার বিশ্বাসকে দৃঢ়ভাবে ধরে রাখেন, তাহলে ঈশ্বর সেই সংকটের সময়গুলি থেকে ভালো কিছু বের করে আনবেন।
- **হাত:** আপনি কীভাবে অন্যদের সাথে ঈশ্বরের বাক্য ভাগ কেও নিবেন সে বিষয়ে সতর্ক হন। সেই পরিস্থিতির জন্য কোন অনুপ্রেরণা, সংশোধন, বা অন্য কোনো ধরনের প্রতিক্রিয়ার প্রয়োজন আছে কি না তা দেখুন এবং ঈশ্বর চান যে আপনি তা শেয়ার করুন।

একটি পদে পাঠের শিক্ষা পৌল, ভয় করিও না, কৈসরের সম্মুখে তোমাকে দাঁড়াইতে হইবে। আর দেখ, যাহারা তোমার সঙ্গে যাইতেছে, ঈশ্বর তাহাদের সকলকেই তোমায় দান করিয়াছেন, প্রেরিত ২৭:২৪।

পাঠের সার সংক্ষেপ: পৌল কৈসরিয়াতে বন্দী ছিলেন। তিনি একজন রোমান নাগরিক ছিলেন এবং তাই রোমে তার বিচার করতে বলেছিলেন। রোমে যাওয়ার জন্য পৌলকে জাহাজে ভ্রমণ করতে হয়েছিল। কৈসরিয়াতে রাজা পৌলকে তত্ত্বাবধান করতে জুলিয়াস নামে একজন সেনাপ্রহরী পাঠালেন। তারা যখন ভ্রমণ করছিল। পৌল জুলিয়াসকে বলেছিল যে, তাদের কাছের একটি দ্বীপে থামতে হবে কারণ জাহাজটি ধ্বংস হতে চলেছে। সেই সৈনিক পৌলের কথা শোনেনি। তার পরিবর্তে জাহাজের মালিক তাদের গন্তব্য স্থানে যাওয়ার আগে আরও দূরে একটি শহরে যাত্রা করার সিদ্ধান্ত নিয়েছিলেন। তখন একটি মৃদু বাতাস বইতে শুরু করে যার ফলে জাহাজটি দুলতে শুরু করেছিল। তারপর বাতাস উঠল এবং আকাশ অন্ধকার হয়ে গেল। বাতাস ছিল হারিকেনের মতো শক্তিশালী। যখন জাহাজটি ভেঙ্গে যাচ্ছিল, তখন পৌল লোকদের ভয় না পেতে বললেন এবং বললেন ঈশ্বর তাদের রক্ষা করবেন। বাতাস শান্ত হওয়্যার পরে, তাদের মধ্যের কেউ একজন দূরে একটি দ্বীপ লক্ষ্য করল। কিছু কয়েদী সাঁতরে দ্বীপে গিয়েছিলেন এবং অন্যরা কাঠের টুকরোতে ভেসেছিলেন। কিন্তু তারা সবাই রক্ষা পেয়েছিল।



ছবি থেকে শেখা:

- ১. **পৌল** জেরুজালেমের ধর্মীয় নেতাদের পৌলকে যীশু খ্রীষ্টের বিষয়ে তার শক্তিশালী প্রচারের কারণে হত্যা করার ষড়যন্ত্র করেছিল। কিন্তু তারা তাদের পরিকল্পনা বাস্তবায়ন করার আগেই, রোমীয়রা শান্তি বজায় রাখার জন্য পৌলকে গ্রেপ্তার করেছিল। যদিও পৌল কোনো আইন ভঙ্গ করেননি, তবুও ধর্মীয় নেতাদের ষড়যন্ত্র সফল হবে এই ভয়ে রোমান কর্তৃপক্ষ তাকে মুক্তি দেয়নি। শেষ পর্যন্ত পৌল একজন রোমান নাগরিক হিসাবে রোমে সিজারের সামনে তার মামলা করার দাবি করেছিলেন।
- ২. **ঝড়।** রোমে যাত্রা করার সময় একটি প্রচণ্ড ঝড় উঠেছিল এবং পৌল যে নৌকাটিতে ভ্রমণ করেছিলেন তা ডুবে যেতে বসেছিল। ঈশ্বর পৌলের কাছে প্রকাশ করেছিলেন যে তিনি এবং অন্যান্য কয়েদীরা সকলে নিরাপদ থাকবেন তাই পৌল নাবিকদের কাছে এই সান্ত্বনার কথাগুলি বলেছিলেন। শেষ পর্যন্ত, জাহাজটি ভেঙে যায় এবং জাহাজে থাকা লোকেরা সাঁতরে তীরে চলে যায়। ঈশ্বরের কথামত সবাই বেঁচে গেল। রোমান সাম্রাজ্যের নেতার কাছে সুসমাচার প্রচার করা থেকে পৌলকে বাধা দিতে ঈশ্বর সেই ঝড়কে অনুমতি দেয়নি ।

পাঠ প্রসংগ: ধর্মীয় নেতারা পৌলকে মৃত অবস্থায় পেতে চেয়েছিলেন। রোমান সাম্রাজ্যের চারপাশে তার শক্তিশালী পরিচর্যার ফলে খ্রীষ্টানদের অনেক নতুন মণ্ডলী তৈরি হয়েছিল। যাইহোক, ঈশ্বর চেয়েছিলেন পৌল রোমে যান এবং সেখানে ঈশ্বরের সুসমাচার প্রচার করুন ।

ঘটনাটিতে ঈশ্বর পৌলকে রোমান কর্তৃপক্ষ সিজারের দ্বারা গ্রেপ্তারের মাধ্যমে হত্যাকারীদের হাত থেকে রক্ষা করেছিলেন। শেষ পর্যন্ত যদিও পৌল তার গ্রেফতারকে তার নিজের ভালোর জন্য ব্যবহার করেছিলেন এবং দাবি করেছিলেন যে, একজন রোমান নাগরিক হিসেবে সিজারের সামনে তার মামলা করার জন্য। এর জন্য রোমান কর্তৃপক্ষকে পৌলকে জেরুজালেম থেকে রোমে নিরাপদে জাহাজে করে নিয়ে যাওয়া হয়েছিল। এই অনুচ্ছেদটি প্রকাশ করে, পৌলের বিপদ কেবল হত্যাকারীই কাছ থেকেই ছিল না, বরং প্রকৃতি থেকেও ছিল। শেষ পর্যন্ত যদিও ঈশ্বর পৌল এবং তার সঙ্গীদের নিরাপদ রেখেছিলেন, যাতে ঈশ্বরের ইচ্ছা পূর্ণ হতে পারে।

পরবতীর্ পাঠ্য: (আরো পটভূমির তথ্যের জন্য পাঠ # ৬২ দেখুন) এই অনুচ্ছেদে যীশু তাঁর জীবনে কর্মক্ষেত্রে ঈশ্বরের শক্তি প্রকাশ করেছেন। যীশু বাতাস এবং জল নিয়ন্ত্রণ করে তার ঐশ্বরিক ক্ষমতা

প্রমাণ করেছিলেন। যদিও শিষ্যরা ঝড়ের ভয় পেয়েছিলেন, কিন্তু যীশু তাদের নিরাপত্তা দিয়েছিলেন। একইভাবে, যদিও জাহাজের নাবিকরা ঝড়ের ভয় পেয়েছিলেন, তবুও পৌল তাদের নিরাপত্তার জন্য ঈশ্বরের পরিকল্পনা কি তা বলে সান্ত্বনা প্রদান করেছিলেন।

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু’টি বাইবেলের অংশই পাঠ করুন;
- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ুন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে?** ঈশ্বর শুধু সবকিছু সৃষ্টি করেননি, কিন্তু ঈশ্বর সবকিছু নিয়ন্ত্রণও করতে পারেন। যদিও এর অর্থ এই নয় যে, ঈশ্বর পৃথিবীর প্রতিটি ঝড় এবং ঘটনাকে নির্দেশ করেন, ঈশ্বর তা নিয়ন্ত্রণ করতে পারেন এবং নিশ্চিত করতে পারেন যে, এই ঝড় এবং ঘটনাগুলি ঈশ্বরের ইচ্ছা এবং পরিকল্পনাকে বাঁধা দিতে না পারে। পৃথিবীতে ঈশ্বরের রাজ্যকে আরও এগিয়ে নেওয়ার জন্য ঈশ্বর আমাদের জীবনের ঘটনাগুলি ব্যবহার করেনা। যদিও এই ঘটনাগুলি প্রায়শই ভীতিকর এবং কঠিন হতে পারে, খ্রীষ্টিয়ানরা তাদের বিশ্বাস এবং জীবনে দৃঢ়ভাবে দাঁড়াতে পারে, এটা জেনে যে কিছুই ঈশ্বরের ইচ্ছাকে ব্যর্থ করতে পারে না।
    - ঈশ্বরই যে সব নিয়ন্ত্রণ করতে পারেন এই বিষয়ে কিছু ঘটনা কী যা খ্রীষ্টিয়ানদের বিশ্বাস ও দৃঢ় বিশ্বাসকে পরীক্ষা করতে পারে?
    - ভয়ের সময়ে খ্রীষ্টিয়ানদের শক্তির কোন উৎসগুলোকে টিকিয়ে রাখতে হয়?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** খ্রীষ্টিয়ানদের একটি কঠিন শিক্ষা যা অবশ্যই শিখতে হবে তা হল যে খ্রীষ্টিয়ানরা যদি ঈশ্বরকে বিশ্বাস করে তবে ঈশ্বর কঠিন পরিস্থিতি থেকে ভালো কিছু নিয়ে আসবেন। এটি শেখার জন্য এটি একটি কঠিন পাঠ। কারণ খ্রীষ্টিয়ানরা কেবলমাত্র এই বিষয়টি শিখতে পারে যখন তারা সেই কষ্ট সহ্য করে। খ্রীষ্টিয়ানরা কেবল বাইবেল পড়ার মাধ্যমে অনেক পাঠকে বিশ্বাস করতে পারে, কিন্তু যখন খ্রীষ্টিয়ানরা কষ্ট সহ্য করে, এবং ঈশ্বরের বিশ্বস্ততায় টিকে থাকে, তখনই বিশ্বাসটি আরো জোরালো হয় ।
    - দু:খকষ্টের কঠিন সময়ে ঈশ্বর কীভাবে আপনার প্রতি বিশ্বস্ত এবং ভালো তা প্রমাণ করেছেন?

- আপনি একজন খ্রীষ্টিয়ানকে কী বলবেন যে দু:খকষ্টের কঠিন সময়ে ঈশ্বরের মঙ্গল বা ক্ষমতা নিয়ে সন্দেহ করতে প্রলুব্ধ হয়?

- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি ?** এই অনুচ্ছেদে ঈশ্বর পৌলের সাথে কয়েকবার কথা বলেছেন। যদিও পৌল বিশ্বস্তভাবে ঈশ্বরের বাক্য অন্যদের সঙ্গে ভাগ করেছিলেন, কিন্তুঅনেকসময় এই দায়িত্বপ্রাপ্তরা প্রায়ই ঈশ্বরের নির্দেশে মনোযোগ দেয়নি। পরিস্থিতি পরিবর্তিত হওয়াার সাথে সাথে অন্যদের কাছে ঈশ্বরের বার্তা দেওয়ার কৌশলটিও পরিবর্তন করতে হয়েছিল। একইভাবে খ্রীষ্টানদের অবশ্যই ঈশ্বরের বাক্য শুনতে হবে, কিন্তু সেটা অন্যদের কাছে কীভাবে বলতে হবে তাও বুঝতে হবে। ঈশ্বর খ্রীষ্টিয়ানদেরকে তাদের কথার মাধ্যমে অন্যদের আপত্তিকর কিছু বলতে বা অবমাননাকর কিছু বলতে আহ্বান করেন না, তাই খ্রীষ্টিয়ানদেরকে অবশ্যই ঈশ্বরের বার্তা যথাযথ উপায়ে উপস্থাপন করার জন্য কঠোর পরিশ্রম করতে হবে।
    - কাউকে সংশোধন বা উৎসাহ দেওয়ার জন্য ঈশ্বরের কথা জানানোর কিছু উপযুক্ত উপায় কী হতে পারে?
    - কারো কাছে ঈশ্বরের সংশোধন বা উৎসাহের কথা জানানোর কিছু অনুপযুক্ত উপায় কী হতে পারে?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

পাঠের শিরোনাম: ১০৬ রোমে গৃহবন্দী পৌল

পাঠের শাস্ত্রাংশ: প্রেরিত ২৮:১৭-৩১

সহায়ক শাস্ত্রাংশ: দানিয়েল ৬ অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** এই বিষয়টি উপলব্ধি করুন যে, পৌল রোমে তার গৃহবন্দি অবস্থা ব্যবহার করেছিলেন রোমান সাম্রাজ্যের রাজধানীতে যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করেছিলেন।
- **হৃদয়:** আনন্দিত হন, কারণ রোমান সাম্রাজ্যের রাজধানীতে অনেক লোককে যীশু খ্রীষ্ট সম্পর্কে বলতে সক্ষম হয়েছিলেন।
- **হাত:** পরের সপ্তাহে ঈশ্বর যাকে আপনার জীবনে নিয়ে আসবেন তার সাথে সাহসের সাথে যীশু খ্রীষ্টের সুসমাচার ভাগ করে নেওয়ার প্রতিশ্রুতি নিন।

একটি পদে পাঠের শিক্ষা আর পৌল সম্পূর্ণ দুই বৎসর পর্যন্ত নিজের ভাড়াটিয়া ঘরে থাকিলেন, এবং যত লোক তাঁহার নিকটে আসিত, সকলকেই গ্রহণ করিয়া সম্পূর্ণ সাহসপূর্বক ঈশ্বরের রাজ্যের কথা প্রচার করিতেন, ৩০এবং প্রভু যীশু খ্রীষ্টের বিষয়ে উপদেশ দিতেন, কেহ তাঁহাকে বাধা দিত না, প্রেরিত ২৮:২৯-৩০।

পাঠের সার সংক্ষেপ: পৌলকে জেরুজালেমে গ্রেপ্তার করা হয়েছিল কারণ তিনি যীশুর বিষয়ে প্রচার করছিলেন। শহরের যিহুদীরা পৌলকে গ্রেপ্তার করে এবং তার হাতে ও পায়ে শিকল পরিয়ে দেয়। তারা পৌলকে রোমে পাঠিয়েছিল যাতে সে রোমান সাম্রাজ্যের রাজা সিজারের দ্বারা বিচারের মুখোমুখি হতে পারে। পৌলকে কিছু প্রহরী রোমে নিয়ে গিয়েছিল যারা তার উপর কড়া নজর রাখছিল। একজন বন্দী ছিলেন বলে পৌল কখনই ঈশ্বরের উপর রাগ করেনি। বরং তিনি রক্ষীদের সাক্ষ্য দিয়েছিলেন এবং তাদের বলেছিলেন যে যীশু তাদের কতটা ভালোবাসতেন। পৌল যখন রোমে পৌঁছালেন তখন তিনি হাতে শিকল নিয়ে মানুষের ভিড়ের সামনে দাঁড়ালেন। তিনি যীশুর সম্বন্ধে জনতার কাছে প্রচার করতে লাগলেন। জনতার সাথে কথা বলার পরে, পৌলকে গৃহবন্দি করা হয়েছিল। দুই বছর ধরে, একজন প্রহরীকে রাখা হয়েছিল যেন পৌল পালানোর চেষ্টা না করে । কিন্তু কখনও পালানোর চেষ্টা করেনি। বরং লোকেরা যখন দেখা করতে আসত, তখন পৌল তাদের বলত যে যীশু তাদের ভালোবাসতেন এবং তাদের পাপের জন্য মারা গিয়েছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **পৌল।** কারণ জেরুজালেমের ধর্মীয় নেতারা পৌলের যীশু খ্রীষ্টের সম্পর্কে প্রচার করার বিষয়টি পছন্দ করেননি, তাই তারা তাকে হত্যা করার ষড়যন্ত্র করেছিল। পরিবর্তে যদিও রোমান কর্তৃপক্ষ ষড়যন্ত্রের কথা শুনেছিল এবং পৌলকে গ্রেপ্তার করে রক্ষা করেছিল। পৌল এই কারাবাসটিকে আরও অনেক লোকের সাথে সুসমাচার ভাগ করে নেওয়ার সুযোগ হিসাবে ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছিলেন।
- ২. **রোমান সুরক্ষার অধীনে।** এর মাধ্যমে রোমে রোমান সাম্রাজ্যের নেতার সামনে পৌল তার মামলা করতে পেরেছিল। রোমে থাকাকালীন, রোমান সাম্রাজ্য পৌলকে রক্ষা করেছিল এবং যে বাড়িতে সে থাকত সেখানে যারা আসতেন তাদের কাছে সুসমাচার প্রচার করার স্বাধীনতা দেয়। দুই বছর ধরে, পৌল রোমে সুসমাচার প্রচার করেছেন।
- ৩. **চিঠি।** তিনি খ্রীষ্টিয়ান মন্ডলী এবং তাদের পুরোহিতদের উৎসাহিত করতে চিঠি লিখে এবং যীশু খ্রীষ্টের সুসমাচার সম্পর্কে শিক্ষা দেওয়ার মাধ্যমে তার সময় কাটিয়েছিলেন ।

পাঠ প্রসংগ: একটি জাহাজডুবির ঘটনা, ক্ষুধায় কষ্ট পাওয়া এবং অন্যান্য অনেক বিপদের পরে, পৌল অবশেষে রোমে পৌঁছেছিলেন। প্রেরিত পুস্তকের শেষ অধ্যায় আমাদের রোমে পৌলের কাটানো দিনগুলো সম্পর্কে বিস্তারিত ধারণা দেয়। তা আমাদের বুঝতে সাহায্য করে যে তিনি দুই বছর ধরে সাহসিকতা এবং স্বাধীনতার সাথে যীশুর বিষয়ে প্রচার ও শিক্ষা দিতে সক্ষম হয়েছিলেন।

পরবর্তীর্ পাঠ্য: (আরও পটভূমির তথ্যের জন্য পাঠ #৪৯ দেখুন) পৌলের দিনের ধর্মীয় নেতাদের মত, দানিয়েলের দিনে অনেকেই ছিলেন যারা ঈশ্বর তাকে যে সাফল্য দিয়েছেন তাতে ঈর্ষান্বিত ছিলেন। অতএব, এই ঈর্ষান্বিত লোকেরা দানিয়েলকে হত্যা করার জন্য একসাথে ষড়যন্ত্র করেছিল। ঈশ্বরের অবশ্য অন্য পরিকল্পনা ছিল, এবং দানিয়েলের বিরুদ্ধে ষড়যন্ত্রের পরিবর্তে আরও বেশি লোকের কাছে দানিয়েলের মাধ্যমে ঈশ্বরের কথা পৌঁছে দেওয়ার আরো সুযোগ তৈরি করে দিয়েছিলেন।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা : ৩. শান্তি। অনেক লোক বিশ্বাস করে শান্তি মানে সংঘর্ষ অনুপস্থিতি, যখন কেউ মারামারি বা রাগ করে না। যাইহোক, খ্রীষ্টিয়ান শান্তি কেবল সংঘর্ষের অনুপস্থিতি নয় এর চেয়ে অনেক গভীর। খ্রীষ্টিয় শান্তি হল আত্মবিশ্বাস এবং প্রশান্তি যা আসে যখন

পবিত্র আত্মার উপস্থিতির মাধ্যমে যা একজন খ্রীষ্টিয়ানের জীবনের প্রতিটি অংশকে আশীর্বাদ করে। এমন বিশৃঙ্খলার পরিবর্তে যা অনেক লোকের জীবনকে চিহ্নিত করে যারা যীশুর প্রভুত্বের অধীনে বাস করে না, পবিত্র আত্মায় পূর্ণ খ্রীষ্টিয়ান এমন শান্তি পান যার তুলনা হয় না । পাঠের অনুচ্ছেদে, প্রেরিত পৌল, যদিও রোমে বন্দী ছিলেন, কিন্তু তার জীবনের মহান শান্তি প্রকাশ করেছেন যে তার এই পরিস্থিতি সত্ত্বেও, ঈশ্বর অন্যদের আশীর্বাদ করার জন্য তার মধ্যে এবং তার মাধ্যমে কাজ করছেন।

- **মাথা:** কোন কোন উপায়পাপ একজন ব্যক্তির জীবনে বিশৃঙ্খলা নিয়ে আসে?
- **হৃদয়:** ঈশ্বরের শান্তির গভীরতা অনুভব করার জন্য আপনার হৃদয়পবিত্র আত্মাকে কী পরিবর্তন আনতে হবে?
- **হাত:** শান্তি যদি আপনার সমস্ত চিন্তাভাবনা এবং কর্মে উপর নিয়ন্ত্রণ করতে সক্ষম হয় তবে অন্য লোকেরা আপনার জীবনে কী পার্থক্য দেখতে পাবে?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে?** প্রেরিত পুস্তকটি খোলার সাথে সাথে, স্বর্গে আরোহণের ঠিক আগে, যীশু তাঁর শিষ্যদের সুসমাচারকে পৃথিবীর শেষ প্রান্তে নিয়ে যাওয়ার দায়িত্ব দিয়েছিলেন। এখন প্রেরিত পুস্তকের শেষে, আমরা শুনি যে সেই আদেশ অনুযায়ী শিষ্যদের অগ্রগতি কতটা হয়েছে। আশ্চর্যজনকভাবে, রোমান সাম্রাজ্যের বাইরের পূর্ব প্রান্তে জেরুজালেমের এই বিচ্ছিন্ন শহর থেকে, পৌল রোমান সাম্রাজ্যে যীশু খ্রীষ্ট সম্পর্কে বলতে আসেন। যদিও এই সভাটি কীভাবে হয়েছিল সে সম্পর্কে আমাদের কাছে তথ্য নেই, আমরা শুনতে পাই যে পৌল দুই বছর ধরে রোমে সুসমাচার প্রচার করতে স্বাধীন ছিলেন। কী আশ্চর্যজনক একটা পরিবর্তন..পৌল খ্রীষ্টিয়ানদের বন্দী করার জন্য দামেস্কে রওনা হলেন, তারপর যীশু

তার মুখোমুখি হলেন। তারপর তিনি রোমান সাম্রাজ্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ শহরে যীশু খ্রীষ্টের সুসংবাদ প্রচার করে খ্রীষ্টের জন্য বন্দী হয়ে জেরুজালেমে পৌঁছেছিলেন।

  - আপনি কিভাবে মনে করেন যে রোমে পৌলের দুই বছর, পুরো রোমান সাম্রাজ্য জুড়ে যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দিতে সাহায্য করেছিল?
  - ঈশ্বর পৌলকে যে প্রতিভা এবং উপহার দিয়েছেন তার মধ্যে কী কী বিষয় যা তাকে এমন একজন কার্যকর ধর্মপ্রচারক করেছে?

- **হৃদয়:আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** অনেক খ্রীষ্টিয়ান পৌলকে জেরুজালেমে না যাওয়ার জন্য অনুরোধ করেছিল (প্রেরিত ২০এবং ২১ দেখুন), কারণ তারা জানত যে তিনি যে বিপদে পড়তে পারে। পৌলও তার বিপদের কথা জানতেন, কিন্তু এটাও জানতেন যে, তাঁর জীবনের জন্য ঈশ্বরের একটি মহান পরিকল্পনা ছিল এবং সেই পরিকল্পনায় জেরুজালেমে যা ঘটবে তা অন্তর্ভুক্ত ছিল। যেহেতু পৌল একজন মিশনারী হওয়ার জন্য অনেক কারাবাস এবং মারধর সহ্য করেছিলেন, তাই তিনি জেরুজালেমে যাওয়ার জন্য ঈশ্বরের নির্দেশনা অনুসরণ করতে ভয় পাননি। যদিও আজ কোন খ্রীষ্টিয়ান সেইভাবে নির্যাতন ভোগ করে না, কিন্তু কখনও কখনও এই নির্যাতন ঈশ্বরের রাজ্য সম্প্রসারণের একটি প্রয়োজনীয় পদক্ষেপ। প্রকৃতপক্ষে, রোমে বন্দী থাকার সময় পৌল মহান আনন্দ এবং শান্তি অনুভব করেছিলেন, এই কারাবাসের জন্য তাকে মহান স্বাধীনতা এবং সুরক্ষার সাথে সুসমাচার প্রচার করার জন্য অনুমতি দেওয়া হয়েছিল।
  - আপনার সমাজের খ্রীষ্টিয়ানরা যীশু সম্পর্কে অন্যদের বলার জন্য কী ধরনের জন্য নিপীড়নের মুখোমুখি হয়?
  - আপনার জীবনে যীশুর আহ্বানের প্রতি বিশ্বস্ত হওয়াার জন্য আপনি কী কষ্ট ভোগ করতে ইচ্ছুক?
- **হাত: আমরা কিভাবে ঈশ্বরের বাক্যকে কাজে রুপ দিতে পারি?** পৌল তার রোমান কারাবাসের মধ্যে যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারের জন্য কঠোর পরিশ্রম করেছিলেন। এটি পৌলের একটি মহান গুণাবলীর মধ্যে একটি যে, তিনি যেকোন পরিস্থিতিতে যীশুর সুসমাচার প্রচার করেছেন।
  - প্রার্থনায় সময় কাটান, যীশুকে এই সপ্তাহে আপনার জীবনে এমন লোকদের আনতে বলুন যাদের সাথে আপনি সুসমাচার প্রচার করতে পারেন।
  - এই সপ্তাহে কারো সাথে সুসমাচার শেয়ার করার জন্য প্রস্তুত হওয়ার জন্য আপনাকে কী পদক্ষেপ নিতে হবে?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাম্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।

অনুশীলনীর শিরোনাম: ১০৭ একজন রাজা হিসেবে যীশুর আগমন

অনুশীলনীর শাস্ত্রাংশ: প্রকাশিত বাক্য ১৯:১১—২০:৬

আনুষাঙ্গিক শাস্ত্রাংশ: লূক ২১:৫-১৯

অনুশীলনীর উদ্দেশ্যসমূহ:

- **মস্তক:** এই যুগের শেষ যীশু মশীহ্ তাঁর শত্রুদের বিচার করতে, তাঁর মনোনীত লোকদেরকে পুরষ্কৃত করতে এবং গোটা পৃথিবীর রাজা হিসেবে রাজত্ব করার জন্য ফিরে আসবেন জেনে উৎসাহিত হোন।
- **হৃদয়:** যদিও আপনি এই জীবনে যন্ত্রণা এবং নির্যাতন ভোগ কর্ছেন, কিন্তু আপনি যদি দৃঢ়ভাবে স্থির থাকেন তাহলে যীশু আপনাকে অনন্ত জীবনে প্রবেশ করার সুযোগ দেবেন বলে প্রতিজ্ঞা করেছেন।
- **হাত:** আপনার যে আশা রয়েছে সেটি সম্বন্ধে কেউ যদি আপনাকে কিছু জিজ্ঞেস করে তাহলে তাদেরকে উত্তর দেবার জন্য প্রস্তুত থাকুন। কিন্তু এই উত্তর মৃদুতা এবং নম্রতার সাথে দিতে হবে। (১ম পিতর ৩:১৫)

একটি পদে আজকের অনুশীলনী: যে কেহ তোমাদের অন্তরস্থ প্রত্যাশার হেতু জিজ্ঞাসা করে, তাহাকে উত্তর দিতে সর্বদা প্রস্তুত থাক। কিন্তু মৃদুতা ও ভয় সহকারে উত্তর দিও, সৎবিবেক রক্ষা কর, (১ম পিতর ৩ঃ১৫)

শাস্ত্রাংশের সারমর্ম/সংক্ষিপ্তসার: এই অংশে, বিভিন্ন রকম রূপক এবং চিহ্নের মাধ্যমে আমরা বুঝতে পারি যে, একদিন যীশু এই জগতে ফিরে আসবেন আর তখন পাপের অভিশাপ ভেঙ্গে যাওয়ার সাথে সাথে অধার্মিকেরা পরাজিত হবে এবং ধার্মিকেরা উদ্ধার পাবে।

ছবিটি থেকে শিক্ষা:

- ১. **রাজা হিসেবে যীশু.** এই শাস্ত্রাংশটি যীশুর এই জগতে বিশাল এক বাহিনী নিয়ে খ্রীষ্ট বিশ্বাসীদেরকে রক্ষা করতে আসবেন এবং জন্তুটিকে হারিয়ে দেবেন।
- ২. **লাল বস্ত্র/পোশাক.** যীশু পরনে রক্তে ডুবানো কাপড় থাকবে যেটি হয়তো সাক্ষ্যমরদের রক্তকে ইঙ্গিত করতে পারে। এভাবে যেসব সাক্ষ্যমর/শহীদের অন্যায়ভাবে কষ্ট পেয়েছে তাদের রক্তের প্রতিশোধ শেষ বিচারের এই দিনে নেওয়া হবে।
- ৩. **স্বর্গের সৈন্যদল.** শয়তান বর্তমানে পৃথিবীর ক্ষতি করলেও শেষ বিচারের দিনে সে স্বর্গীয় শক্তির কাছে পরাজিত হবে।

শাস্ত্রাংশের প্রেক্ষাপট প্রকাশিত বাক্যে ঈশ^র প্রেরিত যোহনকে এমন সব দর্শন দেখিয়েছিলেন যেগুলো ভবিষ্যতে ঘটবে আর তিনি সেগুলো লিখেছিলেন। বিভিন্ন রকমের রূপক এবং প্রতীকের/চিহ্নের মাধ্যমে যোহন তার লেখনীতে এই বিষয়গুলো তুলে ধরেছেন। যোহন এই দর্শনগুলো তৎকালীন সময়ের রোমীয় সাম্রাজ্যের সমাপ্তি হিসেবে দেখেছিলেন। তবে, খ্রীষ্টিয়ানরা বিশ^াস করে যে, এই সত্য দর্শনগুলো পৃথিবীতে খ্রীষ্টের ভবিষ্যৎ আগমনের ক্ষমতা সম্পর্কেও কথা বলে। এখানে যোহন যে ধরণের রূপক এবং চিহ্ন/প্রতীক ব্যবহার করেছেন সেগুলোর অর্থ নিয়ে অনেক বিতর্ক রয়েছে।

যোহন যেসব রূপক এবং চিহ্ন/প্রতীক ব্যবহার করেছেন সেগুলোকে বর্তমান যুগের সাথে মিলিয়ে ফেলার চেষ্টা না করলে ভালো হয়, তবে তিনি যে মূল বার্তাটি দেওয়ার চেষ্টা করেছিলেন সেটি খুঁজে বের করা এবং তা আমাদের বর্তমান পরিস্থিতে প্রয়োগ করাই যুক্তিযুক্ত হবে।

আনুষাঙ্গিক শাস্ত্রাংশ: যীশুও অনেক রূপক এবং চিহ্ন/প্রতীক ব্যবহার করেছেন এবং সেগুলোর মাধ্যমে শিষ্যদের কাছে ভবিষ্যতের স্বর্গীয় সত্যগুলো প্রকাশ করার চেষ্টা করেছেন। যীশু প্রথম যে বিষয়টি ভবিষ্যদ্বাণী করেছিলেন সেটি ছিল ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেমের ধ্বংস হওয়া যা রোমীয়দের মধ্য দিয়ে হতে যাচ্ছিল। খ্রীষ্টিয়ানরা এটাও বুঝতে পারে যে, এই অংশটি শেষ বিচারের দিনের অর্থাৎ, যীশু যখন তাঁর ক্ষমতা এবং প্রতাপের সঙ্গে ফিরে আসবেন সেই সময়ের কথা বলছে।

বাইবেল অধ্যায়ন

প্রা র্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ^রকে ধন্যবাদ িদন;
- প্রার্থনা ও ধন্যবােদর অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ^র যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ িদয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্মা সবার হৃদয় ও মন খুলেেদন সেজন্য প্রার্থনা করুন

শোনা:

- পাঠের দু’টি বাইবেলের অংশই পাঠ করুন;
- ’পাঠের প্রসঙ্গ’টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু’টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়ন
- দলের কোন একজনকে বাইবেল ে থকে মুল পদটি আবার বলতে বলুন।

বলা:

- **মস্তক: এই শাস্ত্রাংশটির অর্থ কী?** এই পৃথিবীতে পাপ এবং মন্দতার ব্যাপকতা দেখা গেলেও একদিন এমন সময় আসবে যেদিন ঈশ্বর সম্পূর্ণভাবে শয়তানের শক্তিকে ধ্বংস করবেন এবং খ্রীষ্ট বিশ্বাসীদেরকে উদ্ধার করবেন। যোহনকে এই দর্শন দেওয়া হয়েছিল যাতে এই বিষয়গুলো শাস্ত্রে লিপিবদ্ধ হওয়ার মাধ্যমে কয়েকশত শতাব্দী ধরে খ্রীষ্টিয়ানদের জন্য আশার উৎস হিসেবে কাজ করে।
    - এই পৃথিবীতে আপনার চারপাশে আপনি এমন কি কি খুঁজে পান যার মধ্য দিয়ে আপনি পাপের শক্তিকে কাজ করতে দেখেন?
    - যীশু যখন ফিরে আসবেন এবং এই পৃথিবীতে যখন কোনো পাপ না থাকবে তখন জীবন কেমন হবে বলে আপনার মনে হয়?
- **হৃদয়: শাস্ত্রাংশ অনুসারে আমাদের কেমন হওয়া উচিত?** যখন কঠিন পরিস্থিতি আসে তখন মাঝেমাঝে আমাদের উৎসাহের প্রয়োজন হয়। প্রাথমিক খ্রীষ্টিয়ানেরা যখন রোমীয় শাসনামলে নির্যাতনের শিকার হচ্ছিল তখন তাদেরকে উৎসাহ দেবার জন্য যোহনকে এই দর্শন দেখানো হয়েছিল। তাই, এই শাস্ত্রাংশটি বহু

শতাব্দী ধরে যারা যীশু খ্রীষ্টের অনুসারী হওয়ার কারণে কষ্টভোগ করছে তাদের জন্য উৎসাহের একটি উৎস হিসেবেও কাজ করে।

- এই শাস্ত্রাংশ থেকে কোন বিষয়টি আপনাকে উৎসাহ দেয়?
- একজন খ্রীষ্টিয়ান হওয়ার কারণে আপনি কি কষ্টভোগ করছেন বলে মনে হচ্ছে?

- **হাত: কীভাবে আমরা ঈশ্বরের বাক্যকে কাজে রূপান্তর করতে পারি?** যখন আমরা উৎসাহ পাই এবং ঈশ্বরের ভালোবাসা ও ক্ষমতার বিষয়ে স্পষ্ট ধারণা থাকে, তখন আমরা এই পতিত জগতে আত্মবিশ্বাসের সাথে বসবাস করতে পারি। আমরা অনেক পরীক্ষা এবং নির্যাতনের মধ্যে দিয়ে গেলেও এগুলো আমাদেরকে অনন্য করে তোলে না। বরং, এটি আমাদেরকে সেইসব খ্রীষ্টবিশ্বাসীদের সেই সুদীর্ঘ সারির সঙ্গে যুক্ত করে যারা যুগ যুগ/বহু শতাব্দী ধরে খ্রীষ্টের জন্য দুঃখ—কষ্টকে এড়িয়ে যাওয়ার মতো কোনো বিষয় বলে মনে করে নি।
    - কীভাবে আপনি আপনার মতো আরেকজন খ্রীষ্টিয়ানকে যিনি তার বিশ্বাসের জন্য দুঃখ—কষ্ট ভোগ করছেন তাকে সাহায্য এবং উৎসাহ দিতে পারেন?
    - আপনি যদি এখন নির্যাতিত না হন, তাহলে আপনি নিজেকে ভবিষ্যতের দুঃখ—কষ্ট এবং নির্যাতনগুলো সহ্য করার জন্য এখন থেকেই এমন কি প্রস্তুতি, প্রশিক্ষণ এবং সাজসজ্জা গ্রহণ করতে পারেন?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মল সাস্ত্রাংটি আবার বলতে বলুন
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ^র চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ েথকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন ।
- টীমের সবাই নিয়ে একসাে থ প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন ।

পাঠের শিরোনাম: ১০৮ নতুন জিরুশালেম

পাঠের শাস্ত্রাংশ: প্রকাশিত বাক্য ২১

সহায়ক শাস্ত্রাংশ পাঠ: যোহন ১৪ অধ্যায়

পাঠের উদ্দেশ্য:

- **মাথা:** চিনুন, আমরা যে জাগতিক জীবন যাপন করি তা আমাদের অস্তিত্বের শুরু মাত্র। মৃত্যুর পরে, সমস্ত খ্রীষ্টিয়ান স্বর্গে যায় যেখানে আমরা কোন দুঃখ কষ্ট ছাড়াই ঈশ্বরের সাথে আনন্দের সাথে বাস করব ।
- **হৃদয়:** আনন্দ করুন, কারণ ঈশ্বর সমস্ত খ্রীষ্টিয়ানদের জন্য একটি জায়গা প্রস্তুত করছেন, এটি নিখুঁত শান্তি, আনন্দ এবং ভালবাসার জায়গা।
- **হাত:** আত্মবিশ্বাসের সাথে বাঁচুন, জেনে রাখুন যে, এই জীবনে আপনি যীশুর জন্য যদি কোন ত্যাগ স্বীকার করেন তবে ঈশ্বর তার পুরস্কার দিবেন। ঈশ্বর এর দেওয়া স্বর্গের আনন্দ এবং শান্তিতে এই জীবনে আপনি যে কোন দুঃখকষ্টের সম্মুখীন হবেন তা তিনি মুছে দেবেন।

একটি পদে পাঠের শিক্ষা তাদের সব চোখের জল তিনি মুছে দেবেন এবং মৃত্যু আর হবে না; দুঃখ, কান্না এবং ব্যাথাও আর থাকবে না; কারণ আগের জিনিসগুলি সব শেষ হয়ে গেছে, প্রকাশিত বাক্য ২১: ৪ ।

পাঠের সার সংক্ষেপ: এক রাতে যোহন একটি দর্শন পেয়েছিলেন। এটি একটি স্বপ্নের মত। ঈশ্বর যোহনকে দেখাতে চেয়েছিলেন স্বর্গ কেমন হবে। ঈশ্বর এটিকে নতুন জেরুজালেম বলেছেন। এটি দেখে যোহন তার দেখা সবচেয়ে সুন্দর শহর দেখেছিলেন। তিনি একটি শহর দেখতে পেলেন যার দেয়াল জাসপার দিয়ে তৈরি এবং শহরের ভেতরটা খাঁটি সোনা দিয়ে তৈরি। চার দেয়াল ছিল শহরের চারপাশে এবং প্রতিটি প্রাচীর এর তিনটি দরজা ছিল। গেটগুলোর নামকরণ করা হয়েছে ইস্রায়েলের ১২টি জাতির নামে। প্রতিটি গেট একটি বিশাল মুক্তা দিয়ে তৈরি করা হয়েছিল। যোহন শহরের ভিতরে তাকাল এবং দেখলেন যে সেখানে ঈশ্বরের উপাসনা করার জন্য কোনও মন্দির নেই। একজন স্বর্গদূত বলেছিলেন যে মন্দিরের কোনও প্রয়োজন নেই কারণ ঈশ্বর এবং যীশু দুজনই সেখানে থাকবেন ।

তারপর স্বর্গদূত যোহনকে বলেছিলেন যে স্বর্গে কোন সূর্য থাকবে না কারণ ঈশ্বর এবং যীশু সূর্যের চেয়ে উজ্জ্বল হবেন। যাদের নাম মেষশাবকের জীবন বইতে লেখা থাকবে তারাই এই শহরে প্রবেশ করতে পারবেন কারণ যীশু তাদের পাপ ক্ষমা করেছিলেন।



ছবি থেকে শেখা:

- ১. **স্বর্গ।** পৃথিবীতে আমাদের সময় শেষ হওয়ার পর ঈশ্বর আমাদের জন্য অনন্তকাল বসবাসের জন্য একটি জায়গা প্রস্তুত করছেন। স্বর্গে, খ্রীষ্টিয়ানরা ঈশ্বরের সাথে একসাথে বাস করবে , এবং কোনো ব্যথা বা কষ্ট পাবে না। স্বর্গ হল একটি সুন্দর শহর যেখানে আমরা চিরকালের জন্য ঈশ্বরের উপস্থিতি এবং মহিমা উপভোগ করতে পারব ।

পাঠ প্রসংগ: ঈশ্বর প্রেরিত যোহনকে স্বর্গ কেমন হবে সে সম্পর্কে দর্শন দিয়েছেন। স্বর্গ এমন একটি জায়গা হবে যেখানে খ্রীষ্টিয়ানরা যীশুর সাথে অনন্তকাল বাস করবে। সেখানে কোন দুঃখ, পাপ বা কষ্ট থাকবে না। খ্রীষ্টিয়ানরা নিখুঁত প্রেম এবং আনন্দের সাথে যীশুর উপাসনা উপভোগ করবে।

পরবর্তী পাঠ্য: যীশু তাঁর শিষ্যদের প্রতিশ্রুতি দিয়েছিলেন, তাঁর মৃত্যুর আগে যে তিনি যখন তাদের ছেড়ে চলে যাবেন তখন তিনি তাদের জন্য স্বর্গে একটি জায়গা প্রস্তুত করবেন। শিষ্যদের এই আত্মবিশ্বাসে শান্তিতে বাস করেছিলেন যে, যীশুর চলে যাওয়ার পরেও, যীশু পবিত্র আত্মার পরিচর্যার মাধ্যমে তাদের যত্ন নেবেন।

বিশ্বাসের পথের বিষয় আলোচনা: পুনরুত্থান, বিচার এবং নিয়তি। যখন খ্রীষ্ট ফিরে আসবেন, তিনি স্বর্গে ঈশ্বরের সাথে যোগ দেওয়ার জন্য মৃতদের মধ্য থেকে সাধুদের জীবিত করবেন। প্রত্যেক ব্যক্তি ঈশ্বরের বিচার আসনের সামনে দাঁড়াবে। যীশু খ্রীষ্টের মৃত্যু এবং পুনরুত্থানের কারণে, খ্রীষ্টিয়ানরা রক্ষা পাবে। যাইহোক, যারা খ্রীষ্টের ক্ষমা প্রত্যাখ্যান করবে তারা চিরতরে নরকে হারিয়ে যাবে।

- **মাথা:** শেষ বিচারের প্রতিশ্রুতি কি আপনার মনে আনন্দ বা ভয় নিয়ে আসে? কেন?
- **হৃদয়:** আপনার দৈনন্দিন জীবনাচরণ কিভাবে শেষবিচারের দিনে প্রভাব ফেলবে ।
- **হাত:** আপনি কীভাবে মানুষকে অনন্ত জীবন থেকে বাঁচাতে এবং তাদের অনন্ত গৌরবের পথে নিয়ে যেতে সাহায্য করতে পারেন?

বাইবেল অধ্যায়ন

প্রার্থনা করা:

- দলের প্রার্থনার অনুরোধ ও ধন্যবাদ—প্রসংশার বিষয়গুলি শুনুন;
- আজকের পাঠের গুরুত্বপুর্ন বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারার এই সুযোগের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন;
- প্রার্থনা ও ধন্যবাদের অনুরোধগুলি নিয়ে প্রার্থনা করুন;
- আজকের পাঠে ঈশ্বর যেসব সুন্দর বিষয় নিয়ে আলোচনা করার সুযোগ দিয়েছেন সেগুলি আনন্দের সংগে হৃদয়ে গ্রহন করতে যেন পবিত্র আত্না সবার হৃদয় ও মন খুলে দেন সেজন্য প্রার্থনা করুন।

শোনা:

- পাঠের দু'টি বাইবেলের অংশই পাঠ করুন;
- 'পাঠের প্রসঙ্গ'টি ক্লাশে আলেচনার জন্য সংক্ষিপ্ত করে নিন
- পাঠের দু'টি সাস্ত্রাংশই আবার (দ্বিতীয়বার) পড়–ন
- দলের কোন একজনকে বাইবেল থেকে মুল পদটি আবার বলতে বলুন

আলোচনা করা:

- **মাথা: এই পাঠে কি বোঝানো হয়েছে ?** এই বাস্তবিক জীবন শুধুমাত্র ঈশ্বরের সন্তান হিসাবে আমরা সত্যিই একটি ছোট অংশ ।এই জীবন শেষ হলে, সমস্ত খ্রীষ্টিয়ান ঈশ্বরের সাথে স্বর্গে অনন্তজীবন উপভোগ করবে। সেখানে আমাদের সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হবে, আমাদের সমস্ত কষ্ট সরিয়ে নেওয়া হবে এবং আমাদের সমস্ত চোখের জল শুকিয়ে যাবে। এটি এমন একটি জায়গা হবে যেখানে আমরা নিখুঁতভাবে ঈশ্বরের উপাসনা করতে পারি, কারণ সেখানে আর কোনো দু:খকষ্ট বা পাপ থাকবে না।
    - আপনি স্বর্গে সবচেয়ে বেশি কিসের জন্য অপেক্ষা করছেন?
    - আপনি যখন যীশুকে সামনা সামনি দেখবেন তখন আপনি তাকে কী প্রশ্ন করবেন?
- **হৃদয়: আমাদের কেমন হওয়া উচিত এই বিষয়ে এই পাঠটি কি বলে ?** খ্রীষ্টিয়ান জীবন যাপন খুব কঠিন হতে পারে। প্রলোভন এবং অত্যাচারের ভয়ে অনেক খ্রীষ্টিয়ান বিশ্বাস থেকে দূরে সরে যায়। ঈশ্বর খ্রীষ্টিয়ানদের স্বর্গেও আশা দেওয়ার একটি কারণ হল আমাদের মনে করিয়ে দেওয়া যে আমরা এখন এই ক্ষণস্থায়ী বেদনা এবং পরীক্ষার মধ্যে বড় কিছু পুরষ্কারের আশায় বেঁচে আছি।
    - স্বর্গ সম্বন্ধে জানা এখন আপনার জন্য কীভাবে সান্তনা নিয়ে আসে?
    - কোন পাপের প্রলোভন ছাড়াই বেঁচে থাকাটা কেমন হবে বলে আপনি মনে করেন?
- **হাত: কিভাবে ঈশ্বরের কথাকে আমরা কাজে রুপ দিতে পারি?** আত্মবিশ্বাসের সাথে বাঁচুন, এই সপ্তাহে কারো সাথে আপনার স্বর্গের আশা ভাগ করে নিতে প্রস্তুত থাকুন। হতে পারে যে তারা আপনাকে নিয়ে হাসতে পারে, কিন্তু প্রত্যেকেরেই জানা দরকার শুধুমাত্র এই জীবনের জন্য নয়, ভবিষ্যতের জন্যও আশা আছে। তাদের আরও জানা দরকার যে তারা কীভাবে তাদের জীবনযাপন করে ,তার পরিণতি রয়েছে। এই জীবনের পাশাপাশি পরবর্তী জীবনের জন্যও পরিণতি রয়েছে।
    - আপনি কিভাবে নিশ্চিত করবেন যে, আপনি স্বর্গে যাচ্ছেন?
    - আপনি স্বর্গে গেলে (যীশু ছাড়াও) কাকে দেখতে চান?

প্রয়োগ করা:

- টীমের কোন একজনকে আজকের পাঠের জন্য বাইবেলের মূল সাস্ত্রাংটি আবার বলতে বলুন।
- আপনার টীমের কাছে জানতে চান, তারা কী মনে করে যে ঈশ্বর চান যেন তারা আজকের পাঠের প্রতি সাড়াদান করুক ?
- আপনার সমাজের জন্য একে অপরের সংগে প্রার্থনায় সময় কাটান, যেন আজকের পাঠ থেকে পাওয়া জ্ঞান—প্রজ্ঞা ব্যবহার করে জীবন—যাপন করতে পারেন।
- টীমের সবাই নিয়ে একসাথে প্রভুর প্রার্থনা করে আজকের পাঠ শেষ করুন।